কে না করহ অভিলাস।
তহু বহু বন্ধু গুরুজ বন্ধু বিলব
পুরল নিজ ২ আস ॥
মাধব সহজ কহবি মধু গাস।
ইহ পুন কুলবতি কোন যুবতি শতি
কা সনে অধিক বিলাস ॥
তোহারি বচন শুনি লোচন রঙ্গিনি
চঞ্চল বিনতি করি সেবি
সো অনুরাগিনি পরম সোহাগিনি
ব্রজমণ্ডল অধিদেবী ॥
ঐছন পরম সোহাগিনি তোহর
সোই রমনি পরসাদে।
দীনবন্ধু ভন বলি ২ জীবন
পুরব অব ইহ সাধে

---

321. পদাবলী।

PADĀVALĪ

BY

RĀYŚEKHARA.

Substance, country-made paper; 14" × 5" Folia, 2, 4-7, 9, 10, 14, 16, 18, 25, 27, 29-30. Lines 11-13 on a page. Appearance, about 155 years old. Incomplete.

Fol. 10 rev.

ধানশ্রী রাগ।

প্রাণহি জাবক ত্রৈগুন পাবক
পিয়ল পরাভব সবথানে বিন্দু কাহারা।
নিজ ২ জনজন যোগাও পুন ২
কেহো কাহে তিত নাহি যানে।
আমার করম ফলে বিহি বাড়ি হাথে গলে
সৌপলি তাকর থানে ॥



জনমে ২ কত পাপ করিনু সত ২
সে সব ভেল আগুসারি।
জনমীয়া ইহ পুরী মানুষ আকার ধরি
জীবন বধই হামারি॥
নারি জনম করি কিএ বিধি সিরজই
অনুপর কুলবধূ বাধ।
তাহে রূপ যৌবন এক না হয় উন
আর তাহে প্রেমক সাধ॥
পায়ে ২ কণ্টক সে নহ সঙ্কট
কৈছনি অনে নাহি জানে।
ঐছন কাহি রহে আপন জানি মহে
ছরদিন রাণু সমান॥
পহিলে জনহ জব এ দুখ পাইব
তব কাহে করব সিনেহ।
রায়শেখর বানি শুনহে চলহ ধনি
কাহে এত করসি সন্দেহ॥

End :

বিভাস রাগ।

বিচ্ছেদ বিকল ভেল দুহুকি পরান।
নর ২ অন্তর ঝরএ নয়ান॥
দুহু মনে মনসিজ জাগি রহু।
বিছুরন না হয়ে কেহ কাহু॥
নিসবনে শুতলি নিন্দ নাহি তায়।
বিয়োগ বেআধি বিথা বল পায়॥
দুহুক দুলহ নেহা দুহু জানে জান।
দুহুপর মিলনে মধ্যস্থ পাচবান॥
রায়শেখর জানে এহ নব রঙ্গ।
পরবস প্রেম সতত নহে ভঙ্গ॥

---

322. পদাবলী।

PADĀVALĪ

BY

KAVIŚEKHARA.

Substance, country-made paper ; $10\frac{1}{4}'' \times 5\frac{1}{4}''$. Folia, 1-33. Lines 13 on a page. Date, 1226 B.S. (1820 A.D.) Complete.

Beginning :

সময় প্রভাত স্নান করেই রাধাবিলাস।
কত ফুল সঙ্গে কোমল বিচ্ছেদ।
মন মাঝো পাঠই বাড়ল খেদ॥
ধর ২ লোচনে সসিমুখি রাই।
অলখিতে আয়ল সবই না কোই।
সহচরিগন মেলি সেজ বিছাই।
অলসে অবস ধনি শুতলি রাই॥
অন্তরে ধর ২ শ্যামর নেহ।
সখিগন সর্ষরে চলালি নিজ গেহ॥
সবজন পূরল নিজ ২ সাধ।
কহ কবিশেখর রস মরিজাদ॥

ধনারাগ।

নিরে নিরাসলি বালা।
নিসি বাসর জাগি তৈগেলী দুবলা॥
অছিত লতা শরীর বালা।
রতিরন দুহুনে ঘরমে ভেল শ্যামা॥
অলসে শিথল অধীর।
সম্বর না কর পীতঅচীর॥
মনশিবি সাধই বালা।
অলখীতে আওলি না পাওলি বালা॥
কহ কবিশেখর রায়।
গমন অতয় লাগি উঠলি তায়॥

End :

বিভাস।

বিচ্ছেদে বিকল ভেল দুহুক পরান।
ধর ২ অন্তর ঝরয়ে নয়ান॥



মোর মনে মনসিজ জাগি রহ।
বিছুরল নাহি হয় যেহ কাহ॥
নিদহমে শুতলি নিন্দা না জায়।
বিয়োগ বেয়াধি যেন্থা রহল না যায়॥
দুহুকে দুহু হানই দুহু জানে জান।
দুহুকে মিলন যথাত পাচবান॥
রায়শেখর জানে ইহ রসরঙ্গ।
পরবশ প্রেম সতত নহে সঙ্গ॥

Colophon.

ইতি পদাবলি পুর্ন। লিখিতং শ্রীরামপ্রসাদ দাস বৈরাগী। সোঃ কলিকাতায় শ্রীযুত চৈতন মল্লিকের বাটিতে থাকিয়া বারে মঙ্গলবারে পঠনার্থে শ্রীগুরুচরন দাস বৈরাগী সাং মাজি পুকুরি—তা ২ আসাড় সন ১২২৬ সাল ইংরাজি সন ১৮১৯ সাল তা ১৫ জুন।

---

323. গৌর—পদাবলী।

GAURA PADĀVALĪ

BY

NIMĀNANDA DĀSA.

Substance, country-made paper; $15\frac{1}{2}'' \times 5\frac{1}{2}''$ Folia 1-20 Since, 9-10 on a page. Appearance, about 75 years old. Incomplete.

Fol. 1,

যথারাগ।

গৌউর নহিত কি মনে হইত
কিমনে ধরিত দে।
রাধার মহিমা প্রেমরসসিমা
জগতে জানাত কে॥
শুন ২ পুন গর্ব্বরের গুন
না পারে এমন জন।
এমন দয়াল একর সমান
নাহিক গৌউর হেন॥
যেহেন বৃন্দা বিপিন মাধুরি
প্রবেশ চাতুরি সার।
যেতেক যুবতি ভাবের ভকতি
সকতি হইত কার॥
গউর বলিয়া না গেল গলিয়া
কেমনে হইল দিধি।
দাদুর হিয়া পাসান দিয়া
গড়িলা পুকায়ছে বিধি॥

কনক কমল জিনি গউর বরন খানি
তাহে যার পুলকের পাতি।
বচন নাহিক কয় অবনত মাথে রয়
কি লাগি হইল আন ভাঁতি॥
আরে মোর গোউর কি মোর।
এমন হইলে কেনে ধারা বহে দুনয়নে
অবিরত ভাবে বিভোর।
ধু। বিলসি পুন ২ ধরনি গোটায় মন
যেনে ২ উঠিয়ছ তায়।
সেজিকে হরি শুন কাপই ঘন ২।
প্রিয় সহ [চ]র মুখ চায়॥
কহিলে না [কহে] কথা মরমির মরমে বেথা
এক মুখে সত মুখ পায়।
কে জানে কেমন ভাব কহিলে কি হয় লাভ
নিমানন্দ কি বলিব তায়॥

End:

সুহৈরাগ।

বড়ুই কাতর গদাধর।
ধরলা সহচর কর।
গোউর আনবি মোহ্ম পাসে।
তব মোহ্ম জিবনক আসে।
তুহুঁ মরম জানে জান।
রাখবি সকল গোমান॥

সুহৈরাগ।

শুন পহুঁ গোরাবর রাজ।
তুহুঁ কাহে করি হেন কাজ॥



তুহুঁ নিত্যাগৌরনিরমুনি ॥
হরিগুণকির্তন লাগি।
বহুত মানলি তুহুঁ ভাখি ॥
সো সুখ সম্পদ ছাড়ি।
অবহি বহুঁত দুখ বুঝি ॥
অব চল কির্তন রাস।
পরাহু ভকত অতি দাস ॥
না বুঝিএ তোমারি বিলাস।
কহতহি নিত্যানন্দ দাস ॥ ২০ ॥ ১০৪ ॥

কহল হন তরিতা। * রাগ যথা।
অতিশয় দুখে গৌউর কি সহচর
গৈউল সুরধনি তির ॥
যতু লেহে আনি বানি কহে সবিনয়
অশ্রু[ক]-নয়ানে ঝর নির।
সুন অহে মর কি দুখ।
কির্তন ছাড়ি গোদাধর গেলো
ইথে লাগি বিদরএ বুক।
ধু। তুহু বুঝাই গদাধর আনবী
এহি নিবেদন মোর।
তবহি তোহারি গুন অবিরত ঘোসব
ইহ তনু জিবন তোর।
মোহু নহি রহ হেরি পহুঁ

---

324. পদাবলী।

PADĀVALĪ

BY

GOVINDA DĀSA, JÑANA DĀSA, BALLABHA DĀSA, Etc.

Substance, country-made paper; 14¼ × 4 inches. Folia, 12-32. Lines 8 on a page. Appearance, about 175 years old. Incomplete.

Fol. 12 obv.

বালা রমনি রমন নাহি জেল।
বহুত মিনতি কানু কইল ॥
বাহিক ধরি করলহিঁ হাথ।
কাহেকো মোহে করহ পরবাহ ॥
চরনে লাগি কয়ল পরনাম।
মবহো বলি তব হেরই কান ॥
বঙ্কবিলোকনে মধুর মৃদুহাস।
মগন তুহুঁক মন গোবিন্দ দাস ॥

যতনহিঁ মাধব রতি রস কেলি।
নব যৌবনি পরিরম্ভন দেলি ॥
নুনিক পুতলি বনি অন্তরন ভেলি।
কমল নয়ান মলিন তৈগেল গেলি ॥
চর ২ নয়ন চমকি রহে মোর।
যতনে মাধব করলহিঁ কোর ॥
তুহুঁ কনক লেখ রস পরবন্ধ।
গোবিন্দ দাস হেরি রহু দন্ধ ॥

End:

শ্রীশাঙ্কার।

নয়নে লোরে তুহুঁ ঝাঁপ।
কহইতে কোরে সখন তুক কাঁপ ॥
চেতন নাহি রহ তুরুন বেলি।
কো জানে কৈছে রজন রসকেলি ॥
দুর কএ সখি সো পরলাপ।
নামহিঁ তাকর অবশ কর অঙ্গ ॥
সো ধনি মানিনি সুরত অভিলেখি।
তাকর চরন কমল পএ দেখি ॥
কানুক পরশে অতহিঁ অনুকার।
অনুভবি আগে সবহুঁ সংস্কার ॥
কবহুঁ কণ্ঠক অতি যোখএ এর।
রাধা মাধব সুরুচ সনেহ।
এ কিএ সহজ কিএ পরিবাদ।
গোবিন্দ দাস কহ না জানএ নির ॥

---

* কলহান্তরিতা।

325. পদাবলী।

PADĀVALĪ

BY

CAṆḌĪDĀSA & NARAHARI.

Substance, country-made paper; 13×4½ inches. Folium 1. Lines 11 on a page. Appearance, about 175 years old. Incomplete.

নাচে গায় নাম লয় নাকি কহে আন।
সেই প্রভু ভজে পুন ভজ নরে নাম॥
নাম সঙ্কীর্ত্তন কে করিল উপায়।
নটীয়াঁ না পড়ে কেন ভক্তজনার পায়॥
খায় যায় খান পায় না জানি কি খায়।
কেবা দিল কোথা পায় কারে না শুধায়॥
নটীয়াঁ পড়ে কেন ভক্তজনার পায়।
নেড়া মাথা ছেঁড়া বহির্বাস॥
লোকে জিজ্ঞাসিলে বল শ্রীচৈতন্যের দাস।
এক দিনে ত্রপর্ণের তরুতলে বাস॥
কভু মধুপুরি ভিক্ষা কভু উপবাস।
হাসিবে খেলিবে মজিবে নাই॥
দেখিবে শুনিবে কৈহবে নাই।
কাছিলে নর্কা ছাড়িবে নাই॥
আর যে কত কহিবে তার মত।
রস আস্বাদিতে একের আশ্রয় হবে।
ইহা না করিলে আইতে নারিবে
ডুবিয়া মরিবে তবে॥
কহে চণ্ডিদাস চরণে ধরিয়া
শুনহ সুজন ভাই।
দুইটি আখর জতনে জানিলে
তবে সে দুইটি পাই॥
কুজন সুজন যেজন না জানে
তাহারে বলিব কি।
অন্তর বাহির যে জন জানয়ে
তাহারে পরান দি॥
সোনার গাগরি তাথে বিষ ভরি
মুখে পুরিয়া তার দুধ।
বিচার করিয়া যে জন না খায়
পরিনামে পায় পর দুখ॥
ধরনি জিনিআ ভাবের ভার।
কহিতে বহিতে সকতি কার॥
এক কথা কহিব তাহার আগে।
শ্যাম ধন তার হিয়ায় জাগে॥
পুলকে আকুল আকর চিত।
সুখের সায়রে সিনাএ নিত॥
কহএ নরহরি পিরিতি রিত।
সদাই উঠয়ে চমকে চিত॥

---

326. রত্নমালা গ্রন্থ।

RATNAMĀLĀ GRANTHA

BY

ŚAŚIŚEKHARA & CANDRA-ŚEKHARA.

Substance, country-made paper; 10¾×4⅝ inches. Folia, 1-19. Lines 12 on a page. Appearance, about 175 years old. Complete.

Fol. 1, 2 obv.

ধানশী।

সুচার চন্দ্রিকা জুটিল জানি।
শ্যাম অভিসারে চলল ধনি॥
লোটনে লম্বিত মালতী মাল।
সৌরভে মাতল ভমরা জাল॥
কুচ গিরিবর চন্দন মাখা।
নূপুর ধবল বসনে ঢাকা।



সোনাতে জড়িত মুকুতা কণা।
শঙ্খ মাঝে যেন শশিত নাশা॥
গজ দশনের সুচারু দাঁকা।
কর মূলে কিবা দিয়াছে রেখা॥
নিশি সঙ্গে অঙ্গ মিশাল করি।
শশি করে কুঞ্জে মিলিল গোরি॥

End :

মঙ্গল।

রাইক বরণতি বেশ বনায়ত
কুসুম বিপিনে হরিরায়।
কাঞ্চন ছত্র দণ্ড তাহে দেয়ল
নিজ করে চামর ঢুলায়॥
সখীরে দেখ ২ রাইক ভাগি।
অভিষেক করি যমুনা জল সুশীতল
চলতহি অনুমতি মাগি॥
ধ্রু। নব ২ যৌবনি রসিকিনী রঙ্গিনী
নাচি ২ করিয়া বশায়।
কুঞ্জ সহরে হরি করে এক শাঠ করি
রাইক সোহাই ফিরায়॥
যৌবন রতন পসার পসারল
নব ২ নাগরি হাটি।
চন্দ্র শেখর কহে ওহি গ্রাহক
যোই পাতায়ল হাটি॥

Colophon :

ইতি শ্রীনায়িকা রত্ন মালা যাষ্ট প্রকার স্বাধীন ভর্ত্তৃকা সমাপ্তা॥

শ্রীচৈতন্য পদাম্ভোজ কৃতানামনুকম্পয়া।
সমাপ্তেয়ং বভুব শ্রীনায়িকা রত্নমালিকা॥
ইতি শ্রীরত্নমালা গ্রন্থং সমাপ্তম্চায়॥

---

327. পদাবলী।

PADĀVALĪ

BY

CAṆḌĪDĀSA, JÑĀNADĀSA & GOVINDADĀSA, Etc.

Substance, country-made paper; 10 × 3¾ inches. Folia, 1-8. Lines 9 on a page. Appearance, about 150 years old. Incomplete.

Fol. 1 :—

জননি নাচ্যন্তত্র গোপাল নাচেরে।
কর তলি নবনি নন্দরানি জাচে[রে]॥
ঝুরিছে কনমণি মউরি উপরে।
কত, অঞ্জনে রঞ্জিত নয়ন কপলে॥
মুকুতাকি মালা গলে দিয়োছে রাণ।
কর পল্লব দৈছে গাই কি জোর॥
সোনার কিঙ্কিনি কটীপর সাজে।
দিন ধাজুবাজ বাজা পায় বাজে॥
করতালি দিয়া দিত শায় ব্রজরায়।
কহে বাসুঘোষ নাচে কি দিব উপমা॥ ১৮

End :

মুরলির অনুসারে চলিলা সুন্দরি
নিকুঞ্জ বৃন্দাবন মাঝে।
গুরুয়া নিতম্ব ভরে চলই না পারই
কৈছে চলএ হংস রাজে॥
চলিতে কবরি দোলে যেমন বকুল দোলে
মধুকর মধুপানে ভোলে।
তার মাঝে ২ চাঁপা যেমন পাটৌয়া থোপা
মদন উড়িছে কুতুহলে।
নাসা জিনি তিলফুল কি দিয়া করিব তুল
বিমল মুকুতা নাকে দোলা।
গোবিন্দ দাস কহে মদন পসার বহে
ত্রৈরঙ্গ নাহয়ে কোন জনা॥



ভালে সে চন্দন বিন্দু   মুখানি শারদ ইন্দু

কস্তুরি তিলক তার মাঝে।

দেখি আচম্বিত লাগে   মদের উপর আগে

কৈছে বেড়ল বিনরাজে॥

রাধামাধব কোর।

যে তমালে কৈছে কনকলতা বেড়ি

দুহু তণ ভুবন উজোর॥

---

328. পদাবলী।

PADĀVALĪ

BY

GOVINDA DĀSA, BṚNDĀVANA DĀSA, VIDYĀPATI. Etc.

Substance, country-made paper, 13×4¼ inches. Folia, 5-10. Lines 9-10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 5 obv.

অথদোহা।

নাক্ষপতি প্রেমকা চাদি

বাধা কুটিল ভাঁতি।

আদির বাতি অঙ্গ জনে

প্রেম সরোবর পাতি॥১॥

প্রেম ধরে প্রেম পাকে জাকো

প্রেম শাছ ফুলফল।

যাকো সে প্রেম বসে মানরতন কো ফল॥২॥

প্রেম সায়র কো মন কমলহি

তাহা অলিরাজ শূর।

জন কমলিনী বৈঠে তাহা

প্রেম পিয়াস ভরপুর॥৪॥

রাম অলি তুম কমলিনী

তুম সায়র কমল কো ঘর।

এসৈ লাগো মান কি তু

রসিক বর নাহি ডর॥৫॥

মানিনী কাহে ভরলি তুহুঁ মান।

সোই অখিলপতি পদতলে লোটই

না হেরলি সো চান্দ বয়ান॥

অব নাহি জান যাহেরে পুন জানবি

জানবি মানকি বাতে।

মান রতন জন পরম করি জানলি

লাগবি তারলি পুন হাথে॥

নিজ গুণে মরবি মারবি সব সখিগণে

না বুঝিলি আপন তরঙ্গ।

সোই রসিকবর বিদগধসাগর

তেজলি তাকর সঙ্গ॥

অতি বড় রোখে বিমুখি পুন নিকসই

না হেরলি সো চন্দবয়ান।

ধিক ২ ধিক রসমতি রসিকপনা জানলু

গোবিন্দদাস কহ গুণগান॥

End :

যাহা কোকিল গান করে যাহা

প্রিতমকো বাস।

সোই থানমে প্রাণ দহে প্রিতমকো পাস॥

মাধব অবলা পেখলু মতিহীনা।

সারেঙ্গ সবদে মদনে সোকাণিত

তা দিন দিনা তেন ছিনা॥

কবহি বিদেশে সন্দেশ না পাঠায়ত

কৈছে জিয়বি ব্রজবালা।

ঐছন পিরিতে কি রিতি করি জানলু

জারল বিরহ কি জ্বালা॥

তুহুঁ গুণ সোঙরই তুহুঁ গুণ রোয়ই

দিবা নিশি কুরতবি নাম।

তুয়া গুণ গণইতে গুণগণ গানহ

তুরত অবোধ নয়ান॥



দুহুঁ বড় কঠিন কপাট কলেবর
কুলবতি কুল হরে গেল ॥
বিদ্যাপতি কহে নিকরুণ মাধব
অবলা জনএ বধে গেল ॥

---

329. পদাবলী।

PADĀVALĪ

BY

CAṆḌĪDĀSA, JÑĀNADĀSA, ANANTADĀSA, etc.

Substance, country-made paper ; 12½" × 4". Folia, 31-33. Lines 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 31 obv.

বিকচ সরোজ ভাণু মুখমণ্ড[ল] দিঠি
ভঙ্গিম নট খঞ্জন জোর।
কিএ মৃদু মাধুরি হাস উগারই
পিপিয়া আনন্দে আখি পড়ই ভোর ॥
বরনি না হএ রূপ বরন চিকনিআ।
কিএ ঘনপুঞ্জ কিএ কুবলয়দল
কিএ কাজর কিএ ইন্দ্রনিলমনিআ ॥
অঙ্গদ বলয়াহার তারমনি কুণ্ডল
কনয়া নপুর কোটীকিঙ্কিন কলনা।
অভরন বরন কিরন কিএ চল ২
আঙ্গহু ভলে জনু চান্দকি চলনা ॥
কুঞ্চিত কেস কেসর কুসুমাবলি
বান্ধল মনসিখ ডান্দে।
অনন্ত দাসের পহু হেরিতে লোচন
হেরইতে পড়ি গেল ফান্দে ॥

End :

সুন প্রান প্রিয় সোই।
তুমি সে আমার দোষী তোমার আগে কই ॥
দেখিতে না দেখে আখি কাহু বিনে আন।
শ্রবনে প্রানের কথা না কহে বয়ানে ॥
পিরিতী লাগিআ কৈলু পরম নিছনি।
কাহু বিহু লোসর কানে নাহি শুনি ॥
আর কত অভিলাস বিহু তার পায়।
জ্ঞানদাস বলে তারে যেবা ভায় ॥

লোক অনুরাগ গুরের সোহাগ
পতির পিরিতী বাদি।
শ্যাম সজনি কি জানি করল
সকল অঙ্গহু বাদি ॥
সোই গো না জানি কি জানি হল।
রাতিদিন নাই সদাই পিয়াই
মরমে সমাধি রহিল ॥
দেখিতে শুনিতে শ্রবনে নয়ানে
আন না দেখি না শুনে।
এত পরমাদ নাহি অবসাদ
আনে না জানে পরানে ॥
সে রূপ সে গুন সে মৃদু বচন
অমিআ নিকরে ঝরে।
জ্ঞানদাস কহে মরমে লাগিলে
কেবা পাসরিতে পারে ॥ ৯১৫৩ ॥

---

330. প্রাচীন পদাবলী।

PRĀCĪNA PADĀVALĪ

BY

CAṆḌĪDĀSA, VIDYĀPATI ETC.,

Substance, country-made paper; 9¾ × 13 inches. Folia, 1. Lines 30 on a page. Appearance, about 125 years old.

বৃন্দাবনে থাকি কৃষ্ণ মরলি বাজায়।
উর্দ্ধস্বর রব করি রাধা গুন গায়॥
শুনিয়া মুরলি ধনি রাধা বিনদিনি।
অচেতন হঞা কান্দেন টাহিয়া ধরনি।
কি হল কি হল বলে সব গোপিগন।
কহিতে কহিতে রাধা হলে সচেতন॥
চৌদিগ ঘেরিয়া বৈসে ব্রজের রমনি।
শ্রবনে বদন দিয়া ডাকে বিনদিনি॥
চেতন * * গোপনারি।
ধরনি বান্দিল রাধা হৃদি আরি উপরি॥
নানা মত করে গোপি না হয় নিবারন।
চণ্ডীদাসে কহে নহে তাপেরি তজন॥

যেনেত চেতন হল রাধা ঠাকুরানি।
ললিতা ললিতা বলি ডাকে বিনদিনি॥
ললিতা গোবিন্দে আনিয়া দেনা মরে।
অবশ হয়েছে মোর কায়া প্রেমে জরজর
কি আর বলিব তোরে॥
তোমি সে সুখের সুখিনি মোর।
নীবেদন করি শুনগো সুন্দরি
মিলাও নাগর বর॥
যেত শুনি কথা চলিলা ললিতা
বন্ধুরে আনিবার তরে।
শ্যামের সমুখে ডাকাবিল চলে
বলিতে লাগিল ধিরে॥
নিবেদন মর শুনহে নাগর
রাই দেখিবারে চল।
বৈষ্ণব দাসে কয় কহিতে লাগয়ে ভয়
রাই সে মিলান ভেল॥

---

331. প্রাচীন পদাবলী।

PRĀCĪNA PADĀVALĪ

BY

CAṆḌĪDĀSA, VIDYĀPATI, JÑĀNADĀSA,

AND GOVINDADĀSA

Substance, country-made paper, 13 × 4½ inches. Folia, 2, 5-60, 62-80, 82-93. Lines 13 on a page. Appearance, about 125 years old. Incomplete.

Fol. 2 obv.

শ্রীকৃষ্ণের পূর্ব্ব রাগ।

কালি দমন দিন মাহ।
কালিন্দি কুলক কদম্ব ছাহ॥
কত শত নব ব্রজ বালা।
পেখলো অনু থির বিজুরিক মালা॥
তোহে কহো সুবল সাঙ্গাতি।
তব ধরি হাম না জান দিনরাতি॥
ধু। তহি ধনি মনি দুই চারি।
তহি পুন মনোমোহিনি একু নারি॥
সো রহ অন্তুমন পৈঠি।
মনসিজ ধুম ধুমে নাহি নীঠি॥
অন্তুখন তিনিক সমাধি।
কো জানে কৈছন বিরহ বেয়াধি॥
দিনে ২ দিন ভেল দেহা।
গোবিন্দদাস কহত্তু নব নেহা॥



Fol. 45 rev.

সুহই ।

শুনিঞা দেখিনু দেখিয়া ভুলিনু
ভুলিয়া পিরিতি কৈনু ।
পিরিতি বিচ্ছেদে না রহে জীবন
বুঝিয়া ঝুরিয়া মৈনু ॥
সই পিরিতি দোষের দাতা ।
বিধির বিধান সব করে আন
না শুনে ধরম কথা ॥
ধ্রু । পিরিতি মিরিতি তুলে তৌলাইনু
পিরিতি গরুআ ভার ।
পিরিতি বিষাদি যারে উপজয়ে
সে বুঝে না বুঝে আর ॥
সভেই কহয়ে পিরিতি কাহিনি
কে বোলে পিরিতি ভাল ।
কানুর পিরিতি ভাবিতে ২
পাজর হইল কাল ॥
জীবনে মরনে পিরিতি বিষাদি
হইল যাহার অঙ্গ ।
জ্ঞানদাস কহে কানুর পিরিতি
নীত নৌতুন রঙ্গ ॥

তথা রাগ ।

তাকই সময় ছিল যখন শিশুমতি ।
এবে অন্তরে অনল জলে পিরিতি আরতি ॥
বাহিরে আগুনি নহে জল দিয়ে তায় ।
শ্যাম প্রেমে ধগধগি কি বলিব কায় ॥
প্রাণ সই তোমারে সে বুলি ।
হিআর মাঝারে শ্যাম পরাণ পুতুলি ॥
ধ্রু । ঘর হৈতে বাহির বাহির হৈতে ঘর ।
দেখিবারে করি সাধ নহি গতখর ॥
প্রাণ মোর ধকধকি দিবস রজনী ।
লোক মাঝে না থাকিয়ে থাকি একাকিনি ॥
নিশাশ ছাড়িতে মোর নাহি অবসার ।
চন্দ্র প্রসাদে কহে পিরিতি পরমাদ ॥

---

332. পদাবলী

PADĀVALĪ

BY

CANDRAŚEKHARA & LOCANADĀSA.

Substance, country-made paper; $13 \times 4\frac{1}{4}$ inches. Folia, 1-3. Lines 10 on a page. Appearance, about 125 years old. Complete.

Beginning:

অথ নানাবস্থাবস্থিতা ।

আওত সখি নাগর পরবক্ষক শঠ ধরিয়া ।
ধমনি পদ যাবক পরিশর বক্ষসি ধরিলা ॥
অরুণাঞ্চল নয়নাম্বুজ আন ঘুর্নিত অলসে ।
ভালে পরি সিন্দুর চয় অঞ্জন সহ বিলসে ॥
কটি নীলাম্বর পরিহিত লম্বিত পদ আগে ।
দশন গত অরুণাধর তুল কজ্জল দাগে ॥
জা যা সখি যাহই কহু নিকটে মতি আরে ।
উচিত বানি চৈতনে শুনি শশিসেখর গাবে ॥ ১ ॥

End:

ধবল পাটের জোড় পরা রাঙ্গা ২ পাড়ি দিয়াছে
চরণ উপর
বিনদ কোঁচা দুলা ২ তায় ।
কাঁক মল সোনার নুপুর বাজাইয়েছে মধুর ২
রূপ দেখিতে ভুবন মুরুছায় ।
বিনদ ২ চাঁচর চুল তায় দিয়াছে চাঁপার ফুল
ফুল মালতীর মালা বেড়া ঝোঁটা ।
চন্দন মাখা গোরাগায় বাহু দুলায়া চলা যায়
কোপাল মাঝে ভুবন মোহন ফোঁটা ।



বাহুর হিলন ভুজন দেখি হস্তিশুণ্ড হিলে দেখি
নয়ান বয়ান বুঝে কেন বুঝা।
মধুর ২ কয় কথা শ্রবণ মনের মূঢ়ে বেথা
চাহে কেন উগারয়ে সুধা॥
এমন কেউ দেখিত থাকে কথার ছলে পানিক হাথে
নয়ান ভরি দেখি রূপ খানি।
লোচন বলেন কেনে নয়ান দিলি তার পানে
দু কুল খালি আপনা আপনি॥

---

333. পদাবলী।

PADĀVALĪ

BY

VĀSUDEVA, VIDYĀPATI, NARAHARI.

Substance, country-made paper; 13½ × 4½ inches. Folia 1-2. Lines 9 on a page. Appearance about 125 years old. Complete. Place of find, Bankura.

Beginning:

হরি হরি গৌরাঙ্গ এমন কেনে হৈলা।
সভারে সদয় হৈয়া মো নারীরে নদিয়া
এ শোক সাগরে ভাসাইল॥
এ নব যৌবন কালে মুড়িঞা চাচর চুলে
না জানি সাধিল কোন সাধি
কি ছার পুরান সে পহু পুণ্ডীক সে
গৌরাঙ্গ সভারে দিল বিধি।
সন্যাসী হইঞা গেল পুন জদি বাহুড়িল
না আইল নদিয়া নগরে।
ক্ষণে ২ হরি নিতাপর এক হরি
তার মুখ দেখিবার তরে।
অতুল আছিল আশ বাহুলোকে লঞা গেল
লইঞা রাখিল মধুপুরি।
নিতি লোক আছে তার তাহাতে বাহুড়া পায়
অবধি করিল কোথায়রি॥

এত কহি শ্রীমা নারি আছা মরি ২ করি
ধরনিতে যাঙঞ বিদায়।
বাসুদেব ঘোষ কয় যো সব পাসান না
তবু বিয়া বিদরে আমার॥

End:

নিরাকম দারুন সংসার।
শুনিয়া বিষ্ণুর মুখে দেখিয়া পরদেকে
না তরিল কেন অবতার॥
আপনি ঈশ্বর হঞা চৈতন্য আ[ব] প্রকাশিয়া
রোদন করঞ আপনারে।
বুঝাইয় অনুক্ষন না বুঝে পামর মন
মজু ২ দারুন বিসাদে॥
এক্ষণে নাক সম্মতি অভিমানে থাইশু মতি
শেল রহল হৃদয় মাঝে।
ভাবিতে সে সব কথা অন্তরে মরম বাথা
অর্দ্ধজন পায়া কোন বাজে।
কি আছে এমন কেন উদ্ধারে পতিত জনে
পত্র চরণে দুষিত হঞা।
চিন্তায় আকুল মন নরহরি অনুক্ষণ
প্রেমসিন্ধুর উদ্দিশ না পায়া॥

---

334. পদাবলী।

PADĀVALĪ.

BY

VIDYĀPATI AND GOVINDADĀSA.

Substance, Country-made paper; 13″ × 4½″. Folia 1-5. Lines 9-10 on a page. Appearance about 125 years old. Incomplete.

Beginning:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

চরনৌ লাগিয়া হরিহার পিয়ামনি
অতনে গাথিয়া নিজ হাথে।
সে নাহি পহিরল হৃদয়ে তল
মানলি অকনত মাত॥



সঁপিয়ে বিহি মোরে বিপরিত কেল।
লছমান দুহু বিলখল মাধব
রোখে বিমুখ ভৈগেল।
খিতিধর নাহ বাহ ধরি সাধল
হাম নাহি পালটি নেহারি॥
হাতকি লছমি চরন পর ডারল
তব কি যে কর বিচার।
সো পহু বাতি স[?]রি মুরছি
নয়ন লাগি প্রান কুর।
গোবিন্দ দাস কর ভজনে মিলাওব
তবহু মনোরথ পুর॥

End :

ধানশী রাগ।
সখিগণ সঙ্গে চললী বর রঙ্গিনী
ভানু আরাধন লাগী।
বহু উপহার কপুর তাম্বুল
নেয়ল গুরুজনে অনুমত মাগী॥
সুগন্ধি চন্দন মেলি চিনি কদলি
হার মনোহর, সখিগণ মেলি চলি গেলি॥
জয় জয় রাগ হুলাহুলি সঘ
শবদ ঘন ঘোর।
কেলি করত কোকিলগণ কুহু রই
নৃত্যতি ময়ুর কতোর॥
কুণ্ডকতীর মিলল জয় রঙ্গিনী
দুহু মুখ হেরি দুহু ভাব।
গোবিন্দদাস পহু রসময় নাগর
নয়ন ইঙ্গিতে কেল রস পরকাশ॥ ২৬॥

---

335. পদাবলী।

PADĀVALĪ

BY

GOVINDADĀSA & GOBARDHANA DĀSA.

Substance, country-made paper; 6¼" × 4¼". Folia, 8 (by counting). Lines 14 on a page. Appearance about 125 years old. Complete.

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

ধনি কানড় ছান্দে বান্ধে কবরি।
নব মালতি মাল তাহি উপরি॥
ললিতাঞ্জন গড়ে কলা করবি।
যেনে দৈছত তাহে উড়ে প্রসরি॥
সিন্দুর বিন্দু ললাটে ধরি।
ভুরু কৈতক কামুক নিরমুনি॥
নাই অরুন গঞ্জন অঞ্জিটী।
তিহি কাজর গোহিত নিরছটা॥
তিল পুষ্প সমান নাসা ললিতা।
কনকা অত তাহে ঝলে মুকুতা॥
শ্রীবদন মণ্ডন কাঁতিলতা।
কুটিল কুন্তল কুঙ্কুম লতা॥
কিত সুন্দর সারদইন্দুমুখি।
মধুরাধর শর্ব বিদ্রুমি॥
কম্বুমাল মণ্ডিত মুকুত মালা।
তহিঁ হার বিলাস খেলে চপলা॥
নব পল্লব চিত্র বিচিত্র মেলি।
মুনি কুণ্ডল গণ্ডে খেলে সহলি॥
গোলে যো মণিহার মুকুত-মালা।
কুচ কাঞ্চন শ্রীফল তাহিঁ খেলা॥
কত কাঞ্চন গঞ্জন কান্তিনিকে।
কঙ্কিনী সিঙ্ক ধরে অঙ্করা।
তাহে লেপল চন্দন গন্ধ চুয়া॥
পদপঙ্কজ বাজে যোরে রাজতা।
কনকাঙ্গুরু বেষ্টিত মর্ম পাতা।



নব চন্দ্র ছটাক ঝলকে বহুগাম।
ভনয় গোবিন্দ দাস তহি পরমান॥

---

336. নামহীন পুঁথি।

A NAMELESS MS.

(OF RASAMAÑJARĪ-TYPE)

Substance, country-made paper, 11¼ × 5¼ inches. Folia 1-16. Lines 13 on a page. Appearance, soiled. Date, 1211 B.S. (1805 A.D.). Complete.

Beginning:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

শ্রীকৃষ্ণ চৈতন্য প্রভু দয়া কর মোরে।
শ্রীনিত্যানন্দ-পদ মোর স্মরক হৃদয়ে॥
দুই প্রভুর ভক্ত পায় করিয়া প্রনতি।
সভে মোরে কর দয়া তবে সে পিরিতি॥
আমি হতি বুদ্ধি হিন কিছুই না জানি।
কৃপা করি যে কহায় সেই কহি বানি॥
বৈষ্ণবের পাদপদ্ম করিঞা স্মরন।
বিপ্রলম্ভে সম্ভোগে কিছু করিব লিখন॥
বিপ্রলম্ভ সম্ভোগ দুই মোক্ষ রস হয়।
ইহা হৈতে বহুবিধ রস যে উদয়॥
বিপ্রলম্ভ হৈতে চারি রস সুপ্রকাশ।
পূর্ব্ব রাগ মান আর বৈচিত্র প্রকাশ॥
সংক্ষিপ্ত সম্পূর্ণ সংকীর্ণ সমৃদ্ধিমান।
সম্ভোগ হৈতে এই চারি কহিল বিধান॥
অতএব বিপ্রলম্ভ সম্ভোগ যে নাম।
এর রস সবে জানিবে প্রধান॥
ইহাতে বিস্তার রস বহু ভেদ হয়।
অভিলাষ পূর্ব্ব রস ইহাতে জন্মায়॥

End:

কনক পুতুলি নব বালা।
কোমল সিরিশক মালা॥
মাধব নিবেদিএ তোয়।
মরি জদি হাথনি মোয়॥
সুনাসে জাগন নাহি জায়।
নিজপতি সুখ নাহি চায়॥
বসে ছসে অনঙ্গকান।
ব্রজ কুল রমনি পরান॥
ছুতি ঐছন করত ভাস।
ভনতহি গোবিন্দ দাস॥
ইতি সম্পূর্ণ।
বহুবিধি সার কি জানি লিখিতে।
কিছু মাত্র লিখিলাম মোন বুঝাইতে॥
আমি হতি বুদ্ধিহিন নাহি রস জ্ঞান।
পয়ার রচিতে মোর নাহিক সন্ধান॥
তবে যে লিখিব কও ইহার কারন।
কোন কালে ব্যর্থ নহে বৈষ্ণব বচন॥
বৈষ্ণব গোস্বামির আজ্ঞা হইল আমারে।
রসের বিস্তার কিছু লিখিবার তরে॥
আজ্ঞা বলবান মোর ভরসা হইল।
অতএব লিখিবারে আরম্ভ করিল॥
বৈষ্ণব গোস্বামি হওন পণ্ডিত পাবন।
মোরে দয়া কর প্রভু দিয়া শ্রীচরন॥

Colophon.

ইতি সাক্ষর মিরং শ্রীগৌর মোহন হরিকারি। পুস্তক মিরং কেনারাম বাএন॥ সন ১২১১ সাল তারিখ ৭ শ্রাবন বেলা দশ দণ্ড মধ্যে শ্রীসনাতন দে..........স্থতে সংপুর্ন হইল ইতি।



337. পদাবলী।

PADĀVALĪ

BY

JÑĀNADĀSA & GOVINDA DĀSA.

Substance, country-made paper; 13¼ × 5 inches. Folia 1, 2 (by counting). Lines 12 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

গোরা গায় বান কাঞ্চনজিনী।
রসে চল ২ গোরা রূপে দুগুণী কাড় নিছনি॥
ছি ছি কি কাজ সারদ কোটি শশি।
ভুবন করাছে আল চান্দ মুখের হাঁশি॥
মদন বিজই দোলে মালা।
ইথেকি পরানে জিয়ে কামিনি অবলা॥
গোরার ভাড় গড়ে মদন ধানকি।
কুলবতি মত করল ছুটি আঁখি॥
গোরার প্রতি অঙ্গে শশি সোলকলা।
গোবিন্দদাস কহে মজিল কুলবালা॥

End:

চরনে লাগি হরি হার পরায়ন
করতলে গাথে নিজ হাথে
সোনাহি পহিরহ ছুরহি ভারহ
মানিনি অবল তমাত॥
সজানি বিহি মোরে বিপরিত ভেল।
দগধ মান মুখে বিরখন মাধব
রোখে বিমুখ ভই গেল॥
গিরিবর নাহ বাহ ধরি সাধল
হাম নাহি পালটি নেহার।
হাথক লছমি চরন পড়ে ভারহু
আরকো করব পরকার॥
সো পহু বরক সহজই দুলভ
পুন বরসন লাগি ঝুর।
গোবিন্দদাস কহে সোপহু মিলব
তবহু মনোরথ পুর॥

তুহু বর নিকরুন মধুরাই।
নিতি নব নাগরী রস অবগাহ॥
যো জন মানহ সো বিহু দুখ লাখ।
সোকি সহত চিত বিরহ বিপাক॥
এ হরি ২ তুয়া পথ চাই।
অবহু কি জীবই না জীবই রাই॥
কত এ দিন তনু করব না জানি।
কমল বদনা গলও দুই পানি॥
নয়ন কাজর ঢরকত বানি।

---

338. পদাবলী।

PADĀVALĪ

BY

GOVINDADĀSA, CAṆḌĪDĀSA, GHANAŚYĀMA DĀSA, etc.

Substance, country-made paper; 10¾ × 5¼ inches. Folia 1-23. Lines 11-12 on a page. Appearance, about 100 years old. Complete.

Beginning:

কোকহুঁ অপরূপ প্রেম সুধানিধি
কোই কহত রসালয়।
কোই কহত গোরা সোই কলপ তরু
মনুমনে হয়ত সন্দেহ॥
দেখ ২ গোরাচান্দ অনুপাম।
নাচত গাওত নাহি ত্রিভুবনে
ঐছে রতন হরিনাম।
যো এক বিন্দু বিন্দু না বরখত
পরবস জগত সোমনায়।
মাধুর অবধি করি কহহুঁ কলপতরু
কো অনু করবা আপার॥
জাকর নামে অপনর নেউর
তাহে কি চাঁদ উপামা।



কহে গোবিন্দদাস নাই হবত
কটিং একই ঠাম ॥

End :

কহেন কিছিকে শুন প্রিয় রাধা
কোথা গিয়াছিলে তুমি ।
ঘরে ২ কুলভাঙ্গপুরে খুজিয়া
বেড়াই আমি ॥
মুনির পুতুলি তোমি চন্দ্রাবলি
মিলায় অপন তাপে ।
ঘুম ঝিমঝিমি জানি বলি বলি
কি জানি বিপদ লাগে ॥
জদি আর নাচে চাঁদ বলি পাছে
রাহু আসি করে গ্রাস ।
রতন বলিয়া চোর ডাকাতিয়া
পাছে করে সর্বনাশ ॥
রূপ বলি চাপা রূপ অঙ্গুলি মাপা
জদি বলি চাপা অমরে নম্বরা দৈত্যা ।
না আর বাহিরে থাকহ মন্দিরে
দাস গোবিন্দ ভাবে ॥

---

339. পদাবলী ।

PADĀVALĪ

BY

GOVINDA DĀSA, BṚINDĀVANA DĀSA & JÑĀNA DĀSA, etc.

Substance, country-made paper ; $13\frac{3}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia, 1-17. Lines 9-12 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning :

/৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ ।
ধানসী-মঙ্গল দশকুশি ।
এবর আখিনে করেছে আলা ।
পরান আদর করিছে খেলা ॥
হাথা ওড়ি দিয়া সঘনে চলে ।
ভুরি আগা পিঠে কাপালে দোলে ॥
কটিতে কিঙ্কিনি সোনা সুতা ।
নাসায় দুলিছে এ গজ মুক্তা ॥
হেমকাটি হেম পদক গলে ।
নব মেঘে জেন বিজুরি খেলে ॥
চরনে খাড়ু যা মধুরা ঘুঘি ।
দেখিয়া গোবিন্দ হইল সুখি ॥
হেমচুড়ি দিরি মাথায় দোলে ।
সোনার বাছনি জননী বলে ॥
মুখচাঁদ আধ অমিয়া ভাসা ।
পরান পুতুলি পিতে পিয়াসা ॥
মন্দ মধুর হাসি মদন কলা ।
আখি ঠারি দেখে কালিয়া সোনা ।
রাধা দাস মনে এই সে হয় ।
বিবার নাকাবে সদাই রয় ॥

End :

মথুরা নগরে আনিতে গিয়ারে
চলিল দুতো সখি ।
ত্বরিত গমন মথুরা ভুবন
দেখল কোমলআখি ॥
বন্দিয়া চরন বলেন বচন
শুনহে রসিক রাজ ।
চন্দ্রশেখর বলেন বচন
ঔছন তোমার কাজ ॥
আদরে বাদর করিল নাগর
ছুতিরে সকল পুছে ।
নন্দ জসমতি বল তার গতি
তাহারা কেমন আছে ॥
ভত সখাগন কুশল বচন
শুনিতে তোমার মুখে ।
জমুনার তিরে ধেনু সব চরে
তাহারা আছত সুখে ॥
জত বিন্দাবন জনত কানন
সুখেতে আছএ তারা ।
জত ব্রজনারি কুশল তাহারি
প্রেমের পাথার তারা ॥



মোর রসবতি কহ তার গতি
কেমনে আছত ধনি।
সেখর বলেন কু[সু]ম বারতা
সক[ল] যুন তোমা॥

---

340. পদাবলী।

PADĀVALĪ

BY

GOVINDADĀSA, ANANTA DĀSA, BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 12" × 4½". Folia, 1-4. Lines 8-11 on a page. Appearance about 100 years old. Incomplete.

Fol. 2. rev.

সজনী কি হেরলুঁ নন্দ-কিশোর।
আনন্দিত নয়ানে লাখ লাখ যুবশত
হেরি না পায়লুঁ ওর। ঞ
ইন্দ্রনীলমনি মুকুর কান্তি জিনি
জগমনমোহন বদনা।
শারদ অমল ইন্দু নব পঙ্কজে পুরল
জনু দুল নয়না।
বন্ধুকবন্ধু জিনিঞা মধুরাধর
বিলসই মোহন হাসে।
ভঙ্গিমগীমভরে মনমোহন অবতংস
বিরাজিত অংশে॥
চন্দন তিলক উপরে অলকাবলি
তদুপরি মুকুতার ধারা।
অনঙ্গ করয়ে ধন চান্দের উপরে যেন
শরদে বরিষে জলধারা॥

End:

মাধব কি কহব দৈব-বিপাক।
পথে জত অনরথ কহই না পারীয়ে
বরি বয়ান হয়ে লাখ॥

মন্দির ছাড়ি যব পদচারি আয়লুঁ
পদযুগে বেড়ল ভুজঙ্গ।
তোমার আকুল পথ কহই না পারিয়ে
নিশি হেরি কাঁপই অঙ্গ।
একে পথ পঙ্কজ পথে বিজুরীত
কণ্টকে জর ২ ভেল।
তুয়া মুখ দরশনে সব দুখ দূরে গেল
চির দুখ নিরসন গেল॥

---

341. পদাবলী।

PADĀVALĪ

BY

CANDRAŚEKHARA, JÑĀNADĀSA AND GOVINDADĀSA.

Substance, country-made paper, 15" × 4½". Folia 2-3. Lines 10-11 on a page. Appearance about 100 years old. Incomplete.

Fol. 2 rev.

যোই ২ বিমুখে চলল তব নাগর
ললিতা সঙ্গনে যাই।
নওল পথ কোপি ছল ছল লোচন
নিরখি রহল পথ চাই॥
বিষাদুক ইন্দুরেখা নিকশল
নিকসল চম্পকবেনী।
এক ২ করি সব সখিগণ নিকসল
মানিনী রহল একেলী॥
ললিতা কহে ইন্দুরেখা শুনহ
হাম কহিএ অদ্ভু বানি।
দুই এক সঙ্গিনী রাই নিকটে রহ
কি করিতে কি করএ জানি॥



ইন্দুরেখা কুঙ্গবিত্রা ফিরি বৈঠত
রাইক আস পাশ।
ইতি উতি লোপরে ধরল সঙ্কেতে
সহচরি গোবিন্দদাস॥

End :

গোধনি-ধবল-পরল-রস-আলসে।
দুহুঁ জন করত অভিলাসে॥
কেমন মোতি-চন্দ্র মনরহ?
ভালে তিলক নাহি সাজে।
উরে নাহি হার, রতন-মণি অভরন
আয়ল নিকুঞ্জরাজে॥
কেবল পিতবসন দুহুঁতনু পহিরল
জলধরে বিজুরিকো আভা।
কনক নূপুর চরণে নাহি পহিরল
শুধু চরণে কত শোভা॥
দিগদে মধ্যমনি ছিদ্রিরে শয়াসন
দশদিশ করল প্রকাশ।
রাইক মন্দিরে প্রবেশল মাধব
কহতহি গোবিন্দ দাস॥

---

342. পদাবলী।

PADĀVALĪ

BY

GOVINDA DĀSA, VIDYĀPATI, VĀSU GHOṢA AND OTHERS.

Substance, country-made paper; 16" × 5½". Folia, 14-19. Lines 10 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 14 *rev.*

বন্ধু তুহু অতি নিদারুন ভেল।
ধন বিনে মান, মান বিনে জিবন,
জিবন বিনে অঙ্গ দেহা।
পতি বিনে যুবতি, যুবতি বিনে যৈছনপতি,
গুরু বিনে যৈছন লেহা॥
জল বিনে কমল, কমল বিনে মধুকর,
মধুকর বিনে মধুগন্ধা।
তুয়া বিনে সকল গোকুল ভেল আকুল
নিসি বিনে যৈছন চন্দা॥
নৃপতি কোহর রসিক রস নাগর
নাগর ইহ রস জানে।
তুহু চরনাম্বুজে মধুকর কিঙ্কর
বিদ্যাপতি রস ভানে॥

End :

এত দিনে মিটল দারুন দুখ।
জনম সফল ভেল হেরি চান্দমুখ॥
চির উপবাস ছিল লোচন মোর।
চান্দ পায়ল যৈছে নয়ান চকোর॥
বাসুদেব গায় গোরা-পারিবন্ধ।
নয়ান পাইল যৈছে জল মকরন্দ॥

আরে মোর গৌরাঙ্গ-সোনা।
অনেক পুণ্যের ফলে পুন পাইলাম তোরে
আর কি ছাড়্যেঞা তোমা?
তোমা গুন শোঙরিয়া বিদরিতে চাহে হিয়া
পাঁজর ধসিয়া মোর গেল।
অহে নাথ চাহ ফিরি ও চান্দ বদন হেরি
সে দুখ সফল আজু ভেল॥
তুমি সে আমার প্রভু দয়া না ছাড়িহ কভু
শরন লয়্যাছি রাঙ্গা পায়।
ব্রজনাথ দাসে কয় যে জনা যাহার হয়
তাহারে ছাড়িতে না যুয়ায়॥



343. পদাবলী ।

PADĀVALĪ

BY

VĀSU GHOSA, VIDYĀPATI, AND OTHERS.

Substance, country-made paper ; 9" × 4½". Folia, 1-8. Lines 9-10 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, Bankura.

Beginning :

অথ রসোদ্গার । বিভাষ ।
আজু গৌরাঙ্গ সনে রজনি গোঙায়লুঁ
সো সুখ কি কহব সই ।
লাখ বদন করি বিধি মোরে দেয়ত
তবে কিছু গোর-গুণ কই ॥
গৌরাঙ্গ হৃদয়ে ধরি, নয়নে বদন হেরি
বাঢ়ল প্রেমতরঙ্গ ।
যে কিছু বচন শ্রবণ ভরি শুনলুঁ
তনে ম[নে] পুলক অঙ্গ ॥
অনিমিখ আঁখি করি মোরে দেয়ত
তবু নাহি পূরত আশ ।
বাসুদেব ঘোষ কহে, যত হেরি গোরা রূপ
তত বাঢ়ে অধিক পিয়াস ।

End :

শুন ২ আরে সখি আজুক রঙ্গ ।
রজনি গোঙায়লুঁ গুণযুত সঙ্গ ॥
মদনমনোহর সুন্দর বেশ ।
মন্দিরে মোর করল পরবেশ ॥
পাখি ২ ধরি বসায়ল পাশ ।
শশি কুমুদিনি জৈছে, উপজল হাস ॥
কাঁচলি ফারি কুচযুগ বিদারি ।
নিবিবন্ধ খসাইতে টুটল হারি ।
করে করে যোরি আলিঙ্গন দেল ।
হৃদয়ক সাধিয়া তৈখনে গেল ॥

সুহই ।
কি কহব রে সখি তখনক লাজ ।
সপনে আপনে পিয়া আওল সমাজ ॥
করে কর ধরি পিয়া পুছত বাত ।
হটে হান তাক জোড়ায়ল হাত ॥
লাগল মদন তোড়ল হার ।
কতহি করব তাই কতএ বিহার ॥
ভনএ বিদ্যাপতি ইহ রস গাব ।
ইহ অবশেষ যদুনন্দন গাব ॥

---

344. পদাবলী ।

PADĀVALĪ

BY

VĀSU GHOSA, GOVINDA DĀSA, NAROTTAMA DĀSA & RĀDHĀMOHANA.

Substance, country-made paper ; 12½" × 4½". Folia, 1-9. Lines 9-10 on a page. Date 1277 B.S. (1871 A.D.). Complete.

Beginning :

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ । অথো খণ্ডিতা লিখতে ।
শ্রীবাস মন্দিরে গোরারায় ।
সারানিশি জাগিলে পোহায় ॥
কীর্ত্তন রাখিলে পরভাতে ।
গোরাঙ্গ ফিরই রাজপথে ।
চলিতে না চলে পদ খানি ।
ধরাতরে এলাইয়েঁ জেনি ॥
সহচরি তহু কাঁচা সনা ।
আর তাহে আস্বাদের চেনা ॥
পুলকে পূরল কলেবর ।
প্রেমাঙ্কুর দুলাএ দুলর ॥



বাসুদেব ঘোষের মনে যেন।
বতি-চন্দ্রা গোপিনাথ যেন ॥

End :

সব সুখ হইতে বিচ্ছেদ-মিলন
নাহিক সুখের অন্ত।
কি করিব তায় অন্ত নাহি পায়
দুহুঁ মুখ দেখা মোর ॥
ভুখিল চোকর নবচন্দ্র দেখি
যেমন ছাড়িতে নারে।
চাতক যেমন পালো বরিখন
অধিক আনন্দ বাড়ে ॥
নধিন যেমন পাইলে রতন
যেমন্ত আনন্দ হয়।
যেমত আনন্দ বিচ্ছেদ মিলন
চমকি ২ বয় ॥
হারাইয়া ছিল পুন সে মিলিল
অমূল্য পরেশ নিধি।
এ হিয়া যোলক কি কব সে সুখ
লাখ বদন না দিল বিধি ॥

ইতি শ্রীখণ্ডিতা সম্পূর্ণা। ইতি সমাপ্ত। লিখিতং শ্রীমধুসূদন দাস, সন ১২৭৭ সাল, তাং ৯ মাঘ।

---

345. পদামৃত-সমুদ্র।

PADĀMṚTA-SAMUDRA

BY

RĀDHĀMOHANA ṬHĀKURA

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-95. Lines 10-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

মালবরাগেণ রূপ-তালেন গীয়তে।
প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং
বিহিত-বহিত্র-চরিত্রমখেদং।
কেশব ধৃতমীন-শরীর জয় জগদীশ হরে ॥ ১।
ক্ষিতিরতিবিপুলতরে তব তিষ্ঠতি পৃষ্ঠে
ধরণীধরণকিণচক্রগরিষ্ঠে।
কেশব ধৃতকচ্ছপরূপ জয় জগদীশ হরে ॥ ২।
বসতি দশনশিখরে ধরণী তব লগ্না।
শশিনি কলঙ্ককলেব নিমগ্না ॥
কেশব ধৃতশূকররূপ জয় জগদীশ হরে ॥ ৩।
তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গং
কেশব ধৃতনরহরি রূপ জয় জগদীশ হরে ॥ ৪
ছলয়সি বিক্রমণে বলি মদ্ভুতবামন
পদনখনীরজনিতজনপাবন।
কেশব-ধৃত-বামনরূপ জয় জগদীশ হরে ॥ ৫ ॥
ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং
স্নপয়সি পয়সি শমিত ভবতাপং।
কেশব-ধৃত-ভৃগুপতি-রূপ জয় জগদীশ হরে ॥ ৬ ॥
বিতরসি দিক্ষু রণে দিক্পতি-কমনীয়ং
দশমুখ মৌলি বলিং রমণীয়ং
কেশব-ধৃত-রাম-শরীর জয় জগদীশ হরে ॥ ৭ ॥
বহসি বপুষি বিশদে বসনং জলদাভং হলহতি-ভীতি
মিলিত যমুনাভং।
কেশব-ধৃত-হলধর-রূপ জয় জগদীশ হরে ॥ ৮ ॥



নিন্দসি যজ্ঞ-বিধেরহহ শ্রুতি-জাতং
সদয়-হৃদয়-দর্শিত-পশুঘাতং
কেশব-ধৃত-বুদ্ধশরীর জয় জগদীশ হরে ॥ ৯ ॥
ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং
ধূমকেতুমিব কিমপি করালং ।
কেশব-ধৃত-কল্কি-শরীর জয় জগদীশ হরে ॥ ১০ ॥
জয়দেবকবেরিদ মুদিত মুদারম্
শৃণু সুখদং শুভদং ভবসারং ।
কেশব-ধৃত-দশবিধরূপ জয় জগদীশ হরে ॥ ১১ ॥

Next fol. 58 rev.

সই কি আর বলিব ।
যে পুনি করিয়াছি মনে সেইত করিব ॥
দেখিতে যে সুখ উঠে কি কহব তা ।
দরশ পরশ লাগি আউলাইছে গা ॥
হাসিতে খসিয়া পড়ে কত মধু ধার ।
লহু ২ হাসে পহু পিরিতি পসার ॥
গুরু গরবিত মাঝে রহি সখি সঙ্গে ।
পুলকে পূরয়ে তনু শ্যাম পরসঙ্গে ॥
পুলক ঢাকিতে করি কত পরকার ।
নয়ানের ধারা মোর বহে অনিবার ॥
ঘরের যতেক সভে করে কানাকানি ।
জ্ঞান সুন লাজ ঘরে ভেজাইলাঙ আগুনি ॥

সুহই রাগ এক তালিতালো ।
রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি
পুলক না তেজই অঙ্গ ।
মধুর মুরলিরবে শ্রুতি পরিপূরল
না শুনয়ে আন পরসঙ্গ ॥
সজনি অব কি করব উপদেশ ।
কানু অনুরাগে তনু মন মাতল
না গুনে ধরম ভয় লেশ ॥
নাসিকাও সোঅঙ্গ সৌরভে উনমত
বদনে না লয়ে আননাম ।
নব ২ গুনগনে বাঁধল মঝু মন
ধরম রহল কোন ঠাম ॥

৭৫

গুরুজন পরিজন গুরু-গঞ্জি-তরজনে
কো জানে উপজায় হাস ।
তাহে এক মনোরথ জানি হয়ে অনরথ
পুছর গোবিন্দ দাস ॥

End :

দাক্ষিণাত্য ধানশ্রী রাগ ।
তুমি মোর নিধি রাই
তুমি মোর নিধি ।
না জানি কি দিয়া তোমা নিরমাণা বিধি ॥
বসিয়া দিবস রাতি অনিমিখ আঁখি ।
কোটি কলপ যদি নিরবধি দেখি ॥
তবু তিরপিত না হয় দুটী নয়ান ।
জাগিতে তোমারে দেখি সপন সমান ॥
নিরস দামিনি তাকে দূরে পরিহরি ।
কি ছার কমলের ফুল বাটিক না করি ॥
ছিছি সরদের চাঁদ ভিতরে কালিমা ।
কি দিয়া করিব তোমা মুখের উপমা ॥
যতনে আনিয়া যদি ছাঁকিয়া বিজুরি ।
অমিঞার সাঁচে যদি গড়াই পুতুলি ।
রসের সাগরে যদি করাইয়ে সিনান ।
তবুত না হয়ে তোমার নিছনি সমান ॥



346. পদামৃতসমুদ্র—সংক্ষিপ্ত সম্ভোগ ।

PADĀMṚTA-SAMUDRA—SAṂKṢIPTA-SAMBHOGA

BY

RĀDHĀ MOHANA ṬHĀKURA.

Substance, country-made paper; 13¼ × 4¼ inches. Folia, 1-14. Lines 11-12 on a page. Appearance, about 100 years old. Complete.

Beginning:

কেদাররাগ-বড়কভালো ।
গৌরাঙ্গ—সেবিত পুষ্প বিনির্মিত
নিস্থল রত্নমালা পরিমণ্ডিত ।
মন্দতরঙ্গিত কান্তি কাম্বিত
বেদাধ্যয়ন নববিধি-পণ্ডিত ॥
জয় ২ মরকত-কুণ্ডল-কুণ্ডল ।
বরাভয়কর- পীতাম্বরধর
বৃন্দাবনজন-চন্দ্রপুরন্দর ।
নব গুঞ্জাফলমালি পীতবসন কেকিশিখণ্ডক শেখর মঞ্জুল
অপ বর্ণাঙ্কুর গোপবধূকুল
চিত্ত-লোভিত্ত্ব পূর্ণীত বদন ॥
কমল মুকুলিতকুল পুর বিভঙ্গ
পদ্ম পীনাধীন জনজানন্দ ।
শিরিষ সনাতন সনক সনন্দন
নারদ কমলাসন বন্দন ॥
ভৈরবী রাগ প্রতিমণ্ঠক তালো ।
অপ-ঘন-ঘটিত তপুন-মদিরার ।
শিমুখচিত-কুঞ্চিত-কুচভার ।
জয় ২ বল্লভ-রাজ-কুমার ।
রাধাবদনী হরিমনিহার ।
রাধারতিহর-মুরলী-তার ।
মদনাকুল মদন বিকার ॥
রসমাক্ত রাধাপরিবার ।
কলিতসনাতন চিত্তবিহার ॥

End:

কুশলি রাগ এব তালো ।
সুরত বিরামে বসল পহুঁ পানি ।
করে কর ধরই অতল মহানি ।
হাঁ পরিরম্ভনে পরবশ গাত ।
নহি ২ বোলি দুলায়ত মাথ ॥
অভিনব মদন তরঙ্গিনি রাই ।
শ্যাম তরঙ্গ রঙ্গ অবগাই । ঞ ॥
চুম্বনে সংকোচই লোচনে তার ।
পিবইতে অধর বচই শিতকার ॥
নখর পরশে ধনি চমকই গোরী ।
নশইতে চমকি উঠই তনু মোরি ॥
কহইতে কহ পদ ২ পর আন ।
আনো আন মনসিজ উনমাদ ॥
ঐছনে রোখত ধরি পরসাদ ।
গোবিন্দ দাস কহ রস ধরি জাদ ।
ইতি শ্রীপদামৃ[ত] সমুদ্রে সংক্ষিপ্ত সংম্ভোগবর্ণনং

---

347. পদামৃত-সমুদ্র ।

PADĀMṚTA-SAMUDRA

BY

RĀDHĀ MOHANA ṬHĀKURA.

Substance, country-made paper; 12¼ × 5¼ inches. Folia, 58-90, 96-127. Lines 8 on a page. Appearance, about 100 years old. Incomplete.

Beginning:

ধানশী রাগ কন্দর্পতালো ।
রাইক মানবিরহ জানি সো সখি
চললহিঁ শ্যামর আগে
দুরহিঁ তাক বদন হেরি নাগর
মানল আপন সোহাগে



অপরূপ প্রেমক রীত।
আদর বিনহি যোই বহু যতন
তাক নিকটে উপনিত॥ ধ্রু॥
সোই কহত তুহুঁ কৈছন পিরিতি
রীতি বুঝএ নাহি পারি।
সো যদি মানভরমে তোহে বোলল
তুহুঁ আওলি কাহে ছাড়ি।
আগত দোষ জানসি যদি মনমাহা
কাহে বাঢ়ায়সি বাত।
গোবিন্দ দাস তোহারি সাধি সাধব
আগে চলহ যদুনাথ॥

End :

অথ মুগ্ধদশা। বরাড়ি রাগ মধুর তালাভ্যাং।
অঙ্গে অনঙ্গজর মরমে বিষম শর
কণ্ঠহিঁ জীবন যাবা।
করতলে বদন নয়ন বহ নিঝর
কুচযুগে কাজর ছায়া॥
মাধব ; তুহুঁ মধুপুর হর দেশ।
ও অবলা চিরবিরহ বেয়াধি
দশমি দশা পরবেশ॥ ধ্রু॥
বিগলিত কবরীক কুসুমকিশলয়
ধরণি খীন দেহা।
কো জানে কাতি তবহি নাহি ছুটত
অবু অব কিঞ্চ শশিরেহা।
অনুখন যোরি গোরি কোরে লোচন
তনু কমল জড়িত মণিহার।
গোবিন্দ দাস ভণি কমল বিহনে মণি
কবহুঁ হৃদয়ে নাহি সাজ॥

---

348. পদামৃত-সমুদ্র।

PADĀMṚTA-SAMUDRA

BY

RĀDHĀ MOHAN THĀKUR.

Substance, county-made paper. 15¾ × 5 inches. Folia, 1-105. Lines 9-10 on a page. Date, 1784 Saka (1862 A.D.) Complete.

Begins with fol. 3 rev.

গৌরীরাগেন তালৈকতালাভ্যাং।
চম্পক-শোন-কুসুম-কনকাচল
জিতল গৌরতনু লাবনীরে।
উন্নত গীম সীম নাহি অনুভব
জগমনমোহন ভাঙনিরে॥
জয় শচীর নন্দন ত্রিভুবন-আনন্দ
মণ্ডন কলিযুগ-কালভুজগভয়-খণ্ড। ধ্রু
বিপুল পুলকাকুল আকুল কলেবর
গর ২ অন্তর প্রেমভরে।
লহু ২ হাসনি গর ২ ভাষণি
কত মন্দাকিনী নয়নে ঝরে।
নিজ রসে নাচত নয়ান ঢুলায়ত
গায়ত কত ২ ভকতহি মেলি।
যো রসে ভাসি অবশ মহিমণ্ডল
গোবিন্দ দাস তহি পরশ না কেলি॥

Next fol. 43 rev.

বেলাবলী রাগেণৈকতালীতালাভ্যাং।
কুঞ্চিত কেশিনী নিরুপম বেশিনী
রস আবেশিনী ভঙ্গিনীরে।
অঙ্গ তরঙ্গিনী অধর সুরঙ্গিনী
সঙ্গ ২ রঙ্গিনী সঙ্গিনীরে॥
সুন্দরী রাধে আওয়ে বনি।
ব্রজ-রমণীগণ-মুকুট-মণি॥ ধ্রু
কুঞ্জর-গামিনী মোতিমদামিনী
দামিনী চমকি নেহারনিরে॥



অন্তরঙ্গ ধারিণী নব অভিসারিণী
শ্যামল অঙ্গ-বিহারিণীরে ॥
নব অনুরাগিণী অখিল সোহাগিণী
পঞ্চম রাগিণী মোহিনীরে ॥
রাস বিলাসিনী হাস বিকাশিনী
গোবিন্দ-দাস-চিত শোহনীরে ॥

End :

তুমি বরাঙ্গি বাপ মন কোশি আগো।
শ্রীগুরু বৈষ্ণব তোমার চরণ
শরণ না কৈনু আমি।
বিষয় বিষম বিষ আগ মানি
খাই হইয়া কামি ॥ ৫
সেই বিষ মোরে জারিয়া মারিবে
বড়ই বিপাক হইল।
জনমে ২ এমত করই
আত্মঘাত পাপ কৈল ॥
সেই অপরাধে এভব সাগরে
বাড়িল এমায়া জালে।
তোমা না ভজিয়া আপনা খাইয়া
আপনি ডুবিনু হেলে ॥
আর কত কাল এছব ভজিনু
ভোগ দেহ নাহি আর।
সহিতে নারিয়া কাতর হইয়া
নিবেদিয়ে তুয়া পায় ॥
অনাথজন শরণ সরণ
কেবল বিহা বিয়া এই পায়।
উদ্ধার করিয়া দেহ দীনবন্ধু
আপন চরণায় ॥
আপনা যেমন অদ্ভুত ভোজন
করাইয়া মোরে যাও।
এবার মোহন গতে বিকাইল
দাসগণে মোরে লেখ ॥

Colophon :

ইতি শ্রীপদামৃতসিন্ধু জন গ্রন্থ তদ লিখিতমিদং শ্রীঈশ্বর চন্দ্র দাস বৈষ্ণবেন সাং হাইপুর—শকাব্দা ১৭৮৪ কার্তিকস্য।

---

349. রসমঞ্জরী গ্রন্থ।

RASAMAÑJARĪ GRANTHA

BY

PĪTĀMBARADĀSA.

Substance, country-made paper ; 12″ × 4½″. Folia, 2-20. Lines 10 on a page. Date 1580 Saka (1658 A.D.) Incomplete. Place of find, Bankura.

Begins with fol. 3 obv.

চাঁদ গহন গগনে লাগি গেল।
ছল করি কামিনী বাহির ভেল ॥
মাধব কর অবধান।
আজু বড় বিহরল জোছনা সিনান ॥
সুপুরুষ বচন করল গোহারি।
পহিলহি মনমথ মন্ত্র উচার ॥
বস[ন] ভূষণ সব করব তিয়াগ।
নিজ তনু দেখব তুহুঁ অব ভাগ ॥
রমনি সিরোমনী এতই বিচারী।
নীর সমীরে চলু রসিক মুরারি ॥

End :

fol. 22 obv.

অথতাহেথোল্লাস।
উলসিত মনু হিয়া আজু আদর দিয়া
দৈবে করল শুভ বাণি।
শুভ শুভক্ষণ কত নিজ কর্ম বেকত
অতএ নিশ্চয় করি মানি।
সজনী সবহুঁ বিপদ দূরে গেল।
সুখ সম্পদ যত সবে ভেল অনুগত
সো দিয়া অনুকূল ভেল ॥
পণ্ডিতাদি আইলেন আই যাই করি।
চৌষট্টি প্রকার কৈল গ্রন্থ রসমঞ্জরি ॥
গদ্য পদ্য সঙ্গীত ইহার প্রমানে।
অবোধ না বুঝে ইহা রসিক সে জানে ॥
শ্রীশচীনন্দন প্রভু ঠাকুর আমার।
পীতাম্বর দাস কহে রসের বিস্তার ॥



Colophon.

যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীসাতকড়ি দেবশর্ম্মন সেবং। সন ১২২০ সাল। তা ২০ বৈশাখ।

---

350. রসমঞ্জরী গ্রন্থ।

RASAMAÑJARĪ GRANTHA

BY

PĪTĀMBARA DĀSA.

Substance, country-made paper; 24" × 4¾". Folia, 2-24, 36-56. Lines 11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Begins with fol. 10 obv.

মাধব কপট সোহাগ।
শ্যাম সব সমুঝা গুনি অনুরাগ॥
ভাল হইল অবলোকি নীটল বন্ধ।
তুহু গুনে আগর সোই গুন জানি।
গুনে গুনে বান্ধল মদন পাঁচবান॥
আগুসর সোই পুন না কর বেয়াজ।
বসতি কী তেজব নলিনি সমাজ॥
শ্যাম সব কিতব কৈতব নাহি তার।
তোহারি বিলম্ব অব নাহি সুধার॥
বিমুখ চল কানু পর ২ ভার।
পরে আলো আপনি গোপাল দাস॥

End:

বরাড়ি
শুন মাধব ও অতি সুন্দরি বালা।
অবিরত বারি নয়ন বহ নিকর
অম্বু ঘন শাঙন ধারা॥
পুনমিক চান্দ জিনি মুখমণ্ডল
গোধুর ভেল যদি রেহা।
কলেবর কাতি কনকজিতি
কামিনি দিনে ২ কাশিম রেহা॥
পদ অঙ্গুলি সেই লেখই ক্ষিতিতল
পানি কপোল অবলম্ব।
উপবন দেখি মুরছি পড়ু ভূতল
চিন্তিত সখিগণ সঙ্গ॥
কোই নলিনি দলে সেজ বিছাই
তাহি শুতায়লি রাই।
অঙ্গ কি তাপে কমল সব জারত
উঠত মদন চিতাই॥
চন্দন পরশে যদি চমকি বিসায়ই
চান্দ কিরণে অনুতাপ।
নিছাই আলোআলে করহি পরবোধিব
নিছনি গোবিন্দ দাস॥

---

351. রসমঞ্জরী গ্রন্থ।

RASAMAÑJARĪ GRANTHA

BY

PĪTĀMBARA DĀSA.

Substance, country-made paper; 17 × 3¾ inches. Folia, 1-21. Lines 7 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beginning:

বন্দো শ্রীকৃষ্ণ চৈতন্য প্রিয় গদাধর।
বন্দো নিত্যানন্দচন্দ্র অদ্বৈত ঈশ্বর॥
বন্দো আর নরহরি শ্রীরঘুনন্দন।
বন্দো শুদ্ধ বৈষ্ণব আর মহাজন॥
শ্রীশচীনন্দন প্রভু ঠাকুর আমার।
শ্রীখণ্ড মহাস্থল বসতি যাহার॥
মুক্তামধ্যা প্রাণলতা গোপী বিবিধ প্রকার।
প্রাপথী মাধুর্য্য গাঢ়াগুণ হয়েত যাহার॥
বামা দক্ষিণা বাতাদি হএত বিবেক।
বিপ্রলম্ভ সম্ভোগ তাহার উদ্রেক॥



খণ্ডিতাদি অষ্ট রস তাহাতে কহয়।
অষ্ট ২ চৌষট্টী তাহার ভেদ কয় ॥
রস কল্পবল্লি গ্রন্থ তাহার অষ্টম কোরকে।
তাহার সূত্র করিতে পিতা আজ্ঞা দিল মোকে ॥
তাহার অনুজ্ঞা এ সব আছএ বর্ণন।
গ্রন্থ বিস্তার হেতু না কৈল লিখন ॥
সেই অষ্ট রসে কহো মঞ্জরি গাইল।
শ্রীরস মঞ্জরী বলি গ্রন্থ জানাইল ॥
অভিসারিকা হৈতে আগে করিব বর্ণন।
পশ্চাৎক্রমে কহিব, সে রস কারন ॥

End:

অথ রসমিলন।

বিরহ ব্যাধি সমাধি নাহি পাঅই
অনুখন উচাটন দেহা।
কাঞ্চনবরণ মলিন অব হেরই
উযাগরে বঞ্চই গেহা ॥
মাধব অতিদিন ভৈগেল রাধা ॥
ব্যারহ ব্যাকুল কহহি সত ২
অবহি উপজল বাধা ॥
থিতি মহো সুতই অবহিঁ লুঠই
খেনে ২ তনু অবসাদা।
ঐছে রসমিলনা পদইতে সহচরি
কহএ মদন পতিকায় ॥

---

352. গোবিন্দ রতিমঞ্জরী।

GOBINDA RATIMANJARĪ

BY

GHANAŚYAMA DĀSA

Substance, country-made paper; 10½ × 5½ inches. Folia, 1-27. Lines 11-13 on a page. Appearance, about 150 years old. Complete.

Fol. 2 rev.

শিক্ষা।

ভকতি রতন খনি উঘারিয়া প্রেমমনি
নিজগুন-সোনায় মোড়িয়া।
উত্তম অধম নাঞি যারে দেখে তার ঠাঞী
দান করে জগত বেড়িয়া ॥
অহরি নিতাই গুন যেমন কহয়ে মন
তাহাকি কহিতে পারি ভাই।
লাখে ২ হয় মুখ তবে সে মনের সুখ
নিতাই চান্দের গুন গাই ॥ ৫
আর এমন দয়ার ঠাঞী কোথাহ শুনি যে নাঞী
আছুক দেখিবার দায় দুরে।
যার নামেই আনন্দ হয় সকল ভুবনময়
তাহা লাগী কেবা নাহি ঝুরে ॥
যার পাপাহু সমান হিয়া সেহো তাহ মিলাইয়া
যার গুণ গাইতে শুনিতে।
কহে ঘনশ্যামদাস যার নাহি বিশ্বাস
সেই সে পাপিষ্ঠ অবনিতে ॥

Fol. 12 rev.

তিরোদ্ধিয়া রাধা।

কোহিহ পুন পুন করত হুংকার।
হরি হাম জানিনা কত পরচার ॥
পরিহরি সো শিখিকন্ধ-হার।
মন্দিরে কাছে আওল ভুপরাজ ॥
সোহবি নহো মধুসূদন নাম।
চলু কমলালয় মধুকরি ঠাম ॥



এমনি সোনহ হাম ঘনশ্যাম।
তছুবিহ শুণ কিয়ে কহে নিগনাম॥
শ্যাম মুরতি হাম কুহ কি না জান।
তারা গতি ভয়ে পুঝি অনুমান॥
ঘর মাহা রতন দিপ উজিয়ার।
তৈছন দৈচৈর মণ আনিয়ার॥
পরিচয় পদযর সবকেল স্থান।
হাসি পরাজয় মানল কান॥
তৈখনে জাগল মনমথ শূর।
আর ঘনশ্যাম মনোরথ দূর।

End. fol. 27 rev.

আওল কলয় ধরাধর
জলধরদামিনী জলদ অপোর।
নিজচঞ্চল শুণ জলদে শোণি পুন
তছু দৈরয কত কোর॥
দেখ সখি অপরূপ বাদর ভেল।
নিজপদ পরিহরি দিনমনি সঙ্গরি
গিরিবর গাঢ়িয় ভেল॥
শরবর ঘন ঘন হরই সমীরন
থরকয়ে মোরকে পাক।
ভয়ে আকুল কবি ধ্বনি ছোড়িনমী
বহল বেড়ি পাঁচ শাখ॥
কহ ঘনশ্যাম দাস পুন হেরহ
সবহু ভেল বিপরিত।
টলটল ভূধর মেঘ মহিতল
অদ্ভুত দেব চরিত॥

---

353. A BOOKLET CONTAINING

1. পদাবলী।

PADĀVALĪ

BY

RUPACARAṆA DĀSA, JĀDABENDRA DĀSA.

2. সুবল-সংবাদ।

SUBALA-SAṂBĀDA

BY

JADUNĀTHA DĀSA.

3. চাণক্য-শতকং।

CĀṆAKYA-ŚATAKAM

Substance, country-made paper; 9½" × 6¼". Folia, 1-19. Lines 21-25 on a page. Date, 1202 B. S. (1796 A. D.) Place of find, Bankura.

Beginning:

নদেয়া নিবাসি কত এপাট পড়সি।
শুনাতে বসিব নিমাঞী হইল সন্ন্যাসি॥
বিষ্ণুপ্রিয়া বধুরে বসিব এই গোষা।
নিমাঞি বিদায় নিলাম শান্তিপুরে জায়া॥
এত বলি শচিমাতা করএ রোদন।
ঘুচিল নদিয়া বাস কহে এ রূপচরন॥
আসি শচি নিজ ঘরে কান্দিতে ২ বলে
কি করবো মৎ বিষ্ণুপ্রিয়া।
নিমাই সন্ন্যাসি হৈল নিলাচল যুগে গেল
সে চাচর কেশ মুড়াইয়া।
পরিয়া অরুন কানি হইল সে দণ্ডধারি
ধরে নাম শ্রীচৈতন্য বলি।
বিদায় করিয়া মনে গেল নিতাই তার সনে
গৌড়িদায় পড়িতালী করি॥



সচি দেবী কয় কথা বিষ্ণুপ্রিয়া ছেটমাথা
ভূমিতে গৌরাঙ্গ বিরহ।
চিত্তে উত্তরোল হয়া বলে দেবি বিষ্ণুপ্রিয়া
কোথা গেল আমার জিবন॥
মোরে বাম [কয়ি] বিধি ছাড়ি গেল গুণনিধি
শোকের সাগরে ভাসাইয়া।
এ জগজনে কহে বিধি বাম হৈল মোহে
বনবাস হইল নদিয়া॥

End:

ব্রজরাজকী নাথ বহুজরে
তাকউত্তরে গোইলাগোরী।
তাহা মানিক মোতি অম্বাএ কটী
তাহা কাচকি মোতি ভেইনা ভেরী॥
তাহা জাতিজুতি মল্লীকা মালতি
তাহা পারুল বাব-নেরী নানেরী।
কবিচন্দ কহে তাহা চাঁদ উগে
তাহা তারাকী মোতি ভেরৌনা ভেরী॥

---

354. চৈতন্য-চরিতামৃত

আদিকাণ্ড।

CAITANYA CARITĀMṚTA ĀDIKĀṆḌA

BY

KEṢṆADĀSA.

Substance, country-made paper; 13¼" × 4¼". Folia, 1-50. Lines 14-15 on a page. Appearance, about 250 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 3 obv.

শিশু বৎস হরি ব্রহ্মা করি অপরাধ।
অপরাধ ক্ষমাইয়া মাগেন প্রসাদ॥
তোমার নাভিপদ্ম হৈতে আমার জন্মোদয়।
তুমি পীতামাতা আমি তোমার তনয়॥
পীতামাতা বালকের না লহে অপরাধ।
অপরাধ ক্ষেমি মোরে করহ প্রসাদ॥
কৃষ্ণ কহেন ব্রহ্মা তোমার পীতা নারায়ণ।
আমি গোপ তুমি কৈছে আমার নন্দন॥
ব্রহ্মা কহে তুমি কিনা হও নারায়ণ।
তুমি নারায়ণ শুন তাহার কারণ॥
প্রাকৃতাপ্রাকৃত সৃষ্টে যত জীবরূপ।
তাহার যে আত্মা তুমি মূল স্বরূপ॥
পৃথ্বী যৈছে ঘট কুলের কারণ আশ্রয়।
জীবের নিদান তুমি তুমি সর্ব্বাশ্রয়॥
নার শব্দে কহে সব জীবের নীচয়।
অয়ন শব্দে কহে সর্ব্ব তাহার আশ্রয়॥
অতএব হও তুমি মূল নারায়ণ।
এই এক হেতু শুন দ্বিতীয় কারণ॥
জীবের ঈশ্বর পুরুষ যাদি অবতার।
তাঁহা সভা হৈতে তোমার ঐশ্বর্য্য অপার॥
অতএব অধীশ্বর তুমি সর্ব্ব পিতা।
তোমার শক্তিতে তারা জগত রক্ষিতা॥
নারের অয়ন যাতে করহ পালন।
অতএব হও তুমি মূল নারায়ন॥
তৃতীয় কারণ শুন শ্রীভগবান।
অনন্ত ব্রহ্মাণ্ডে বহু বৈকুণ্ঠাদি ধাম॥
ইতে যত জীব তার ত্রিকালিক কর্ম্ম।
তাহা দেখ জান তুমি জান সর্ব্ব মর্ম্ম॥
তোমার দর্শনে সর্ব্ব জগতের স্থিতি।
তুমি না দেখিলে কারো নহে স্থিতি গতি॥
নারের আয়ন যাতে কর দরশন।
তাহাতেও হও তুমি মূল নারায়ণ॥
কৃষ্ণ কহেন না বুঝিয়ে তোমার বচন।
জীব হরি জলে হৈলে সেই সে নারায়ণ॥
ব্রহ্মা বলে জলে জীবে হৈলে যে নারায়ণ।
সে সব তোমার অংশ এ সত্য বচন॥
কারণাব্ধিক গর্ভোদ-ক্ষিরোদক শায়ী।
মায়া দ্বারে সৃষ্ট করে তাতে সবে মায়ী॥
সেই তিন জলশায়ী সর্ব্ব অন্তর্যামী।
ব্রহ্মাণ্ড বৃন্দের আত্মা যে পুরুষ নামী॥



হিরণ্য গর্ভের আত্মা গর্ভোদক শায়ী।
ব্যষ্টি জীব অন্তর্যামী ক্ষিরোদ বিষয়ী॥
ইহা সভার দর্শনাদি আছে মায়াগন্ধ।
তুরীয় কৃষ্ণের নাহি মায়ার সম্বন্ধ॥

End :

লিখিত গ্রন্থের যদি করি অনুবাদ।
তবে সে গ্রন্থের অর্থ পাইয়ে আস্বাদ॥
দেখ ইহো ভাগবতে ব্যাসের আচার।
কথা কহি অনুবাদ করেন বার বার॥
তাতে আদি লীলার করি পরিচ্ছেদ গনন।
প্রথম পরিচ্ছেদে কৈল মঙ্গলাচরণ।
দ্বিতীয়ে চৈতন্যপ্রভুর তত্ত্ব নিরূপণ।
স্বয়ং ভগবান যেই ব্রজেন্দ্র নন্দন॥
তিহোঁ চৈতন্যকৃষ্ণ শচীর নন্দন।
তৃতীয় পরিচ্ছেদে জন্মের সামান্য কারণ॥
তথি মধ্যে প্রেমদান বিশেষ কারণ॥
যুগ ধর্ম্ম কৃষ্ণনাম প্রেম প্রচারণ।
চতুর্থে কহিল জন্মের মূল প্রয়োজন॥
স্বমাধুর্য্য প্রেমানন্দ রস আস্বাদন।
পঞ্চমে শ্রীনিত্যানন্দ তত্ত্ব নিরূপণ॥
রাম নিত্যানন্দ হৈলা রোহিনী নন্দন।
ষষ্ঠ পরিচ্ছেদে অদ্বৈত তত্ত্বের বিচার।
অদ্বৈত আচার্য্য মহাবিষ্ণু অবতার॥
সপ্ত পরিচ্ছেদে পঞ্চ তত্ত্বের আখ্যান।
পঞ্চ তত্ত্ব মিলি যৈছে কৈল প্রেমদান।
অষ্টমে চৈতন্য লীলা বর্ণন কারণ।
এক নামের মহা মহিমা কথন॥

---

355. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDIKĀṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper, 13½ × 4½ inches. Folia, 3-76. Lines 10-11 on a page. Appearance, about 200 years old. Incomplete.

Begins with fol. 3 obv.

শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীগোপাল শ্রীজীব দাস রঘুনাথ॥
এই ছয় গুরু শিক্ষাগুরুজে আমার।
এই গুরুগনের আগে করি নমস্কার॥
ভগবানের ভক্ত যত শ্রীবাস প্রধান।
তা সবার পাদ-পদ্মে সহস্র প্রনাম॥
অদ্বৈত আচার্য্য প্রভুর অংশ অবতার।
তার পাদ-পদ্মে কোটি প্রণতি আমার॥
নিত্যানন্দ রায় প্রভুর স্বরূপ প্রকাশ।
তার পাদ-পদ্ম বন্দো যার মুঞি দাস॥
গদাধর পণ্ডিত আদি প্রভুর নিজশক্তি।
তা সভার চরনে করি সহস্র প্রনতি॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য প্রভু স্বয়ং ভগবান।
তাহার পাদারবিন্দে অনন্ত প্রনাম॥

Fol. 33 rev.

বৃন্দাবন যাইতে প্রভু রহিলা কাশিতে।
মায়া বাদিগন প্রভুকে লাগিল নিন্দিতে॥
সন্ন্যাসী হইয়া করে নাচন গায়ন।
না করে বেদান্ত শ্রবন, করে সংকীর্ত্তন॥
মূর্খ সন্ন্যাসি নিজ ধর্ম্ম নাহি জানে।
ভাবক হইঞা ফেরে ভাবকের সনে॥
এসব শুনিঞা প্রভু হাসে মনে মনে।
উপেক্ষা করিয়া কার না কৈলা সম্ভাষনে॥
উপেক্ষা করিয়া কৈলা মথুরা গমন।
মথুরা দেখিঞা পুন কৈলা আগমন॥



কাশিতে লেখক শূদ্র চন্দ্রশেখর।
তার ঘরে রহিলা প্রভু স্বতন্ত্র ঈশ্বর॥
তপন মিশ্রের ঘরে ভিক্ষা নির্বাহন।
সন্ন্যাসির সঙ্গে নাহি মানে নিমন্ত্রণ॥
সনাতন গোসাঞি আসি তাহাঞি মিলিলা।
তাঁর সীক্ষা লাগি প্রভু দুই মাস রহিলা॥
তারে সিখাইল সব বৈষ্ণবের ধর্ম।
ভাগবতাদি শাস্ত্রে যত গূঢ় মর্ম॥
ইথি মধ্যে চন্দ্রশেখর মিশ্রতপন।
দুখি হঞা কৈলা প্রভুর পদে নিবেদন॥
কতেক সহিব প্রভু তোমার নিন্দন।
না পারি সহিতে ইবে ছাড়িব জীবন॥
তোমাকে নিন্দএ সব সন্ন্যাসির গন।
শুনিতে না পারি ফাটে হৃদয় শ্রবন॥
ইহা শুনি রহে প্রভু ঈসত হাসিঞা।
সেই কালে এক বিপ্র মিলীল আসিঞা॥
আসি নিবেদন করে চরণে ধরিঞা।
এক বস্তু দেহ মাগোঁ প্রসন্ন হইঞা॥
সকল সন্ন্যাসী মুঞি কৈলুঁ নিমন্ত্রণ।
তুমি যদি আইস পূর্ণ হয় মোর মন॥
না যাহ সন্ন্যাসী গোষ্ঠে তাহা আমি জানি।
মোরে অনুগ্রহ কর নিমন্ত্রণ মানি॥
তবে হাসি নিমন্ত্রণ কৈলা অঙ্গীকার।
সন্ন্যাসীরে কৃপা হেতু এভঙ্গি তাঁহার॥
সেই বিপ্র জানে প্রভু না জান কার ঘরে।
তাহার প্রেরনাতে আগ্রহ করে তারে॥
আরদিন গেলা প্রভু ব্রাহ্মন ভবনে।
দেখিলেন বসি আছে সন্ন্যাসীরগনে॥
সভা নমস্করি গেলা পদ প্রক্ষালনে।
পাদ প্রক্ষালন করি বসিলা সেই স্থানে॥
বসিঞা করিলা কিছু ঐশ্বর্য প্রকাস।
মহাতেজময় বপু কোটি সূর্য্যাভাস॥
প্রভাবে আকর্ষিল সব সন্ন্যাসীর মন।
উঠিলেন সন্ন্যাসিগন ছাড়িঞা আসন॥
প্রকাসানন্দ নাম এক সন্ন্যাসী প্রধান।
গোসাঞের কহিলা কিছু করিঞা সম্মান॥
ইহাঁ আইসহ গোসাঞি শুনহ শ্রীপাদ।
অপবিত্র স্থানে বৈস কিবা অবসাদ॥
প্রভু কহে আমি হই হীন সম্প্রদায়।
তোমা সভার গোষ্ঠাতে আমা বসিতে না যুয়ায়॥

End. fol. 76 obv.

এই সপ্তদশ প্রকার আদিলীলার প্রবন্ধ।
দ্বাদশ প্রকার তাথে গ্রন্থ মুখবন্ধ॥
পঞ্চ রসে পঞ্চ বয়স চরিত।
সংক্ষেপে কহিল অতি নাহি কৈলা বিস্তৃত॥
বৃন্দাবন দাস ইহা চৈতন্য মঙ্গলে।
বিস্তারি বর্ণিলা নিত্যানন্দ আজ্ঞা বলে॥
শ্রীচৈতন্য লিলা অদ্ভুত অনন্ত।
সেই ২ আসে যে শুনে সেই ২ ধন্য।
অচিরে মিলিবে তার শ্রীকৃষ্ণ চৈতন্য।
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য।
শ্রীনিবাস গদাধর আদিভক্ত বর্গ॥
জত ২ ভক্তগন বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা সিরে ধরি সভার চরনে॥
শ্রীরূপ শ্রীস্বরূপ শ্রীসনাতন।
শ্রীগোপাল শ্রীরঘুনাথ শ্রীজিব চরন॥
সিরে ধরি বন্দো নিত্য করি তার আস।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি শ্রীচৈতন্য চরিতামৃতে আদিখণ্ডে যৌবন লীলা সূত্র কথনং নাম সপ্তদশ পরিচ্ছেদঃ........................ আদিলিলা সংপূর্ণ। যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীসেবা-দাস বৈষ্ণব। পাঠ অর্থে কবি[র]দাস মণ্ডল। ইতি॥



356. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDIKĀṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 16¼ × 5¼ inches. Folia, 1-71. Lines 8-9 on a page. Appearance, about 175 years old. Incomplete.

Begins with Fol. 18 obv.

তবে যে দেখিএ গোপীর নিজদেহে প্রীত।
সেহোত কৃষ্ণের লাগি জানিহ নিশ্চিত॥
এই দেহ কৈল আমি কৃষ্ণে সমর্পণ।
তাঁর ধন এই তাঁর সম্ভোগ সাধন॥
এদেহ দর্শন স্পর্শে কৃষ্ণ সন্তোষণ।
এই লাগি করেন দেহের মার্জন ভূষণ॥
আর এক অদ্ভুত গোপীভাবের স্বভাব।
বুদ্ধির গোচর নহে জাহার প্রভাব॥
গোপীকা করেন যদি কৃষ্ণের দর্শন।
সুখ বাঞ্ছা নহে সুখ হয় কোটীগুণ॥
গোপীকা দর্শনে কৃষ্ণের যে আনন্দ হয়।
তাহা হৈতে কোটীগুন গোপী আস্বাদয়॥
তা সভার নাহি নিজ সুখ অনুরোধ।
তথাপি বাড়এ সুখ পড়িল বিরোধ॥
বিরোধের একমাত্র দেখি সমধান।
গোপীকার সুখে কৃষ্ণ সুখ পর্য্যবসান॥
গোপীর দর্শনে কৃষ্ণের বাড়এ প্রফুল্লিতা।
সে মাধুর্য্য বাড়ে যার নাহিক সমতা।
আমার দর্শনে কৃষ্ণ পাইল এত সুখ।
এই সুখে গোপীর প্রফুল্ল অঙ্গমুখ॥
গোপীশোভা দেখি কৃষ্ণ শোভা বাড়ে যত।
কৃষ্ণ শোভা দেখি [গোপীর] শোভা বাড়ে তত॥
এই মত অন্যোন্যে পড়ে হুড়াহুড়ি।
পরস্পর বাড়ে কেহো মুখ নাহি মুড়ি॥
কিন্তু কৃষ্ণ সুখ হয় গোপীরূপগুণে।
তাঁর সুখে সুখ বৃদ্ধি হয় গোপীগণে॥
অতএব কৃষ্ণ সুখে সেই সুখ পোষে।
এই হেতু গোপীগণে নাহি কাম দোষে॥

Next. fol. 69. rev.

হিন্দু শাস্ত্রে ঈশ্বর নাম মহামন্ত্র জানী।
সর্ব্বলোক শুনিলে মন্ত্রের বীর্য হয় হানি॥
গ্রামের ঠাকুর তুমি সভে তোমার জন।
নিমাইরে বোলাইয়া তারে করহ বর্জন॥
তবে আমি প্রিতবাক্য কহিল সভারে।
সভে ঘর যাহ আমি নিষেধীব তারে॥
হিন্দুর ঈশ্বর বড় যেই নারায়ণ।
সেই তুমি হও হেন লয় মোর মোন॥
এত শুনি মহাপ্রভু হা[সি]য়া ২।
কহিতে লাগিলা কিছু কাজিরে ছুঁইয়া॥
তোমার মুখে কৃষ্ণ নাম এবড় বিচিত্র।
পাপ ক্ষয় গেল হৈলা পরম পবিত্র॥
হরি কৃষ্ণ নারায়ণ লৈলে তিন নাম।
বড় ভাগ্যবান তুমি মহাপুণ্য বান॥
এত শুনি কাজীর দুই আঁখে পড়ে পানি।
প্রভুর চরণ ছুঁই কহে প্রিয়বাণী॥

---

357. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDIKĀṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 10 × 4½ inches. Folia, 8 (by counting) 10, 12, 38-90. Lines 10 on a page. Appearance, about 150 years old. Incomplete.

Fol. 48 obv.

বৃন্দাবন দাস কৈল চৈতন্য মঙ্গল।
তাহাতে চৈতন্য লীলা বর্ণিলা সকল॥



সূত্র করি সব লীলা করিলা বর্ণন।
পাছে বিস্তারিয়া তাহা করিলা গ্রথন ॥
চৈতন্য চন্দ্রের লীলা অনন্ত অপার।
বর্ণিতে বর্ণিতে গ্রন্থ হইলা বিস্তার ॥
বিস্তার দেখিয়া কিছু সঙ্কোচ হইল মন।
সূত্র করি কোনো লীলা না কৈল বর্ণনা ॥
নিত্যানন্দ লীলা বর্ণিতে হইলা আবেশ।
চৈতন্যের লীলা কিছু রহিল অবশেষ ॥
সেই সব লীলার শুনিতে বিবরণ।
বৃন্দাবনবাসী ভক্তের উৎকণ্ঠিত মন ॥
বৃন্দাবনে কল্পদ্রুম সুবর্ণ সদন।
মহা যোগপীঠ তাহা রত্ন সিংহাসন ॥
তাতে বসি আছেন সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন।
শ্রীগোবিন্দ নাম সাক্ষাৎ নবীন মদন ॥
রাজ সেবা হয় তাহা বিবিধ প্রকার।
দিব্য সামগ্রী দিব্য বস্ত্র অলঙ্কার ॥
সহস্র সেবক সেবা করে অনুক্ষণ।
সহস্র বদনে সেবা না যায় বর্ণন ॥
সেবার অধ্যক্ষ শ্রীপণ্ডিত হরিদাস।
তার যশ গুণ সব জগতে প্রকাশ ॥
সুশীল সহিষ্ণু শান্ত বদান্য পণ্ডিত।
মধুর বচন মধুর চেষ্টা অতি ধীর ॥
সবার সম্মান কর্ত্তা করে সভার হিত।
কৌটিল্য মাৎসর্য্য হিংসা শূন্য তার চিত ॥
কৃষ্ণের যেই সাধারণ সদ্গুণ পঞ্চাশ।
সে সব গুণের তার শরীরে নিবাস ॥

End :

দ্বাদশে অদ্বৈত স্কন্ধ শাখার গণন।
ত্রয়োদশে মহাপ্রভুর জন্ম বিবরণ ॥
কৃষ্ণ নাম সহ যৈছে চৈতন্য জনম।
চতুর্দ্দশে বাল্য লীলা কিছু বিবরণ ॥
পঞ্চদশে পৌগণ্ড লীলা সংক্ষেপ কথন।
ষোড়শ পরিচ্ছেদে কৈশোর লীলার উদ্দেশ ॥
সপ্তদশে যৌবন লীলা কহিল বিশেষ।
এই সপ্তদশ প্রকার আদিলীলার প্রবন্ধ।
দ্বাদশ প্রবন্ধ তাতে গ্রন্থ মুখবন্ধ ॥
পঞ্চ প্রবন্ধে ....চরিত্র।
সংক্ষেপে লিখিল অতি না কৈল বিস্তার ॥
বৃন্দাবন দাস ইহা চৈতন্য মঙ্গলে।
বিস্তার বর্ণিয়াছেন নিত্যানন্দ আজ্ঞা বলে ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য লীলা অদ্ভুত অনন্ত।
ব্রহ্মা শিব শেষ যার নাহি পায় অন্ত ॥
এই যে অংশ কহে শুনে সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীচৈতন্য ॥

---

358. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKĀṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, Country-made paper ; 13¾" × 4¼". Folia 1-26. Lines 9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 3 obv.

মন্ত্র গুরু আর যত শিক্ষা গুরুগণ।
তাঁহার চরণ আগে করিএ বন্দন ॥
শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীগোপাল শ্রীজীব দাস রঘুনাথ ॥
এই ছয় গুরু শিক্ষা গুরু যে আমার।
এই গুরুগণে করিল আগে নমস্কার ॥
ভগবানের ভক্ত যত শ্রীবাস প্রধান।
তাঁ সভার পাদপদ্মে সহস্র প্রণাম ॥
অদ্বৈত আচার্য্য প্রভুর অংশ অবতার।
তার পাদপদ্মে কোটী প্রণতি আমার ॥
নিত্যানন্দ রায় প্রভুর স্বরূপ প্রকাশ।
তার পাদপদ্ম বন্দো যার মুঞি দাস ॥



গদাধর পণ্ডিতাদি প্রভুর নিজ শক্তি।
তাঁ সভার চরণে করোঁ সহস্র প্রণতি॥
শ্রীকৃষ্ণ চৈতন্য প্রভু স্বয়ং ভগবান।
তাহার পদারবিন্দে অনন্ত প্রণাম॥
সাবরন মহাপ্রভুকে করি নমস্কার।
এই ছয় তেহোঁ যৈছে করি সে বিচার॥
যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস।
তথাপি তাহে জানি আমি তাঁর প্রকাশ॥
গুরু কৃষ্ণ রূপ হয় শাস্ত্রের প্রমাণে।
গুরুরূপে কৃষ্ণ কৃপা করে ভক্তগণে॥

End :

সেই বিষ্ণু শেষরূপে ধরে এ ধরনি।
কাহা আছে মহি শিরে কেন [ন]ই জানি॥
সহস্র বিস্তির্ন তার ফনার মণ্ডল।
সূর্য্য জিনি মনিগন করে ঝলমল॥
পঞ্চাস কোটী জোজন পৃথিবী বিস্তার।
তার এক ফনে রহে সর্ষপ আকার॥
সেই অনন্ত শেষ ভক্ত অবতার।
ঈশ্বর সেবন বিনু নাহি জানে আর॥
সহস্র বদনে করে কৃষ্ণ গুণগান।
নিরবধি গাএ গুন অন্ত নাহি পান॥
সনকাদি ভাগবত শুনে জার মুখে।
ভগবানের গুন কহে ভাসে প্রেম সুখে॥
ছত্র পাদুকা শয্যোপধান বসন।
আমার, (আরাম), আবাস, জজ্ঞসূত্র সিংহাসন॥
এত মূর্ত্তি ভেদ করি কৃষ্ণসেবা করে।
কৃষ্ণের শেষতা পাইঞা শেষ নাম ধরে॥
সেই অনন্ত জার কহিএ এক কলা।
হেন প্রভু নিত্যানন্দ কে জানে তার খেলা॥

---

359. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKĀṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4} \times 4\frac{1}{4}$ inches. Folia 27-74. Lines 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 27 obv.

অথবা ভক্তের বাক্য মানি সত্য করি।
সেহ সম্ভবে তাহে জাতে অবতরি॥
অবতারে অবতারী অভেদ যে জানে।
পূর্ব্বে যৈছে কৃষ্ণকে কেহো কাহো করি মানে॥
কেহ কহে কৃষ্ণ সাক্ষাত নরনারায়ণ।
কেহো কহে কৃষ্ণ সাক্ষাত উপেন্দ্র বামন।
কেহো কহে কৃষ্ণ ক্ষীরোদশায়ী অবতার।
অসম্ভব নহে সত্য বচন সভার॥
কৃষ্ণ জবে অবতরে সর্ব্বাংশ আশ্রয়।
সর্ব্ব অংশ আসি তবে কৃষ্ণকে মিলয়॥
জেই জেন রূপে জানে সেই তাহা কহে।
সকল সম্ভবে তাহে মিথ্যা কিছু নহে॥
অতএব শ্রীকৃষ্ণ চৈতন্য গোসাঞী।
সর্ব্বাবতার লীলা করি সভারে দেখাই॥
এইরূপ নিত্যানন্দ অনন্ত প্রকাশ।
সেই ভাবে কহে মুঞী চৈতন্যের দাস॥
কভো গুরু কভো সখা কভো ভৃত্যলীলা।
পূর্ব্বে জেন ব্রজে তিন ভাবে করে খেলা॥
বৃষ হঞা কৃষ্ণ সনে মাথামাথি রন।
কভু কৃষ্ণ করে তার পাদ সম্বাহন॥
আপনাকে ভৃত্য করি কৃষ্ণপ্রভু জানে।
কৃষ্ণের কলার কলা আপনাকে মানে॥

End :

এত কহি ভারতী গোসাঞী কাটোয়াকে গেলা।
মহাপ্রভু তাহা জাই সন্ন্যাস করিলা॥



সঙ্গে নিত্যানন্দ চন্দ্রশেখর আচার্য্য ।
মুকুন্দ বসু এই তিন কৈল সর্ব্ব কার্য্য ॥
এই আদিলীলার সূত্র করিল গনন ।
বিস্তারি বর্ণিয়াছেন দাস বৃন্দাবন ॥
যশোদা-নন্দন হইলা শচীর নন্দন ।
চতুর্ব্বিধ ভক্তভাব করে আস্বাদন ॥
স্বমাধুর্য্য রাধাপ্রেমরস-আস্বাদিতে ।
রাধাভাব অঙ্গীকার করিয়াছেন ভালমতে ॥
গোপীভাব যাতে প্রভু ধরিয়াছেন একান্ত ।
ব্রজেন্দ্রনন্দনে মানে আপনার কান্ত ॥
গোপীকা ভাবের এই সুদৃঢ় নিশ্চয় ।
ব্রজেন্দ্রনন্দন বিনু অন্যত্র না হয় ॥
শ্যামসুন্দর শীক (চূড়া) গুঞ্জাবিভূষণ ।
গোপবেশ ত্রিভঙ্গিমা মুরালি বদন ॥

---

360. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA—ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 12" × 6" inches. Folia, 1-41, 49, 52, 60-72. Lines 11-14 on a page. Date, 1181 B. S. (1775 A. D.) Incomplete.

Fol. 15 obv.

রাধাকৃষ্ণ এক আত্মা দুই দেহধরি ।
অন্যোন্যে বিলসে রস আস্বাদন করি ॥
সেই দুই এক এবে চৈতন্য গোসাঞি ।
ভাব আস্বাদিতে দুহেঁ হইলা একঠাঁঞি ॥
ইথি লাগি আগে করি তাঁর বিবরণ ॥
যাহা হৈতে হয় গৌরের মহিমা বর্ণন ॥
রাধিকা হয়েন কৃষ্ণের প্রণয় বিকার ।
স্বরূপ শক্তি হ্লাদিনী নাম যাহার ॥
হ্লাদিনী করায় কৃষ্ণে আনন্দ আস্বাদন ।
হ্লাদিনী দ্বারায় করে ভক্তের পোষন ॥
সচ্চিদানন্দ পূর্ণ কৃষ্ণের স্বরূপ ।
একই চিচ্ছক্তি তার ধরে তিনরূপ ॥
আনন্দ অংশে হ্লাদিনী সদংশে সন্ধিনী ।
চিদংশে সম্বিত যারে জ্ঞান করি মানি ॥

End :

ষোড়শ পরিচ্ছেদে কৈশোর লিলার উদ্দেশ ।
সপ্তদশে যৌবন লীলা কহিল বিশেষ ॥
এই সপ্তদশ প্রকার আদি লিলার প্রবন্ধ ।
দ্বাদশ প্রবন্ধ তাথে গ্রন্থ মুখবন্ধ ॥
পঞ্চ প্রবন্ধে পঞ্চ বয়স চরিত ।
সংক্ষেপে কহিল অতি না কৈল বিস্তৃত ॥
বৃন্দাবন দাস ইহা চৈতন্য মঙ্গলে ।
বিস্তারিয়া বর্ণিলেন নিত্যানন্দ আজ্ঞাবলে ॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য-লিলা অদ্ভুত অনন্ত ।
ব্রহ্মা শিব শেষ যার নাহি পায় অন্ত ॥
যেই ২ অংস কহে শুনে সেই ধন্য ।
অচিরে মিলয়ে তারে শ্রীকৃষ্ণ চৈতন্য ॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য অদ্বৈত আচার্য্য নিত্যানন্দ ।
শ্রীনিবাস গদাধর আদি ভক্ত বৃন্দ ॥
জত ভক্তবৃন্দ বৈসে শ্রীবৃন্দাবনে ।
নম[্র] হইঞা সিরে ধরোঁ সভার চরণে ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন ।
শ্রীরঘুনাথ দাস শ্রীজিব চরন ॥
সিরে ধরি বন্দোনিত্য করোঁ তারি আস ।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণ দাস ॥

Colophon :

শুভমস্তু আদিলীলা সমাপ্ত । ইতি সন……… ১৮৩০ সাল সকাব্দা ১৬৯৬ সন ১১৮১ সাল ।



361. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $10\frac{1}{4} \times 5\frac{1}{4}$ inches. Folia, 1-47, 49-80. Lines 11-12 on a page. Date, 1187 B. S. (1781 A. D.) Incomplete.

Fol. 10 obv.

সেইত ভক্তের বাক্য নহে ব্যভিচারি।
সকল সম্ভবে তাতে যাতে অবতারি॥
অবতারি দেহে সব অবতারের স্থিতি।
কেহো কোন রূপ কহে যেন যার মতি॥
কৃষ্ণকে কহএ কেহো নর-নারায়ন।
কেহো কহে ক্ষিরোদশায়ি কেহো ত বামন॥
কেহো কহে পরব্যোম নারায়ন হরি।
সকল সম্ভবে তাঁরে যাতে অবতারি॥
সর্ব্ব শ্রোতাগনের করোঁ চরন বন্দন।
এসব সিদ্ধান্ত শুন করি একমন॥
সিদ্ধান্ত বলিয়া মনে না কর আলস।
ইহা হৈতে লাগে কৃষ্ণে সুদৃঢ় মানস॥
চৈতন্য মহিমা জানিএ সব সিদ্ধান্তে।
চিত্ত দৃঢ় হইয়া লাগে মহিমা জ্ঞান হৈতে॥
চৈতন্য প্রভুর মহিমা জানিবার তরে।
কৃষ্ণের মহিমা কহি করিঞা বিস্তারে॥
চৈতন্য গোসাঞির এই তত্ত্ব নিরূপন।
স্বয়ং ভগবান চৈতন্য ব্রজেন্দ্র-নন্দন॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

End:

জেই ২ আগে কহে শুনে সেই ধন্য।
অচিরে মিলিবে শ্রীকৃষ্ণ চৈতন্য॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য অদ্বৈতাচার্য্য নিত্যানন্দ।
শ্রীনিবাস গদাধর আদি ভক্তবৃন্দ॥
যত ২ ভক্তবৃন্দ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরোঁ সভার চরণে॥
শ্রী স্বরূপ রূপ শ্রী সনাতন।
শ্রীরঘুনাথ দাস শ্রীজিবচরন॥
শিরে ধরি বন্দোনিঞা করোঁ তারি আস।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি শ্রীচৈতন্য চরিতামৃতে আদীখণ্ডে যৌবন লিলা সূত্র বর্ণনং নাম সপ্তদশ পরিচ্ছেদ। ইতি শ্রীচৈতন্য চরিতামৃত আদিলীলা সমাপ্ত। গ্রন্থ শ্রীকেনারাম সেন। স্বাক্ষরিঞ্চ সন ১১৮৭ সাল তারিখ ২৪ চৈত্রী রাম নবমি॥

---

362. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-70. Lines 10 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Fol. 17 obv.

অপূর্ব্ব মাধুরী কৃষ্ণের অপূর্ব্ব তার বল।
যাহার শ্রবণে মন হয় টলমল॥
কৃষ্ণের মাধুরী কৃষ্ণে উপজায় লোভ।
সম্যক আস্বাদিতে নারে মনে রহে ক্ষোভ॥
এই ত দ্বিতীয় হেতু কৈল বিবরন।
তৃতীয় হেতু ইবে শুনহ লক্ষণ॥
অত্যন্ত নিগূঢ় এই রসের সিদ্ধান্ত।
স্বরূপ গোসাঞি মাত্র জানেন একান্ত॥
যেবা কেহো অন্য জানে সেহো তাঁহা হইতে।
চৈতন্য গোসাঞের তিঁহো অত্যন্ত মর্ম্ম যাতে॥



গোপীগণের প্রেম রূঢ় মহাভাব নাম।
বিশুদ্ধ নির্ম্মল প্রেম কভু নহে কাম॥

*   *   *   *

কাম প্রেম দোঁহাকার বিভিন্ন লক্ষণ।
লৌহ আর হেম যৈছে স্বরূপ বিলক্ষণ॥
আত্মেন্দ্রিয় প্রীত ইচ্ছা তারে কহি কাম।
কৃষ্ণেন্দ্রিয় প্রীত ইচ্ছা ধরে প্রেম নাম॥
কামের তাৎপর্য্য নিজ সম্ভোগ কেবল।
কৃষ্ণসুখ তাৎপর্য্য ধরে প্রেম বল॥
বেদধর্ম্ম লোকধর্ম্ম দেহধর্ম্ম কর্ম্ম।
লজ্জা ধৈর্য্য দেহসুখ আত্মসুখ মর্ম্ম॥
দুস্ত্যজ আর্য্য-পথ নিজ পরিজন।
স্বজনে করয়ে যত তাড়ন ভর্ৎসন॥
সর্ব্ব ত্যাগ করি করে কৃষ্ণের ভজন।
কৃষ্ণ সুখ হেতু করে প্রেমেতে সেবন॥
ইহারে কহিয়ে কৃষ্ণে দৃঢ় অনুরাগ।
নির্ম্মল বস্ত্রেতে যেন নাহি কোন দাগ॥
অতএব কাম প্রেম বহুত অন্তর।
কাম অন্ধতম প্রেম নির্ম্মল ভাস্কর॥
অতএব গোপী প্রেমে নাহি কাম গন্ধ।
কৃষ্ণ সুখ লাগি মাত্র কৃষ্ণের সম্বন্ধ॥

Fol. 67. *obv.*

একদিন গোপী ভাবে গৃহেতে বসিয়া।
গোপী ২ নাম লয়েন বিষণ্ণ হইয়া॥
এক পড়ুয়া আইল তাঁহা প্রভুকে দেখিতে।
গোপী ২ নাম শুনি লাগিলা বলিতে॥
কৃষ্ণ নাম কেনে না লও কৃষ্ণ নাম ধন্য।
গোপী ২ কহিলে বা কিবা হইবে পুণ্য॥
শুনি প্রভু ক্রুদ্ধ কৈলা দোষোদ্গার।
ঠেঙ্গা লৈয়া উঠিলা প্রভু পড়ুয়া মারিবার॥
ভয় পাইয়া পড়ুয়া অস্তেব্যস্তে ধায়।
অস্তেব্যস্তে ভক্তগণ প্রভু পাছে যায়॥
প্রভুকে শান্ত করি লঞে আনিলা নিজ ঘরে।
পড়ুয়া ভাগিয়া গেল পড়ুয়া সভারে॥
পড়ুয়া সহস্র যাঁহা পড়ে একঠাঞি।
প্রভুর বৃত্তান্ত দ্বিজ কহিল তথাই॥

শুনে ক্রুদ্ধ হইল সব পড়ুয়াগণ।
সভে করিলেক তবে প্রভুর নিন্দন॥
সর্ব্বদেশ ভ্রষ্ট কৈল একলে [কলা] নিমাঞি
ব্রাহ্মণ মারিতে চাহে ধর্ম্মভয় নাঞি॥
আর যদি হেন করে মারিব তাহারে।
কোন মানুষ হয়ে সেই কি করিতে পারে॥
প্রভুর নিন্দায় সভার বুদ্ধি কৈল নাশ।
সুপঠিত বিদ্যাকারো না হয় প্রকাশ॥
তথাপি দাম্ভিক পড়ুয়া নম্র নাহি হয়ে।
যাঁহা তাঁহা প্রভুর নিন্দা হাসিতে করয়ে॥
সর্ব্বজ্ঞ প্রভু জানি তা সভার দুর্গতি।

Fol. 68 *rev.*

ঘরে বসি চিন্তিলেন তা সভার অব্যাহতি॥
যত অধ্যাপক যত তার শিষ্যগণে।
ধর্ম্মী কর্ম্মী তপনিষ্ঠ নিন্দক দুর্জ্জনে॥
এই সব আমার নিন্দা অপরাধ হইতে।
আমি লওাইলে ভক্তি না পারে লইতে॥
নিস্তারিতে আইলাঙ আমি হইল বিপরীত।
এ সব দুর্জ্জনের কৈছে হইবে হিত॥
আমাকে প্রণতি করি হয় পাপ ক্ষয়।
তবে সে ইহারে ভক্তি লওাইল হয়॥
নিন্দা করে যে সব না করে নমস্কার।
এ সব জীবের অবশ্য করিব উদ্ধার॥
অতএব অবশ্য আমি সন্ন্যাস করিব।
সন্ন্যাসী দেখিয়া মোরে প্রণতি হইব॥
প্রণতিতে যাব হৈব সভার অপরাধ ক্ষয়।
নির্ম্মল হৃদয়ে ভক্তি করিব উদয়॥
এ সব পাষণ্ডীর তবে হইবে উদ্ধার।
আর উপায় নাহি কিছু এই যুক্তি সার॥
এত দৃঢ় যুক্তি করি প্রভু আছেন ঘরে।
কেশব ভারতী আইলা নদীয়া নগরে॥
প্রভু তাঁরে নমস্করি কৈল নিমন্ত্রণ।
ভিক্ষা করাইয়া কিছু কৈল নিবেদন॥
তুমি হও সাক্ষাত ঈশ্বর নারায়ণ।
কৃপা করি কর মোরে সংসার মোচন॥



ভারতী কহেন তুমি ঈশ্বর অন্তর্যামী।
যে করাহ সেই করিব স্বতন্ত্র নহি আমি॥
এত বলি ভারতী গোসাঞি কাটোয়াকে গেলা।
মহাপ্রভু তাহা আই সন্ন্যাস করিলা॥
সঙ্গে নিত্যানন্দ চন্দ্রশেখর আচার্য্য।
মুকুন্দ দত্ত এই তিন কৈল সর্ব্বকার্য্য॥
এই আদিলীলার কৈল সূত্রের গণন।
বিস্তারি বর্ণিয়াছেন দাস বৃন্দাবন॥

---

363. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper, 14¼" × 5". Folia 1-64. Lines 9-10 on a page. Appearance, about 125 old. Complete. Place of find, Bankura.

Fol. 25 obv.

সেইত পুরুষস্থ ব্রহ্মাণ্ড সৃজিয়া।
সব অণ্ডে প্রবেশিলা বহু মূর্ত্তি হৈঞা।
ভিতরে প্রবেশি দেখে সব অন্ধকার।
[র]হিতে নাহিক স্থান করিল বিচার॥
নিজ অঙ্গে স্বেদজল করিল সৃজন।
সেই জলে কৈল অর্দ্ধ ব্রহ্মাণ্ড ভরণ॥
ব্রহ্মাণ্ড প্রমান পঞ্চাশ কোটি যোজন।
[আয়াম] আমার বিস্তার হয় দুই এক সম॥
জলে ভরি অর্দ্ধ তাহা কৈল নিজ বাস।
আর অর্দ্ধে কৈল চৌদ্দ ভুবন প্রকাশ॥
তাহাতে প্রকট হইল বৈকুণ্ঠ নিজধাম।
শেষ সয়নে জলে করিল বিশ্রাম॥
অনন্ত সয্যাতে তাঁহাকরিল সয়ন।
সহস্র মস্তক তার সহস্র বদন॥
সহস্র চরণ হস্ত সহস্র নয়ন।
সব অবতার বিজ জগত কারন॥
তার নাভি পদ্ম হৈতে উঠিল একপদ্ম।
সেই পদ্ম হইতে ব্রহ্মার জন্ম সদ্ম॥
সেই পদ্ম নালে হৈল চৌদ্দ ভুবন।
তেহোঁ ব্রহ্মা হঞা সৃষ্টি করিল সৃজন॥
বিষ্ণুরূপ হঞা করে জগত পালনে।
গুণাতিত বিষ্ণুস্পর্শ নাহি গুণগনে॥
রুদ্র রূপ ধরি করে জগত সংহার।
সৃষ্টি স্থিতি প্রলয় ইচ্ছাএ জাহার॥
হিরণ্যগর্ভ অন্তর্যামী জগতজীবন।
জাহার অংশ করি ২ বিরাট কল্পন॥
হেন নারায়ণ জার অংশ অংশের অংশ।
সেই প্রভু নিত্যানন্দ সর্ব্ব অবতংস॥

Fol. 63 obv:

দেখিতে দেখিতে বৃক্ষ হইল ফলিত।
পাকিল অনেক ফল সভেই বিস্মিত॥
শত দুই ফল প্রভু শীঘ্র পাড়াইল।
প্রক্ষালন করি কৃষ্ণে ভোগ লাগাইল।
রক্ত পীত বর্ণ নাহি আঁটি বকল॥
একজনের উদর ভরে খাইলে একফল।
দেখিঞা সন্তুষ্ট হৈলা শ্রীশচী নন্দন॥
সভারে খাওইল আগে করিঞা ভক্ষণ॥
আঁটী আশরা কিছু নাহি অমৃত রসময়।
এক ফল খাইলে রসে উদর ভরয়॥
এই মত প্রতিদিন ফলে বার মাস।
বৈষ্ণবে খায়েন ফল প্রভুর উল্লাস॥



364. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper; 13½" × 6". Folia 1-20. Lines 13 on a page. Appearance about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 10 rev:

নাম বিনে কলিকালে নাহি ধর্ম্ম আর।
কলিকালে কৈছে হবে কৃষ্ণের অবতার॥
শুদ্ধভাবে করিব কৃষ্ণের আরাধন।
নিরন্তর দৈন্য করি করিব নিবেদন॥
আনিয়া কৃষ্ণেরে করিব কীর্ত্তন সঞ্চার।
তবে সে অদ্বৈত নাম সফল আমার॥
কৃষ্ণবশ করিবেক কোন আরাধনে।
বিচারিতে এক শ্লোক হইল তার মনে॥

* * * * *

এই শ্লোকের অর্থ আচার্য্য করেন বিচার।
বিচারিয়া দেখেন কৌতুক অপার।
জল তুলসী কৃষ্ণকে দেই যেবা জন।
তার ঋণ শোধিতে কৃষ্ণ করেন চিন্তন॥
তুলসীর সম কিছু ঘরে নাহি ধন।
তবে আত্মা বেচি করে ঋণের শোধন॥
গঙ্গাজল তুলসীমঞ্জরী দেন অনুক্ষণ।
কৃষ্ণের চরণ ভাবি করে সমর্পণ॥
কৃষ্ণেরে আহ্বান করে করিয়া হুঙ্কার।
এই মতে কৃষ্ণেরে করাইলেন অবতার॥
চৈতন্যের অবতারে এই মুখ্য হেতু।
ভক্তের ইচ্ছায়ে অবতারে ধর্ম্মসেতু॥

* * * * *

এই শ্লোকের অর্থ এই সংক্ষেপের সার।
ভক্তের ইচ্ছায়ে কৃষ্ণের সব অবতার॥
চতুর্থ শ্লোকের অর্থ হৈল সুনিশ্চিতে।
অবতীর্ণ হৈল গৌর প্রেম প্রকাশিতে॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

End:

দূরে হৈতে পুরুষ করে মায়াতে অবধান।
জীব রূপ বীর্য্য তাতে করেন আধান॥
এক অঙ্গাভাসে করে মায়াতে মিলন।
মায়া হৈতে জন্মে তবে ব্রহ্মাণ্ডের গণ॥
অগণ্য অনন্ত যত অণ্ড সন্নিবেশ।
তত রূপে পুরুষ করেন সবাতে প্রবেশ॥
পুরুষ নাশাতে যবে বাহিরায়ে শ্বাস।
নিশ্বাস সহিতে হয় ব্রহ্মাণ্ড প্রকাশ॥
পুনরপি শ্বাস যবে পৈশে অন্তরে।
শ্বাস সহ ব্রহ্মাণ্ড পৈশে পুরুষ শরীরে॥
গবাক্ষের রন্ধ্রে যেন এ[।]সরেণু চলে।
পুরুষের লোমকূপে ব্রহ্মাণ্ডের জালে॥

* * * * *

অংশের অংশ যেই তার কলা নাম।
গোবিন্দের প্রতিমূর্ত্তি শ্রীবলরাম॥
তার এক স্বরূপ শ্রীমহাসঙ্কর্ষণ।
তার অংশ পুরুষের কলা যে গণন॥
যাহা তাকে কলা করি কহিলো মহাবিষ্ণু।
মহাপুরুষ অবতারী তেহো মহাজিষ্ণু॥



365. চৈতন্য-চরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKHANḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14" × 5". Folia, 1-73. Lines 10 on a page. Appearance, soiled. Date, 1725 Śaka (1803 A.D.) Complete. Place of find, Bankura.

Fol. 20 rev.

সর্ব্বভাবে হৈলা কৃষ্ণ এই ত নিশ্চয়।
হেন কালে আইল যুগাবতার সময়॥
সেই কালে করেন শ্রীঅদ্বৈত আরাধন।
তাহার হুঙ্কারে হৈলা কৃষ্ণ আকর্ষণ॥
পিতামাতা গুরুগণ আগে অবতারি।
রাধিকার ভাব বর্ণ অঙ্গীকার করি॥
নবদ্বীপে শচীগর্ভে শুদ্ধ দুগ্ধ সিন্ধু।
তাহাতে প্রকট হৈলা কৃষ্ণ পূর্ণ ইন্দু॥
এই [ষষ্ঠ শ্লোকের] করিল ব্যাখ্যান।
স্বরূপ গোসাঞির পাদ পদ্ম করি ধ্যান॥
এই দুই শ্লোকের আমি কইল যে অর্থ।
রূপ গোসাঞির শ্লোক প্রমাণ সামর্থ॥

* * * * *

শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্য-চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

End:

ত্রয়োদশে মহাপ্রভুর জন্ম বিবরণ।
কৃষ্ণ নাম সহ যৈছে চৈতন্য জনম॥
চতুর্দ্দশে বাল্যলীলা কিছু বিবরণ।
পঞ্চদশে পৌগণ্ড লীলা সংক্ষেপে কথন॥
ষোড়শ পরিচ্ছেদে কৈশোর লীলার উদ্দেশ।
সপ্তদশে যৌবন লীলা কহিল বিশেষ॥
এই সপ্তদশ প্রকার আদি লীলার প্রবন্ধ।
দ্বাদশ প্রবন্ধ তাতে গ্রন্থ মুখবন্ধ॥
পঞ্চ প্রবন্ধে পঞ্চ রসের চরিত।
সংক্ষেপে কহিল অতি না কৈল বিস্তৃত॥
বৃন্দাবন-দাস ইহা চৈতন্য-মঙ্গলে।
বিস্তারি বর্ণিলা নিত্যানন্দ আজ্ঞা-বলে॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য-লীলা অদ্ভুত অনন্ত।
ব্রহ্মা শিব শেষ যার নাহি পায় অন্ত॥
যেই ২ অংশ কহে শুনে সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণ-চৈতন্য॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য নিত্যানন্দাদ্বৈতাচার্য্য।
শ্রীনিবাস গদাধর আদি ভক্তবর্য্য॥
যত ২ ভক্তগণ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরি সভার চরণে॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীরঘুনাথ গোপালভট্ট শ্রীজীব-চরণ॥
শিরে ধরি বন্দোনিত্য করোঁ তার আশ।
চৈতন্য-চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি শ্রীচৈতন্য-চরিতামৃতে আদিখণ্ডে যৌবনলীলা সূত্র কথনং নাম সপ্তদশঃ পরিচ্ছেদঃ॥ * * * শকাব্দা ১৭২৫ সাল আষাঢ়স্য একবিংশতি দিবসে পূর্ণিমাতিথৌ ইতি, এই গ্রন্থের পাঠক শ্রীনির্ম্মল দাসস্য ইত্যোক্ষা।

---

366. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKHANḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{4}$" × 5". Folia, 1-87. Lines 10-12 on a page. Date, 1726 śaka (1804 A.D.) Complete. Place of find, Bankura.

Fol. 21 rev.

অবে যেই ভাব উঠে প্রভুর অন্তরে।
সেই গীতে শ্লোকে সুখ দেন দামোদরে॥



এবে কাহা নাহি কিছু এ সব বিচারে।
আগে ইহা কহিব লঞা করিব বিস্তারে॥
পূর্ব্বে যেন কৃষ্ণের বিবিধ বয়োধর্ম্ম।
কৌমার পৌগণ্ড আর কৈশোর অতি মর্ম্ম॥
বাৎসল্য আবেশে কৈল কৌমার সফল।
পৌগণ্ড সফল কৈল লঞা সখাবল॥
রাধিকাদি লঞা কৈল রাসাদি বিলাস।
বাঞ্ছা ভরি আস্বাদিলা রসের নির্য্যাস॥
কৈশোর বয়সে কাম জগত সকল।
রাসাদি লীলায় তিন করিল সফল॥

* * * * *

এই মত পূর্ব্বে কৃষ্ণ রসের সদন।
যদ্যপি করিল রস নির্য্যাস চর্ব্বণ॥
তথাপি নহিল তিন বাঞ্ছিত পূরণ।
তাহা আস্বাদিতে যদ্যপি করেন যতন॥
তাহার প্রথম বাঞ্ছা করিয়ে বাখ্যান।
কৃষ্ণ বলেন আমি সেই রসের নিধান॥
পূর্ণানন্দময় আমি চিন্ময় পূর্ণতত্ত্ব।
রাধিকার প্রেমে আমায় করায় উন্মত্ত॥
না জানি রাধার প্রেমে আছে কত বল।
যে বলে আমারে করে সদাই বিভোল॥
রাধিকার প্রেম গুরু আমি শিষ্য নট।
সদা আমায় নানা নৃত্যে নাচায় উদ্ভট॥

* * * * *

নিজ প্রেমাস্বাদে মোর হয় যে আহ্লাদ।
তাহা হইতে কোটি গুণ রাধা প্রেমাস্বাদ॥
আমি যৈছে পরস্পর বিরুদ্ধ ধর্ম্মাশ্রয়।
রাধা প্রেম হইতেছে সদা বিরুদ্ধ ধর্ম্ময়॥
রাধা প্রেম বিভু[ঃ], আর বাড়িতে নাই ঠাঞি।
তথাপি ক্ষণে ২ বাড়য় সদাই॥
যাহা বই গুরুবস্তু নাহি সুনিশ্চিত।
তথাপি গুরুর ধর্ম্ম গৌরব বর্জ্জিত॥
যাহা হৈতে সুনির্ম্মল দ্বিতীয় নাহি আর।
তথাপি সর্ব্বদা বাম্য বক্রতা ব্যবহার॥

End :

অত ২ ভক্তবৃন্দ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরো সভার চরণে॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীরঘুনাথ দাস শ্রীজীব চরণ॥
শিরে ধরি বন্দ নিত্য করি তার আশ।
শ্রীচৈতন্য-চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon :

ইতি শ্রীচৈতন্য চরিতামৃতে আদিখণ্ডে যৌবন লীলা সূত্র কথনং নাম সপ্তদশ পরিচ্ছেদ॥ সমাপ্তশ্চায়ং আদিখণ্ড॥ সাক্ষরমিদং শ্রীগৌরমোহন চক্রবর্ত্তি। পুস্তকমিদং শ্রীকমলা কান্ত ঘোষ। সাং পাত্রসায়েরে। শকাব্দা ১৭২৬ সন ১২১২ তারিখ ২৪ আসাঢ়। সন্ধ্যাকালে শ্রীগোসাঞি দেব বাটিতে শ্রীরাম লোচনদেব ভক্তের নিকটে সংপুর্ণ॥

---

367. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKĀṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 14" × 5". Folia, 1, 6-22, 27-42. Lines 9 on a page. Date 1214 B.S. (1808 A. D.) Incomplete. Place of find, Bankura.

Beginning :

শ্রীকৃষ্ণায়নমঃ।

মথুরাকে পাঠাইলা রূপ সনাতন।
দুই সেনাপতি কৈল ভক্তি প্রচারণ॥
নিত্যানন্দ প্রভুকে পাঠাল্যা গৌড়দেশে।
তিঁহো গৌড় ভাসাইলা কৃষ্ণ-প্রেম রসে॥
আপুনি দক্ষিণ দেশে করিলা গমন।
গ্রামে ২ কৈল কৃষ্ণ নাম প্রচারণ॥
সেতুবন্ধ পর্য্যন্ত কৈল ভক্তির প্রচার।
কৃষ্ণ প্রেম দিয়া কৈল সভার নিস্তার॥
এই ত কহিলাম শক্ত্যবতার বাখ্যান।
যাহার শ্রবণে হয় কৃষ্ণতত্ত্ব জ্ঞান॥



শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত-চরণ।
শ্রীবাস গদাধর আদি ভক্তগণ॥
সভার চরণ পদ্মে করি নমস্কার।
যৈছে তৈছে কহি কিছু চৈতন্য বিহার।
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
শ্রীচৈতন্য-চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Fol. 21. rev.

প্রসন্ন হইল সব জগতের মন।
হরি বলি হিন্দুকে হাস্য করএ যবন॥
হরি বলি নারিগনে দেয় হুলাহুলি।
স্বর্গে নিত্যবাদ্য করে দেব কুতুহলি॥
সুপ্রসন্ন দশদিগ আর নদিজল।
স্থাবর জঙ্গম হৈল আনন্দে বিহ্বল॥

যথা রাগ।

নদিয়া উদয়-গিরি পূর্ণ চন্দ্র গৌর-হরি
কৃপাকরি হইল উদয়।
পাপতম হইল নাশ [ত্রি]জগতের উল্লাস
জগভরি হরিধ্বনি হয়॥
সেই কালে নিজালয়ে উঠিয়া অদ্বৈত রায়ে
নৃত্যকরে আনন্দিত মনে।
হরিদাস লয়্যা সঙ্গে হুঙ্কার কীর্ত্তন রঙ্গে
কেন নাচে কেহো নাহি জানে॥
জগত আনন্দ-ময় দেখি মনে বিস্ময়
ঠারে ঠোরে কহে হরিদাস।
তোমার ঐছন রঙ্গ মোর মোন প্রসন্ন
জানি কিছু কাজে আছে ভাস॥
দেখি উপরাগ হাসি মিশ্র গঙ্গা-ঘাটে আসি
আনন্দে করিলা গঙ্গাস্নান।
পায়্যা উপরাগ ছলে আপনার মন বলে
ব্রাহ্মণেরে দিলা নানা দান॥
আচার্য্য রত্ন শ্রীনিবাস মনে হৈলা উল্লাস
যাইয়া করিলা গঙ্গাস্নানে।
আনন্দে বিভোল মন কৈলা হরি সংকীর্ত্তন
মন বলে কৈলা নানা দানে॥
নাচে করে সংকীর্ত্তন আনন্দে বিভোল মন
দান করে গ্রহনের ছলে।
এই মত ইতি উতি যার যেই দেশে স্থিতি
তাহা ২ পায়্যা মন বলে॥

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি। পুস্তকমিদং শ্রীমোহন দাস, সা° বন্ধুচোড়া, শকাব্দা ১৭২৯।২।১৮।৭, সন ১২১৪ সালা, তাং ১০ আষাঢ়, বেলা একপ্রহর সময়, বুধবার দিবসে সমাপ্ত হইল॥

---

368. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CHAITANYA-CARITĀMṚTA ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 16¼ × 5½. Folia, 1-71. Lines 9-10 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, Bankura.

Fol. 2 rev.

গুরু বৈষ্ণব ভগবান তিনের স্মরণ।
তিনের স্মরণে হয় বিঘ্ন বিনাশন।
অনায়াসে হয় নিজ বাঞ্ছিত পূরন॥
সে মঙ্গলাচরণ হয় ত্রিবিধ প্রকার।
বস্তু নির্দ্দেশ আশির্ব্বাদ আর নমস্কার॥
সামান্য বিশেষরূপে দুইত প্রকার।
তৃতীয় শ্লোকে করি বস্তু নির্দ্দেশ।
যাহা হৈতে হয় পরতত্ত্বের উদ্দেশ॥
চতুর্থ শ্লোকেতে করি জগতে আশির্ব্বাদ।
সর্ব্বত্র মাগিএ কৃষ্ণচৈতন্য প্রসাদ॥
সেই শ্লোকে কহিব অবতার কারণ।
পঞ্চষষ্ঠ শ্লোকে কহি মূল কারণ॥



এই ছয় শ্লোকে কহিল চৈতন্যের তত্ত্ব।
আর পঞ্চ শ্লোকে কহি নিত্যানন্দ মহত্ত্ব॥
আর দুই শ্লোকে কহি অদ্বৈত আখ্যান।
আর এক শ্লোকে পঞ্চতত্ত্বের ব্যাখ্যান॥
এই চোদ্দ শ্লোকে কহি মঙ্গল আচরণ।
তাহি মধ্যে কহি সর্ব্ব বস্তু নিরূপণ॥
সর্ব্ব শ্রোতা বৈষ্ণবেরে করি নমস্কার।
এই সব শ্লোকের করি অর্থ বিচার॥
সকল বৈষ্ণব শুন করি একমন।
চৈতন্যকৃষ্ণের শাস্ত্র মত নিরূপণ॥
কৃষ্ণ গুরু শক্তি ভক্তাবতার প্রকাশ।
শক্তি ছয় রূপে কৃষ্ণ করেন বিলাস॥
এই ছয় তত্ত্বের করি চরণ বন্দন।
প্রথমে সামান্য করি মঙ্গলাচরণ॥

Fol. 20 obv.

এসব সিদ্ধান্ত গূঢ় কহিতে না যুয়ায়।
না কহিলে কেহো ইহার অন্ত নাহি পায়॥
অতএব কহি কিছু করিয়া নিগূঢ়।
বুঝিবে রসিক ভক্ত না বুঝিবে মূঢ়॥
হৃদয়ে ধরয়ে যে চৈতন্য নিত্যানন্দ।
এসব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ॥
এসব সিদ্ধান্ত রস আম্রের পল্লব।
ভক্তগণ কোকিলের সর্ব্বদা বল্লভ॥
অভক্ত উষ্ট্রের ইথে নাহিক প্রবেশ।
তবে চিত্তে হয় মোর আনন্দ বিশেষ॥
যে লাগি কহিতে ভয় সে যদি না জানে।
ইহা বই কিবা সুখ আছয়ে ভুবনে॥
অতএব ভক্তগণে করি নমস্কারে।
নিঃশঙ্কে কহিয়ে তার হউ চমৎকারে॥
কৃষ্ণের বিচার এক রহয়ে অন্তরে।
পূর্ণানন্দ পূর্ণরস স্বরূপ কহে মোরে॥
আমা হৈতে আনন্দময় এ ভুবন।
আমাকে আনন্দ দিবে ঐছে কোনজন॥
আমা হৈতে হয় আর শত ২ গুণ।
সেইজন আহ্লাদিতে পারে মোর মন॥

আমা হৈতে গুনি বড় জগতে অসম্ভব।
একলি রাধিকা মোর তাহা অনুভব॥
কোটি কাম জিনিরূপ যদ্যপি আমার।
অসমোর্দ্ধ মাধুর্য্য সাম্য নাহি যার॥
মোর রূপে আপ্যায়িত হয় সর্ব্বজন।
রাধার দর্শনে মোর জুড়ায় নয়ন॥
মোর স্বর বংশী গীতে আকর্ষে ভুবন।
রাধার বচনে হরে আমার শ্রবণ॥
যদ্যপি আমার গন্ধে জগত সুগন্ধ।
মোর চিত্তপ্রাণ হরে রাধা-অঙ্গগন্ধ॥
যদ্যপি আমার রসে জগত সরস।
রাধার অধর রসে আমা করে বশ॥
যদ্যপি আমার স্পর্শ কোটীন্দু শিতল।
রাধিকার স্পর্শে আমা করে সুশিতল॥
এই রূপ জগত সুখের আমি হেতু।
রাধিকার রূপগুণ আমার জীবাতু॥
এই রূপ অনুভব আমার প্রতিত।
বিচারি দেখিএ যবে সব বিপরিত॥
রাধার দর্শনে আমার জুড়ায় নয়ন।
আমার দর্শনে রাধা সুখে অগেয়ান॥
পরস্পর বেণু গিতে হরএ চেতন।
মোর ভ্রমে তমালেরে করে আলিঙ্গন॥
কৃষ্ণ আলিঙ্গন পাইনু জনম সফলে।
এই সুখে মগ্ন রহে বৃক্ষ করি কোলে॥
অনুকূল বাতে যদি পায় মোর গন্ধ।
উড়িয়া পড়িতে চায় প্রেমে হঞা অন্ধ॥
তাম্বুল চর্ব্বিত যবে করে আস্বাদনে।
আনন্দ সমুদ্রে ডুবি কিছুই না জানে॥
আমার অঙ্গ স্পর্শে রাধা পায় যে আনন্দ।
শত মুখে বলি তবু নহি পাই অন্ত॥
লীলা অন্তে সুখে ইহার যে অঙ্গের মাধুরী।
তাহা দেখি সুখে আমি আপনা পাশরি॥
দোঁহার যে সমরস ভরথ মুনি মানে।
আমার ব্রজের রস সেহো নাহি জানে॥
অন্যোন্য সঙ্গমে আমি যত সুখ পাই।
তাহা হৈতে রাধা সুখ শত অধিকাই॥



End :

শ্রীকৃষ্ণচৈতন্য লীলা অদ্ভুত অনন্ত।
ব্রহ্মা শিবশেষ তার নাহি পায় অন্ত॥
যেই ২ অংশ কহে শুনে সেই ধন্য।
অচিরে মিলয়ে তারে শ্রীকৃষ্ণচৈতন্য॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য।
শ্রীনিবাস গদাধর আদি ভক্ত বর্য্য॥
যত ২ ভক্ত বৃন্দ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরো তাসভার চরণে॥
শ্রীরূপ শ্রীস্বরূপ আর শ্রীসনাতন।
শ্রীরঘুনাথ দাস শ্রীজীব-চরণ॥
শিরে ধরি বন্দো নিত্য করি তার আস।
চৈতন্য-চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

---

369. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDIKĀṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper, 11 × 4½. Folia, 1-93. Lines 10-11 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, Bankura.

Fol. 14 obv.

জয় ২ গৌর চন্দ্র জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্ত বৃন্দ॥
চতুর্থ শ্লোকের অর্থ কৈল বিবরণ।
পঞ্চম শ্লোকের অর্থ শুন ভক্তগণ॥
মূল শ্লোকের অর্থ করিতে প্রকাশ।
অর্থ লাগাইতে আগে কহিএ আভাষ॥
চতুর্থ শ্লোকের অর্থ এই কৈল সার।
প্রেম নাম প্রচারিতে এই অবতার॥
সত্য এই হেতু, কিন্তু এহো বহিরঙ্গ।
আর এক হেতু শুন আছে অন্তরঙ্গ॥
পূর্ব্বে যৈছে পৃথিবীর ভার হরিবারে।
কৃষ্ণ অবতীর্ণ হৈলা শাস্ত্রের প্রচারে॥
স্বয়ং ভগবানের কর্ম্ম নহে ভারহরণ।
স্থিতি কর্ত্তা বিষ্ণু করে জগত পালন॥
কিন্তু কৃষ্ণের সেই হয় অবতার কাল।
ভার-হরণ-কাল তাতে হইল মিশাল॥
পূর্ণ ভগবান্ অবতরে যেই কালে।
আর সব অবতার আসি তাতে মিলে॥
নারায়ণ চতুর্ব্যূহ মৎস্যাদি অবতার।
যুগমন্বন্তরাবতার বিষ্ণু যত আছে আর॥
সভে আসি কৃষ্ণ অঙ্গে হয়ে অবতীর্ণ।
ঐছে অবতরে কৃষ্ণ ভগবান পূর্ণ॥
অতএব বিষ্ণু তখন কৃষ্ণের শরীরে।
বিষ্ণুদ্বারে কৃষ্ণ করে অসুর সংহারে।
আনুষঙ্গ কর্ম্ম এই অসুর মারণ।
যে লাগি অবতার কহি সে মূল কারণ॥
লীলারস-নির্য্যাস করিতে আস্বাদন
রাগ-মার্গী ভক্তি লোকে করিতে প্রচার॥
রসিক শেখর কৃষ্ণ পরম করুণ।
এই দুই হেতু দুই ইচ্ছার উদ্গম॥
ঐশ্বর্য্য জ্ঞানে সব জগত মিশ্রিত।
ঐশ্বর্য্য শিথিল প্রেমে নাহি মোর প্রীত॥
আমাকে ঈশ্বর মানে আপনাকে হীন।
তার প্রেমে বশ আমি না হই অধীন॥
আমাকেত যে যে ভক্ত ভজে যেইভাবে
তারে সে সে ভাবে ভজি এ মোর স্বভাবে।

Fol. 92. rev.

যেই যেই অংশ কহে শুনে সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণচৈতন্য।
শ্রীকৃষ্ণচৈতন্য অদ্বৈত নিত্যানন্দ।
শ্রীবাস গদাধর আদি ভক্তবৃন্দ॥



যত যত ভক্তগণ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরো সভার চরণে॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীরঘুনাথ শ্রীগুরু শ্রীজীব-চরণ॥
শিরে ধরি বন্দো নিত্য করো তার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

---

370. চৈতন্যচরিতামৃত—আদিকাণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKĀṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, Country-made paper; 13¾" × 4¾". Folia 1-90. Lines 9 on a page. Date, 1221 B.S. (1815 A.D.) Appearance, mouse-eaten in parts. Complete. Place of find, Bankura.

Fol. 34 rev.

দুইভাই একতনু সমান প্রকাশ।
নিত্যানন্দ না মানো তোমার হবে সর্ব্বনাশ॥
একে ত বিশ্বাস, অন্যে না কর সম্মান।
অর্দ্ধ কুকুটি[র] ন্যায় তোমার প্রমাণ॥
কিম্বা দোঁহে না মানিঞা হও ত পাষণ্ড।
একে মানি আরে না মানি এই মত ভণ্ড॥
ক্রুদ্ধ হঞা বংশী ভাঙ্গি চলিলা রামদাস।
তত-কাল আমার ভ্রাতার হৈল সর্ব্বনাশ॥
এই ত কহিল তাঁর সেবক প্রভাব।
এবে আর কহি তাঁর দয়ার স্বভাব॥
ভাইকে ভর্ৎসিনু মুঞি লঞা এই গুণ।
সেই রাত্রে প্রভু মোরে দিল দরশন॥
নৈহাটী নিকটে ঝামটপুর নামে গ্রাম।
তাঁহা স্বপ্নে দেখা দিলেন নিত্যানন্দ রাম॥
দণ্ডবত হঞা মুঞি পড়িনু পায়েতে।
নিজ পাদ-পদ্ম দিলেন মোর মাথাতে॥
উঠ উঠ করি মোরে বোলে বার ব
উঠি তাঁর রূপ দেখি হৈনু চমৎকার॥
শ্যাম চিক্কণ কান্তি প্রকাণ্ড শরীর।
সাক্ষাত কন্দর্প কোটি মহামল্লবীর॥
সুবলিত হস্ত পদ কমল নয়ান।
পট্টবস্ত্র শিরে পট্টবস্ত্র পরিধান॥
সুবর্ণ কুণ্ডল কর্ণে স্বর্ণাঙ্গদ বালা।
চরণে নূপুর বাজে কণ্ঠে পুষ্প মালা॥
চন্দনে লেপিত অঙ্গ তিলক সুঠাম।
মত্তগজ জিনী মদ-মন্থর-পয়ান॥
কোটি চন্দ্র জিনি দেখি উজ্জ্বল বদন।
দাড়িম্ব বীজসম দন্ত তাম্বুল চর্ব্বন॥
কৃষ্ণ প্রেমে মত্ত অঙ্গ ডাহিন বামে দোলে।
কৃষ্ণ কৃষ্ণ কহিতে গম্ভীর বোল বোলে॥
রাঙ্গাযষ্টি হস্তে দোলে যেন মত্ত সিংহ।
চারি পাশে বেড়িআছে চরণের ভৃঙ্গ॥
পারিষদগণ দেখি সব গোপ বেশ।
কৃষ্ণ কৃষ্ণ কহে সভে সপ্রেম আবেশ॥
সিংগাবাঁশি বাজায় কেহো কেহো নাচে গায়।
সেবকে যোগায় তাম্বুল চামর ঢুলায়॥

Fol. 72 rev.

একদিন মিশ্রএর চাঞ্চল্য দেখিঞা।
ধর্ম্ম শিক্ষা দিল কিছু ভর্ৎসন করিঞা॥
রাত্রে স্বপ্নে দেখে এক আসিঞা ব্রাহ্মণ।
মিশ্রকে কহয়ে কিছু সরোষ বচন॥
মিশ্র পুত্রের তত্ত্ব তুমি কিছুই না জান।
ভর্ৎসন তাড়ন কর পুত্র করি মান॥
মিশ্র কহে দেব সিদ্ধ মুনি কেনে নয়।
যে সে বড় নহে এবে আমার তনয়॥
পুত্রের লালন শিক্ষা পিতামাতার ধর্ম্ম।
আমি না শিখাইলে কৈছে জানিবে ধর্ম্ম মর্ম্ম॥
বিপ্র কহে এই যদি দৈবসিদ্ধ হয়।
স্বতঃসিদ্ধ জ্ঞান তবে শিক্ষা ব্যর্থ হয়॥
মিশ্র কহে পুত্র কেনে নহে নারায়ণ।
তথাপি পিতার ধর্ম্ম পুত্রের শিক্ষণ॥



এই মত লোকে করে ধর্ম্ম বিচার।
শুদ্ধ বাৎসল্য মিশ্রের নাহি জানে আর॥
এত শুনি দ্বিজ গেলা হঞা আনন্দিত।
মিশ্র জাগিঞা অতিশয় হইল বিস্মিত॥
এই মত শিশুলীলা করে গৌরচন্দ্র।
দিনে দিনে পিতামাতার বাড়ায়ে আনন্দ॥
কথোদিনে মিশ্র পুত্রের হাথে খড়ি দিল।
অল্প দিনে দ্বাদশ ফলা অক্ষর শিখিল॥
বাল্যলীলা সূত্র এই কৈল অনুক্রম।
ইহা বিস্তারিঞাছেন দাস বৃন্দাবন॥
অতএব বাল্যলীলার সংক্ষেপে সূত্র কৈল।
পুনরুক্তি ভয়ে বিস্তারি না লিখিল॥
শ্রীরূপরঘুনাথ পদে যার আশ।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস॥
* * * * *
জয় ২ শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
পৌগণ্ড লীলার সূত্র করিয়ে গণন।
পৌগণ্ড বয়সে * * * * ।

Colophon :

ইতি আদিখণ্ড সমাপ্তং। গ্রন্থীনপূর্ব শন ১২২১ শাল আরম্ভ ২ ভাদ্র সমাপ্তঃ ২০ আশ্বীনে রোজ রবিবার।

---

371. চৈতন্যচরিতামৃত—আদিলীলা।

CAITANYA-CARITĀMṚITA ĀDILĪLĀ

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper, 14″ × 5″. Folia, 1-58. Lines 12 on a page. Date, 1239 B. S. (1833 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 7 rev.

দুগ্ধ দশ প্রবরসকল হৈল হইতে।
আমাবিনু অন্য নারে ব্রজ প্রেমভক্তি দিতে॥

এত ভাবি কলিকালে প্রথম সন্ধ্যায়।
অবতীর্ণ হৈলা কৃষ্ণ আপনে নদীয়ায়॥
চৈতন্যসিংহের নবদ্বীপে অবতার।
সিংহগ্রীব সিংহবীর্য্য সিংহের হুঙ্কার॥
সেই সিংহ বসুক জীবের হৃদয় কন্দরে।
কল্মষ দ্বীরদ নাশ যাহার হুঙ্কারে॥
প্রথম লীলায় তার বিশ্বম্ভর নাম।
ভক্তি রসে ভরিল ধরিল ভূতগ্রাম॥
ডুভৃঞ ধাতুর অর্থ পোষণ ধারণ।
পুষিল পালিল প্রেম দিয়া ত্রিভুবন॥
শেষ লীলায় নাম ধরে শ্রীকৃষ্ণচৈতন্য।
কৃষ্ণ জানাইয়া সব বিশ্ব কৈল ধন্য॥
যুগাবতারকালে গর্গ মহাশয়।
কৃষ্ণের নাম করন কালে করিয়াছেন নিশ্চয়॥

Fol. 42 obv.

তাহা বিনু বিশ্বে কিছু বস্তু নাহি আর।
অতএব বিশ্বরূপ নাম হৈল তাহার॥
* * * * *
অতএব প্রভুর তিঁহো হৈলা বড় ভাই।
কৃষ্ণ বলদেব দুই চৈতন্য নিতাই॥
পুত্র পাই দম্পতি ত হৈলা আনন্দিত মন।
বিশেষে আরাধনা করে গোবিন্দ চরণ॥
চৌদ্দশত সাত শকের শেষ মাঘমাসে।
জগন্নাথ শচি দেহে কৃষ্ণের প্রকাশে॥
মিশ্র কহে শচি দেহে দেখি অন্য রিতি।
জ্যোতির্ম্ময় দেহ গেহে লক্ষ্মী অধিষ্ঠিতি॥
যাহা তাহা সব লোক করেন সম্মান।
ঘরেত পাঠাইঞা দেন বস্ত্র ধান॥
শচি কহে মুঞী দেখো আকাশ উপরে।
দিব্য মূর্ত্তি সব লোক স্তুতি যেন করে॥
জগন্নাথ কহে আমি স্বপন দেখিল।
জ্যোতির্ম্ময় ধাম মোর হৃদয়ে পশিল॥
আমার হৃদয় হৈতে গেলা তোমার হৃদয়।
হেন বুঝি জন্মিবেন কোন মহাশয়॥
এতবলি দোঁহে রহে হর্ষিত হঞা।
শালগ্রাম সেবা করে বিশেষ করিয়া॥



চৌদ্দ শত সাত শকে মাস ফাল্গুন।
পৌর্ণমাসি সন্ধ্যাকালে হৈল শুভক্ষণ॥
সিংহরাশি সিংহলগ্ন উচ্চ গ্রহগণ।
ষড়্বর্গ অষ্টবর্গ সব শুভক্ষণ॥

Fol. 42 rev.

সকলঙ্ক গৌরচন্দ্র দিল দরশন।
অকলঙ্ক চন্দ্রে আর কিবা প্রয়োজন॥
এত কহি রাহু কৈল চন্দ্রকে গ্রহন।
কৃষ্ণ ২ ধ্বনি হৈল সকল ভুবন॥
জগত ভরিয়া লোক বোলে হরি হরি।
এইখনে গৌর কৃষ্ণ ভূমিতে অবতরি॥
প্রসন্ন হইল সব জগতের মন।
হরি বুলি হিন্দুকে হাস্য করে যে যবন॥

---

372. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ĀDIKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14" × 5". Folia, 1-96. Lines 9 on a page. Date, 1247 B. S. (1841 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 74 rev.

একদিন শচি খই সন্দেশ আনিঞা।
বাটা ভরি দিঞা বলিল খাওত বসিঞা॥
এত কহি গেলা গৃহে কর্ম্ম করিতে।
লুকাঞা লাগিল শিশু মৃত্তিকা খাইতে॥
দেখি শচি ধেঞা আসি করে হায় হায়।
মাটি কাড়ি লঞা বলিল মাটি কেন খায়॥
কান্দিঞা বলিল শিশু কেন কর রোস।
তুমি মাটি খাইতে দিলে মুঞ কিবা দোষ॥
যদি সন্দেশ অন্ন মাটির বিকার।
এহো মাটি সেহো মাটি কহেন বিচার॥
দেহ মাটি ভক্ষ্য মাটি দেখহ বিচারি।
অবিচারে দেহ দোষ লাগিতে পারি॥
অন্তরে বিস্মিত শচি বলিল তাহারে।
মাটি খাইতে জোগজ্ঞান কে সিখাইল তোরে॥
মাটির বিকার অন্ন খাইলে দেহ পুষ্ট হয়।
মাটি খাইলে রোগ হয় দেহ জায় ক্ষয়॥
মাটির বিকার ঘটে পানি ভরিঞা আনি।
মাটি পিণ্ডি ধরে যবে শুষি জায় পানি॥
আত্ম লুকাইতে প্রভু কহিল তাঁহারে।
পহিলে কেনে মাতা ইহা না সিখাইলা মোরে॥
এবেত জানিল মাতা মাটি না খাইব।
ক্ষোধ লাগিলে তোমার স্তনদুগ্ধ পীব॥
এত বলি জননির কোলেতে চড়িঞা।
স্তন পান করে প্রভু ঈষত হাসিঞা॥

Fol. 95 obv.

সেই ব্রজেশ্বরি ইহা শচি দেবি মাতা।
সেই জগন্নাথ ইহা জগন্নাথ পীতা॥
সেই নন্দসুত ইহা চৈতন্য গোসাঞি।
সেই বলদেব ইহা নিত্যানন্দ ভাই॥
বাৎসল্য সখ্য দাস্য তিন ভাব যার।
সেই নিত্যানন্দ কৃষ্ণ চৈতন্য সহায়॥
প্রেম ভক্তি দিঞা তেহো ভাসাইল জগতে।
তার চরিত্র বিচার লোকে না পারে বর্ণিতে॥
অদ্বৈত আচার্য্য গোসাঞী ভক্ত অবতার।
কৃষ্ণ অবতারি কৈল জগত নিস্তার॥
সখ্য দাস্য দুই ভাব সহজ তাহার।
কভু প্রভু করে তারে গুরু ব্যবহার॥
শ্রীনিবাস আদি জত মহাভক্তগণ।
নিজ নিজ ভাবে করে চৈতন্য সেবন॥
পণ্ডিত গোসাঞী আদি জার যেই রস।
সেই ২ রসে কৃষ্ণ হএন তার বশ॥
তেহো শ্যাম বংশী মুখ গোপবিলাসী।
এহো গৌর ভক্ত দ্বিজ কভুক সন্ন্যাসী॥



অতএব আপনে প্রভু গোপী ভাব ধরি।
ব্রজেন্দ্র নন্দনে কহে প্রান নাথ করি॥
সেই কৃষ্ণ সেই গোপী পরম বিরোধ।
অচিন্ত চরিত্র প্রভু পরম দুর্ব্বোধ॥
ইহাতে তর্ক্ক করি কেহো না করিহ সংশয়।
কৃষ্ণের অচিন্ত শক্তি এই মত হয়॥
অচিন্ত অদ্ভূত এই চৈতন্ত বিহার।
চিত্র ভাব চিত্র গুণ চিত্র ব্যবহার॥
তর্ক করি মানে জেই দুই দুরাচার।
কুম্ভিপাকে পড়ে সেই নাহিক নিস্তার॥

Colophon.

সন ১২৪৭ সাল তাং ১ ভাদ্র রোজ মঙ্গলবার তিথি পঞ্চমী শকাব্দ ১৭৬২।

---

373. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13" × 6". Folia, 1-148. Lines 14 on a page. Date, 1068 B. S. (1662 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 28 obv.

মহাভাগবত হয়েন চৈতন্ত গোসাঞি।
এই কলিকালে বিষ্ণু অবতার নাঞি॥
অতএব ত্রিযুগ করি কহি বিষ্ণু নাম।
কলিযুগে অবতার নাহি শাস্ত্রজ্ঞান॥
শুনিঞা আচার্য্য কহে দুঃখি হঞা মনে।
শাস্ত্রজ্ঞ করিঞা তুমি কর অভিমানে॥
শ্রীভাগবত ভারত দুই শাস্ত্রের প্রধান।
সেই দুই গ্রন্থ বাক্যে নাহি অবধান॥
সেই দুই কহে কলিতে সাক্ষাৎ অবতার।
তুমি কহ কলিতে নাহি বিষ্ণুর প্রচার॥
কলিকালে লীলাবতার না করে ভগবান।
অতএব ত্রিযুগ করি কহে তার নাম॥
প্রতি যুগে করে কৃষ্ণ যুগ অবতার।
তর্ক নিষ্ঠ হৃদয় তোমার নাহিক বিচার॥
তোমার আগে এত কথার নাহি প্রয়োজন।
ঊষর ভূমিতে যেন বীজের রোপন॥
তোমার উপরে যবে তার কৃপা হবে।
এ সব সিদ্ধান্ত তবে তুমিহ কহিবে॥
তোমার যে শিষ্য কহে কুতর্ক নানা বাদ।
ইহার কি দোষ এই মায়ার প্রসাদ॥

Fol. 29 rev.

তবে ভট্টাচার্য্য কহে যাহ গোসাঞির স্থানে।
মোর নামে গণ সহিত কর নিমন্ত্রণে॥
প্রসাদ আনিঞা তারে করাহ আগে ভিক্ষা।
পশ্চাত আসিঞা মোরে করাইহ ভক্তি শিক্ষা॥
আচার্য্য ভগ্নীপতি শ্যালক ভট্টাচার্য্য।
নিন্দা স্তুতি হাস্যে শিক্ষা করান আচার্য্য॥
আচার্য্যের সিদ্ধান্তে মুকুন্দের হইল সন্তোষ।
ভট্টাচার্য্যের বাক্যে মনে হৈল দুঃখ রোষ॥
গোসাঞির স্থানে আচার্য্য করিলা গমন।
ভট্টাচার্য্যের নামে তাঁরে কৈল নিমন্ত্রণ॥
মুকুন্দ সহিতে কহে ভট্টাচার্য্যে কথা।
ভট্টাচার্য্যে নিন্দা করে মনে পাঞা ব্যথা॥
মহাপ্রভু শুনি কহে ঐছে মতি কহ।
আমাপ্রতি ভট্টাচার্য্যের হয় অনুগ্রহ॥
আমার সন্ন্যাসধর্ম্ম চাহেন রাখিতে।
বাৎসল্যে করুণা করেন কি দোষ ইহাতে॥
আর দিন মহাপ্রভু ভট্টাচার্য্য সনে।
আনন্দে করিলা জগন্নাথ দরশনে॥
ভট্টাচার্য্য সঙ্গে তাঁর মন্দিরে আইলা।
প্রভুকে আসন দিঞা আপনে বসিলা॥
বেদান্ত পড়াইতে তবে আরম্ভ করিল।
স্নেহ ভক্তি করি কিছু প্রভুকে কহিল॥



বেদান্ত শ্রবণ এই সন্ন্যাসীর ধর্ম ।
নিরন্তর শুন তুমি বেদান্তের মর্ম ॥
প্রভু কহে মোরে তুমি কর অনুগ্রহ ।
সেইত কর্ত্তব্য আমার যেই তুমি কহ ॥
সপ্ত দিন পর্য্যন্ত প্রভু করেন শ্রবণে ।
ভাল মন্দ নাহি কহে বসি মাত্র শুনে ॥
সপ্ত দিবসে তাঁরে কহেন সার্ব্বভৌম ।
সাত দিন কর তুমি বেদান্ত শ্রবণ ॥
ভাল মন্দ নাহি কহ রহ মৌন ধরি ।
বুঝ কি না বুঝ ইহা বুঝিতে নাপারি ॥
প্রভু কহেন মূর্খ আমি নাহি অধ্যয়ন ।
তোমার আজ্ঞাতে মাত্র করিয়ে শ্রবণ ॥
সন্ন্যাসীর ধর্ম লাগি শ্রবণ মাত্র করি ।
তুমি যে কহহ অর্থ বুঝিতে নাপারি ॥

Fol. 29. obv.

ভট্টাচার্য্য কহে না বুঝে জান নাহি তার ।
বুঝিবার তরে সেই পুছে আরবার ॥
তুমি শুনি ২ মাত্র রহ মৌন ধরি ।
হৃদয়ে কি আছে তোমার বুঝিতে না পারি ॥
প্রভু কহে সূত্র অর্থ বুঝিএ নির্ম্মল ।
তোমার ব্যাখ্যান শুনি মন হয়েত বিকল ॥
সূত্রের অর্থ ভাষ্য কহেন প্রকাশিঞা ।
তুমি ভাষ্য কহ সূত্রের অর্থ আচ্ছাদিঞা ॥
সূত্রের মুখ্য অর্থ না কর ব্যাখ্যান ।
কল্পনা অর্থে তুমি তাহা কর আচ্ছাদন ॥
উপনিষদ শব্দে মুখ্য যেই অর্থ হয় ।
সেই মুখ্য অর্থ ব্যাস সূত্রে সব কয় ॥
মুখ্যার্থ ছাড়িঞা কর গৌণার্থ কল্পনা ।
অভিধাবৃত্তি ছাড়ি শব্দে করহ লক্ষণা ॥
প্রমাণের মধ্যে শ্রুতি প্রমাণ প্রধান ।
শ্রুতি যে মুখ্যার্থ কহে সেই সে প্রমাণ ॥
জীবের অস্থি বিষ্ঠা শঙ্খ গোময় ।
শ্রুতি বাক্যে সেই দুই মহা পবিত্র হয় ॥
স্বত প্রমাণ বেদ সত্য এই কহে ।
লক্ষণা করিলে স্বত প্রমাণ হানি হয়ে ॥
ব্যাসের সূত্রের অর্থ সূর্য্যের কিরণ ।
স্বকল্পিত ভাষ্য-মেঘে করে আচ্ছাদন ॥
বেদ পুরাণ কহে ব্রহ্ম নিরূপণ ।
সেই ব্রহ্ম বৃহদ্বস্তু ঈশ্বর লক্ষণ ॥
সর্ব্বৈশ্বর্য্য পরিপূর্ণ স্বয়ং ভগবান ॥
তারে নিরাকার করি করহ ব্যাখ্যান ।
নির্ব্বিশেষ তারে কহে যেই শ্রুতিগণ ॥
প্রাকৃত নিষেধি অপ্রাকৃত করয়ে স্থাপন ।

End :

যেই লীলামৃত বিনে খায় যদি অন্নপানে
তবু ভক্তের দুর্ব্বল জীবন ।
যার এক বিন্দু পানে প্রফুল্লিত তনুমনে
হাসে কান্দে করয়ে নর্ত্তন ॥
এ অমৃত কর পান যাহাসম নাহি আন
চিত্তে করি সুদৃঢ় বিশ্বাস ।
না পড় কুতর্ক গর্ত্তে অমেধ্য কর্কশাবর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ শ্রীঅদ্বৈত ভক্ত বৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ ।
তোমা সভার শ্রীচরণ করি শিরে বিভূষণ
যাহা হৈতে অভীষ্ট লক্ষন ॥
শ্রীরূপ শ্রীসনাতন রঘুনাথ শ্রীজীব চরণ
শিরে ধরি করোঁ যার আশ ।
শ্রীকৃষ্ণ লীলামৃতান্বিত চৈতন্য চরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস ॥

Colophon.

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যলীলা সংপূর্ণ ॥ সন ১০৬৮ সাল তা' ২৭ আষাঢ়। বেলা সাত ঘটিতে সম্পূর্ণ হইল ।



374. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 4-121, 122-191. Lines 13 on a page. Appearance, about 250 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 106 obv:

অতএব জার মুখে এক কৃষ্ণনাম।
সেই বৈষ্ণব করি তার পরম সম্মান॥
খণ্ডের মুকুন্দদাস শ্রীরঘুনন্দন।
শ্রীনরহরি মধ্যে এই তিনজন॥
মুকুন্দদাসে পুছে শ্রীশচীনন্দন।
তুমি পিতা পুত্র তোমার শ্রীরঘুনন্দন॥
কিবা রঘুনন্দন পিতা তুমি তাহার তনয়।
নিশ্চয় করিঞা কহ জাউক সংশয়॥
মুকুন্দ কহে রঘুনন্দন আমার পিতা হয়।
আমি তার পুত্র এই আমার নিশ্চয়॥
আমা সভার কৃষ্ণভক্তি রঘুনন্দন হৈতে।
অতএব রঘুপিতা আমার নিশ্চিতে॥
ভক্তের মহিমা প্রভু কহিতে পায় সুখ।
ভক্তের মহিমা কহিতে হয় পঞ্চমুখ॥
ভক্তগণ কহে শুন মুকুন্দের প্রেম।
নিগূঢ় নির্মল প্রেম জৈছে শুদ্ধ হেম॥
বাহে রাজ বৈদ্য হৈঞা করে রাজ সেবা।
অন্তরে কৃষ্ণপ্রেম ইহার জানিবেক কেবা॥
একদিন ম্লেচ্ছ রাজার উচ্চ টুঙ্গিতে।
চিকিৎসার বাত কহে তাহার অগ্রেতে॥
হেনকালে যেক ময়ূরপুচ্ছের আড়ানী।
রাজার শিরের উপর ধরে এক সেবক আনি॥

Fol. 107 rev.

ময়ূর পুচ্ছ দেখে মুকুন্দ প্রেমাবিষ্ট হৈলা।
অতি উচ্চ টুঙ্গি হৈতে ভূমিতে পড়িলা॥
রাজার জ্ঞান রাজবৈদ্যের হইল মরণ।
আপনে নামিঞা তারে করাইল চেতন॥
রাজা কহে বাধা তুমি পাইলে কোন ঠাঞি।
মুকুন্দ কহে অতি বড় বাধা নাহি পাই॥
রাজা কহে মুকুন্দ তুমি পড়িলা কি লাগি।
মুকুন্দ কহে মোর এক ব্যাধি আছে মৃগি॥
মহা বিদগ্ধ রাজা সেই সব বাত জানে।
মুকুন্দেরে হৈল তার মহা সিদ্ধ জ্ঞানে॥
রঘুনন্দন সেবা করে কৃষ্ণের মন্দিরে।
দ্বারে পুষ্করি তার দিব্য ঘাট তীরে॥
কদম্বের একবৃক্ষ ফুলে বার মাসে।
নিত্য দুই ফুল হয় কৃষ্ণ অবতংসে॥
মুকুন্দেরে কহে পুন মধুর বচন।
তোমার এ কার্য ধর্ম ধন উপার্জন॥
রঘুনন্দনের কার্য শ্রীকৃষ্ণ সেবন।
কৃষ্ণসেবা বিনু ইহার অন্য নাহি মন॥
নরহরি রহু আমার ভক্তগণ সনে।
এই তিন কার্য সদা কর তিন জনে॥
সার্বভৌম বিদ্যাবাচস্পতি দুই ভাই।
দুই জনে কৃপা করি কহেন গোসাঞি॥
দারুজলরূপে কৃষ্ণ প্রকট সম্প্রতি।
দরশন স্নানে করে জীবের মুকতি॥
দারুব্রহ্ম সাক্ষাৎ শ্রীপুরুষোত্তম।
ভাগিরথি সাক্ষাৎ হয় জল-ব্রহ্ম॥
সার্বভৌম দারুব্রহ্ম আরাধন।
বাচস্পতি কর জল ব্রহ্মের সেবন॥
মুরারি গুপ্তেরে প্রভু করি আলিঙ্গন।
তাহার ভক্তিনিষ্ঠা কহে শুনে ভক্তগণ॥

End:

শ্রীচৈতন্য নিত্যানন্দ শ্রীঅদ্বৈত ভক্ত বৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ।
তোমা সভার শ্রীচরণ করি শিরে ভূষণ
জাহা হৈতে অভিষ্ট পূরণ॥



শ্রীরূপ সনাতন রঘুনাথ জীবচরণ
শিরে ধরি যার করি আশ।
কৃষ্ণলীলামৃতান্বিত চৈতন্য চরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস॥

---

375. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper, 16″ × 5½″. Folia, 1-145. Lines 10 on a page. Date, 1082 B. S. (1676 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 3 obv.

শ্লোক পড়ি প্রভু আছে আবিষ্ট হইয়া।
শ্রীরূপ পড়িলা আসি দণ্ডবত হৈয়া॥
উঠি মহাপ্রভু তারে চাপড় মারিয়া।
কহিতে লাগিলা কিছু কোলেত করিয়া॥
মোর অভিপ্রায় নাহি জানে কোন জনে।
মোর মনকথা তুমি জানিলি কেমনে॥
এত বলি তারে বহু প্রসাদ করিয়া।
স্বরূপ গোসাঁঞি শ্লোক দেখাইল নিঞা॥
স্বরূপেরে পুছে প্রভু হইঞা বিস্মিতে।
মোর মোনকথা রূপ জানিল কেমতে॥
স্বরূপ কহে জাতে জানিল তোমার মন।
তাতে জানি হয় তোমার কৃপার ভাজন॥
গোসাঞি কহে তারে আমি সন্তুষ্ট হইয়া।
আলিঙ্গন কৈল সর্ব্ব শক্তি সঞ্চারিয়া॥
যোগ্যপাত্র হয় গূঢ় রস বিবেচনে।
তুমিহো কহিও তারে গূঢ় রসাখ্যানে॥

Fol. 3 rev.

এ সব কথা কহিব আগে বিস্তার করিয়া।
সংক্ষেপে উদ্দেশ কৈল প্রস্তাব পাইয়া॥

Fol. 27 rev.

সেই দুই কহে শাস্ত্রে কলিতে অবতার।
তুমি কহ কলিতে নাহি বিষ্ণুর প্রচার॥
কলিকালে লীলাবতার করে ভগবান।
অতএব যুগ করি কহি তার নাম॥
প্রতিযুগে করেন কৃষ্ণ যুগ অবতার।
তর্ক নিষ্ঠ হৃদয় তোমার নাহিক বিচার॥

*   *   *   *   *

তোমারে এসব কথার নাহি প্রয়োজন।
ঊষর ভূমিতে যেন বীজের বপন॥

Fol. 27 obv.

তোমার উপরে তার কৃপা হবে যবে।
এসব সিদ্ধান্ত তবে তুমিহ কহিবে॥
তোমার শিষ্য কহে যে কুতর্ক নানাবাদ।
ইহার কি দোষ এই মায়ার প্রসাদ॥

Fol. 128 rev.

এই পঞ্চ স্থায়ি ভাব হয় পঞ্চরস।
যেই রসে ভক্ত সুখি কৃষ্ণ হয় বশ॥
প্রেমাদিক স্থায়িভাব সামগ্রী মিলনে।
রসাখ্য রস হয় অপূর্ব্ব আস্বাদনে॥

*   *   *   *   *

বিবিধ বিভাব আলম্বন উদ্দীপন।
বংশীস্বরাদিতে উদ্দীপন কৃষ্ণাদি আলম্বন॥
অনুভাবস্মিত নৃত্যগীতাদি উদ্ভাস্বর।
স্তম্ভাদি সাত্ত্বিক অনুভাবের ভিতর॥
নির্ব্বেদ হর্ষাদি তেত্রিশ ব্যভিচারি।
সব মেলি রস হয় চমৎকারকারী॥
পঞ্চ বিধ রস শান্ত দাস্য সখ্য বৎসল।
মধুর নাম শৃঙ্গার সভাতে প্রাবল্য॥
শান্ত রসে শান্তী রতি প্রেম পর্য্যন্ত হয়।
দাস্য রতি রাগ পর্য্যন্ত ক্রমেত বাড়য়॥



সখ্য বাৎসল্য পায় অনুরাগ সীমা।
সুবলাদ্যের ভাব পর্য্যন্ত প্রেমের মহিমা॥

Fol. 128 obv.

শান্তাদি রসের যোগ বিয়োগ দুই ভেদ।
সখ্য বাৎসল্যাদি যোগের অনেক বিভেদ॥
রূঢ় অধিরূঢ় ভাব কেবল মধুরে॥
মহিষীগণে রূঢ় অধিরূঢ় গোপীকানিকরে।
অধিরূঢ় মহাভাব দুই ত প্রকার।
সম্ভোগে মাদন বিরহে মোহন নাম তার॥
মাদনে চুম্বনাদি হয় অনন্ত বিভেদ।
উদ্ঘূর্ণা চিত্রজল্প মোহনের দুই ভেদ॥
চিত্রজল্প দশ অঙ্গ প্রজল্পাদিনাম।
ভ্রমর গীতা দশ শ্লোক তাহাতে প্রমাণ॥
উদ্ঘূর্ণা বিবশ চেষ্টা দিব্যোন্মাদ নাম।
বিরহে কৃষ্ণ স্ফূর্ত্তি আপনাকে কৃষ্ণ জ্ঞান॥

Colophon:

ইতি মধ্যলীলা। সন ১০৮৭ সাল তারিখ ২৭........

---

376. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 14" × 4½". Folia, 1-72, 74-80, 83-115, 117-119, 121, 122; 124-127, 129-136. Lines 10 on a page. Date, 1087 B. S. (1681 A. D.) Incomplete. Place of find, Bankura.

Fol. 3 obv.

সেই ভাব সেই কৃষ্ণ সেই বৃন্দাবন।
যবে পাই তবে হয় বাঞ্ছিত পূরণ॥

* * * * *

তোমার সঙ্গম মোর ব্রজপুর ঘরে।
উদয় করয়ে যদি তবে বাঞ্ছা পূরে॥
ভাগবতের শ্লোকার্থ বিচার করিয়া।
রূপ গোসাঞি শ্লোক কৈল মনে বিচারিয়া॥

* * * * *

এই মত মহাপ্রভু দেখে জগন্নাথ।
সুভদ্রা সহিত দেখে বংশী নাই হাথ॥
ত্রিভঙ্গ সুন্দর ব্রজে ব্রজেন্দ্র-নন্দন।
কাঁহা পাব এই বাঞ্ছা বাড়ে অনুক্ষণ॥
রাধিকার উন্মাদ যেন উদ্ধব দর্শনে।
উদ্ঘূর্ণা প্রলাপ তৈছে প্রভু রাত্রিদিনে॥
দ্বাদশ বৎসর শেষে ঐছে গোঙাইল।
এই মত শেষ লীলার বিধান করিল॥
সন্ন্যাস করি চব্বিশ বৎসর কৈল যে যে কর্ম্ম।
অনন্ত না জানে তাহা কে জানিবে মর্ম্ম॥
উদ্দেশ করিতে করি দিগ দরশন।
মুখ্য ২ লীলার করি সূত্রের গণন॥
সন্ন্যাস করি প্রেমাবেশে চলিলা বৃন্দাবন।
রাঢ় দেশে তিন দিন করিল ভ্রমণ॥
প্রথম সূত্র প্রভুর সন্ন্যাস করণ।
প্রেমেতে বিহ্বল বাহ্য নাহিক স্মরণ॥
নিত্যানন্দ প্রভু মহাপ্রভু ভুলাইয়া।
গঙ্গাতীরে লঞা আইল যমুনা বলিঞা॥
শান্তিপুরে আচার্য্যের গৃহে আগমন।
প্রথম ভিক্ষা কৈল তাঁহা রাত্রে সংকীর্ত্তন॥
মাতা ভক্তগণ তাঁহা করিলা মিলন।
সর্ব্ব সমাধান করি নীলাদ্রি গমন॥
পথে নানা লীলা রস দেব দরশন।
মাধব পুরির কথা গোপাল স্থাপন॥

End:

এই অমৃত কর পান   যাহা সম নাহি আন
চিত্তে কর সুদৃঢ় বিশ্বাস।
না পড় কুতর্ক গর্ত্তে   অমেধ্য কর্কশ গর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ॥



শ্রীচৈতন্য নিত্যানন্দ　　অদ্বৈতাদি ভক্তবৃন্দ
আর যত শ্রোতাভক্তজন ।
তোমা সভার শ্রীচরণ　　করোঁ শিরে বিভূষণ
যাহা হৈতে অভিষ্ট পূরন ॥
শ্রীরূপ সনাতন　　রঘুনাথের শ্রীচরণ
শিরে ধরি করি অভিলাষ ।
কৃষ্ণ লিলা মৃতান্বিত　　চৈতন্যচরিতামৃত
কিছু কহে দিন কৃষ্ণদাস ॥

Colophon :

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে...............পুনঃ নিলাচল গমনং নাম পঞ্চ বিংসতি পরিচ্ছেদ ।............... ইতি সন ১০৮৭ সাল তাং ১৮ শ্রাবন স্বাক্ষর মিদং শ্রীগঙ্গানন্দ সর্ম্মা পুস্তকং লিখেত ॥

---

377. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper ; 14" × 4½". Fol. 118-164. Lines 10 on a page. Appearance, about 255 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 118 rev.

গৌরোদকের আসি প্রভু কৈল গঙ্গাস্নান ।
গঙ্গাতীর পথে কৈল প্রয়াগ প্রয়াণ ।
সেই কৃষ্ণদাস বিপ্রে প্রভু বিদায় দিল ।
জোড় হাতে দুইজন কহিতে লাগিল ॥
প্রয়াগ পর্য্যন্ত দোঁহে তোমার সঙ্গে যাব ।
তোমার চরণ সঙ্গ পুন কাঁহা পাব ॥
ম্লেচ্ছ দেশ কেহো কাঁহা করয় উৎপাত ।
ভট্টাচার্য্য আর্য্য কহিতে না জানেন বাত ॥
শুনি মহাপ্রভু ঈষত হাসিতে লাগিলা ।
সেই দুইজন প্রভুর সঙ্গে চলি আইলা ॥
যেই যেই জন প্রভুর পাইব দর্শন ।
সেহো প্রেমে মত্ত নাচে করে কৃষ্ণ সংকীর্ত্তন ॥
তার সঙ্গে অন্য অন্য তার সঙ্গে আন ।
এই মত বৈষ্ণব কৈল সর্ব্ব গ্রাম ॥
দক্ষিন যাইতে প্রভু যৈছে শক্তি প্রকাশিলা ।
সেই মত পশ্চিম দেশ প্রেমে ভাসাইলা ॥
এই মত চলি প্রভু প্রয়াগ আইলা ।
দশ দিন ত্রিবেণীতে মকর স্নান কৈলা ॥
বৃন্দাবন গমন প্রভুর চরিত অনন্ত ।
সহস্র বদনে যার নাহি পায় অন্ত ॥
তাহা কে কহিতে পারে ক্ষুদ্র জীব হঞা ।
দিগদরশন কৈল সূত্র করিঞা ॥
অলোকিক লীলা প্রভুর অলোকিক রীতি ।
শুনিলেহো ভাগ্যহীনের নাহি প্রতীতি ॥

End :

নানাবিধ ভক্তজন　　হংস চক্রবাকগণ
যাতে সভে করেন বিহার ।
কৃষ্ণ কেলি সুমৃণাল　　যাহা পাই সর্ব্ব কাল
ভক্ত হংস করয়ে বিহার ॥
সেই সরোবর যাঞা　　হংসচক্র বাক হঞা
সদা তাহা করহ বিলাস ।
খণ্ডিব সকল দুঃখ　　পাইবে পরমসুখ
অনায়াসে হবে প্রেমোল্লাস ॥
এই অমৃত অনুক্ষণ　　সাধু মহান্ত মেঘগণ
বিশ্বোদ্যানে করে বরিষণ ।
তাতে ফলে প্রেমফল　　ভক্ত খায় নিরন্তর
তার শেষে জীয়ে জগজন ॥



378. চৈতন্য-চরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 6''$. Folia, 1-42, 44-96, 98, 102-106. Date, 1626 Saka (1705 A. D.). Lines 18 on a page. Incomplete. Place of find, Bankura.

Beginning:

জয় জয় গৌরচন্দ্র জয় কৃপাসিন্ধু।
জয় জয় শচীসুত জয় দীনবন্ধু ॥
জয় জয় নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র।
জয় জয় শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ॥
পূর্ব্বে কহিল আদি লীলার সূত্রগণ।
যাহা বিস্তারিয়াছেন দাস বৃন্দাবন ॥
অতএব তাহার আমি সূত্র মাত্র কৈল।
যে কিছু বিশেষ সূত্র মধ্যেই লিখিল ॥
এবে কহি শেষ লীলার মুখ্য সূত্রগণ।
প্রভুর অসংখ্য লীলা সম্যক না যায় বর্ণন ॥
তার মধ্যে যেই ভাগ দাস বৃন্দাবন।
চৈতন্য মঙ্গলে কৈল বিস্তারি বর্ণন ॥
সেই ভাগের সূত্র মাত্র এথাও লেখিব।
ইহাতে বিশেষ কিছু তাহা বিস্তারিব ॥
চৈতন্য লীলার ব্যাস দাস বৃন্দাবন।
চৈতন্য মঙ্গলে কৈল বিস্তারি বর্ণন ॥
ভক্তি করি শিরে ধরি তাঁহার চরণ।
শেষ লীলার সূত্রগণ করিএ বর্ণন ॥

Fol. 105 rev.

ষষ্ঠে সার্ব্বভৌমের করিল উদ্ধার।
সপ্তমে তীর্থ যাত্রা বাসুদেবের নিস্তার ॥
অষ্টমে রামানন্দ সম্বাদ বিস্তার।
আপনে শুনিল সব সিদ্ধান্তের সার ॥

নবমে কহিল দক্ষিণ তীর্থ ভ্রমণ।
দশমে কহিল সর্ব্ব বৈষ্ণব মীলন ॥
একাদশে শ্রীমন্দিরে বেড়া সংকীর্ত্তন।
দ্বাদশ গুণ্ডিচা মন্দির ক্ষালন মার্জ্জন ॥
ত্রয়োদশে রথ অগ্রে প্রভুর নর্ত্তন।
চতুর্দ্দশে হোরাপঞ্চমী যাত্রা দরশন ॥
তাহা মধ্যে ব্রজদেবীর ভাবের শ্রবণ।
প্রতাপরুদ্রেরে কৈল কৃপাবলোকন ॥
পঞ্চদশে ভক্তের গুণ শ্রীমুখে কহিল।
সার্ব্বভৌম ঘরে ভিক্ষা অমোঘ তারিল ॥
ষোড়শে বৃন্দাবন যাত্রা কৈল গৌড় পথে।
পুন নীলাচল আইলা নাটশালা হৈতে ॥
সপ্তদশে বন পথে মথুরা গমন।
অষ্টাদশে বৃন্দাবন বিহার বর্ণন ॥
ঊনবিংশে মথুরা হৈতে প্রয়াগ আগমন।
তাহি মধ্যে শ্রীরূপে শক্তিসঞ্চারণ ॥
বিংশতি পরিচ্ছেদে সনাতনে মীলন।
তাহা মধ্যে ভগবানের স্বরূপ বর্ণন ॥
একবিংশে কৃষ্ণৈশ্বর্য্য মাধুর্য্য বর্ণন।
দ্বাবিংশে দ্বিবিধ সাধন ভক্তি বিবরণ ॥

Colophon:

মহাজনকাব্য। ১০০৩।



379. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 14¼" × 4¼". Folia, 1-47, 50-167, 170-180. Lines 8-9 on a page. Appearance, about 250 years old. Incomplete. Place of find, Bankura?

Fol. 2 obv.

চব্বিশ বৎসর শেষে যেই মাঘমাস।
তার শুক্লপক্ষে প্রভু করিলা সৈন্যাস॥
সৈন্যাস করিয়া চব্বিশ বৎসর অবস্থান।
তাহা যেই লিলা তার শেষ লিলা নাম॥
শেষ লিলা মধ্য অন্ত্য দুই নাম হয়।
লিলা ভেদে বৈষ্ণবেরা সবনাম ভেদ কয়॥
তার মৈধ্যে ছয় বৎসর গমনাগমন।
নীলাচল গৌড় সেতুবন্ধ বৃন্দাবন॥
তাহা যেই লিলা তার মধ্য লিলা নাম।
তার পাছে লিলাঅন্ত্য লিলা অভিধান॥
আদিলিলা মধ্যলীলা অন্ত্যলীলা আর।
এবে মধ্যলিলার কিছু করিয়ে বিস্তার॥
অষ্টাদশ বর্ষ কৈল নিলাচলে স্থিতি।
আপনে আচরি লোকে সিখাইল প্রেমভক্তি॥

Fol. 38 obv.

উচ্চ করি করে সভে নাম সঙ্কির্ত্তন।
তৃতিয় প্রহরে হইল প্রভুর চেতন॥
হুঁকার করিয়া উঠি হরি ২ বোলি।
আনন্দে সার্ব্বভৌম নিল পদ ধুলি॥
সার্ব্বভৌম কহে সিঘ্র করহ মধ্যাহ্ন।
মুঞি ভিক্ষা দিব আজি মহাপ্রসাদান্ন॥
সমুদ্র স্নান করি প্রভু শিঘ্র আইলা।
বহুত প্রসাদ সার্ব্বভৌমে আনাইলা॥
সুবর্ণ থালিতে অন্ন উত্তম ব্যঞ্জন।
ভক্তগণ সঙ্গে প্রভু করেন ভোজন॥
সার্ব্বভৌম পরিবেশন করেন আপনে।
প্রভু কহে মোরে দেহ লাফরাব্যঞ্জনে॥
পিঠাপানা দেহ তোমি ইহ সভাকরে।
তবে ভট্টাচার্য্য কহে যুড়ি দুই করে॥

End:

মথুরা মাহিত্য শাস্ত্র সংগ্রহ করিয়া।
লুপ্ততির্থ প্রকট করে বনেত ভ্রমিয়া॥
এই মত সনাতন বৃন্দাবনেতে রহিলা।
রূপ গোসাঞি দুই ভাই কাশিতে আইলা॥
মহারাষ্ট্রি দ্বিজশেখর মিশ্র তপন।
তিনজন সহ শ্রীরূপ করিল মিলন॥
শেখরের ঘরে বাসা মিশ্র ঘরে ভিক্ষা।
মিশ্রঘরে শুনে সনাতন প্রভুর শিক্ষা॥
কাশিতে প্রভুর চরিত শুনি তিনের মুখে।
সন্নাসিরে কৃপা শুনি পাইলা বড় সুখে॥
মহাপ্রভুর উপর লোকের প্রণতি দেখিয়া।
সুখি হৈলা লোক (মুখে কীর্ত্তন শুনিঞা)॥

---

380. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 13¾" × 4¼". Folia, 1-188. Lines 10 on a page. Appearance, about 200 years old. Complete. Place of find, Bankura.

Fol. 4 obv.

সন্নাস করি চব্বিশ বৎসর কৈল যে যে কর্ম্ম।
অনন্ত অপার তার কে জানিবে মর্ম্ম॥
উদ্দেশ করিতে করি দিগ দরশন।
মুখ্য ২ লীলা সূত্রে করিয়ে গণন॥
প্রথম সূত্র প্রভুর সন্নাস করন।
তবে ত চলিলা প্রভু শ্রীবৃন্দাবন॥



প্রেমে বেকুল বাড়ে নাহিক স্মরণ।
তিন দিন কৈল রাঢ় দেশে ভ্রমণ॥
নিত্যানন্দ প্রভু মহাপ্রভু ভুলাইয়া।
গঙ্গাতির লৈঞা আইলা যমুনা বলিয়া॥
শান্তিপুরে আচার্য্যের গৃহে আগমন।
প্রথম দিনা কৈল তাহা রাত্রি সংকীর্ত্তন॥
মাতা ভক্তগণের তাহা করিল মিলন।
সর্ব্ব সমাধানে করিল নীলাদ্রি গমন॥
পথে নানা লীলা নানা দেব দরশন।
মাধবপুরীর কথা গোপাল স্থাপন॥
ক্ষীর চুরীর কথা সাক্ষী গোপাল বিবরণ।
নিত্যানন্দ কৈল প্রভুর দণ্ড ভঞ্জন॥
ক্রুদ্ধ হঞা একা গেলা জগন্নাথ দেখিতে।
দেখিঞা মূর্চ্ছিত হঞা পড়িলা ভূমিতে॥

Fol. 112 obv.

প্রভু কহে বৈষ্ণব সেবা নাম সংকীর্ত্তন।
দুই করিলে শীঘ্র পাও শ্রীকৃষ্ণচরণ॥
তেঁহো কহে কে বৈষ্ণব কি তার লক্ষণ।
তবে হাসি প্রভু কহে জানি তার মন॥
কৃষ্ণ নাম নিরন্তর যাহার বদনে।
সেই বৈষ্ণব শ্রেষ্ঠ ভজ তাহার চরণে॥
বর্ষান্তরে পুন তারা ঐছে প্রশ্ন কৈল।
বৈষ্ণবের তারতম্য প্রভু শিখাইল॥
যাহার দর্শনে মুখে আইসে কৃষ্ণনাম।
তাহারে জানিহ তুমি বৈষ্ণব প্রধান॥
ক্রম করি প্রভু কহে বৈষ্ণব লক্ষণ।
বৈষ্ণব বৈষ্ণবতর আর বৈষ্ণবতম॥
এই মত সব বৈষ্ণব গৌড়েরে চলিল।
বিদ্যানিধি সে বৎসর নীলাদ্রি রহিল॥

End:

শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আর ভক্তবৃন্দ
আর যত শ্রোতাভক্তগণ।
তোমা সবার শ্রীচরণ করি শিরে ভূষণ
যাহা হৈতে অভীষ্ট পূরণ॥
শ্রীরূপ সনাতন রঘুনাথজীব চরণ
শিরে ধরিঞা করোঁ আশ।
কৃষ্ণ লীলামৃতান্বিত চৈতন্য চরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস॥

---

381. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; $13\frac{3}{4}'' \times 4\frac{1}{4}''$. Folia, 1, 3-5, 7-13, 18, 26-38, etc. Lines 10-11 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 38 obv.

ঈশ্বরের শ্রীবিগ্রহ সচ্চিদানন্দ আকার।
সে বিগ্রহে কহ সত্ত্বগুণের বিকার॥
যে বিগ্রহ না মানে সেইত পাষণ্ডি।
অস্পৃশ্য অদৃশ্য সেই হএ যমদণ্ডী॥
বেদ না মানিঞা বৌদ্ধ হএত নাস্তিক।
বেদাশ্রয় নাস্তীক বাদ বৌদ্ধকে অধিক॥
জীবের নিস্তার লাগি সূত্র কৈল ব্যাস।
মায়াবাদি ভাষ্য শুনিলে হ[য়] সর্ব্বনাশ॥
পরিণাম বাদ ব্যাস সুত্রের সম্মত।
অচিন্ত্য শক্তি ঈশ্বর জগদ্রূপে পরিণত॥
মণি যৈছে অবিকৃত প্রসবে হেম ভার।
জগদ্রূপ হএ ঈশ্বর তভু অবিকার॥
ব্যাস ভ্রান্ত বলি সেই সূত্রে দোষ দিঞা।
বিবর্ত্ত বাদ স্থাপিঞাছে কল্পনা করিঞা॥
জীবের দেহে আত্মবুদ্ধি সেই মিথ্যা হয়।
জগত যে মিথ্যা নহে নশ্বর মাত্র হয়॥



প্রণব যে মহাবাক্য ঈশ্বরের মূর্ত্তি।
প্রণব হৈতে সর্ব্ব বেদ জগত উৎপত্তি॥
তত্ত্বমসী জীব হেতু প্রাদেশিক বাক্য।
প্রণব না মানি তারে কহি মহাবাক্য॥
এই মত কল্পনা ভাষ্যে শত দোষ দিল।
ভট্টাচার্য্য পূর্ব্ব পক্ষ অনেক করিল॥
বিতণ্ডা ছল নিগ্রহাদি অনেক উঠাইল।
সব খণ্ডি প্রভু নিজ মত সে স্থাপিল॥
ভগবান সম্বন্ধ ভক্তি অভিধেয় হএ।
প্রেম প্রয়োজন বেদে তীন বস্তু কহে॥
আর যে যে কিছু কহে সকল কল্পনা।
স্বত প্রমান বেদ বাক্য কল্পেন লক্ষণা॥
আচার্য্যের দোষ নাহি ঈশ্বর আজ্ঞা হৈল।
অতএব কল্পনা করি নাস্তিক শাস্ত্র কৈল॥

End:

ভক্তি প্রবর্ত্তন করেন ব্রজেন্দ্র নন্দন।
প্রেমে নাচে গাএ লোক করএ কীর্ত্তন॥
পূর্ব্ববত লিখি যবে গুণাবতারগণ।
অসংখ্য সংখ্যা তার এই ত গনন॥
শুনি ভঙ্গি করি তারে পুছেন সনাতন।
রাজ মন্ত্রি সনাতন বুদ্ধে বৃহস্পতি॥
প্রভুর কৃপাতে পুছে অসঙ্কোচমতি।
অতি ক্ষুদ্র জীব মুঞি নীচ নীচাচার॥
কেমতে জানিব কলিতে কোন অবতার।
প্রভু কহেন অন্যাবতার শাস্ত্রের দ্বারে জানি॥
কলি অবতার তৈছে শাস্ত্র দ্বারে মানি।
সর্ব্বজ্ঞমুনির বাক্য শাস্ত্র প্রমান।
আমা সভা জীবের হয় শাস্ত্রে জ্ঞান।

---

382. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYACARITĀMṚTA—MADHYAKHAṆḌA.

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 13½" × 4¼". Folia, 49-58. Lines 11-12 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 49 obv.

প্রেমের পরম সার মহাভাব জানি।
সেই মহাভাবরূপা রাধা ঠাকুরাণী॥
প্রেমের স্বরূপ দেহ প্রেমে বিভাবিত।
কৃষ্ণের প্রেয়সিনি শ্রেষ্ঠা জগতে বিদিত॥
সেহো মহাভাব হএ চিন্তামণি সার।
কৃষ্ণ বাঞ্ছা পূর্ণ করে এই কার্য্য তার॥
মহাভাব চিন্তামণি রাধার স্বরূপ।
ললিতাদি সখি তার কায়ব্যুহ রূপ॥
রাধা প্রতি কৃষ্ণ স্নেহ সুগন্ধি উদ্বর্ত্তন।
তাতে অতি সুগন্ধি দেহ উজ্জল বরন॥
কারুণ্যামৃত ধারায় স্নান প্রথম।
তারুণ্যামৃত ধারায় স্নান মধ্যম॥
লাবণ্যামৃত ধারায় তদুপরি স্নান।
নিজলজ্জা শ্যাম পট্টশাড়ি পরিধান॥
কৃষ্ণ অনুরাগ দ্বিতিয় রক্ত বসন।
প্রণয় মান কঞ্চুলিকায় বক্ষ আচ্ছাদন॥
সৌন্দর্য্য কুঙ্কুম সখি প্রণয় চন্দন।
স্মিত কান্তি কর্পূর তিনে অঙ্গ বিলেপন॥
কৃষ্ণের উজ্জল রস মৃগমদ ভর।
সেই মৃগ মদে তোর চিত্র কলেবর॥
প্রচ্ছন্ন মান বাম্য ধম্মিল্ল বিন্যাস।
ধিরা ধীরাত্মক গুন অঙ্গে পটবাস॥
তাম্বুল রাগে রক্ত অধর উজ্জল।
প্রেম কৌটি নেত্র যুগলে কজ্জল॥



Fol. 58 rev.

কৃষ্ণ নারায়ণ যৈছে একোহি স্বরূপ।
গোপী লক্ষ্মী ভেদ নাহি হয় একরূপ॥
গোপী দ্বারে লক্ষ্মী করে কৃষ্ণ সঙ্গাস্বাদ।
ঈশ্বরত্বে ভেদ মানি হেয় অপরাধ॥
একোই ঈশ্বর ভক্তের ধ্যান অনুরূপ।
একোই বিগ্রহে করে নানাকাররূপ॥
ভট্ট কহে কাহা আমি জিব পাম্মর।
কাহা তুমি সেই কৃষ্ণ সাক্ষাৎ ঈশ্বর॥
অগাধ ঈশ্বর লিলা কিছুই না জানি।
তুমি যেই কহ সেই সত্য করি মানি॥

---

383. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYACARITĀMṚTA—MADHYAKHAṆḌA.

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper ; 14" × 5". Folia, 43, 45-54, 57-64. Lines 11-14 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 43 obv.

গোদাবরী দেখি হৈলা যমুনা স্মরণ।
তীরে বন দেখি স্মৃতি হৈলা বৃন্দাবন॥
সেই বনে কথোক্ষণ করি নৃত্যগান।
গোদাবরী পার হঞা কৈল তাঁহা স্নান॥
ঘাট ছাড়ি কথোদূরে জল সন্নিধানে।
বসি প্রভু করে কৃষ্ণ নাম সংকীর্ত্তনে॥
হেন কালে দোলায় চড়ি রামানন্দ রায়।
স্নান করিবারে আইল বাজনা বাজায়॥
তাঁর সঙ্গে আইলা বহু বৈদিক ব্রাহ্মণ।
বিধি মত কৈল তিঁহো স্নান তর্পণ॥

প্রভু তাঁরে দেখি জানিল এই রাম রায়।
তাঁহারে মিলিতে প্রভুর মন উঠি যায়॥
তথাপি ধৈর্য্য করি প্রভু রহিলা বসিঞা।
রামানন্দ রায় আইলা অপূর্ব্ব সন্ন্যাসী দেখিঞা॥
সূর্য্যশত সমকান্তি অরুণ বসন।
সুবলিত প্রকাণ্ড দেহ পদ্ম লোচন॥
দেখিতে রায়ের মনে হইল চমৎকার।
আসিঞা করিল দণ্ডবৎ নমস্কার॥
উঠি প্রভু কহে উঠ কহ কৃষ্ণ কৃষ্ণ।
তাঁরে আলিঙ্গিতে প্রভুর হৃদয় সতৃষ্ণ॥
তথাপি পুছিল তুমি রায় রামানন্দ।
তিঁহো কহেন সেই হঙ দাস শূদ্রমন্দ॥
তবে প্রভু কৈল তাঁরে দৃঢ় আলিঙ্গন।
প্রেমাবেশে প্রভু ভৃত্য দোহেঁ অচেতন॥
দোঁহা আলিঙ্গিঞা দোহে ভূমিতে পড়িলা।
স্তম্ভ স্বেদ অশ্রু কম্প পুলক বৈবর্ণ।
দোঁহার মুখে শুনি গদ গদ কৃষ্ণবর্ণ।
দেখিঞা ব্রাহ্মণগণের হইল চমৎকার।
বৈদিক ব্রাহ্মণ সব করেন বিচার॥

fol. 64 rev.

শ্রীবাসাদি কৈল প্রভুর চরণ বন্দন।
প্রত্যেকে করিলা প্রভু প্রেম আলিঙ্গন।
একে ২ সব ভক্তে কৈল সম্ভাষণ।
সভা লঞা অভ্যন্তরে করিলা গমন॥
মিশ্রের আবাস সেই হয় অল্পস্থান।
অসংখ্য বৈষ্ণব সব হইলা পরিমাণ॥
আপন নিকটে প্রভু সভাকে বসাইলা।
আপনে শ্রীহস্তে সভায় মালা চন্দন দিলা॥
ভট্টাচার্য্য আচার্য্য দোহেঁ আইলা প্রভু স্থানে।
যথাযোগ্য মীলন করিলা সভাসনে॥
অদ্বৈতেরে কহেন প্রভু বিনয় বচনে।
আমি আজি পূর্ণ ২ হৈলাঙ তোমার আগমনে।
অদ্বৈত কহেন ঈশ্বরের এই স্বভাব হয়।
যদ্যপি আপনে পূর্ণ সর্ব্বৈশ্বর্য্যময়॥



384. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড, ৪র্থ পরিচ্ছেদ।

CAITANYACARITĀMṚTA—MADHYKHANḌA, CATURTHA PARICCHEDA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 13¾ × 4¼ inches. Folia, 1-7. Lines 9-11 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Beginning :

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ।
অদ্বৈত চন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥
নিলাদ্রি গমন জগন্নাথ দরশন।
সার্ব্বভৌম ভট্টাচার্য্যের প্রভুর মিলন॥
এসকল লিলা শ্রীবৃন্দাবন দাস।
বিস্তারি করিয়াছেন উত্তম প্রকাশ॥
সহজে বিচিত্র মধুর চৈতন্য বিহার।
বৃন্দাবন দাস মুখে অমৃতের ধার॥
অতএব তাহা বর্ণনে হয়ে পুন উক্তি।
দম্ভ করি বর্ণি যদি নাহি ঐছে শক্তি॥
চৈতন্য মঙ্গলে যেছো করিল বর্ণন।
সুত্ররূপে সেই লিলা করি যে সুচন॥
তার সুত্রে আছে তাহা যেছো না কৈল বর্ণন।
যথা কথঞ্চিত করি সে লিলার কথন॥
অতএব তাঁর পায়ে করি নমস্কার।
তাঁর পাএ অপরাধ না হউক আমার॥
এই মতে মহাপ্রভু চলিলা নিলাচলে।
চারিভক্ত সঙ্গে কৃষ্ণ কির্ত্তন কুতুহলে॥
ভিক্ষা লাগি এক দিন এক গ্রামে গিয়া।
আপনে বহুত অন্ন আনিল মাগিয়া॥
পথে বড় ২ দানে বিঘ্নি নাহি করে।
তা সবার কৃপা করি আইলা রেমুনারে॥
রেমুনাতে গোপীনাথ পরম মোহন।
ভক্তি করি কৈল প্রভু তাঁর দরশন॥
তার পাদপদ্ম নিকটে প্রণাম করিতে।
তাঁর পুষ্প চুড়া পড়িল প্রভুর মাথাতে॥
চুড়া পাএয়া প্রভু মনে আনন্দিত হৈইলা।
বহু গিত নিত্য কৈল ভক্তগণ লঞা॥

End.

লোকের সংঘট্ট দেখি প্রভুর বাহ্য হৈল।
ভক্তগনে খাওয়াইতে পক্ষভির লইল॥
সাত্ত্বিকের পুজারিকে বাহুড়িয়া দিল।
পক্ষভির পক্কজনে বাঁটিয়া খাইল॥
গোপীনাথ যেরূপে অমৃতী করিয়াছেন ভোজন।
ভক্তি দেখাইতে প্রসাদ করিল ভক্ষন॥
নাম সংকির্ত্তন সেই রাত্রে গোঙাইয়া।
প্রভাতে চলিলা মঙ্গল আরতি দেখিঞা॥
এই মত আখ্যান করি গৌরার মহিমা।
প্রভুর ভক্ত বাৎসল্য আর ভক্ত প্রেম সীমা॥
গোপাল গোপীনাথ পুরি গোসাঞির গুনগণ।
ভক্ত সঙ্গে শ্রীমুখে প্রভু করে আস্বাদন॥
শ্রদ্ধাযুক্ত হৈয়া ইহা শুনে যেই জন।
শ্রীকৃষ্ণচরণে সেই পায় প্রেমধন॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আস।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Clophon.

ইতি চৈতন্যচরিতামৃতে মধ্য খণ্ডে মাধব পুরি চরিতামৃতাস্বাদনং নাম চতুর্থ পরিচ্ছেদ।

—



385. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYACARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA,

Substance, country-made paper; $13\frac{1}{2} \times 4\frac{1}{2}$ inches. Folia 6-13. Lines 10 on a page. Appearance about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 7 obv.

আপনার মাধুর্য্য হরে আপনার মন।
আপনে আপনা চাহে করিতে আলিঙ্গন॥
এই ত সংক্ষেপে কহিল কৃষ্ণের স্বরূপ।
কহিয়ে সংক্ষেপ কিছু রাধা তত্ত্বরূপ॥
কৃষ্ণের অনন্ত শক্তি তাথে তিন প্রধান।
চিচ্ছক্তি মায়া শক্তি জীব শক্তি নাম॥
অন্তরঙ্গা বহিরঙ্গা তটস্থা কহি যারে।
অন্তরঙ্গা স্বরূপ শক্তি সভার উপরে॥
সৎ চিৎ আনন্দ তত্ত্ব কৃষ্ণের স্বরূপ।
অতএব স্বরূপ শক্তি হয় তিনরূপ॥
আনন্দাংশে আহ্লাদিনী সদংশে সন্ধিনী।
চিদংশে সম্বিত যারে কৃষ্ণজ্ঞান মানী॥
কৃষ্ণকে আহ্লাদে তাথে নাম আহ্লাদিনী।
সেই শক্তি দ্বারে সুখ আস্বাদে আপনী॥
সুখরূপ কৃষ্ণ করে সুখ আস্বাদন।
ভক্তগণে সুখ দিতে হ্লাদিনী কারণ॥
হ্লাদিনীর সার অংশ তার প্রেম নাম।
আনন্দ চিন্ময় রস প্রেমের আখ্যান॥
প্রেমের পরম সার মহাভাব জানী।
সেই মহাভাবরূপা রাধা ঠাকুরাণি॥
সেই মহাভাব হয় চিন্তামনি সার।
কৃষ্ণ বাঞ্ছা পূর্ণ করে এই কার্য্য তার॥
মহাভাব চিন্তামনি রাধার স্বরূপ।
ললিতাদি সখি তার কায়ব্যূহরূপ॥
রাধা প্রতি কৃষ্ণ স্নেহ সুগন্ধি উদ্বর্তন।
তাথে অতি সুগন্ধি দেহ উজ্জ্বল বরণ॥
কারুণ্যামৃত ধারায় স্নান প্রথম।
তারুণ্যামৃত ধারায় স্নান মধ্যম॥

End:

চৈতন্যের গূঢ়তত্ত্ব জানি ইহা হৈতে।
বিশ্বাস করিয়া শুন তর্ক না করিহ চিত্তে।
অলৌকিক লীলা এই পরম নিগূঢ়।
বিশ্বাসে পাই যে ইহা তর্কে বহুদূর॥
শ্রীচৈতন্য নীত্যানন্দ অদ্বৈত চরণ।
যাহার সর্ব্বস্ব তারে মিলে এই ধন॥
রামানন্দ রায়ে মোর কোটি নমস্কার।
যার মুখে কৈল প্রভু রসের বিস্তার॥
দামোদর স্বরূপের কড়চা অনুসারে।
রামানন্দ মিলন লীলা করিল প্রচারে॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আস।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি শ্রীচৈতন্য চরিতামৃতে মধ্যখণ্ডে রামানন্দ সম্বাদ নামাষ্টমোপরিচ্ছেদ।



386. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

১ম-১০ম পরিচ্ছেদ

CAITĀNYACARITĀMṚTA MADHYAKHAṆḌA,

1-10 PARICCHEDA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 13¼" × 4¼". Folia, 1-61, 62 obv. Lines 11-12 in a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

fol. 13 rev.

তুমি তা সভার নিকট আইলা গৌর হরি।
হরি বোল বলেন তার শিরে হস্ত ধরি॥
তা সভারে স্তুতি করেন, তোমরা ভাগ্যবান।
কৃতার্থ করিলে মোরে শুনাঞা হরি নাম॥
আগে তা সভারে আনি ঠাকুর নিত্যানন্দ।
শিখাইল সভাকারে করিয়া আনন্দ॥
বিন্দাবন পথপ্রভু পুছেন তোমারে।
গঙ্গাতিরের পথ দেখাঞা দিহ তারে॥
তবে প্রভু বলিলেন শুন শিশুগণ।
কহ দেখি কোন পথে যাব বিন্দাবন॥
শিশু সব গঙ্গাতিরের পথ দেখাইল।
সেই পথে আবেসে প্রভু গমন করিল॥
আচার্য্য-রত্নেরে কহে নিত্যানন্দ গোসাঞি।
শিঘ্র যাহ তুমি অদ্বৈত আচার্য্যের ঠাঞি॥
প্রভু লয়ে যাব আমি তাঁহার মন্দিরে।
সাবধানে রহে যেন নৌকা লঞা তিরে।
তবে নবদ্বিপে তুমি করহ গমনে।
শচি লহ লঞা আইস সব ভক্তগণে॥
তারে পাঠাইঞা নিত্যানন্দ মহাসয়।
মহাপ্রভু আগে আসি দিলা পরিচয়॥
প্রভু কহে শ্রীপাদ তোমার কাঁহাকে গমন।
শ্রীপাদ কহে তোমার সঙ্গে যাব বিন্দাবন॥
গোসাঞি কহে কতদূর আছে বিন্দাবন।
তেঁহ কহে কর এই যমুনা দরশন॥
এত বলি আনিলা তাঁরে গঙ্গা সন্নিধানে।
আবেসে প্রভুর গঙ্গায় হৈল যমুনা জ্ঞানে॥
অহো ভাগ্য যমুনার পাইলাম দরশন।
এত বলি যমুনার করিলা স্তবন॥

End:

(চৈঃ চঃ মধ্য—১০ পরিঃ)

হেন কালে আইলা তথা ভবানন্দ রায়।
চারি পুত্র সঙ্গে পড়ে মহাপ্রভুর পায়॥
সার্ব্বভৌম কহে এই রায় ভবানন্দ।
ইহার প্রিয়তম পুত্র রায় রামানন্দ॥
তবে মহাপ্রভু তারে কৈল আলিঙ্গন।
স্তুতি করি কহে রামানন্দ বিবরণ॥
রামানন্দ হেন রত্ন যাহার তনয়।
তাহার মহিমা লোকে কহিতে না হয়॥
সাক্ষাত পাণ্ডব তুমি তোমার পত্নি কুন্তি।
পঞ্চ পাণ্ডব তোমার পঞ্চ পুত্র মহামতি।
রায় কহে শূদ্র আমি বিষয় অধম।
তবে তুমি স্পর্শ এই ঈশ্বর লক্ষণ॥
নিজ গ্রেহ বিত্ত ভৃত্য পঞ্চ পুত্র সনে।
আত্মা সমর্পিল প্রভু তোমার চরণে॥



387. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYACARITĀMṚTA MADHYA KHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper, 13¼" × 4¼". Folia, 7-24, 25-75. Lines 10 in a page. Appearance, mouse-eaten, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 7 obv.

(চৈঃ চঃ মধ্য—১ম পরিচ্ছেদ)

জগাই মাধাই হৈতে মোঞি কোটি গুন।
অধম পতিত্ত পাপি মুঞি দুই জন॥
ম্লেচ্ছ জাতি ম্লেচ্ছ সেবা করি ম্লেচ্ছ কর্ম্ম।
গো ব্রাহ্মন দ্রোহির সঙ্গে সদা মোর সঙ্গ॥
মোর কর্ম্ম মোর হাথে গলাতে বান্ধিঞা।
কুবিসয় বিষ্ঠা গর্ত্তে দিয়াছে ফেলাইয়া॥
আমা উদ্ধারিতে বলি নাহি ত্রিভুবনে।
পতিত পাবন তুমি সবে তোমা বিনে॥
আমা উদ্ধারিয়া জদি দেখাও নিজ বল।
পতিত পাবন নাম তবে সে সকল॥
মোরে দয়া করি কর স্বদয়া সফল।
অখিল ব্রহ্মাণ্ড দেখুক তোমার দয়াবল॥

* * * *

আপনা অজোগ্য দেখি মনে পাঙ ক্ষোভ।
তথাপি তোমার গুণে উপজায় লোভ॥
বামন জেমন চান্দ ধরিতেই ইচ্ছা করে।
তৈছে এই বাঞ্ছা মোর উঠয়ে অন্তরে॥

Fol. 75. obv.

দুই জন হই তোমার দাস আজ্ঞাকারি।
যেই চাহ সেই আজ্ঞা দেহ কৃপা করি॥
এত বলি দুই জন বিদায় করিল।
গোপীনাথ বাণিনাথ দুই সঙ্গে নিল॥
গোপি নাথ দেখাইল সভার বাসাঘর।
বাণী স্থানে দিল লঞা প্রসাদ বিস্তর॥
বানিনাথ আইলা ঘর পিঠাপানা লঞা।
গোপীনাথ আইলা ঘর সংস্কার করিঞা॥
মহাপ্রভু মেলেন শুন বৈষ্ণব গণ।
নিজ ২ স্থানে সভে করহ গমন॥
সমুদ্র স্নান করি কর চুড়া দরশন।
তবে ইহা আসি সভে করিহ ভোজন॥
প্রভু ন[ম]স্করি সভে বাসারে চলিলা।
গোপীনাথ আচার্য্য সভারে বসি স্থান দিলা॥
তবে মহাপ্রভু আইলা হরিদাস মিলনে।
হরিদাস করেন প্রেমে নাম সংকীর্ত্তনে॥
প্রভু দেখি পড়ে আগে দণ্ডবৎ হঞা।
প্রভু আলিঙ্গন কৈল তাহারে উঠাইঞা॥
দুই জনে প্রেমাবেসে করেন ক্রন্দনে।
প্রভুগুনে ভৃত্য কান্দে প্রভু ভৃত্য গুনে॥
হরিদাস কহে প্রভু না ছুইহ মোরে।
মুঞি নিচ অস্পৃশ্য পরম পামরে॥
প্রভু কহে তোমা স্পর্শি পবিত্র হইতে।
তোমা জেন পবিত্রতা নাহিক আমাতে॥
ক্ষনে ক্ষনে কর তুমি সর্ব্ব তীর্থে স্নান।
ক্ষনে ক্ষনে কর তুমি যজ্ঞ তপ দান॥



388. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CAITANYACARITĀMṚTA MADHYAKHAṆḌA.

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 13¼″ × 4¼″. Folia, 8-13. Lines 11-14 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 obv.

দুইজনে প্রভু কৃপা দেখি ভক্তগণে ।
হরি ২ বলে সভে আনন্দিত মনে ॥
নিত্যানন্দ হরিদাস শ্রীবাস গদাধর ।
মুকুন্দ জগদানন্দ মুরারি বক্রেশ্বর ॥
সভার চরণ ধরি পড়ে দুই ভাই ।
সভে বলে ধন্য তুমি পাইলে গোসাঞি ॥
সভা পাই আজ্ঞা লঞা চলার সময় ।
প্রভু পদে কহে কিছু করিঞা বিনয় ॥
ইহাঁ হৈতে চল তুমি ইহাঁ নাহি কাজ ।
যদ্যপি তোমারে ভক্তি করে গৌড়রাজ ॥
তথাপি যবন জাতি না করি প্রতিত ।
বন যাত্রায় এত সংঘট ভাল নহে রিত ॥
যাঁহা এই সঙ্গে চলে লোক কোটি ২ ।
বৃন্দাবন যাবার এই নহে পরিপাটি ॥
যদ্যপি বস্তুত প্রভু নাহি কিছু ভয় ।
তথাপি লৌকিক চেষ্টা লোক লাজ ভয় ॥
এত বলি চরণ বন্দি গেলা দুইজন ।
সেই গ্রাম হৈতে প্রভু কৈলা আগমন ॥
প্রাতে চলি আইলা কানাঞির নাটশালা ।
দেখিল সকল তাঁহা কৃষ্ণচরিত্র লিলা ॥

Fol. 13 obv.

কহিবার কথা নহে   কহিলে কেহো না বুঝয়ে
  ঐছে চিত্র চৈতন্যের রঙ্গ ।
সেই সে বুঝিতে পারে   চৈতন্যের কৃপা যারে
  হই তার দাস দাসের সঙ্গ ॥
চৈতন্যলিলা রত্ন সার   স্বরূপের ভাণ্ডার
  তিঁহো থুইলা রঘুনাথের কণ্ঠে ।
তাঁর কিছু যে শুনিল   তাহা এই বিবরিল
  ভক্তগণে দিল এই ভেটে ॥
যদি কেহো হেন কয়   গ্রন্থ কৈল শ্লোকময়
  ইতরজন নারিবে বুঝিতে ।
প্রভুর যে আচরণ   সেই করি বর্ণন
  সর্বচিত্ত নারি আরাধিতে ।
নাহি কাহাঁ সবিরোধ   নাহি কাহাঁ অনুরোধ
  সহজ বস্তু করি বিবরণ ।
যদি হয় রাগোদ্দেশ   তাঁহা হয় আবেশ
  সহজ বস্তু না যায় লিখন ॥

---

389. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CAITANYACARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 14 × 4¾. inches. Folia, 9-10. 14-27. Lines 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 9. obv.

মোরে কেনে পুছ রাজা পুছ আপন মন ।
তুমি নরাধিপ হও বিষ্ণু অংশসম ॥
তোমার চিত্তে চৈতন্য কৈছে হয় জ্ঞান ।
তোমার চিত্তে যেই লয় সেই ত প্রমান ॥
রাজা কহে শুন মোর মনে যেন লয় ।
সাক্ষাত ঈশ্বর ইহোঁ নাহিক সংশয় ॥
এত কহি রাজা গেলা নিজ অভ্যন্তর ।
মধির আপনার আইলা বাসাঘর ॥



ঘরে আসি দুই ভাই যুকতি করিয়া ।
প্রভুকে দেখিবারে যায় বেশ লুকাইয়া ॥
অর্দ্ধ রাত্রে দুই ভাই আইলা প্রভু স্থানে ।
প্রথমে মিলিলা হরিদাস নিত্যানন্দ সনে ॥
তাহারা জানাইল দুইজন প্রভুকে ।
রূপ সাকরমল্লিক আইল তোমা মিলিবারে ॥
দুই গোছ তৃণ দোঁহে দশনে ধরিয়া ।
গলে বস্ত্র বান্ধি পড়ে দণ্ডবৎ হঞা ॥
দৈন্য রোদন করে আনন্দ বিহ্বল ।
প্রভু কহে উঠ ২ হইল মঙ্গল ॥
উঠি দুই ভাই দোঁহে দন্তে তৃণ ধরি ।
দৈন্য করি স্তুতি করে দুই হাত যুড়ি ॥

17 rev.

আচার্য্য রত্নেরে কহে নিত্যানন্দ গোসাঞি ।
শিঘ্র যাহ তুমি অদ্বৈত আচার্য্যের ঠাঞি ॥
প্রভু লয়্যা যাব আমি তাহার মন্দিরে ।
সাবধানে রহে যেন নৌকা লয়্যা তিরে ॥
তবে নবদ্বীপে তুমি করহ গমন ।
শচি সহ লয়্যা আইসহ সর্ব্ব ভক্তগণ ॥
তবে পাঠাইয়া নিত্যানন্দ মহাশয় ।
মহাপ্রভুর আগে আসি দিল পরিচয় ॥
প্রভু কহে শ্রীপাদ তোমার কাহাকে গমন ।
শ্রীপাদ কহে তোমার সঙ্গে যাব বৃন্দাবন ॥

---

390. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CHAITANYACARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper ; 14" × 4½". Folia, 11-13, 17-48, 49. Lines 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

fol. 11 obv.

নিলাচল দেখি প্রেমে হইলা অস্থির ।
বলভদ্র কৈল তারে মথুরা বাহির ॥
গঙ্গাতির পথ লঞা প্রয়াগে আইলা ।
শ্রীরূপ আসি প্রভুকে তাহাই মিলিলা ॥
শ্রীরূপ শিক্ষা দিঞা পাঠাইল বৃন্দাবন ।
আপনে করিল তবে কাশিকে গমন ॥
কাশিতে প্রভুকে মিলি সনাতন ।
দুই মাস তারে প্রভু করাইল শিক্ষণ ॥
মথুরা পাঠাইল তারে দিঞা ভক্তি বল ।
সন্ন্যাসিকে কৃপা করি গেলা নিলাচল ॥
ছয় বর্ষ ঐছে প্রভু করিল বিলাস ।
বক্রেশ্বর দামোদর শঙ্কর হরিদাস ॥
জগদানন্দ ভবানন্দ গোবিন্দ কাশিশ্বর ।
পরমানন্দ পুরি আর স্বরূপ দামোদর ॥
এই সব প্রভু সঙ্গে নিত্য কৈল স্থিতি ।
ক্ষেত্র বাসি রামানন্দ রায় প্রভৃতি ॥
অদ্বৈত নিত্যানন্দ মুকুন্দ শ্রীনিবাস ।
বিদ্যানিধি বাসুদেব মুরারি আর কত দাস ॥
প্রতি বর্ষ আইসে সঙ্গে রহে চারি মাস ।
তাহা সভা লয়্যা প্রভু বিবিধ বিলাস ॥

End :

সার্ব্বভৌম সঙ্গে মোর মন নির্ম্মল হইল ।
কৃষ্ণভক্তি তত্ত্ব কহ তাহারে পুছিল ॥



ছিতো কহেন আমি নাহি জানি কৃষ্ণকথা।
সবে রামানন্দ জানেন তিঁহো নাহি এথা॥
তোমার ঠাঞি আইলাঙ তোমার মহিমা
শুনিঞা।
তুমি আমার স্তুতি কর সন্ন্যাসি জানিঞা॥
কিবা ন্যাসি কিবা শূদ্র কিবা বিপ্র কেন নয়।
সেই যন কৃষ্ণ বেত্তা সেই গুরু হয়॥
সন্ন্যাসী করিঞা মোরে না কর বঞ্চন।
রাধাকৃষ্ণ তত্ত্ব কহি পূর্ণ করাও মন॥
যদ্যপি রায় প্রেমি মহা ভাগবতে।
তার মন কৃষ্ণের মায়ায় নারে আচ্ছাদিতে॥
তথাপি প্রভুর ইচ্ছা পরম প্রবল।
জানিলেহো রায়ের মন করে টলমল॥
রায় কহে আমি নট তুমি সূত্রধারে।
যৈছে নাচাও তৈছে নাহি নাচি করে॥
মোর বিনা যন্ত তুমি বিনা ধারি।
তোমার মনে যেই তাহি মোর বোলি॥
ঈশ্বর পরম কৃষ্ণ স্বয়ং ভগবান।
সর্ব্ব অবতারি সর্ব্ব কারন প্রধান॥
অনন্ত বৈকুণ্ঠ আর অনন্তাবতার।
অনন্ত ব্রহ্মাণ্ডে ইহা সভার আধার॥
সচ্চিদানন্দতনু ব্রজেন্দ্র নন্দন।
সর্ব্বৈশ্বর্য্য সর্ব্বশক্তি সর্ব্বমাধুর্য্যপূর্ণ॥

---

391. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYACARITĀMṚTA MADHYAKHAṆḌA

BY

KṚṢṆADĀSA.

Substance, country-made paper; 16" × 5¼". Fol. 1-122. Lines 12 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Beg:

জয় জয় গৌরচন্দ্র জয় কৃপাসিন্ধু।
জয় জয় শচী সুত জয় দীনবন্ধু।
জয় জয় নিত্যানন্দ জয়াদ্বৈত চন্দ্র।
জয় শ্রীনিবাসাদি গৌর ভক্তবৃন্দ॥
পুর্ব্বে কহি আদি লীলার সূত্রগণ।
যাহা বিস্তারিয়াছেন দাস বৃন্দাবন॥
অতএব তাহার আমি সূত্রমাত্র কৈল।
যে কিছু বিশেষ সূত্র মধ্যেই কহিল॥
এবে কহি শেষ লীলার মুখ্য সূত্রগণ।
প্রভুর অনন্ত লীলা সম্যক নাজায় গণন॥
তার মধ্যে যেই ভাগ দাস বৃন্দাবন।
চৈতন্য মঙ্গলে বিস্তারি করিলা বর্ণন॥
সেই ভাগের ইহা সূত্র মাত্র লিখিব।
ইহা যে বিশেষ কিছু তাহা বিস্তারিব॥
চৈতন্য লীলার ব্যাস দাস বৃন্দাবন।
তাঁর আজ্ঞায় করি তাঁর উচ্ছিষ্ট চর্ব্বণ॥
ভক্তি করি শীরে ধরি তাঁহার চরণ।
শেষ লীলার সূত্রগণ করিয়ে বর্ণন॥
চব্বিশ বৎসর শেষে যেই মাঘ মাস।
তার শুক্লপক্ষে প্রভু করিলা সন্ন্যাস॥
সন্ন্যাস করি চব্বিশ বৎসর অবস্থান।
তাহা যেই লীলা তার শেষ লীলা নাম॥
শেষ লীলার মধ্য অন্ত্য দুই নাম হয়।
লীলা ভেদে বৈষ্ণব নাম ভেদ কয়॥



তার মধ্যে ছয় বৎসর গমনাগমন।
নীলাচল সেতুবন্ধ গৌড় বৃন্দাবন॥
তাহা যেই লীলা তার মধ্যলীলা নাম।
তার পাছে লীলা অন্ত্যলীলা অভিধান॥

Fol. 83 rev.

সেই শ্লোক মধ্যে এক পরম গম্ভীর।
কাল মত্ত পরে সেই লোকে বোলে পীর।
চিত্ত যার হৈল তার প্রভুকে দেখিয়া।
নির্বিশেষ ব্রহ্ম স্থানে স্বশাস্ত্র উঠাইয়া॥
অদ্বয়বাদ সেই করিল স্থাপন।
তার শাস্ত্রযুক্ত্যে তাহা করিল খণ্ডন॥
যেই যেই কহে প্রভু সকল খণ্ডিল।
উত্তর না আইলে মুখে মহাস্তব্ধ হৈল॥
প্রভু কহে তোমার শাস্ত্রে স্থাপে নির্বিশেষ।
তাহা খণ্ডী শেষে স্থাপিয়াছে সবিশেষ॥
তোমার শাস্ত্রে শেষে কহে একুই ঈশ্বর
ষড়ৈশ্বর্য্য পূর্ণ তেঁহো শ্যাম কলেবর॥
সচ্চিদানন্দ দেহ পূর্ণ ব্রহ্মরূপ।
সর্ব্বাত্মা সর্ব্বনিত্য সর্ব্বাদ্যস্বরূপ॥
সৃষ্টি স্থিতি প্রলয় তাহা হৈতে হয়।
স্থূল সূক্ষ্ম জগতের তেঁহো সর্ব্বাশ্রয়॥
সর্ব্ব শ্রেষ্ঠ সর্ব্বারাধ্য কারণের কারণ।
তাঁর ভক্ত্যে হয় জীবের সংসার তারণ॥
তাঁর সেবা বিনা জীবের না যায় সংসার।
তাঁহার চরণে প্রীতি পুরুষার্থ সার॥
মোক্ষাদি আনন্দ তার হয় এক কণ।
পূর্ণানন্দ প্রাপ্তি তাঁর চরণ সেবন॥
কর্ম্মযোগ জ্ঞান আগে করিয়া স্থাপন।
সকল খণ্ডিয়া স্থাপে ঈশ্বর বচন॥

Fol. 181 rev.

এই অমৃত অনুক্ষণ সাধু মহান্ত মেঘগণ
বিশ্বোদ্যানে করে বরিষণ।
তাথে ফলে প্রেম ফল ভক্ত খায় নিরন্তর
তার শেষে জীয়ে জগজন॥
এই লীলামৃত বিনে খায় যদি অন্ন পানে
তবু ভক্তের দুর্ব্বল জীবন।
যার এক বিন্দু পানে উৎফুল্লিত তনুমনে
হাসে গায় করয়ে নর্ত্তন॥
এ অমৃত কর পান যার সম নাহি আন
চিত্তে করি সুদৃঢ় বিশ্বাস।
না পড় কুতর্ক গর্ত্তে অমেধ্য কর্কশাবর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈতাদি ভক্তবৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ।
তোমা সভার শ্রীচরণ করি শিরে ভূষণ
যাহা হৈতে অভীষ্ট পূরণ॥
শ্রীরূপ সনাতন রঘুনাথ জীবচরণ
শিরে ধরি যাহা করোঁ আশ।
কৃষ্ণ লীলামৃতান্বিত চৈতন্য-চরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস॥

---

392. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{4}''$. Folia, 1-10 (by counting). Lines 8-9 on a page. Appearance about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 38 rev.

মূর্চ্ছিত হইলা চেতন নাহিক শরীরে।
সার্ব্বভৌম হৈছে লঞা তারে গেলা ঘরে॥
শুনি সবে জানিলেন মহাপ্রভুর কার্য্য।
হেনকালে আইলেন গোপীনাথ আচার্য্য॥



নদিয়া নিবাসি বিশারদের জামাতা।
মহাপ্রভুর ভক্ত তিঁহো প্রভুতত্ত্ববেত্তা॥
মুকুন্দ সহিত পূর্ব্ব আছে পরিচয়।
মুকুন্দ দেখিঞা তার হইল বিস্ময়॥
মুকুন্দ তাঁহারে দেখি কৈলা নমস্কার।
তিঁহো আলিঙ্গিয়া করে প্রভুর সমাচার॥
মুকুন্দ কহে প্রভুর ইহা হৈল আগমনে।
আমি সব আসিয়াছি মহাপ্রভুর সনে॥
নিত্যানন্দ প্রভুকে আচার্য্য কৈল নমস্কার।
সবে মেলি পুছে বার্ত্তা প্রভুর সমাচার॥
মুকুন্দ কহে মহাপ্রভু সন্ন্যাস করিঞা।
নীলাচল আইলা সঙ্গে আমা সভা লঞা॥

Fol. 45 rev.

এই শ্লোক পড়ি রঙ্গ করিলা অর্পণ।
দেখি আনন্দিত হৈল মহাপ্রভুর মন॥
প্রেমাবিষ্ট হঞা তাঁরে কৈল আলিঙ্গন।
দুই জন ধরি দুঁহা করেন নর্তন॥
স্তম্ভ কম্প অশ্রু দুঁহে আনন্দে ভাসিল।
প্রেমাবিষ্ট হঞা প্রভু কহিতে লাগিল॥
আজি মুঞি অনায়াসে জিনিনু ত্রিভুবন।
আজি মুঞি কৈলুঁ বৈকুণ্ঠ আরোহণ॥
আজি মোর পূর্ণ হৈল সকল অভিলাষ।
সার্ব্বভৌমের হৈল মহাপ্রসাদে বিশ্বাস॥
আজি হৈলা নিষ্কপটে তুমি কৃষ্ণাশ্রয়।
কৃষ্ণ নিষ্কপটে আজি হইলা সদয়॥
আজি খণ্ডিল তোমার দেহাদিবন্ধন।
আজি কৃষ্ণ প্রাপ্তির যোগ্য হইল তোমার মন॥
বেদধর্ম্ম লংঘি কৈলে প্রসাদ ভোজন॥

---

393. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; Folia, 10 (by counting). Lines 8-9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 38 rev:

জয় ২ মহাপ্রভু জয় গৌরচন্দ্র।
জয় জয় নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র॥
আবেশে চলিলা প্রভু জগন্নাথ মন্দিরে।
জগন্নাথ দেখি প্রেমে হইলা অস্থিরে॥
জগন্নাথ আলিঙ্গিতে চলিলা ধাইঞা
মন্দিরে পড়িলা ভূমি আবিষ্ট হইঞা॥
দৈবে সার্ব্বভৌম তাহা করেন দরশন।
পড়িছা মারিতে তিঁহো কৈল নিবারণ॥
প্রভুর সৌন্দর্য্য দেখি ভাবের বিকার।
দেখি সার্ব্বভৌম হৈলা বিস্ময় অপার॥
বহুক্ষণে চেতন নহে ভোগের কাল হৈল।
সার্ব্বভৌম মনে তবে উপায় সৃজিল॥
শিষ্য পড়িছা দ্বারে নিল বহাইঞা।
ঘরে আনি পবিত্র স্থানে থুইল শোয়াইঞা॥
শ্বাস প্রশ্বাস নাহি উদর স্পন্দন।
দেখিঞা চিন্তিত হৈলা ভট্টাচার্য্যের মন॥
তুলা আনি নাসা আগেতে ধরিল।
ঈষতে চলিল তুলা দেখি ধৈর্য্য হৈল॥
বসি ভট্টাচার্য্য মনে করেন বিচার।
এই কৃষ্ণ-মহাপ্রেমের সাত্ত্বিক বিকার॥
সুদ্দীপ্ত সাত্ত্বিক নাম প্রলয়।
নিত্যসিদ্ধ ভক্তে সে সুদ্দীপ্ত ভাব হয়॥
অধিরূঢ় ভাব যার তার এই স্থিতি।
মনুষ্যের দেহে এই বড় চমৎকৃতি।



এই চিন্তি ভট্টাচার্য্য আছেন বসিঞা।
নিত্যানন্দাদি সিংহদ্বারে রহিলা বসিঞা॥
তাঁহা শুনি লোকে কহে অন্যোন্যে বাত।
এক সন্ন্যাসি আসি দেখে জগন্নাথ॥

Fol. 45 rev.

আজি মুঞি অনায়াসে জিনিনু ত্রিভুবন।
আজি মুঞি কৈনু বৈকুণ্ঠ আরোহণ॥
আজি মোর পূর্ণ হৈল সকল অভিলাষ।
সার্ব্বভৌমের হৈল মহাপ্রসাদে বিশ্বাস॥
আজি হৈলা নিষ্কপটে তুমি কৃষ্ণাশ্রয়।
কৃষ্ণ নিষ্কপটে আজি হইলা সদয়॥
আজি খণ্ডিল তোমার দেহাদি বন্ধন।
আজি কৃষ্ণ প্রাপ্তির যোগ্য হৈল তোমার মন॥
বেদধর্ম্ম লঙ্ঘি কৈলা প্রসাদ ভোজন॥

—

394. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper; Folia, 1-20, 22-157, 159-163, 165-179. Lines 8-9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 rev.

এতবলি চরণ বন্দি গেলা দুই জন।
সেই গ্রাম হৈতে প্রভুর চলিতে হৈল মন॥
প্রাতে চলি আইলা প্রভু কানাইর নাটশালা।
দেখিল সকল তথা কৃষ্ণ-চরিত লীলা॥
সেই রাত্রে তথা প্রভু চিন্তে মনে মন।
সঙ্গে সংঘট্ট ভাল নহে বলিল সনাতন॥
এত চিন্তি প্রাতঃকালে গঙ্গাস্নান করি।
নীলাচল যাব বলি চলিলা গৌর হরি॥
এই মত চলি চলি আইলা শান্তিপুরে।
দিন পাঁচ সাত রহিলা আচার্য্যের ঘরে॥
শচী দেবী আনি তাঁরে কৈল নমস্কার।
সাত দিন তাঁর ঠাঞি ভিক্ষা ব্যবহার॥
তাঁহার ঠাঞি আজ্ঞা লঞা করিল গমনে।
বিনয় করিয়া বিদায় দিল ভক্তগণে॥
জনদুই সঙ্গে আমি যাব নীলাচলে।
আমা মিলিবারে আসিহ রথযাত্রা কালে॥
বলভদ্র ভট্টাচার্য্য পণ্ডিত দামোদর।
দুইজন সঙ্গে প্রভু আইলা নীলাচল॥
দিন কথো রহি তাঁহা চলিল বৃন্দাবন।
লুকাইয়া চলিলা রাত্রে না জানে কোন জন॥
বলভদ্র ভট্টাচার্য্য মাত্র লৈলা সঙ্গে।
ঝারিখণ্ড পথে কাশী আইলা মহারঙ্গে॥
দিন চারি কাশীতে রহিলা বৃন্দাবন।
মথুরা দেখিয়া দেখে দ্বাদশ কানন॥
লীলা স্থল দেখি প্রেমে হইলা অস্থির।
বলভদ্র কৈল তারে মথুরা বাহির॥
গঙ্গাতীরের পথে লৈয়া প্রয়াগে আইলা।
শ্রীরূপ আসি তথা প্রভুরে মিলিলা॥
শ্রীরূপে শিক্ষা করি পাঠাইল বৃন্দাবন।
আপনে করিল বারাণসি আগমন॥
কাশীতে প্রভুরে আসি মিলিলা সনাতন।
দুইমাস রহি প্রভু তারে করিল শিক্ষণ॥
মথুরাতে পাঠাইল দিয়া ভক্তিধন।
সন্ন্যাসিরে কৃপা করি গেলা নীলাচল।

Fol. 168 rev.

এক ভক্তি করে ভোগ অনন্ত প্রকার।
সিদ্ধি অষ্টাদশ মুক্তি পঞ্চপ্রকার।
এই জাহা নাহি তাঁহা ভক্তি অহৈতুকী।
তাহার বিধান শুন ক্রম করি লিখি।



ভক্তি শব্দের অর্থ দশ বিধাকার।
এক সাধন প্রেমভক্তি নব প্রকার॥
রতি লক্ষণ প্রেম লক্ষণ ইত্যাদি প্রকার।
ভাবরূপা মহাভাব লক্ষণ রূপা আর॥
শান্ত ভক্তে রতি বাঢ়ে প্রেম পর্য্যন্ত।
দাস্য ভক্তের রতি হয় রাগদশা অন্ত॥
সখাগণের রতি অনুরাগ পর্য্যন্ত।
পিতৃ স্নেহ আদি অনুরাগ অন্ত॥
কান্তাগণের রতি পায় মহাভাব সীমা।
ভক্তি শব্দের এই অর্থের মহিমা॥

Colophon :

ইতি চৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে চৈতন্যাবতারে মূল প্রয়োজন কথাম্নায় চতুর্থ পরিচ্ছেদ। পুস্তক লিখিতং শ্রীগোবিন্দ দাস তারিখ ৭ জৈষ্ঠ সন ১০৩৯ সাল তারিখ ৭ জৈষ্ঠ।

---

395. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; Folia, 135-163. Lines 8-9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 135 obv.

নীচ জাতি নীচ-সঙ্গ পতিত অধম।
কুবিষয় কূপে পড়ি গোঙাইনু জনম॥
গ্রাম ব্যবহারে পণ্ডিত তাহি সত্য মানিনু।
আপনার হিতাহিত কিছু না জানিনু॥
কৃপা করি মোরে যদি করিয়াছ উদ্ধার।
আপনে কৃপাতে কহ কর্ত্তব্য আমার॥
কে আমি আমাকে কেন জারে তাপত্রয়।
ইহা নাহি জানী কেবা কেমনে হীত হয়॥
সাধ্য সাধন তত্ত্ব পুছীতে না জানী।
কৃপা করি সব তত্ত্ব কহিবে আপনী॥
প্রভু কহে কৃষ্ণ কৃপা সম্পূর্ণ তোমাতে হয়।
সব তত্ত্ব জান তোমাতে নাহি তাপত্রয়॥
কৃষ্ণ শক্তি ধর তুমী জান সর্ব্বভার।
জানিয়া দ্রাঢ্য লাগী পুছে সাধু স্বভাব॥
* * * *

Fol. 135 rev.

মায়ামুগ্ধ জীবের নাহি স্মৃত কৃষ্ণ জ্ঞান।
জীবেরে কৃপায় কৈল বেদ পুরান॥
শাস্ত্র গুরু আত্মারূপে আপনা জানান।
কৃষ্ণ মোর প্রভুত্রাতা জীবের হয় জ্ঞান॥
বেদ শাস্ত্র কহে সম্বন্ধ অভিধেয় প্রয়োজন।
কৃষ্ণ তত্ত্ব ভক্তি সম্বন্ধ প্রাপ্তের সাধন॥
অভিধেয় নাম ভক্তি প্রেম প্রয়োজন।
পুরুষার্থ শিরোমণী প্রেম মহাধন॥

End :

মধ্যলীলার এই কৈল দিগ দরশন।
ছয় বর্ষ কৈল যৈছে গমনাগমন॥
শেষ অষ্টাদশ বর্ষ নিলাচলে বাস।
ভক্ত সঙ্গে করেন কির্ত্তন বিলাস॥
মধ্যলীলার ক্রম এই কহি অনুবাদ।
অনুবাদ কৈলে হয় কথার আস্বাদ॥
প্রথমে প্রভুর বিলাপ বর্ণন।
তার মধ্যে নানা ভাবের দিগ দরশন॥
দ্বিতীয় পরিচ্ছেদে প্রভুর প্রলাপ বর্ণন।
তৃতীয় পরিচ্ছেদে প্রভুর সন্ন্যাস করন॥
আচার্য্যের ঘরে ভিক্ষার বিলাস।
চতুর্থে মাধবপুরীর চরিত্র প্রকাশ॥
পঞ্চমে সাক্ষী গোপাল চরিত্র বর্ণন।
ষষ্ঠে সার্ব্বভৌম উদ্ধারন॥



395. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; Folia, 1-179. Lines 8-9 on a page. Date, 1191 B. S. (1785 A. D.) Complete. Place of find, Bankura.

Beg :

জয় জয় গৌরচন্দ্র জয় কৃপা সিন্ধু ।
জয় জয় সচিসুত জয় দিনবন্ধু ॥
জয় জয় নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র ।
জয় জয় শ্রীবাসাদি গৌর ভক্তবৃন্দ ॥
পুর্ব্বে কহিল আদি লীলার সুত্রগণ ।
আদি লীলা বিস্তারিয়াছেন দাস বৃন্দাবন ॥
অতয়েব তার আমী সুত্র মাত্র কৈল ।
যে কিছু বিসেষ সুত্র মধ্যেই কহিল ॥
এবে কহি মধ্য লীলার সুত্রগণ ।
অসংখ্য চৈতন্যলীলা না জায় গনন ॥
তার মধ্যে যেই ভাগ দাস বৃন্দাবন।
চৈতন্যমঙ্গলে বিস্তারি করিলেন বর্ণন ॥
সেই ভাগের ইহা সুত্র মাত্র লিখিব ।
ইহা যে বিসেষ কিছু তাহা বিস্তারিব ॥
চৈতন্যলীলার ব্যাস বৃন্দাবন দাস ।
তার আজ্ঞায় করি তার উচ্ছিষ্ট প্রকাস ॥
ভক্তি করি সীরে ধরি তাহার চরণ ।
সেষ লীলার সুত্র কিছু করিব বর্ণন ॥
চব্বিস বৎসর প্রভু গৃহে অবস্থান ।
তাহা যেই লীলা তার আদি লীলা নাম ॥
সেষ লীলা মধ্য অন্ত দুই নাম হয় ।
লীলাভেদে বৈষ্ণব সব নাম ভেদকয় ॥
চব্বিস বৎসর সেষে যেই মাঘ মাস ।
তার শুক্ল পক্ষে প্রভু করিলা সন্ন্যাস ॥
সন্ন্যাস করিয়া চব্বিস বৎসর অবস্থান ।
তাহা যেই লীলা তার সেষ লীলা নাম ॥

Fol. 134 rev.

সাধন ভক্তি হৈতে হয় রতির উদয় ।
রতি গাঢ় হৈলে তার প্রেম নাম হয় ॥
প্রেম বৃদ্ধিক্রমে নাম স্নেহ মান প্রনয় ।
রাগ অনুরাগ ভাব মহাভাব হয় ॥
যৈছে বিজ ইক্ষুরস গুড় খণ্ডসার ।
সর্করা সিতামিশ্রি উত্তম মিশ্রি আর ॥
এই সব কৃষ্ণ ভক্তি রসে স্থায়িভাব ।
স্থায়ি ভাবে মিলে যদি বিভাব অনুভাব ॥
সাত্ত্বিক ব্যাভিচারি ভাবের মিলন ।
কৃষ্ণ ভক্তি রস হয় অমৃত আস্বাদন ॥
যৈছে দধি চিনি ঘৃত মরিচ কর্পুর ।
মিলনে রসাল হয় অমৃত মধুর ॥
ভক্তভেদে রতিভেদ পঞ্চ পরকার ।
শান্তিরতি দাস্যরতি সখ্যরতি আর ॥
বাৎসল্যরতি মধুররতি পঞ্চ বিভেদ ।
রতি ভেদে কৃষ্ণ ভক্তি রস পঞ্চভেদ ॥
শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর রস নাম ।
কৃষ্ণ ভক্তি রস মধ্যে এই পঞ্চ পরধান ॥
পঞ্চ রস স্থায়ি ব্যাপি রহে ভক্তমনে ।
সপ্ত গৌন আগন্তুক পাইয়া কারনে ॥
সান্ত ভক্ত নব যোগেন্দ্র সনকাদি আর ।
দাস্য ভক্ত সর্ব্বত্র সেবক অপার ॥
সখ্য ভক্ত শ্রীদামাদি পুরে ভিমার্জুন ।
বাৎসল্য ভক্ত মাতা পিতা যত গুরু জন ॥
মধুর ভক্ত মুখ্য যত গোপিগন ।
মহিষিগন লক্ষীগন অসংখ্য গনন ॥
পুন কৃষ্ণ রতি হয় দুইত প্রকার ।
ঐশ্বর্য্য জ্ঞান মিশ্রা কেবলা ভেদ আর ॥

Colophon :

ইতি মধ্য লীলাগ্রন্থ সমাপ্ত। লিখিতং শ্রীব্রজমোহন দাস সাকিম সয়দাবাদ ঘাট বন্দর। শ্রীবৃন্দাবন দাসের



প্রস্থানী সাঃ সরলাবাদ সাটবন্দর। [illegible] সকাব্দাদ ১৭০৬ বাঙ্গালা সন ১১৯১ সাল তারিখ ২৭ ফাল্গুন রোজ সোমবার একাদশী শ্রীশ্রী৺ঘোষঠাকুরের মহৎসব দিবসে তৃতিয় প্রহর সময় লিখিলা সমাপ্ত করিলাম ইতী।

---

396. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; Folia, 1-56, 63-205. Lines 10 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 3 rev.

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
আবেশে চলিলা শুক প্রভু জগন্নাথ মন্দিরে।
জগন্নাথ দেখি প্রেমে হইলা অস্থিরে।
জগন্নাথ আলিঙ্গিতে চলিলা ধাইঞা।
মন্দিরে পড়িলা প্রেমে আবিষ্ট হইঞা॥
দৈবে সার্ব্বভৌম তাহে করে দরশন।
পড়িছা মারিতে তেহো কৈল নিবারণ॥
প্রভুর সৌন্দর্য্য আর প্রেমের বিকার।
দেখি সার্ব্বভৌমের হইল বিস্ময় অপার॥
বহুক্ষণে চৈতন্য নহে ভোগের কাল হইল।
ভট্টাচার্য্যের মনে তবে বুদ্ধি উপজিল॥
শিষ্য পড়িছা দ্বারে আনিল বহিঞা।
ঘরে আনি পবিত্র স্থানে রাখিল শোয়াইঞা॥
শ্বাস প্রশ্বাস নাহি উদর স্পন্দন।
দেখিঞা চিন্তিত হইল ভট্টাচার্য্যের মন॥
সূক্ষ্ম তুলা আনি নাসার আগেতে রাখিল
ঈষত চলএ তুলা দেখি ধৈর্য্য হইল॥
বসি ভট্টাচার্য্য মনে করেন বিচার।
এই কৃষ্ণ মহাপ্রেমের সাত্ত্বিক বিকার॥
সুদ্দীপ্ত সাত্ত্বিক এই নাম প্রলয়।
নিত্যসিদ্ধ ভক্তে যে সুদ্দীপ্ত ভাব হয়।
অধিরূঢ় ভাব যার তার এই বিকার।
মনুষ্যের দেহে দেখি বড় চমৎকার॥
এত চিন্তি ভট্টাচার্য্য আছেন বসিঞা।
নিত্যানন্দাদি সিংহদ্বারে মিলিলা আসিঞা।
তাহা শুনি লোক কহে অন্যোন্যে বাত।
এক সন্ন্যাসী আসি দেখি জগন্নাথ॥
মূর্চ্ছিত হইলা চেতন নাহিক শরীরে।
সার্ব্বভৌম দৈছে তারে লঞা গেলা ঘরে॥
শুনি সবে জানিলেন এই মহাপ্রভুর কার্য্য।
হেনকালে আইলা তাহা গোপীনাথ আচার্য্য॥
নদিয়া নিবাসী বিশারদের জামাতা।
মহাপ্রভুর ভক্ত তেহো প্রভুর তত্ত্বজ্ঞাতা॥
মুকুন্দ সহিত পূর্ব্বে আছে পরিচয়।
মুকুন্দ দেখিয়া তাঁরে হইলা বিস্ময়॥
মুকুন্দ তাঁহারে দেখি হইলা নমস্কার।
তেহো আলিঙ্গিয়া পুছে প্রভুর সমাচার॥

Fol. 205 obv.

নানা ভাব ভক্তগণ হংস চক্রবাকগণ
যাতে সভে করেন বিহার।
কৃষ্ণ কেলি সুমৃণাল যাহা পাইএ সর্ব্বকাল
ভক্ত হংস করএ আহার॥
সেই সরোবরে যাঞা হংস মুখ্য চক্র হঞা
সদা তাহা করহ বিলাস।
খণ্ডিবে সকল দুঃখ পাইবে পরম সুখ
অনায়াসে হবে প্রেমোল্লাস॥
এই অমৃত অনুক্ষণ সাধু মহান্তমেঘগণ
বিশ্বোদ্যানে করে বরিষণ।
তাতে ফলে অমৃত ফল ভক্ত খায় নিরন্তর
তার প্রেমে জীএ জগজন॥



চৈতন্যলীলামৃত পূর   কৃষ্ণলীলাকর্পূর
দুই মেলি হএ যে মাধুর্য্য ।
সাধু গুরু প্রসাদে   তাহা যেই আস্বাদে
সেই জানে মাধুর্য্য প্রাচুর্য্য ॥
এ লীলামৃত বিনে   খায় যদি অন্ন পানে
তবু ভক্তের দুর্ব্বল জীবন ।
যার এক বিন্দু পানে   উতফুল্লিত বুধিগণে
হাসে গায় করএ নর্ত্তন ।
এ অমৃত কর পান   যাহা সম নাহি আন
চিত্তে করি সুদৃঢ় বিশ্বাস ।
না পৈড় কুতর্ক গর্ত্তে   অমেধ্য কর্কশ বর্ত্তে
যাতে পড়িলে হএ সর্ব্বনাশ ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ   অদ্বৈত আর ভক্তবৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ ।
তোমা-সভার শ্রীচরণ   করি শীরেবিভূষণ
যাহা হইতে অভিষ্ট পূরণ ।
শ্রীরূপ সনাতন   রঘুনাথ জীব চরণ
শিরে ধরি তার করো আশ ।
কৃষ্ণলীলামৃতান্বিত   শ্রীচৈতন্যচরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস ॥

---

397. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $10\frac{1}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 4-123, 126-248. Lines 10 on a page. Date, 1195 B. S. (1789 A. D.) Incomplete. Place of find, Bankura.

Fol. 60 rev.

সেই পাদপদ্ম তোমার ব্রহ্মাধ্যান করে ।
সেই পাদপদ্ম সাক্ষাত আইল মোর ঘরে ॥
আমার ভাগ্যের সীমা না যায় কথন ।
আজি শ্লাঘ্য কৈল মোর জন্ম কুলধর্ম্ম ॥
কৃপা কর প্রভু মোরে যাঙ তোমার সঙ্গে ।
সহিতে না পারোঁ দুঃখ বিষয় তরঙ্গে ॥
প্রভু কহে ঐছে বাত কভু না কহিবা ।
গৃহে রহি কৃষ্ণ নাম নিরন্তর লইবা ॥
যারে দেখ তারে কহ কৃষ্ণ উপদেশ ।
আমার আজ্ঞায় গুরু হঞা তার এই দেশ ॥
কভু না বাধিবে তোমায় বিষয় তরঙ্গ ।
পুনরপী এই ঠাঞী পাবে আমার সঙ্গ ॥
এই মত যার ঘরে প্রভু করে ভিক্ষা ।
সেই ঐছে কহে তারে করে এই শিক্ষা ॥
পথে যাইতে দেবালয়ে রহে যেই গ্রামে ।
যার ঘরে ভিক্ষা করে দুই চারি স্থানে ॥
কূর্ম্মে যৈছে রিত তৈছে কৈল সর্ব্ব ঠাঞী ।
নিলাচলে পুন যাবত আইলা গোসাঞী ॥
অতএব কহিল ইহা করিঞা বিস্তার ।
এই মত জানিবে প্রভুর সর্ব্বত্র ব্যবহার ॥
এই মত সেই রাত্রে তাহাঞী রহিঞা ।
প্রভাতে চলীলা প্রভু স্নান করিঞা ॥
প্রভু অনুব্রজী কূর্ম্ম বহুত আইলা ।
প্রভু তাঁরে যত্ন করি ঘরে পাঠাইলা ॥

Fol. 245 rev.

এথা মহাপ্রভু রহি নিলাদ্রি চলিলা ।
নির্জ্জন বনপথে যাইতে মহাসুখ পাইলা ॥
সুখে চলী আইসে প্রভু বলভদ্র সঙ্গে ।
পূর্ব্ববত মৃগাদি সঙ্গে করি নানারঙ্গে ॥
আঠার নালাতে আসী ভট্টাচার্য্য ব্রাহ্মণ ।
পাঠাইঞা বোলাইল নিজভক্তগণ ॥
শুনী ভক্তগণ যেন পুনরপী জিলা ।
দেহে প্রাণ আইতে যেন ইন্দ্রীয় উঠিলা ॥
আনন্দে বিহ্বল তবু ধাইঞা আইলা ।
নরেন্দ্রে আসীঞা সভে প্রভুরে মিলীলা ॥
পুরী ভারতির কৈল (প্রভু) চরন বন্দন ।
দোহে মহাপ্রভুরে কৈলা প্রেম আলিঙ্গন ॥



দামোদর পণ্ডিত আর পণ্ডিত গদাধর।
জগদানন্দ কাশীশ্বর গোবিন্দ বক্রেশ্বর॥
কাশি মিশ্র প্রদ্যুম্ন মিশ্র পণ্ডিত দামোদর।
হরিদাস ঠাকুর আর পণ্ডিত শঙ্কর॥

Colophon :

ইতি সংখ্যা ১৭৭ । সন ১১৯৫ সাল তারিখ ২৮ বৈশাখ রোজ বৃহস্পতি বার।

---

398. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CHAITANYA-CARITĀMṚTA MADHYA-KHANḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 14″ × 5″. Folia, 82, 84, 99-116, 119-120. Lines 10-12 on a page. Appearance, about 125 years old. Incomplete.

Fol. 82 rev.

নিত্যানন্দ জগদানন্দ দামোদর মুকুন্দ।
হরিদাস কীর্ত্তনে নাচে পাইল আনন্দ॥
সমুদ্র স্নান করি প্রভু আইলা বাসাস্থান।
অদ্বৈতাদি গেলা সমুদ্র করিবারে স্নান॥
আসি জগন্নাথের কৈল চূড়া দর্শন।
প্রভুর আবাসে আইলা করিতে ভোজন॥
সভারে বসাইলা প্রভু যোগ্যক্রম করি।
স্বহস্তে পরিবেশন কৈলা গৌর হরি॥
অল্প অন্ন নাহি আইসে মহাপ্রভুর হাতে।
দুইজনার ভিক্ষা দেন একজনার পাতে॥
প্রভু না খাইলে কেহ না করে ভোজন।
গোপীনাথ আচার্য্য সভায় কৈল নিবেদন॥
তুমি না বসিলে কেহ না করে ভোজন।
তোমার সঙ্গে সন্ন্যাসী রহে যত জন॥
স্বরূপ গোসাঞি প্রভুকে কৈল নিবেদন।
তুমি না বসিলে কেহ না করে ভোজন॥
ঊর্দ্ধ হস্তে বসি রহে সর্ব্বভক্তগণ।
স্বরূপ গোসাঞি প্রভুকে কৈল নিবেদন॥
তুমি না বসিলে কেহ না করে ভোজন।
তোমার সঙ্গে সন্ন্যাসী রহে জতজন॥
গোপীনাথ আচার্য্য সভায় কৈল নিমন্ত্রণ।
আচার্য্য দিয়াছেন ভিক্ষার প্রসাদ লয়া।
পুরী ভারতী আছেন তোমার অপেক্ষা করিয়া॥
নিত্যানন্দ লয়া ভিক্ষা করিতে বৈস তুমি।
বৈষ্ণবেরে পরিবেশন করিতে চাহি আমি॥

Fol. 120 rev.

যাতে সেই আচার কর যেই তোমার মন।
আপন ইচ্ছায় চল রহ কে করু বারণ॥
শুনি সর্ব্বভক্ত কহে প্রভুর চরণে।
সভার এ ইচ্ছা পণ্ডিত কৈল নিবেদন॥
সভার ইচ্ছায় প্রভু তাহি মান রাখিলা।
শুনিঞা প্রতাপরুদ্র আনন্দিত হৈলা॥
সেই দিবসে গদাধর কৈল নিমন্ত্রণ।
তাহা ভিক্ষা কৈলা প্রভু লয়া ভক্তগণ॥
ভিক্ষাতে পণ্ডিতের স্নেহ কৈল আস্বাদন।
মনুষ্যের শক্ত্যে তাহা না যায় বর্ণন॥
এই মত গৌরলীলা অনন্ত অপার।
সংক্ষেপে কহিয়ে সর্ব্বত্র না হয় বিস্তার॥
সহস্র বদনে কহে আপনে অনন্ত।
তবু এক লীলার তাঁহা নাহি পায় অন্ত॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥



399. চৈতন্যচরিতামৃত—আদি ও মধ্যখণ্ডের প্রলাপ।

CAITANYA-CARITĀMṚTA ĀDI O MADHYA KHAṆḌER PRALĀPA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13" × 4½". Folia, 1-20. Lines 8-9 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Beg :

আদি খণ্ডে ত্রিদশ পরিচ্ছেদের প্রলাপ লিখ্যতে।

নদিয়া উদয়গিরি পূর্ণচন্দ্র গৌরহরি
কৃপা করি করিল উদয়।
পাপতম হৈল নাশ ত্রিজগতের উল্লাস
জগৎ ভরি হরিধ্বনি হয়।
সেই কালে নিজালয় উঠিঞা অদ্বৈতরায়ে
নৃত্য করে আনন্দিত মনে।
হরিদাস লঞা সঙ্গে হুঙ্কার কির্ত্তন রঙ্গে
কেনে নাচে কেহ নাহি জানে।
দেখি উপরাগ হাসি শীঘ্র গঙ্গাঘাটে আসি
আনন্দে করিল গঙ্গা স্নান।
পাঞা উপরাগ ছলে আপনার মনোবলে
ব্রাহ্মণেরে দিলা নানা দান।
জগত আনন্দময় দেখি মনে সবিস্ময়
ধীরে ধীরে কহে হরিদাসে।
তোমার ঐছন রঙ্গ মোর মন পরসন্ন
জানি কিছু কাজে হয়ে ভাসে॥

End :

চৈতন্যলীলামৃতপুর কৃষ্ণলিলা সুকর্পূর
দুই মেলি হয় সুমাধুর্য্য।
সাধুগুরু প্রসাদে ইহা যেই আস্বাদে
সেই জানে মাধুর্য্য প্রাচুর্য্য॥
সেই লীলামৃত পিয়ে পান করি অনুপানে
তবু ভক্তের তৃষ্ণা নিবৃত্ত।
এই অমৃত কর পান তাহা সম নাহি আন
চিত্তে কর সুদৃঢ় বিশ্বাস॥
না পড় কুতর্ক গর্ত্তে অমেধ্য কর্কশাবর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ।
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈতাদি ভক্তবৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ॥
তোমা সবার শ্রীচরণ করি শিরে ভূষণ
তাহা হৈতে অভিষ্ট পূরণ।
শ্রীরূপ সনাতন রঘুনাথ জীব চরণ
শিরে ধরি করো যার আশ।
কৃষ্ণ লীলামৃতান্বিত চৈতন্যচরিতামৃত
কিছু কহে দিন কৃষ্ণদাস।

Colophon :

ইতি—মধ্যলিলার প্রলাপ সম্পূর্ণ।

---

400. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড। ১-২৫ পরিচ্ছেদ।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 15½" × 5½". Folia, 1-137. Lines 11-12 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Fol. 13 rev.

চূর্ণ হইল যেন বাসি নিয়াজির কলেবর।
হাহাকার করি বিষ্ণুপদে মাগে বর॥
বাল্য হৈতে তোমার করিহুঁ সেবন।
তার এই ফল মোরে দেহ [না]বাসন॥



যে কালে নিমাই পড়ে ধরির শিরকরে।
বাধা যেন নাই লাগে নিমাঞি সরীরে॥
এই মত শচী দেবী বাৎসল্যে বিহ্বল।
হর্ষ ভয় দৈন্য ভাবে হইলা বিকল॥
শ্রীবাস আদি জত বিপ্র ভক্তগন।
প্রভুকে ভিক্ষা দিতে হইল সভাকার মন॥
শুনি শচী মাতা সভারে করিল বিনতি।
মুঞি নিমাঞির দরসন আর পাব কতি॥
তোমা সভা সনে হব অন্যত্র মিলন।
মুঞি অভাগিনির মাত্র এই দরসন॥
জাবত আচার্য্য গৃহে নিমাঞির অবস্থান।
মুঞি ভিক্ষা দিব সভারে এই মাগোঁ দান॥
শুনি ভক্তগণ কহে করি নমস্কার।
মাতার যে ইচ্ছা সেই সম্মতি সভার॥
মাতার দৈন্যতা দেখে প্রভুর ব্যগ্রমন।
ভক্তগন একত্র করি বলিল বচন॥
তোমা সভার আজ্ঞা বিনে চলিলাঙ বৃন্দাবন।
জাইতে নারিল বিঘ্ন কৈল নিবর্ত্তন॥
জদ্যপি সহসা আমি করিঞাছি সন্ন্যাস।
তথাপি তোমা সভারে নহিব উদাস॥
তোমা সভা না ছাড়িব জাবত আমি জীব।
মাতারে তাবত আমি ছাড়িতে নারিব॥

Fol. 134 rev.

এই মতে দিন পঞ্চ লোক নিস্তারিঞা।
আর দিনে চলিলা প্রভু উদ্বিগ্ন হইঞা॥
রাত্রে উঠি প্রভু যদি করিলা গমন।
পাছে লাগ লৈলা তবে ভক্ত পঞ্চজন॥
তপন মিশ্র রঘুনাথ মহরাষ্ট্রী ব্রাহ্মন।
পরমানন্দ চন্দ্রশেখর কীর্ত্তনীঞা জন॥
সভে চলে প্রভু সঙ্গে নীলাচলে যাইতে।
সভা বিদায় দিলা প্রভু যতন সহিতে॥
যার ইচ্ছা পাছে আইস আমারে দেখিতে।
ইবে আমি একা যাব ঝারিখণ্ড পথে॥
সনাতনে কহিলা তুমি জাহ বৃন্দাবন।
তোমরা দুই ভাই তাহা করিঞা গমন॥
আখাওরক্ষিয়া মোর কাঙ্গাল ভক্তগন।
বৃন্দাবনে আইলে তার করিহ পালন॥
এতবলি চলিলা প্রভু সভা আলিঙ্গিঞা।
সভাই পড়িলা তাহা মূর্চ্ছিত হইঞা॥
কথোক্ষণে উঠি সভে ঘরেতে আইলা।
সনাতন গোসাঞী বৃন্দাবনেতে চলিলা॥

---

401. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 16″ × 5½″. Folia, 1-74. Lines 9 on a page. Appearance, about 125 years old. Incomplete.

Fol. 18 rev.

ঘরে যাঞা কর সদা কৃষ্ণ আ[রা]ধন।
কৃষ্ণ নাম কৃষ্ণ কথা কৃষ্ণ সংকীর্ত্তন॥
আজ্ঞা দেহ নীলাচলে করিতে গমন।
মধ্যে মধ্যে আসি তোমা দিব দরশন॥
এত বলি সভাকারে ঈসত হাসিঞা।
বিদায় করিল প্রভু সংধান করিঞা॥
সভা বিদায় দিঞা প্রভু চলিতে কৈল মন।
হরিদাস কান্দি কহে মধুর বচন॥
নীলাচলে চলিলা তুমি মোর কোন গতি।
নীলাচলে জাইতে মোর নাহিক সকতি॥
মুঞি অধম তোমার না পাব দরসন।
কেমনে ধরিব মোর এই পাপীষ্ঠ জীবন॥
প্রভু কহে কর তুমি দৈন্য সম্বরণ।
তোমার দৈন্যে আমার ব্যাকুল হৈল মন॥
তোমা লাগি জগন্নাথে করিব নিবেদন।
তোমাকে লৈঞা জাব আমি শ্রীপুরুষোত্তম॥



তবে ত আচার্য্য কহে বিনয় করিঞা।
দিন দুই চারি রহ কৃপাত করিঞা॥
আচার্য্য বচন (প্রভু) না করে লঙ্ঘন।
রহিলা অদ্বৈত গৃহে না কৈলা গমন॥
আনন্দিত হৈলা আচার্য্য শচী ভক্ত সব।
প্রতিদিন আচার্য্য করে মহামহোৎসব॥
দিনে কৃষ্ণ কথা সব ভক্তগন সঙ্গে।
রাত্রে মহামহোৎসব সংকীর্ত্তন রঙ্গে॥
আনন্দিত হৈঞা শচী করেন রন্ধন।
সুখে ভোজন করে প্রভু লৈঞা ভক্তগণ॥
আচার্য্যের শ্রদ্ধা ভক্তি গৃহে সম্পদ ধনে।
সকল সফল কৈল প্রভু আগমনে॥
শচীর আনন্দ বাঢ়ে দেখি পুত্র মুখ।
ভোজন করাঞা পুন কৈল নিজ সুখ॥

Fol. 72 rev.

এই মত অদ্বৈতগৃহে ভক্তগণ মিলে।
বঞ্চিলা কথোকদিন নানা কুতুহলে॥
আপনে বসীলা সব সন্ন্যাসী লইয়া।
পরিবেশন করে আচার্য্য হরসিত হয়া॥
স্বরূপ গোসাঞী দামদের আর জগদানন্দ।
বৈষ্ণবেরে পরিবেশন করে হইয়া আনন্দ॥
নানা পিঠা পানা খায় আকণ্ঠ ভরিয়া।
মধ্যে হরি হরি কহে উচ্চ করিয়া॥
ভোজন সমাপ্ত হইল কৈল আচমন।
সভারে পরাইলা প্রভু মালা চন্দন॥
বিশ্রাম করিতে সবে নিজ বাসা গেলা।
সন্ধ্যাকালে আসি সভে প্রভুরে মিলিলা॥
হেন কালে রামানন্দ আইলা প্রভু স্থানে।
প্রভু মিলাইল তারে সব বৈষ্ণব সনে॥
সভা লঞা গেলা প্রভু জগন্নাথ আলয়।
কির্ত্তন আরম্ভ তথা কৈলা মহাশয়॥

---

402. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚITA MADHYA KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper; 14" × 4½". Folia 101-191. Lines 10 on a page. Date, 1216 B. S. (1810 A.D.). Incomplete.

Fol. 101 obv.

জয় ২ গৌরচন্দ্র শ্রীকৃষ্ণ চৈতন্য।
জয় ২ নিত্যানন্দ জয়াদ্বৈত ধন্য॥
জয় ২ শ্রীবাসাদি গৌরভক্তগণ।
জয় শ্রোতাগণ যার গৌর প্রাণধন॥
এই মত প্রভু আছেন প্রেমের আবেশে।
হেনকালে প্রতাপরুদ্র করিলা প্রবেশে॥
সার্ব্বভৌম উপদেশে ছাড়ে রাজবেশ।
একেলা বৈষ্ণব বেশে আইলা সেই দেশ॥
সব ভক্তের আজ্ঞা লৈল জোড় হাথ হঞা।
প্রভুপদে ধরি করে সাহস করিঞা॥
আঁখি মুদি প্রভু প্রেমে ভূমিতে শয়ন।
পরম বৈকুণ্ঠো করে পাদ সম্বাহন॥
রাস লীলার শ্লোক পড়ি করয়ে স্তবন।
শুনিতে মহাপ্রভুর আনন্দ হৈল মন॥
পুনঃ পুন শ্লোক শুনি সন্তোষ অপার।
বোল ২ বলি উচ্চ বলে বার বার॥
তবে কথামৃতশ্লোক রাজার পড়িল।
উঠি প্রভু প্রেমভরে আলিঙ্গন দিল॥
তুমি মোরে বহুত দিলে অমূল্যরতন।
মোর কিছু দিতে নাহি দিলে আলিঙ্গন॥
এত বল সেই শ্লোক পড়ি বার ২।
দুই জনার অঙ্গ কম্প নেত্রে অশ্রুধার॥
ভুরিদা ২ বলি করে আলিঙ্গন।
ইহো নাহি জানে ইহো হয় কোন জন॥



পূর্ব্বে সেবা দেখি তাঁরে কৃপা উপজিল।
অনুসন্ধান বিনু কৃপা প্রসাদ করিল॥
এই দেখ চৈতন্যের কৃপার মহাবল।
তাঁর অনুসন্ধান বিনু করয়ে সফল॥
প্রভু কহে কেবা তুমি কৈলা মোর হিত।
আচম্বিতে আসি পিয়াও কৃষ্ণলীলামৃত॥
রাজা কহে আমি তোমার দাসের অনুদাস।
ভৃত্যের ভৃত্য কর মোরে এই মোর আশ॥

End :

এ অমৃত কর পান যাহা সম নাহি আন
চিত্তে কর সুদৃঢ় বিশ্বাস।
না পড় কুতর্ক গর্ত্তে অমেধ্য কর্কশাবর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আর ভক্তবৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ।
তোমা সবার শ্রীচরণ করি শিরে ভূষণ
যাহা হৈতে অভীষ্ট পূরণ॥
শ্রীরূপ সনাতন রঘুনাথ শ্রীচরণ
শিরে ধরি তার করোঁ আশ।
কৃষ্ণলীলামৃতান্বিত চৈতন্যচরিতামৃত
কিছু কহে দীন কৃষ্ণদাস॥

Colophon :

১২১৮ সাল তারিখ ৫ বৈশাখ।

---

403. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 11″ × 5½″. Folia, 1-127. Lines 11 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

জয় ২ গৌরচন্দ্র জয় কৃপাসিন্ধু।
জয় ২ শচী সুত জয় দীনবন্ধু॥
জয় ২ নিত্যানন্দ জয়াদ্বৈতচন্দ্র।
জয় শ্রীনিবাস আদি গৌর ভক্তবৃন্দ॥
অপূর্ব্ব কহিল আদি লীলার সূত্রগণ।
যাহা বিস্তারিয়াছেন দাস বৃন্দাবন॥
অতএব তাহার আমি সূত্র মাত্র কৈল।
যে কিছু বিশেষ সূত্র মধ্যেই কহিল॥
এবে কহি শেষ লীলার মুখ্য সূত্রগণ।
প্রভুর অসংখ্য লীলা না যায় সম্যক কথন॥
তার মধ্যে যেই ভাগ দাস বৃন্দাবন।
চৈতন্য মঙ্গলে বিস্তারি করিলা বর্ণন॥
সেই ভাগের এই মতে সূত্র মাত্র লিখিব।
ইহা যে বিশেষ কিছু তাহা বিস্তারিব।
চৈতন্য লীলার ব্যাস দাস বৃন্দাবন।
তাঁর আজ্ঞায় করি তাঁর উচ্ছিষ্ট চর্ব্বণ॥
ভক্তি করি শিরে ধরি তাঁহার চরণ।
শেষ লীলা সূত্র হৈতে করিব বর্ণন॥
চব্বিশ বৎসর প্রভুর গৃহে অবস্থান।
তাঁহা যেই কৈল তাঁর আদি লীলা নাম॥
চব্বিশ বৎসর শেষে যেই মাঘ মাস।
তার শুক্ল পক্ষে প্রভু করিলা সন্ন্যাস॥
সন্ন্যাস করিয়া চব্বিশ বৎসর অবস্থান।



তাহাতে যে কৈলা তার শেষ লীলা নাম ॥
তার পাছে লীলার অন্ত্যলীলা অভিধান।
আদি লীলা মধ্যলীলা অন্ত্যলীলা আর।
ইবে মধ্যলীলার কিছু করিয়ে বিস্তার ॥
অষ্টাদশ লীলা কেবল নীলাচলে স্থিতি।
আপনে আচরি লোকে শিখাইলা প্রেমভক্তি ।

Fol. 127 rev.

পীত সুগন্ধি ঘৃতে অন্ন সিক্ত কৈল।
চারিদিগে পাতে ঘৃত বাহিয়া চলিল ॥
দশবিধ শাক নিম্ব তিক্ত সুকুতা ঝোল।
মরিচের ঝালে ছেনাবড়ি বড়া ঘোল ॥
দুগ্ধ তুম্বি দুগ্ধ কুষ্মাণ্ড বেসারের নাফরা।
মোচা ঘণ্ট মোচা ভাজা বিবিধ শাকরা ॥
ফুলবড়ি ফুল ফলে বিবিধ প্রকার।
বৃদ্ধ কুষ্মাণ্ড বড়ীর ব্যঞ্জন অপার ॥
নবনিম্বপত্র সহ ভৃষ্ট বার্ত্তাকি।
ফুলবড়ি পটোল ভাজা কুষ্মাণ্ড মান চাকি ॥

---

404. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $12\frac{1}{4}'' \times 4\frac{3}{4}''$. Folia, 1-232. Lines 9 on a page. Date, 1222 B.S. (1816 A.D.). Complete, mouse-eaten in parts.

Fol. 72 obv.

পুলকাশ্রু কম্প স্বেদ যাবত পঠন।
দেখি আনন্দিত হইল মহাপ্রভুর মন ॥
মহাপ্রভু পুছিল তারে শুন মহাশয়।
কোন অর্থ জানি তোমার এত সুখ হয় ॥

বিপ্র কহে মূর্খ আমি শব্দার্থ না জানি।
শুদ্ধাশুদ্ধ গীতা পড়ি গুরু আজ্ঞা মানি ॥
অর্জ্জুনের রথে কৃষ্ণ হয়ে রজ্জুধর।
বসিঞা আছেন হাতে শ্যামলসুন্দর ॥
অর্জ্জুনে কহিতে আছে হিত উপদেশ।
তারে দেখি হয় মোর আনন্দ আবেশ ॥
যাবত পড়োঁ তাবত পাঙ তাঁর দরশন।
এই লাগি গীতা পাঠ না ছাড়ে মোর মন ॥
প্রভু কহে গীতা পাঠে তোমারি অধিকার।
তুমি সে জান সেই গীতার অর্থ সার ॥
এত বলি সেই বিপ্রে কৈল আলিঙ্গন।
প্রভুপাদ ধরি বিপ্র করয়ে ক্রন্দন ॥
তোমা দেখি তাহা হৈতে দ্বিগুণ সুখ হয়।
সেই কৃষ্ণ তুমি হেন মোর মনে লয় ॥
কৃষ্ণ স্ফুর্ত্তে তার চিত্ত হঞাছে নির্ম্মল।
অতএব প্রভুর তত্ত্ব জানিল সকল ॥
তবে মহাপ্রভু তাঁরে করিল বচন।
এই বাত কাঁহা তুমি না করিহ প্রকাশন ॥
সেই বিপ্র মহাপ্রভুর মহাভক্ত হৈল।
চারিমাস মহাপ্রভুর সঙ্গ না ছাড়িল ॥
এই মত ভট্টগৃহে রহে গৌরচন্দ্র।
নিরন্তর ভট্ট সঙ্গে কৃষ্ণকথানন্দ ॥
শ্রী বৈষ্ণব ভট্ট সেবে লক্ষ্মীনারায়ণ।
তার ভক্তি নিষ্ঠা দেখি প্রভুর তুষ্ট হৈল মন ॥

End:

যেই লীলামৃত বিনে খায় যদি অন্নপানে
তবু ভক্তের দুর্ব্বল জীবন।
যার এক বিন্দু পানে উৎফুল্লিত তনুমনে
হাসে গায় করয়ে নর্ত্তন ॥
এই অমৃত কর পান যাহা সম নাহি আন
চিত্তে কর সুদৃঢ় বিশ্বাস।
না পড় কুতর্ক গর্ত্তে অমেধ্য কর্কশাবর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈতাদি ভক্তবৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ।



তোমা সভার শ্রীচরণ   করি শিরোভূষণ
যাহা হইতে অভিষ্ট পূরণ।
শ্রীরূপ সনাতন   রঘুনাথ জীবচরণ
শিরে ধরি করো তাঁর আস।
শ্রীকৃষ্ণ লীলামৃতান্বিত   চৈতন্যচরিতামৃত
কহে দীন হীন কৃষ্ণদাস॥

Colophon.

সমাপ্তশ্চায়ং মধ্যখণ্ডঃ। প্রভুপূর্ব্ব সন ১২২২ শাল তারিখ ২৮ ভাদ্র রোজ বুধবার। বেলা ডেড় প্রহর সময়ে। সর্ব্বাঙ্ক আদিখণ্ড ৩০ মধ্যখণ্ড ২৯২ একুন ৩২২ তিনশত বাইশ পাত কাদীবাসি চৈতন্যকের ২০৩।

---

405. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA CARITAMṚTA—MADHYA KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; $13\frac{1}{4}'' \times 5''$. Folia, 20, 58-237. Lines 10 on a page. Date, 1226 B. S. (1820 A. D.) Incomplete. Place of find, Bankura.

Fol. 48. obv.

শুনি ভট্টাচার্য্য কহে শুন মহাশয়।
এই শ্লোকের অর্থ মোর শুনিতে বাঞ্ছা হয়॥
প্রভু কহে তুমি কি অর্থ কর তাহা শুনি।
পাছে অর্থ করিবা দিব যেবা আমি জানি॥
শুনি ভট্টাচার্য্য শ্লোক করিল ব্যাখ্যান।
তর্ক শাস্ত্র মত উঠায় বাখ্যার বিধান॥
নব বিধ অর্থ তত্র শাস্ত্র মত লঞা।
শুনি প্রভু কহে কিছু ঈষত হাসিঞা॥
ভট্টাচার্য্য তুমি জানি সাক্ষাৎ বৃহস্পতি।
শাস্ত্র ব্যাখ্যা করিতে ঐছে নাহি কারো শক্তি॥
কিন্তু তুমি অর্থ কৈলে পাণ্ডিত্য প্রতিভায়।
ইহা বহি শ্লোকের আর আছে অভিপ্রায়॥
ভট্টাচার্য্যের প্রার্থনায় প্রভু ব্যাখ্যা কৈল।
তাঁর নব অর্থ মধ্যে একো না লইল॥
আত্মারাম আদি একাদশ পদ হয়।
পৃথক পৃথক কৈল পদের অর্থ নিশ্চয়॥
তত্তৎ পদ প্রাধান্যে আর মিলাইয়া।
অষ্টবিধ অর্থ কৈল অভিপ্রায় লয়া॥
ভগবান তাঁর ভক্তি তাঁর গুন গান।
অচিন্ত্য প্রভাব তিনের অকথ্য কথন॥
অন্য জত সাধ্য সাধন করি আচ্ছাদন।
এই তিন হরে সিদ্ধ সাধকের মন॥

Fol. 235 rev.

পঞ্চমে সাক্ষীগোপালের চরিত্র বর্ণন।
নিত্যানন্দ কহেন প্রভু করেন আস্বাদন॥
ষষ্ঠে সার্ব্বভৌমের করিল উদ্ধারণ।
সপ্তমে তীর্থযাত্রা বাসুদেব উদ্ধারণ॥
অষ্টমে রামানন্দ সম্বাদ বিস্তার।
আপনে শুনিল সব সিদ্ধান্তের সার॥
নবমে করিল সর্ব্ব দক্ষিণের তীর্থ ভ্রমণ।
দসমে করিল সর্ব্ব বৈষ্ণব মিলন॥
একাদশে শ্রীমন্দিরে বেড়া সংকীর্ত্তন।
দ্বাদশে গুণ্ডিচাগৃহ মার্জ্জন প্রক্ষালন॥
ত্রয়োদশে রথ অগ্রে প্রভুর নর্ত্তন।
চতুর্দ্দশে হোরাপঞ্চমী যাত্রা দরশন॥
পঞ্চদশে ভক্তের গুন শ্রীমুখে কহিল।
সার্ব্বভৌম ঘরে ভিক্ষা অমোঘ তারিল॥

Colophon :

ইতি সন ১২২৬ সাল তা ৫ অগ্রাহন॥



406. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper, $10\frac{1}{4}'' \times 5\frac{1}{2}''$. Folia, 1-169, 171-184, 189. Lines 12-14 on a page. Date 1760 Saka (1838 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 3 rev.

হরিদাস ঠাকুর আর রূপ সনাতন।
জগন্নাথ মন্দিরে না জায় তিনজন॥
প্রভু জগন্নাথের উপল ভোগ দেখিঞা।
নিজ গৃহে জান তিনজনেরে মিলিঞা॥
তিনজন মধ্যে জেই থাকে একজন।
তাহারে মিলিঞা জায় প্রভুর নিয়ম॥
দৈবে প্রভু আসী উর্দ্ধ চালেরে চাইলা।
চালে গোজা তাল পত্রে সেই শ্লোক পাইলা॥
শ্লোক পড়ি প্রভু আছেন আবিষ্ট হইঞা।
রূপ গোসাঞি আসি পড়ে দণ্ডবৎ হৈঞা।
উঠি মহাপ্রভু তারে চাপড় মারিয়া।
কহিতে লাগিলা কিছু কোলে উঠাইঞা॥
মোর শ্লোকের অভিপ্রায় না জানে কোন জনে।
মোর মনের কথা তুমি জানীলে কেমনে॥
এতবলি তারে বহুপ্রসাদ করিঞা।
স্বরূপ গোসাঞিকে শ্লোক দেখাইল লৈঞা॥
স্বরূপেরে করে প্রভু হইঞা বিস্মিতে।
মোর মনের কথা রূপ জানিল কেমতে॥
স্বরূপ কহে জাতে জানিল তুমার মন।
তাতে জানি হয়ে তোমার কৃপার ভাজন॥
প্রভু কহে তারে আমি সন্তুষ্ট হইঞা।
আলিঙ্গন কৈল সব শক্তি সঞ্চারিঞা॥
যোগ্য পাত্র হয়ে গূড়রস বিবর্চনে।
তুমিহ কহিহ তারে গূড় রসাক্ষানে॥
এই সব কথা কহিব বিস্তার করিঞা।
সংক্ষেপে কহিল উর্দ্ধে প্রস্তাব পাইঞা॥

Fol. 70 rev.

প্রভু আগমন তেঁহো তাহাই শুনিল।
নীলাচল শিঘ্র জাইতে তার ইচ্ছা হৈল॥
প্রভুর একভক্ত কমলাকান্ত নাম।
তারে লৈঞা নীলাচল করিলা পয়ান॥
অত্যান্তরে আসি তেঁহো মিলিলা প্রান্তরে।
প্রভুর আনন্দ হৈল দেখিঞা তাহারে॥
প্রেমাবেশে কৈল তার চরণ বন্দন।
তাহারে করিল তেঁহো প্রেম আলিঙ্গন॥
প্রভু কহে তোমা সঙ্গে রহিতে বাঞ্ছা হয়।
মোরে কৃপাকরি কর নীলাদ্রি আশ্রয়॥
তিঁহো কহে তোমাসঙ্গে রহিতে বাঞ্ছা করি।
গৌড় দেশ হৈতে অইনু নীলাচল পুরী॥
শুনিল দক্ষিন হৈতে তোমা আগমন।
শচীর আনন্দ হৈল আর ভক্তগন॥
সভাই আসিছে তারা প্রভুকে দেখিতে।
তা সভা বিলম্ব দেখি আইনু ত্বরিতে॥
কাশিমিশ্র নিকট শ্রীবাস একঘর।
প্রভু তারে দিল বাসা সেবার কীঙ্কর॥

Colophon:

শকাব্দা ১৭৬০। হরয়ে নমঃ॥



407. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA MADHYA KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2}'' \times 5''$. Folia, 1-251. Lines 9 on a page. Date, 1249 B. S. (1843 A. D.) Complete. Place of find, Bankura.

Fol. 2 rev.

গোপালচম্পু নাম তাঁর গ্রন্থ মহাশূর।
নিত্যলীলা স্থাপন তাহাঁ ব্রজরসপুর॥
প্রথম বৎসর অদ্বৈতাদি ভক্তগণ।
প্রভু দেখিতে নীলাচলে করিল গমন॥
রথ যাত্রা দেখি তাহাঁ রহিলা চারিমাস।
প্রভু সঙ্গে নৃত্যগীত করেন বিলাস॥
বিদায় সময়ে প্রভু বলিলা সভারে।
প্রত্যাব্দ আসিবে সভে গুণ্ডিচা দেখিবারে॥
প্রভু আজ্ঞায় ভক্তগণ প্রত্যাব্দ আসিয়া।
গোসাঞি মিলিয়া আর গুণ্ডিচা দেখিয়া॥
দ্বাদশ বৎসর ঐছে করে গতাগতি।
অন্যোন্যে দোঁহা বিনু দোঁহার নাহি স্থিতি॥
শেষে আর যেবা রহে দ্বাদশ বৎসর।
কৃষ্ণের বিরহ লীলা প্রভুর অন্তর॥
নিরন্তর রাত্রি দিনে বিরহ উন্মাদ।
হাসে কান্দে নাচে গায় পরে যে বিষাদ॥
যেবা কালে করে জগন্নাথ দরশন।
মনে করে কুরুক্ষেত্রে পাইয়েছোঁ মিলন॥
রথযাত্রা আগে যবে করেণ নর্তন।
তাহা এই পদ মাত্র করয়ে গায়ন॥

Fol. 160 obv.

আনন্দিত বন্ধু যৈছে দেখি বন্ধুগণ॥
প্রতি বৃক্ষ লতা প্রভু করে আলিঙ্গন।
পুষ্পাদি ধ্যানে করে কৃষ্ণে সমর্পণ॥
অশ্রু কম্প পুলকে প্রেমে শরীর অস্থিরে।
কৃষ্ণ বোল কৃষ্ণ বোল বোলে উচ্চস্বরে॥
স্থাবর জঙ্গম মেলি করে কৃষ্ণধ্বনি।
প্রভুর গম্ভীর স্বরে যেন প্রতিধ্বনি॥
মৃগের গলা ধরি প্রভু করেন রোদন।
মৃগের পুলক অঙ্গ অশ্রু নয়ন॥
বৃক্ষ ডালে শুকশারি দিল দরশন।
তাহা দেখি প্রভুর কিছু শুনিতে হৈল মন।
শুক শারি প্রভুর হাতে উড়ি আসি পড়ে॥

End:

শ্রীরূপ সনাতন রঘুনাথ জীব চরণ
শিরে ধরি করি যার আশ।
কৃষ্ণ-লীলা-মৃতান্বিত চৈতন্যচরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস॥

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে কাশিবাসি বৈষ্ণব করণং পুনর্নীলাচল গমনক বিংশতিতমঃ পরিচ্ছেদ সমাপ্তায় মধ্যখণ্ড। পুস্তকেয়ং শ্রীনিত্যানন্দ কর্ম্মকারক সন ১২৪৯ সাল তাং ২ অগ্রহায়ণ।

408. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 14" × 5½". Folia, 1-49, 60, 61, 65-72, 79-92. Lines 10-11 on a page. Appearance about 300 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 obv.

তুমার শক্তি বিনে এই জীবের নহে বানি।
তুমি শক্তি দিয়া কহ হেন অনুমানি॥
প্রভু কহে পৈরাগে ইহার হইল মিলন।
ইহার গুনে ইহাতে আমার তুষ্ট হৈল মন॥
মধুর প্রসন্ন ইহার কাব্য অলঙ্কার।
ঐছে কবিত্ব বিনু নহে রসের প্রচার॥
সবে কৃপা করি ইহারে দেহ এই বর।
ব্রজরস প্রেম লিলা বর্ণে নিরন্তর॥
ইহার জেষ্ঠ ভ্রাতা নাম সনাতন।
প্রিথিবিতে বিজ্ঞবর নাই তার সম॥
তোমার যৈছে বিশয় ত্যাগ তৈছে তার রিতি।
দৈন্য বৈরাগ্য পাণ্ডিত্যের তাতে স্থিতি॥
এই দুই ভাই পাঠাইলু আমি বৃন্দাবন।
শক্তি দিয়া ভক্তি শাস্ত্র করিতে প্রবর্তন॥
রায় কহে ঈশ্বর তুমি যে চাহ করিতে।
কাষ্ঠের পুতলি তুমি পার নাচাইতে॥
মোর মুখে জেই রস কৈলে প্রচারনে।
সেই সব দেখি আমি ইহার লিখনে॥
ভক্তকৃপাএ প্রকটিতে চাহ ব্রজরস।
জারে করাও সেই করিবে জগত তুমার বস॥
তবে মহা প্রভু তারে কৈল আলিঙ্গন।
তারে করাইল সভার চরন বন্দন॥

অদ্বৈত নিত্যানন্দাদি যত ভক্তগণ।
কৃপা করি তারে সবে কৈল আলিঙ্গন॥
প্রভুর কৃপা আর তারের সদগুনে।
দেখি চমৎকার হৈল সভা কার মনে॥
তবে মহাপ্রভু সর্ব্বভক্ত লঞা গেলা।
হরিদাস ঠাকুরে তবে আলিঙ্গন কৈলা॥

End :

শ্রীগুরু শ্রীরঘুনাথ শ্রীজীব চরণ।
নিজ শিরে ধরি এই সভার চরণ॥
যাহা হৈতে হয় এই বাঞ্ছিত পূরণ॥
সভার পদের কৃপা গুরু-উপাধ্যায়ি।
মোর বাণী শিষ্যা তারে বহুত নাচাই॥
শিষ্যের শ্রম দেখি গুরু নাচাই রাখিল।
কৃপা না নাচায় বাণী বসিঞা রহিল॥
অনিপুণা বাণী আপুনি নাচিতে না জানে।
যত নাচাই তত নাচি করিল বিশ্রামে॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যা সভার চরণ কৃপা শুভের কারণ॥
শ্রীচৈতন্যচরিতামৃত যেইজন শুনে।
তাহার চরণ ধুঞা করো জল পানে॥
শ্রোতার পদরেণু করো মস্তক ভূষণ।
তোমারা এ অমৃত পিলে মোর সফল হয় শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥



409. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 12¼" × 4¼". Folia, 1-5, 8-47, 49-84. Lines 10 on a page. Appearance, about 250 years old. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীরূপ শ্রীসনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীগোপাল শ্রীজীব দাস রঘুনাথ॥
এই ছয় গুরু করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্নাশ অভীষ্ট পূরণ॥
জয় ২ চৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
মধ্যলীলা সংক্ষেপে এই কহিল বর্ণন।
অন্ত্যলীলা বর্ণন হৈবে শুন ভক্তগণ॥
মধ্যলীলা মধ্যে অন্ত্যলীলা সূত্রগণ।
পূর্ব্ব গ্রন্থে সংক্ষেপে করিয়াছি বর্ণন॥
আমি জরাগ্রস্ত নিকট জানিঞা মরণ।
অন্ত্যলীলা করিয়াছি সূত্র বর্ণন॥
পূর্ব্ব লিখিত সূত্রগণ অনুসারে।
যাহা নাহি লিখি তাহা কহিয়ে বিস্তারে॥
বৃন্দাবন হৈতে প্রভু নীলাচল আইলা।
স্বরূপ গোসাঞি গৌড়ে বার্ত্তা পাঠাইলা॥
শুনি শচী আনন্দিত সব ভক্তগণ।
সভে মেলি নীলাচলে করিল গমন॥
কুলীনগ্রামি ভক্তগণ আর খণ্ডবাসি।
আচার্য্য শিবানন্দ সনে মিলিলা সব আসি॥
শিবানন্দ করেন সব ঘাটি সমাধান।
সভারে পালন করি দেন বাসা স্থান॥
এক কুক্কুর চলে শিবানন্দের সনে।
ভিক্ষা দিঞা লঞা চলে করিঞা পালনে॥

Fol. 84 obv.

এই শ্লোক পড়ি শুনি প্রভু ভাবাবিষ্ট হঞা।
উৎকণ্ঠাতে অর্থ করে ভাবাবিষ্ট হঞা॥
যথারাগ॥
অহো ব্রজেন্দ্র নন্দন ব্রজে কুলকন্যাগণ
অবশ্য করিবে পরিণয়।
শেষ ভক্ত গোপীগণ যারে মানে নিজধন
সেই সুধা অন্যে লভ্য নয়॥
গোপীগণ সঙ্গে কহ করিয়া বিচারে।
কত তীর্থে কত তপ কত সিদ্ধ মহাজন
এই বেণু কৈল জন্মান্তরে॥
কৃষ্ণের সুধাপান যে কৈল অমৃতপান
যাগা গোপীকা ধরে প্রাণ।
হরেন অযোগ্য অতি স্থাবর পুরুষ জাতি
সেই সুধা সদা কর পান॥

---

410. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4¼". Folia, 1-74. Lines 10-12 on a page. Date 1595 Saka (1673 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 2 obv.

কুক্কুরে নাহি পায় তাহা শুনি দুঃখি হৈলা।
কুক্কুর চাহিতে দশজন ধাইঞা পাঠাইলা॥
চাহিঞা না পাইলা সর্ব্বলোক ঘরে আইলা।
দুঃখি হঞা শিবানন্দ উপবাস কৈলা॥
প্রভাতে চাহিল কুক্কুরের নাগ না পাইলা।
সকল বৈষ্ণব মনে চমৎকার হৈলা॥



উৎকণ্ঠাতে চলি সঙ্গে আইলা নীলাচলে।
পুর্ব্ববত মহাপ্রভু মিলিলা সভারে ॥
সভা লঞা কৈল জগন্নাথ দরশন।
সভা লঞা কৈল মহাপ্রসাদ ভোজন ॥
পুর্ব্ববৎ সভাকারে পাঠাইল বাসাস্থানে।
আর দিন প্রাতঃকালে আইল প্রভুর স্থানে ॥
আসিঞা দেখিল সঙ্গে সেইত কুক্কুর।
প্রভুর বামপাশে বসিঞাছে কিছু অন্তর ॥
প্রসাদ নারিকেল শস্য প্রভু দেন ফেলাইঞা।
কৃষ্ণরাম হরি কহ বোলেন হাসিঞা ॥
শস্য খায় কুক্কুর কৃষ্ণ বোলেন বারেবার।
দেখিঞা লোকের মনে হৈল চমৎকার ॥
শিবানন্দ কুক্কুর দেখি দণ্ডবৎ হৈলা।
দৈন্য করি নিজ অপরাধ ক্ষমাইলা ॥
আর দিন তার কেহো দেখা না পাইল।
সিদ্ধ দেহ পাঞা কুক্কুর বৈকুণ্ঠকে গেল ॥
ঐছে দিব্য লীলা করে শ্রীশচীর নন্দন।
কুক্কুরকে কৃষ্ণ কহাইঞা করিল মোচন ॥
হেথা প্রভুর আজ্ঞায় রূপ আইলা বৃন্দাবন।
কৃষ্ণলীলা নাটক লিখিতে কৈল মন ॥
বৃন্দাবনে নাটকের আরম্ভ করিল।
মঙ্গলাচরণের নান্দী শ্লোক লিখিল ॥
পথে চলিলা নাটকের ঘটনা ভাবিতে।
কড়চা করিঞা কিছু লাগিলা লেখিতে ॥
এই মত দুই ভাই গৌড় দেশে আইলা।
গৌড় দেশে আসি অনুপমের গঙ্গাপ্রাপ্ত হৈলা ॥
শ্রীরূপ গোসাঞি প্রভু পাশ করিল গমন।
প্রভুকে দেখিতে তাঁর উৎকণ্ঠিত মন ॥
অনুপম লাগি তাঁর কিছু বিলম্ব হৈলা।
ভক্তগণের পাছে আইলা লাগ না পাইলা ॥
উড়িষ্যা দেশে সত্যভামা নাম গ্রাম।
একরাত্রি সেই গ্রামে করিল বিশ্রাম ॥
রাত্রে স্বপ্নে দেখিল এক দিব্য নারি।
সমুখে আসিঞা আজ্ঞা দিল বহু কৃপা করি ॥
আমার নাটক পৃথক করহ রচন।
আমার কৃপায় নাটক হবে বিচক্ষণ ॥

Fol. 73 rev.

জোষ্ঠ মাসের মধ্যে তাঁরে কড়ি পরিক্ষণ।
শক্তি সঞ্চারিঞা পাঠাইল বৃন্দাবন ॥
পঞ্চমে প্রয়াগ দিশে প্রভু কৃপা করিল।
............কৃষ্ণ কথা তাঁরে শুনাইল ॥
তার মধ্যে বাঙ্গাল কবির নাটক উপেক্ষণ।
স্বরূপ হইতে বিপ্রের রহিয়া স্থাপন ॥
ষষ্ঠে রঘুনাথ দাস প্রভুরে মিলিলা।
নিত্যানন্দের আজ্ঞায় চিড়া দধিতে মহোৎসব
কইলা ॥
দামোদর স্বরূপ স্থানে তারে সমর্পিলা।
গোবর্দ্ধন...গুঞ্জা মালা তাঁরে দিলা ॥
সপ্তম পরিচ্ছেদে বল্লভ ভট্ট মীলন।
নানা মতে কৈল তাঁর গর্ব্ব খণ্ডন ॥
অষ্টমে রামচন্দ্র পুরীর আগমন।
......তরে কৈল প্রভু ভিক্ষা সঙ্কোচন ॥
নবমে গোপীনাথ পট্ট নায়ক মোচন।
ত্রিজগতে লোক পাইল প্রভুর দরশন ॥

---

411. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $11\frac{1}{4}'' \times 5\frac{1}{2}''$. Folia, 1-133. Lines 12-14 on a page. Date, 1083 B. S. (1677 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 3 obv.

খণ্ড দেখি শ্রীরূপ করিল বিচার।
সত্যভামার আজ্ঞা পৃথক নাট করিবার ॥

ব্রজপুর লীলা একত্র করিঞাছি ঘটনা।
দুই ভাগ করি এবে করিব রচনা॥
ভাবিতে ভাবিতে শীঘ্র আইলা নীলাচলে।
আসি উত্তরিলা হরিদাস বাসা স্থলে॥
হরিদাস ঠাকুর তারে বহু কৃপা কৈল।
তুমি যে আসিবে মোরে প্রভু যে কহিল॥
উপল ভোগ দেখি প্রভু হরিদাসে দেখিতে।
প্রতিদিন আসে গোসাঞি আচম্বিতে॥
রূপ দণ্ডবৎ করে হরিদাস কহিল।
হরিদাস মিলি প্রভু রূপে আলিঙ্গিল॥
হরিদাস রূপ লঞা তিনে বসি এক স্থানে।
কুশল প্রশ্ন ইষ্ট গোষ্ঠী কৈল কথোক্ষণে॥
সনাতনের বার্তা যদি গোসাঞি পুছিল।
রূপ কহে তার সনে দেখা না হইল॥
আমি গঙ্গা পথে আইলাঙ তেঁহো রাজপথে।
অতএব আমার দেখা না হৈল তার সাথে॥
প্রয়াগে শুনিল তেঁহো গেলা বৃন্দাবন।
অনুপমের গঙ্গা প্রাপ্তি কৈল নিবেদন॥
রূপে তাঁহা বাসা দিঞা গোসাঞি চলিলা।
গোসাঞির সঙ্গী ভক্ত রূপে আসিঞা মিলিলা॥
আর দিন মহাপ্রভু সর্বভক্ত লৈঞা।
রূপেরে মিলাইল সভা সনে কৃপা ত করিঞা॥
সভার চরণ রূপ করিল বন্দন।
কৃপা করি রূপে সভে কৈল আলিঙ্গন॥
অদ্বৈত নিত্যানন্দ এই দুই জনে।
প্রভু কহে রূপে কৃপা কর কায়মনে॥
তোমা দোহার কৃপা ইহার তৈছে হউ শক্তি।
যাতে বিবরিতে পারে কৃষ্ণরস ভক্তি॥
গৌড়িয়া উড়িয়া যত প্রভুর যত ভক্তগণ।
সভার হইলা রূপ স্নেহের ভাজন॥

End.

অলিপ্তা বাণী আপনে নাচিতে না জানে।
যত নাচাই তত নাচে করিল বিশ্রামে॥
সব শ্রোতাগণের করো চরণ বন্দন।
যা সভার চরণ কৃপা শুভের কারণ॥
চৈতন্যচরিতামৃত যেই জন শুনে।
তাহার চরণ ধুঞা করো মুঞি পানে॥
শ্রোতার পদরেণু করোঁ মস্তক ভূষণ।
তোমরা অমৃত পিলে সফল হৈল শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon.

শ্রীশ্রীকৃষ্ণ চৈতন্যদাস স্বাদি। অত অনুগত কৃপাপাত্র শ্রীহরিরাজ অন্ত্যলীলা গ্রন্থ লিখা সমাপ্ত। ইতি সন ১০৮৩ সাল। তারিখ বৈশাখমহার ৫ রোজ রবিবার। মকাম বেলিয়ার পূর্ব কুমারি ঘরে দক্ষিণ দুয়ারে দিবা তৃতীয় প্রহর বেলাতে গ্রন্থ লিখা সমাপ্ত হইল।

---

412. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড একাদশ পরিচ্ছেদ হইতে।

CAITANYA-CARITĀMṚTA ANTYA-KHAṆḌA FROM CHAPTER XI

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 15″ x 4½″. Folia, 1-58. Lines 6-9 on a page. Date, 1629 Saka (1707 A.D.). Complete. Place of find, Bankura

Fol. 1 rev.

স্বতন্ত্র ঈশ্বর তুমি হও স্বেচ্ছাময়।
জগত নাচাও যৈছে ইচ্ছা যারে হয়॥
অনেক নাচাইলা মোরে প্রসাদ করিয়া।
বিপ্র শ্রাদ্ধ পাত্র·········ভোজ্ঞ করাইয়া॥
এক বাঞ্ছা হয় মোর বহুদিন হৈতে।
লীলা সম্বরিবা তুমি লয় মোর চিতে॥



সে লীলা প্রভু মোরে কভু না দেখাইবা।
আপনার আগে মোর শরীর পাড়িবা॥
হৃদয়ে ধরিমু তোমার কমল চরণ।
নয়নে দেখিমু তোমার চান্দ বদন॥
জিহ্বায় উচ্চারিমু কৃষ্ণচৈতন্য নাম।
এই মত মোর ইচ্ছা ছাড়িমু পরাণ॥
মোর ইচ্ছা এই যদি তোমা প্রসাদে হয়।
এই নিবেদন মোর কর দয়াময়॥
এই নীচ দেহ মোর পড়ে তোমা আগে।
এই বাঞ্ছা সিদ্ধি মোর যে তোমার লাগে॥
প্রভু কহে হরিদাস যে তুমি মাগিবে।
কৃষ্ণ কৃপাতে তাহা অবশ্য করিবে॥
কিন্তু আমার যে কিছু সুখ সব তোমা লৈঞা।
তোমা যোগ্য নহে যাহ আমারে ছাড়িয়া॥
চরণে ধরি হরিদাস কহে না করিহ মায়া।
অবশ্য অধমে প্রভু করিবেন দয়া॥
মোর শিরোমণি যেই যেই মহাশয়।
তোমার লীলা-সহায় আছে কোটি ভক্ত হয়॥

End.

শ্রীরাধাসহ শ্রীগোপিনাথ।
এই সব ঠাকুর গৌড়িয়ার নাথ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীযুত নিত্যানন্দ
শ্রীঅদ্বৈত চন্দ্র শ্রীগৌর ভক্তবৃন্দ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীগুরু শ্রীরঘুনাথ শ্রীজীব চরণ॥
নিজ শিরে ধরি সভার চরণ।
যাহা হৈতে হয় সব বাঞ্ছিত পূরণ॥
সভার চরণ কৃপায় গুরু-উপাধ্যায়ী।
মোর বানি শিষ্যা তারে বহুত নাচাই॥
শিষ্যার শ্রম দেখি গুরু নাচাঞা রাখিল।
কৃপা না নাচায় বানি বসিয়া রহিল॥
অনিপুণা বানি আপনে নাচিতে না জানে।
যত নাচাইল তত নাচি করিল বিশ্রামে॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যা সভার চরণ কৃপা শুভের কারণ॥
চৈতন্যচরিতামৃত যেই জন শুনে।
তাহার চরণ ধুইঞা করো মুঞি পানে॥
শ্রোতা পদরেণু করো মস্তক ভূষণ।
তোমরা এ অমৃত পিলে মোর সফল হয় শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon.

ইতি শকাব্দা ১৭৫১।২।৭।১৪।।

---

413. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, Country-made paper; 14" × 4½". Folia, 50-57. Lines 10 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura. Writing effaced.

Fol. 53 rev.

তবে গোবিন্দ তাঁর বহির্বাস তাঁর উপরে দিঞা।
ভিতর ঘর গেলা গোবিন্দ প্রভুরে লঙ্ঘিঞা॥
পাদ সম্বাহন করিল কটি পৃষ্ঠ চাপিল।
মধুর মর্দনে প্রভুর পরিশ্রম গেল॥
সুখে নিদ্রা প্রভুর গোবিন্দ চাপে অঙ্গ।
দণ্ড দুই বহি প্রভুর হৈল নিদ্রাভঙ্গ॥
গোবিন্দে দেখিঞা প্রভু বলে ক্রুদ্ধ হইঞা।
অদ্যাপিহ এতক্ষণ আছিস বসিঞা॥
নিদ্রা হইলে কেনে না গেলে প্রসাদ লইতে।
গোবিন্দ কহে দ্বারে শুইলা না পারি যাইতে॥
প্রভু কহে ভিতরে আইলা কেমনে।
তৈছে কেনে প্রসাদ লইতে না গেলা এখনে॥



গোবিন্দ মনে কহে আমার সেবা সে নিয়ম।
অপরাধ হউক কিবা নরকে গমন ॥
সেবা লাগি কোটি অপরাধ নাহি গণি।
স্বনিমিত্তে অপরাধাভাসে ভয় মানি ॥
এসব জেমনে করি গোবিন্দ করিলা।
প্রভু যে পুছিলা তারে এই উত্তর দিলা ॥
প্রত্যহ প্রভুর নিদ্রা হইলে জান প্রসাদ লইতে।
সে দিনের শ্রম জানি রহিলা চাপীতে ॥
জাইতের পথ নাহি জাই বা কেমনে।
মহা অপরাধ হয় প্রভুরে লঙ্ঘনে ॥
এই সব হয় ভক্তি শাস্ত্রের সুক্ষ মর্ম।
চৈতন্যের কৃপাতে জানি এই ধর্ম কর্ম ॥
ভক্তের গুন প্রকাশিতে গৌর ভাল জানে।
নানা ভঙ্গিতে গুন প্রকাশিলা নিজ লাভ মানে ॥
সংক্ষেপে কহিল [এ]ই পরিমুণ্ডা নৃত্য।
অদ্যাপিহ গায়ে যাহা চৈতন্যের ভৃত্য ॥
এইমত মহাপ্রভু লইয়া নিজগণ।
গুণ্ডিচা গৃহের কৈল......... ॥
পূর্ব্ববত রথ আগে কৈল কীর্ত্তন নির্ত্তন।
পূর্ব্ববত.............................. ॥
পূর্ব্ববত রথো আগ্রে করিলা নর্ত্তন।
হরাপঞ্চমী জাত্রা কৈল............... ॥
চারিমাস বর্ষা রহিলা সব ভক্তগন।
জন্মাষ্টমি জাত্রা কৈল সবে দরশন ॥
পূর্ব্বে জবে গৌড় হইতে ভক্তগন আইলা।
প্রভুরে কিছু খাওয়াইতে [সভার ই]ছা হৈলা ॥

---

414. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14" × 6¼" Folia, 1-55, 63 and in lost folium. Lines 15-16 on a page. Date, 1647 saka (1725 A. D.). Incomplete. Place of find, Bankura

Fol. 2 obv.

প্রভাতে চলিলা কাঁহা না পাইলা।
সকল বৈষ্ণব মনে চমতকার হৈলা ॥
উৎকণ্ঠায় চলি সভে আইলা নীলাচলে।
পূর্ব্ববত মহাপ্রভু মিলিলা সকলে ॥
সভা লঞা কৈল জগন্নাথ দরশন।
সভা লঞা মহাপ্রভু করিলা ভোজন ॥
পূর্ব্ববত সভারে পাঠাইল বাসাস্থানে।
আর দিনে প্রাতঃকালে আইলা প্রভু স্থানে ॥
আসিঞা দেখিল সভে সেই কুকুরে।
প্রভুপাশে বসিঞাছে কিছু অন্তরে ॥
প্রসাদ নারিকেল শস্য প্রভু দেন ফেলাইঞা।
কৃষ্ণ রাম হরি কহ বোলেন হাসিঞা।
শস্য খায় কুকুর কৃষ্ণ বোলে বারবার।
দেখিঞা লোকের মনে হৈলা চমতকার ॥
শিবানন্দ কুকুর দেখি দণ্ডবৎ কৈল।
দৈন্য করি নিজ অপরাধ ক্ষেমাইল ॥
আর দিনে কেহো তার লাগ না পাইল।
সিদ্ধ দেহ পাঞা কুকুর বৈকুণ্ঠকে গেল ॥
ঐছে দিব্য লীলা করে শচীর নন্দন।
কুকুরকে কৃষ্ণ কহাই করিল মোচন ॥
এথা প্রভু আজ্ঞায় আইলা বৃন্দাবন।
কৃষ্ণলীলা নাটক করিতে হৈল তাঁর মন ॥
বৃন্দাবনে নাটকের আরম্ভ করিল।
মঙ্গলাচরণ নান্দিশ্লোক তথাই লেখিল ॥



Fol 63 rev.

তোমা সভার চরণ ধূলি করিনু বন্দন ।
তাহাতে চৈতন্য লীলা হইল লিখন ॥
এবে অন্ত্যলীলাগণের করি অনুবাদ ।
অনুবাদ করিলে পাইএ লীলার আস্বাদ ॥
প্রথম পরিচ্ছেদে রূপের দ্বিতিয় মিলন ।
তার মধ্যে দুই নাটকের বিবিধ বর্ণন ।
তার মধ্যে শিবানন্দের সঙ্গে কুকুর আইলা ।
প্রভু তাঁরে কৃষ্ণ কহাইঞা মুক্ত কৈলা ॥
দ্বিতীয়ে ছোট হরিদাস করাইল শিক্ষণ ।
তার মধ্যে শিবানন্দের আশ্চর্য্য দর্শন ॥
তৃতীয়ে শ্রীহরিদাসের মহিমা প্রচণ্ড ।
দামোদর পণ্ডিত প্রভুকে কৈলা বাক্যদণ্ড ॥
প্রভু নাম দিঞা কৈল ব্রহ্মাণ্ড মোচন ।
হরিদাস কৈল নামের মহিমা স্থাপন ॥
সঙ্গে রঘুনাথ দাস প্রভুরে মিলিলা ।
নিত্যানন্দ আজ্ঞায় চিড়াদধি মহোৎসব কৈলা ॥
দামোদর স্বরূপ ঠাঞি তাঁরে সমর্পিলা ।
গোবর্দ্ধনশিলা গুঞ্জামালা তাঁরে দিলা ॥
সপ্তম পরিচ্ছেদে বল্লভভট্টের মিলন ।
নানামতে কৈল তাঁর সর্ব্ব খণ্ডন ।
অষ্টমে রামচন্দ্র পুরির আগমন ॥

Colophon :

সকাব্দা । ১৬৪৮ সাল ।

---

415. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4⅛". Folia, 24-116. Lines 10 on a page. Date, 1648 Ś'aka (1726 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 24 obv.

যদ্যপি হরিদাস বিপ্রের দোষ না লইল ।
তথাপি ঈশ্বর তাকে ফল ভুঞ্জাইল ॥
ভক্তের স্বভাব অজ্ঞের অপরাধ ক্ষেমা করে ।
কৃষ্ণের স্বভাব ভক্তের নিন্দা সহিতে না পারে ।
বিপ্রের দুঃখ দেখি হরিদাস দুখি হৈল ।
বলাইকে কহিঞা তবে শান্তিপুর আইল ॥
আচার্য্যের ঘরে ভিক্ষা নিত্য নির্ব্বাহন ।
দুইজন মেলি কৃষ্ণ কথা আস্বাদন ॥
হরিদাস করে গোশাঞি করোঁ নিবেদন ।
মোরে প্রত্যহ অন্ন দেহ কোন প্রয়োজন ॥
মহা মহা বিপ্র এথা কুলিন সমাজ ।
নিচে আদর ২ না করহ ভয়লাজ ॥
অলৌকিক আচার তোমার কহিতেঁ বাসি ভয় ॥
সেই কৃপা করিবে যাতে তোমার রক্ষা হয় ।
আচার্য্য কহেন তুমি না করিহ ভয় ।
সেই আচরিব যেই শাস্ত্র মত হয় ॥
তুমি খাইলে হয় কোটি ব্রাহ্মণ ভোজন ।
এত কহি শ্রাদ্ধ পাত্র করাল্য ভোজন ॥
জগত নিস্তার হেতু করেন চিন্তন ।
অবৈষ্ণব জগতে কেমতে হইবে মোচন ॥
কৃষ্ণ অবতারিতে অদ্বৈত প্রতিজ্ঞা করিল ।
জল তুলসী দিঞা তবে পুজিতে লাগিল ॥



Fol. 114 rev.

নানা রোগে বেড়িল বলিতে না পারি।
পঞ্চ রোগের পীড়ায় ব্যাকুল রাত্রি দিনে মরি॥
পূর্ব্বে গ্রন্থে ইহা করিয়াছি নিবেদন।
তথাপি লিখি যে শুন ইহার কারণ॥
শ্রীগোবিন্দ শ্রীচৈতন্য শ্রীনিত্যানন্দ।
শ্রীঅদ্বৈত শ্রীভক্ত যত শ্রোতাবৃন্দ।
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীরঘুনাথ দাস শ্রীগুরু শ্রীজীবচরণ॥
ইঁহা সভার চরণ কৃপা লেখায় আমারে।
আর এক নাথ তিহোঁ কৃপা করেন মোরে।
শ্রীমদন গোপাল লেখায়ে মোরে আজ্ঞা করি।
কহিতে না জুয়ায় তভো রহিতে না পারি॥
না কহিলে হয় মোর কৃতঘ্নতা দোষ।
দম্ভ করি বলি শ্রোতা না করিহ রোষ॥

Colophon:

শকাব্দা ১৬৬৮ সাল তা ২৭ পৌষ।

---

416. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHANDA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, Country made paper; 15" × 5" Folia, 2-111 Lines 10 on a page. Appearance, about 175 years old. Incomplete.

Fol. 2 obv.

এক দিন শিবানন্দ নদী পার হইতে।
উড়িয়া নাবিক কুকুর না চড়ায় নৌকাতে॥
কুকুর রহিলা শিবানন্দ দুঃখি হৈলা।
দশ পণ কড়ি দিঞা কুকুর পার কৈলা॥
একদিন শিবানন্দ বাসাতে রহিলা।
কুকুরকে ভাত দিতে সেবক পাশরিলা॥
রাত্রে আসি শিবানন্দ ভোজনের কালে।
কুকুর কি পাঞাছে ভাত সেবকে পুছিলে॥
কুকুর ভাত নাহি পায় শুনি দুঃখি হৈলা।
কুকুর চাহিতে দশ লোক পাঠাইলা॥
চাহিঞা না পাইল কুকুর লোক সব আইলা।
দুঃখি হঞা শিবানন্দ উপবাস করিলা॥
প্রাতে চাহেন কুকুর কাহোঁ না পাইলা॥
সকল বৈষ্ণব মনে চমৎকার হৈলা॥
উৎকণ্ঠায় চলিয়া সভে আইলা নীলাচলে।
পূর্ব্ববত মহাপ্রভু মিলিলা সকলে॥

Fol. 86 obv.

জয় ২ শ্রীকৃষ্ণ চৈতন্য অধীশ্বর।
জয় নিত্যানন্দ পূর্ণানন্দ কলেবর॥
জয়াদ্বৈত আচার্য্য কৃষ্ণচৈতন্য প্রিয়তম।
জয় ২ শ্রীবাসাদিক ভক্তগণ।
এইমত মহাপ্রভু রাত্রি দিবসে।
আত্মস্ফূর্ত্তি নাহি রহে কৃষ্ণপ্রেমাবেশে॥
কভু ভাবে মগ্ন কভু অর্দ্ধবাহ্য স্ফূর্ত্তি।
কভু বাহ্য স্ফূর্ত্তি তিন রীতে প্রভুর স্থিতি॥
স্নান দর্শন ভোজন দেহ স্বভাবে হয়।
কুমারের চাক যেন সতত ফিরয়॥
একদিন প্রভু করে জগন্নাথ দর্শন।
জগন্নাথ দেখি সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন॥
একবারে স্ফুরে প্রভুকে কৃষ্ণের পঞ্চগুণ।
পঞ্চগুণে করে পঞ্চেন্দ্রিয় আকর্ষণ॥
একমন পঞ্চ দিগে পঞ্চগুণে টানে।
টানাটানি প্রভুর মন হৈল অগেয়ানে॥
হেনকালে ঈশ্বরের উপলভোগ সরিলা।
ভক্তগণ মহাপ্রভুকে ঘরে লঞা গেলা॥
স্বরূপ রামানন্দ এই দুইজন লঞা।
বিলাপ করেন দোহার কণ্ঠে ধরিঞা॥
কৃষ্ণের বিয়োগে রাধা উৎকণ্ঠিত মন।
বিশাখাকে কহেন আপন উৎকণ্ঠাকারণ॥



417. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper 14⅛" × 4⅛". Folia, 1-95. Lines 10-11 on a page. Appearance, about 175 years old. Complete.

Fol. 8 obv.

প্রভু কহেন রায় রায় তোমার ইহাতে উল্লাস।
শুনিতেই লজ্জা লোকে করে উপহাস॥
রায় কহেন লোকের সুখ ইহার শ্রবণে।
অভিষ্টদেবের স্তুতি মঙ্গলাচরনে॥
রায় কহেন কোন অঙ্গে পাত্রের প্রবেশ।
তবে শ্রীরূপ গোসাঞি কহেন তাহার বিশেষ॥
* * * *
[উদ্ঘাত্যক নাম এই আমুখ বীথী অঙ্গ।]
তোমার আগে ইহা কহি ধাষ্ট্যের তরঙ্গ॥
রায় কহে কহ আগে অঙ্গের বিশেষ।
শ্রীরূপ কহেন কিছু সংক্ষেপ উদ্দেশ॥
* * * *
এত শুনি রায় কহে প্রভুর চরনে।
শ্রীরূপের কবিত্ব গাই সহস্র বদনে॥
কবিত্ব ন হয় এই অমৃতের ধার।
নাটক লক্ষন সব সিদ্ধান্তের সার॥
প্রেম পরিপাটি এই অদ্ভুত বর্ণন।
শুনি কর্ণ চিত্তে হয় আনন্দ ঘূর্ণন॥
* * * *
তোমার শক্তি বিনু এই অন্যের নহে বানী।
তুমি শক্তি দিঞা কহাও হেন অনুমানি॥
প্রভু কহেন প্রয়াগে ইহার হইল মিলন।
ইহার গুণেতে আমার তুষ্ট হইল মন॥

মধুর প্রসন্ন ইহার কাব্য সালঙ্কার।
ঐছে কবিত্ব বিনে নহে রসের প্রচার॥
সবে কৃপা করি ইহারে দেও এই বর।
ব্রজলীলারস প্রেম বর্ণে নিরন্তর॥
ইহার জ্যেষ্ঠ ভ্রাতা নাম সনাতন।
পৃথিবিতে বিজ্ঞবর নাহি তার সম॥
তোমার ঐছে বিষয়ত্যাগ ঐছে তার রিতি।
দৈন্য বৈরাগ্য পাণ্ডিত্যের তাঁহাতেই স্থিতি॥

Fol. 91 obv.

পঞ্চমে প্রদ্যুম্নমিশ্রে প্রভু কৃপা কৈল।
রায়দ্বারে তারে কৃষ্ণকথা শুনাইল॥
তারি মধ্যে বাঙ্গাল কবির নাটক উপেক্ষন।
স্বরূপ গোসাঞী কৈল বিগ্রহে মহিমা স্থাপন॥
ষষ্ঠে রঘুনাথদাস প্রভুরে মিলীলা।
শ্রীনিত্যানন্দ আজ্ঞায় চিড়াদধি মহোৎসব কৈলা॥
দামোদর স্বরূপ ঠাঞী তারে সমর্পিলা।
গোবর্দ্ধনশিলা গুঞ্জামালা তারে দিলা॥
সপ্তম পরিচ্ছেদে বল্লভভট্টের মিলন।
নানা মতে কৈ[ল] তার গর্ব্ব খণ্ডন॥

Colophon.

লিখিতং আনন্দদাসাত্মজসজ্জনস্য শাকর মিশ্রঃ। ইতি তাং ১৮ ভাদ্রে।

—



418. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13"×4½". Folia, 19-27, 28 rev, 29-30, 31 rev, 32-36, 37 rev, 46 and 3 (by counting) leaving a space of about half an inche in the middle of each page. Lines 9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 32 rev.

(৪র্থ পরিচ্ছেদ)

এই তত্ত্ব ভক্ত-প্রিয় কৃষ্ণ ব্যবহার।
বুঝিতে কিবা আমা সভার নাহী অধিকার॥
এত বলি প্রভু পড়েন তাঁর কৃত শ্লোক।
যেই শ্লোকে জগত করিঞাছে আলোক॥
ঘসিতে ২ জৈছে মলয়জ সার।
গন্ধ বাড়ে তৈছে এই শ্লোকের বিচার।
রত্নগণ মধ্যে জৈছে কৌস্তুভ মনি।
রস কাব্য মধ্যে তৈছে এই শ্লোক গনি॥
এই শ্লোক কহিঞাছেন রাধাঠাকুরানি।
তাঁর কৃপায় স্ফুরিঞাছেন মাধবেন্দ্রবানি॥
কিবা গৌরচন্দ্র করেন ইহা আস্বাদন।
ইহা আস্বাদিতে নাহী চৌঠ জন॥
শেষকালে এই শ্লোক পড়িতে ২।
সিদ্ধি প্রাপ্তি পুরির এই শ্লোক সহিতে॥

* * * *

এই শ্লোক পড়িতে প্রভু হইলা বিস্মিত।
প্রেমে বিবস হঞা পড়িলা ভূমিতে॥
আস্তে ব্যস্তে কোলে করি নিল নিত্যানন্দ।
ক্রন্দন করিঞা উঠেন প্রভু গৌরচন্দ্র॥
প্রেম উন্মাদ হৈল উঠি ইতি উতি ধায়।
হুঙ্কার করয়ে হাসি ইতি উতি ধায়॥
অই দিন অই দিন বোলে বারবার।
কণ্ঠে না নিস্সরে বানি বহে অশ্রুধার॥
কম্প স্বেদপুলকাশ্রুস্তম্ভ বৈবর্ণ্য।
নির্ব্বেদ বিসাদ জাড্য গর্ব্ব হর্ষ দৈন্য॥
এই শ্লোক উঘাড়িলে প্রেমের কপাট।
গোপীনাথের সেবক দেখে প্রভুর প্রেম নাট॥

Fol. 46 rev.

নিজ দুই শ্লোক লিখি এক তাল পাতে।
প্রভুকে দিহ বলি দিল জগদানন্দের হাথে॥
প্রভুর স্থানে আইলা দুহেঁ প্রসাদ লঞা
মুকুন্দ দত্ত পত্র বাঁচিল তাঁর হাথে পাঞা॥
দুই শ্লোক বাহির ভিতে লিখিঞা রাখিল।
তবে জগদানন্দ পত্রি প্রভুর হাথে দিল॥
প্রভু শ্লোক পড়ি পত্রি চিরিঞা ফেলিল।
ভিত্তি দেখি বৈষ্ণব সব শ্লোক কণ্ঠে কৈল॥

* * * *

এই শ্লোক ভক্তগনের কণ্ঠে রত্নহার।
সার্ব্বভৌমের কির্ত্তি ঘোষে ঢক্কাবাদ্যকার॥
সার্ব্বভৌম হইলা প্রভুর ভক্ত একজন।
মহাপ্রভু বিনে সেবা নাহি জানে অন্য॥

[By mistake it has been placed here.]

—



419. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $12\frac{3}{4}" \times 5"$. Folia, 1-97. Lines 11-12 on a page. Date 1692 saka (1770 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 3 rev.

কেনে শ্লোক পড়ে ইহা কেহো নাহি জানে ॥
সবে একা স্বরূপ গোসাঞি শ্লোকার্থ জানে ।
শ্লোকানুরূপ পদ প্রভুকে করান আস্বাদনে ॥
রূপ গোসাঞি মহাপ্রভুর জানি অভিপ্রায় ।
সেই অর্থে শ্লোক কৈল প্রভুরে যে ভায় ॥

* * * *

তালপত্রে শ্লোক লেখি চালেত রাখিলা ॥
রূপ গোসাঞি সমুদ্র স্নান করিবারে গেলা ।
হেন কালে প্রভু আইলা তাহারে মিলিতে ॥
চালে শ্লোক পাঞা প্রভু লাগিলা পড়িতে ॥
শ্লোক পড়ি সুখে প্রভু আবিষ্ট হইলা ।
সেই কালে রূপ গোসাঞি স্নান করি আইলা ॥
প্রভু দেখি দণ্ডবত প্রাঙ্গনে পড়িলা ।
প্রভু তারে চাপড় মারি কহিতে লাগিলা ॥
গূঢ় মোর হৃদয় তুমি জানিলে কেমনে ।
এত কহি তারে কৈল দৃঢ় আলিঙ্গনে ॥
সেই শ্লোক লঞা প্রভু স্বরূপে দেখাইল ।
স্বরূপের পরিক্ষা লাগি তাহারে পুছিল ॥
মোর অন্তর বার্ত্তা রূপ জানিল কেমনে ।
স্বরূপ কহে জানি কৃপা করিয়াছ আপনে ॥
অন্যথা এ অর্থ কারো নাহি হয় জ্ঞান ।
তুমি পূর্ব্বে করিঞাছ কৃপা করি অনুমান ॥
প্রভু কহে এঁহো আমায় প্রয়াগে মিলিলা ।
যোগ্য পাত্র জানি ইহায় মোর কৃপা হৈলা ॥
তবে কৃপা সঞ্চারিঞা কৈল উপদেশ ।
তুমি কহিও ইহার রসের বিশেষ ॥

End.

শ্রীকৃষ্ণচৈতন্য শ্রীনিত্যানন্দ ।
শ্রীঅদ্বৈতচন্দ্র শ্রীগৌর ভক্ত বৃন্দ ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন ।
শ্রীগোপাল শ্রীরঘুনাথ শ্রীজীবচরণ ॥
নিজ শিরে ধরি এই সবার চরণ ।
যাহা হৈতে হয় এই বাঞ্ছিত পুরণ ॥
মোর বাণী শিশু তারে বহুত নাচাই ॥
শিশুর শ্রম দেখি গুরু নাচাই রাখিল ।
কৃপা না নাচায় বাণী বসিঞা রহিল ॥
অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে ।
যত নাচাইল নাচি করিল বিশ্রামে ॥
সব শ্রোতাগনের করি চরণ বন্দন ।
যা সবার চরণ কৃপা শুভের কারণ ॥
শ্রীচৈতন্যচরিতামৃত যেই জন শুনে ।
তাহার চরণ ধুঞা করোঁ মুঞি পানে ।
শ্রোতার পদরেণু করো মস্তক ভূষণ ।
তোমরা এ অমৃত পিলে সফল জীবন ॥
শ্রীরূপ রঘুনাথ পদে জার আশ ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্ত্যখণ্ডে শিক্ষাশ্লোকাষ্টকা-স্বাদনং নাম বিংশতি পরিচ্ছেদ ।

ইতি শকাব্দা ১৬৯২ সন মাঘমাস প্রথম দিবস গ্রন্থ সংপূর্ণ। যথাদৃষ্টং তথালিখিতং লিখকদোস নাস্তিকং ইতি। সাকিম ইন্দাপুর আবেদা ।

— —

420. চৈতন্যচরিতামৃত-অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14" × 6". Folia, 1-55, 58-77. Lines 13-14 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 4 rev.

সভে কহে নাম মহিমা শুনিয়াছি আর।
এমন মাধুরী কেহো নাহি বর্ণে আর॥
রায় কহে কোন গ্রন্থ কর হেন জানি।
আর ভিতর এই শ্লোক সিদ্ধান্ত অগ্রগণী॥
স্বরূপ কহে কৃষ্ণলীলায় নাটক করিতে।
ব্রজলীলা পুরলীলা একত্র বর্ণিতে॥
আরম্ভিয়াছিলা এবে প্রভুর আজ্ঞা পাঞা।
দুই নাটক করিতেছেন বিভাগ করিঞা॥
বিদগ্ধ মাধব আর ললিত মাধব।
দুই নাটকে প্রেমরস অদ্ভুত সব॥
রায় কহে নান্দী শ্লোক পড় দেখি শুনি।
শ্রীরূপ শ্লোক পড়ে প্রভুর আজ্ঞা জানি॥

* * * *

রায় কহে পড় ইষ্টদেবের বর্ণন।
প্রভুর সঙ্কোচে রূপ না করে পঠন॥
প্রভু কহে কহ কেন কর সঙ্কোচ লাজে।
গ্রন্থের ফল শুনাহ এই বৈষ্ণব সমাজে॥
তবে রূপ গোসাঞি যদি শ্লোক পড়িল।
শুনি প্রভু কহে এই অতি স্তুতি হৈল॥

* * * *

সব ভক্তগণ কহে শ্লোক শুনিয়া।
সভা কৃতার্থ কৈলে এই শ্লোক শুনাইঞা॥
রায় কহে কন মুখে পাত্র সন্নিধান।
রূপ কহে কাল সাম্য প্রবর্ত্তক নাম॥

End.

শ্রীরাধাসহ শ্রীগোপীনাথ।
এই তিন ঠাকুর গৌড়িয়ার প্রাণনাথ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীনিত্যানন্দ।
শ্রীঅদ্বৈতচন্দ্র শ্রীগৌর ভক্তবৃন্দ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীগুরু শ্রীরঘুনাথ শ্রীজীব চরণ॥
নিজ শিরে ধরি সেই সভার চরণ।
জাহা হৈতে হয় সব বাঞ্ছা পূরণ॥
সভার চরণ কৃপা গুরু উপাধ্যায়।
মোর বাণি শিষ্যা তারে বহুত নাচায়॥
শিষ্যের শ্রম দেখি গুরু নাচাই রাখিল।
কৃপা না নাচায় বাণী বসিঞা রহিল॥
অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে।

* * * *

তাহার চরণ ধুঞা করি জলপানে॥
শ্রোতা সদস্যেন্ করো মস্তক ভূষণ।
তোমরা এ অমৃত পিলে সফল হয় শ্রম॥

---

421. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 12" × 4½". Folia, 1-128. Lines 9-10 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Fol. 8 rev.

আর দিন মহাপ্রভু দেখি জগন্নাথ।
সার্ব্বভৌম রামানন্দ স্বরূপাদি সাথ॥
সভে মেলি চলি আইলা শ্রীরূপে মিলিতে।
পথে তার গুণ সভারে লাগিলা কহিতে॥



দুই শ্লোক শুনী প্রভুর হইল মহা সুখ।
নিজ ভক্তের গুণ কহ হইঞা পঞ্চমুখ॥
সার্ব্বভৌম রামানন্দের পরিক্ষা করিতে।
শ্রীরূপের গুন দোঁহারে লাগিলা শুনাইতে॥
ঈশ্বর স্বভাব ভক্তের নাসয় অপরাধ।
অল্প সেবা বহুমানে আত্মা পর্য্যন্ত প্রসাদ॥

* * * *

ভক্তসঙ্গে প্রভু আইলা দেখি দুইজন।
দণ্ডবত হইঞা কৈল চরণ বন্দন॥
ভক্ত সঙ্গে কৈল প্রভু দোঁহাকে মিলন।
পিণ্ডার উপরে বসিলা প্রভু লঞা ভক্তগণ॥
রূপ হরিদাস বসিলা পিণ্ডার তলে।
সভার অগ্রেতে না উঠিলা পিণ্ডার উপরে॥
পূর্ব্ব শ্লোক পড় যদি প্রভু আজ্ঞা দিল।
লজ্জাতে না পড়ে রূপ মৌন ধরিল॥
তবে রূপ গোসাঞি সেই শ্লোক পড়িল।
শুনী সভাকার চিত্তে চমৎকার হইল॥

* * * *

রায় ভট্টাচার্য্য কহে তোমার প্রসাদ বিনে।
তোমার হৃদয় এই কেহো নাহি জানে॥
আমারে সফুরি পূর্ব্বে কহিলে সিদ্ধান্ত।
যে সব সিদ্ধান্তের ব্রহ্মা নাহি পায় অন্ত॥
তাতে জানী পূর্ব্বে তোমার পাঞাছে প্রসাদ।
তাহা বিনে নহে তোমার হৃদয়ের অনুবাদ॥
প্রভু কহে কহ রূপ নাটকের শ্লোক।
যেই শ্লোক শুনী সভার জায় দুঃখ শোক॥
বার বার প্রভু যদি আজ্ঞা তাঁরে দিল।
তবে সেই শ্লোক রূপ কহিতে লাগিল॥

* * * *

যত ভক্তবৃন্দ আর রামানন্দ রায়।
শ্লোক শুনী সভার হইল আনন্দ বিস্ময়॥
সভে কহে নাম মহিমা শুনিঞাছি অপার।
এমন মাধুর্য্য কেহো বর্ণে নাহি আর॥
রায় কহে কোন গ্রন্থকার যেন জানী।
জাহার ভিতরে এই সিদ্ধান্ত অগ্রগনী॥
রূপ কহে কৃষ্ণলীলা নাটক করিতে।
ব্রজলীলা পুরলীলা একত্র বর্ণিতে॥
আরম্ভ করিঞাছিলাঙ এবে প্রভু আজ্ঞা পাঞা।
দুই নাটক করিতেছি বিভাগ করিঞা॥
বিদগ্ধ মাধব আর ললীতমাধব।
দুই নাটকের প্রেমরস অদ্ভুত সব॥
রায় কহে নান্দি শ্লোক পড় দেখি শুনি।
শ্রীরূপ শ্লোক পড়ে প্রভুর শ্রবনেচ্ছা জানি।

* * * *

রায় কহে কহ ইষ্টদেবের বর্ণন।
প্রভুর সঙ্কোচে রূপ না করে পঠন॥
প্রভু কহে কহ কেনে কর সঙ্কোচ লাজে।
গ্রন্থের ফল শুনাইবে বৈষ্ণব সমাজে॥
তবে রূপ গোসাঞি যদি শ্লোক পড়িল।
শুনী প্রভু কহে এই অতি স্তুতি যে শুনীল॥

* * * *

সব ভক্তগণ কহে শ্লোক শুনিঞা।
সভা কৃতার্থ করাইলে এই শ্লোক শুনাইঞা॥
রায় কহে কোন অঙ্গে পাত্রের সন্নিধান।
রূপ কহে কাল সাম্য প্রবর্ত্তক নাম॥

Fol. 121 rev.

মল্লার্থ যথা রাগ।

আমি কৃষ্ণপদদাসী : তেঁহো রসসুখরাশি :
আলিঙ্গীঞা করে আত্মসাথ।
কিবা না দেন দরসন : না জানেন আমার তনুমন :
তভো তেঁহো মোর প্রাননাথ।
সখীহে শুন মোর মনের নিশ্চয়॥
কিবা অনুরাগ করে : কিবা দুঃখ দিঞা মারে
মোর প্রানেশ কৃষ্ণ অন্য নয়।
ছাড়ি অন্য নারিগন : মোর বশ তনুমন :
মোর সৌভাগ্য প্রকট করিঞা।
তা সভারে দেন পিড়া : মোর আগে করে ক্রীড়া :
তভো তেঁহো মোর প্রাননাথ॥
না গনি আপন দুখ : সভে বাঞ্ছে তার সুখ :
তার সুখে আমার তাৎপর্য্য।
মোরে যদি দিলে দুখ : তার হইল মহাসুখ :
সেই দুখে মোর সুখবর্য্য॥



যে নারিকে বাছে কৃষ্ণ : তার রূপে সতৃষ্ণ :
তারে না পাইঞা হয় দুখী ॥
মুঞি তার পাএ পড়ি লঞা যাঙ হাথে ধরি
ক্রীড়া করাইঞা করো সুখী।
কান্তা কৃষ্ণে করে রোস : কৃষ্ণ পায় সন্তোষ :
সুখ পায় তাড়ন ভর্ৎসনে।
যথা যোগ্য করে মান : কৃষ্ণ তাতে সুখ পান :
ছাড়ে মান অল্প সাধনে॥
সেই নারি জিএ কেনে : কৃষ্ণের মর্ম্ম নাহি জানে :
তভো কৃষ্ণে করে গাড় রোস।
নিজ সুখে মানে লাজ : পড়ু ক তার মাথে বাজ :
কৃষ্ণের মাত্র চাহিএ সন্তোষ।
যে গোপী মোর করে দ্বেষ : কৃষ্ণের করে সন্তোষ :
কৃষ্ণ তারে করে অভিলাষ।
মুঞি তার ঘর জাঞা : তারে সেবো দাসী হঞা :
তবে মোর সুখের উল্লাস॥
কুষ্ঠি বিপ্র রমনী : পতিব্রতা সিরোমনি :
পতি লাগি কইল বেস্তার সেবা।
স্তম্ভিল সূর্য্যের গতি : জীআইলে মৃত পতি :
তুষ্ট কইল মুখ্য তিন দেবা॥
কৃষ্ণ মোর জীবন : কৃষ্ণ মোর প্রানধন :
কৃষ্ণ মোর প্রানের পরাণ।
হৃদয় উপরে ধরো : সেবা করি সুখী করো
এই মোর সদা রহে ধ্যান॥

Colophon :

যথা দিষ্টং তথা লিখিতং লিখকো দোস নাস্তিঃ সাকিম বৃষ্টীয়া শ্রী প্রেমদাস বৈরাগী।

---

422. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

Substance, country-made paper ; 14" × 4¾". Folia, 8-18. Lines 13-14 on a page. Appearance about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 8.

এই মত ত্রিজগত দর্শনে নিস্তারি।
যে কেহ আসিতে না পারে অনেক সংসারি॥
তা সভা নিস্তারিতে প্রভু জাএন সেই দেশে।
জোগ্য ভক্তজীব দেহে করেন আবেশে॥
সেই জীবে নিজ শক্তি করেন প্রকাশে।
তাহার দর্শনে বৈষ্ণব হয় সর্ব্বদেশে॥
এই মত ত্রিভুবন তারিল আবেশে।
গৌড়ে আবেশ কিছু কহিএ বিশেষে॥
গৌড়ে যৈছে আবেশ তাহা কহিএ বর্ণন।
সামাক না জায় কহা কহি দিগ্দরসন॥
আম্বুয়া-মুলুকে হয় নকুল ব্রহ্মচারি।
পরম বৈষ্ণব তেঁহো বড় অধিকারি॥
গৌড় দেশের লোক উদ্ধারিতে মন কৈল।
নকুল হৃদয়ে প্রভু আবেশ করিল॥
আত্মবাহ্য নকুল প্রেমাবিষ্ট হঞা।
হাসে কান্দে নাচে গায় উন্মত্ত হঞা॥
অশ্রু কম্প স্বেদ স্তম্ভ সাত্ত্বিক স্বভাব।
নিরন্তর প্রেমে নৃত্য সঘনে হুঙ্কার॥
তৈছে গৌরকান্তি দেহে তৈছে প্রেমাবেশ।
তাহাকে দেখিতে আইলে সর্ব্ব গৌড় দেশ॥
জাকে দেখে তাকে কহে কহ কৃষ্ণ নাম।
তাহা দরসনে লোক হএ প্রেম ধ্যান॥
চৈতন্য আবেশ এই নকুলের দেহে।
শুনি শিবানন্দ আইল হইঞা সন্দেহে॥
পরিক্ষা করিতে জার তাহার মন হইল।
বাহিরে রহিঞা তবে বিচার করিল॥



Fol. 45 rev.

হরিদাসে কহে প্রভু শুন হরিদাস।
পর ব্রত ইহো করিতে চাহেন বিনাশ॥
পরব্রত কেহো যায় না বিলায়।
নিষেধিও ইহো যেন না করে অন্যায়॥
হরিদাস কহেন মিথ্যা অভিমান করি।
তোমার গম্ভীর লীলা বুঝিতে না পারি॥
কোন ২ কার্য্য তুমি কর কোন দ্বারে।
তুমি না জানাইলে কেহো জানিতে না পারে॥
এতাদৃশ ইহাকে তুমি করিঞাছ অঙ্গীকার।
ইহার সৌভাগ্য গোচর না হয় কাহার॥
তবে মহাপ্রভু দোহে করে আলিঙ্গন।
মধ্যাহ্ন করিতে উঠি করিলা গমন॥
সনাতনে কহে হরিদাস করিঞা আলিঙ্গন।
তোমার ভাগ্যের সিমা না যায় কথন॥
তোমার দেহ কহে প্রভু মোর নিজধন।
তোমা সম ভাগ্যবান নাহি কোনজন॥
নিজ দেহে যে কার্য্য প্রভু না পারে করিতে।
সে কার্য্য করাবে মথুরায় তোমা হৈতে॥
যে করিতে চাহে প্রভু সেই সিদ্ধ হয়।
তোমার সৌভাগ্য কহিলে না হয়।

---

423. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 1-100. Lines 10-12 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 11 rev.

তিন জনার ভোগ তিহোঁ একলা খাইল।
জগন্নাথ নৃসিংহের উপবাস হৈল।
শুনি শিবানন্দ চিত্তে হইল বিস্ময়।
কিবা প্রেমাবেশে কহে কিবা সত্য হয়॥
তবে শিবানন্দ সেনে কহেন ব্রহ্মচারি।
সামিগ্রী আন নৃসিংহ লাগি পুন পাক করি॥
তবে শিবানন্দ ভোগ সামিগ্রী আনিল।
পাক করি নৃসিংহেরে ভোগ লাগাইল॥
বর্ষান্তরে শিবানন্দ লঞা ভক্তগণ।
নীলাচলে গিয়া দেখে প্রভুর চরণ॥
একদিন সভাতে প্রভু বাত চালাইল।
নৃসিংহানন্দের গুণ কহিতে লাগিল॥
গত বর্ষে পৌষমাসে আমার করাইলে ভোজন।
কভু নাহি খাই ঐছে মিষ্টান্ন ব্যঞ্জন॥
শুনি সব ভক্তগণের আনন্দ হইল।
শিবানন্দের মনে তবে প্রতীত জন্মিল॥
এইমত শচীগৃহে সতত ভোজন।
শ্রীবাস গৃহে করেন কীর্তন দর্শন॥
নিত্যানন্দের নৃত্য দেখিতে আইসেন বারে ২।
নিরন্তর আবির্ভাব রাঘবের ঘরে॥
এই মত চৈতন্য গৌড়ে ত্রিবিধ আবির্ভাব।
ইহা যেই শুনে জানে চৈতন্য প্রভাব॥
পুরুষোত্তমে প্রভুপাশে ভগবান আচার্য্য।
পরম বৈষ্ণব তিহোঁ পণ্ডিত অতি আর্য্য॥



সখ্যভাব কান্তভাব কিছু যোগ অবতার।
স্বরূপ গোসাঞি সহ এই ব্যবহার॥
একান্ত ভাবে আশ্রয় চৈতন্যচরণ।
মধ্যে ২ প্রভুকে তিঁহো করেন নিমন্ত্রণ॥

End:

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্য শ্রীনিত্যানন্দ।
শ্রীঅদ্বৈত আর শ্রীগৌরভক্তবৃন্দ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীগুরু শ্রীরঘুনাথ শ্রীজীব চরণ॥
নিজ শিরে ধরি এই সভার চরণ।
যাহা হৈতে হয় মোর বাঞ্ছিতপুরণ॥
সভার চরন কৃপা গুরু উপাধ্যায়ী।
মোরবানি শিষ্যা তারে বহুত নাচাই॥
শিষ্যার শ্রম দেখি গুরু নাচাই রাখিল।
কৃপা না নাচাএ বানি বসিঞা রহিল॥
অনিপুণা বানি আপনে নাচিতে না জানে।
যত নাচাইল তত নাচি করিল বিশ্রামে॥
সব শ্রোতাগনের করি চরন বন্দন।
যা সভার চরন কৃপা শুভের কারন॥
চৈতন্যচরিতামৃত যেই জন শুনে।
তাহার চরনধুলী মুক্তি করোঁ পানে॥
শ্রোতার পদ-রেণু করোঁ মস্তকে ভূষন।
তোমরা যে অমৃত পিলে সফল পরিশ্রম॥

---

424. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{4}''$. Folia, 3-55. Lines 8-9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 rev.

কৃষ্ণেরে করায় যৈছে রস আস্বাদন।
ক্রীড়ার সহায় যৈছে শুন বিবরন॥
কৃষ্ণকান্তাগন দেখি ত্রিবিধ প্রকার।
লক্ষ্মিগণ এক মহিসিগন আর॥
ব্রজাঙ্গনা রূপ আর কান্তাগন সার।
শ্রীরাধিকা হইতে কান্তাগনের বিস্তার॥
অবতারি কৃষ্ণ যৈছে করে অবতার।
অংশিনি রাধিকা হইতে তিনগনের প্রচার॥
লক্ষ্মিগন তার বৈভব বিলাস অংসরূপ।
মহিসিগন বৈভব প্রকাস স্বরূপ॥
আকার স্বভাব ভেদে ব্রজে দেবিগন।
কায়ব্যুহরূপ তাঁর রসের কারন॥
বহু কান্তা বিনু নহে রসের উল্লাস।
লিলার সহায় লাগি বহুত প্রকার॥

Fol. 5 obv.

রায় কহে কহ দেখি ভাবের স্বভাব।
রূপ কহে ঐছে হয় কৃষ্ণবিষয় ভাব॥
রায় কহে কহ,সহজ প্রেমের লক্ষণ।
রূপ গোসাঞি কহে সাহজিক প্রেম ধর্ম্ম॥

End:

যেই কহে সেই লহি নিজ সিরে ধরি।
আপনে করিবে কৃপা গোসাঞি বিচারি॥



এত বলি পণ্ডিত প্রভুর স্থানে আইলা ।
রোদন করিঞা প্রভুর চরনে পড়িলা ॥
ইসত হাসিঞা প্রভু তারে কৈল আলিঙ্গন ।
সভা শুনাইঞা কহে মধুর বচন ॥
আমি চালাইল তোমা তুমি না চলিলা ।
ক্রোধে কিছু না কহিলা সকল সহিলা ॥
আমার ভঙ্গিতে তোমার মন না চলিলা ।
সুদৃঢ় সরল ভাবে আ[মা]কে কিনিলা ॥
পণ্ডিতের ভাব মুদ্রা কহনে না জায় ।
গদাধরপ্রাননাথ নাম হৈল জায় ॥
পণ্ডিতেরে প্রভুর প্রসাদ বর্ন্নি না জায় ।
গদাইর গৌরাঙ্গবলি জারে লোকে গায় ॥
চৈতন্যপ্রভুর লীলা কে বুঝিতে পারে ।
এক লিলায় বহে গঙ্গার সত সত ধারে ॥
পণ্ডিতের সৌজন্যতা ব্রহ্মণ্যতা গুন ।
দৃঢ় প্রেম মুদ্রা লোকে করিল খেপন ॥
অভিমান পঙ্ক ধুঞা ভট্টের শোধন কৈল ।
সেই দ্বারায় আর সব লোক সিখাইল ॥
অন্তরে অনুগ্রহ বাহ্যে উপেক্ষিয়া প্রায় ।
বাহ্যার্থেরে মন লয়ে সেই নাস জায় ॥
নিগুঢ় চৈতন্যলিলা বুঝিতে কার শক্তি ।
সেই বুঝে গৌরচন্দ্রে জার দৃঢ়ভক্তি ॥
দিনান্তরে পণ্ডিত কৈল প্রভুর নিমন্ত্রন ।
মহাপ্রভু তাঁহা ভিক্ষা কৈল লঞা ভক্তগণ ॥
তাহাঞি বল্লভ ভট্ট প্রভুর আজ্ঞা লৈলা ।
পণ্ডিত ঠাঞি পুর্ব্ব প্রার্থিত সর্ব্বসিদ্ধি লঞা ॥
এইত কহিল বল্লভ ভট্টের মিলন ।
জাহার শ্রবনে পাই গৌরাঙ্গ প্রেমধন ॥
শ্রীরূপ রঘুনাথ পদে জার আস ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥

---

425. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড ।

CAITANYA-CARITAMṚTĀ

ANTYAKHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 12½″ × ″4½ Folia 7 (by counting), 13-24. 26. Lines 12-15 on a page. Appearance, about 150 years old. Incomplete.

Fol. 13. obv.

ক্ষুদ্র জিব সব মর্কট বৈরাগ্য করিঞা ।
ইন্দ্রিয় চরাইঞা বুলে প্রকৃতি সম্ভাসিঞা ॥
এত বলি মহাপ্রভু অভ্যন্তরে গেলা ।
প্রভুর আবেসে দেখি সবে মৌন করিলা ॥
আর দিনে সবে মেলি প্রভুর চরণে ।
হরিদাস লাগি কিছু কৈল নিবেদনে ॥
অল্প হয় রাখি প্রভু করহ প্রসাদ ।
এবে সিক্ষা হইল না করিবে অপরাধ ॥
প্রভু কহে মোর বশ নহে মোর মন ।
প্রকৃতি সম্ভাসে বৈরাগি না করে দরশ[ন] ॥
নিজ কার্য্যে জাহ সবে ছাড়ি বির্থা কথা ।
পুন যদি কহ মোরে না দেখিবা এথা ॥
এত শুনি সবে নিজ কানে হাত দিঞা ।
নিজ ২ কার্য্যে সবে চলিলা উঠিঞা ॥
মহাপ্রভু মধ্যাহ্ন করিবারে চলি গেলা ।
বুঝিল না হয় এই মহাপ্রভুর লিলা ॥
আর দিন সবে পরমানন্দ পুরির স্থানে ।
প্রভুকে প্রসন্ন লাগি কৈল নিবেদনে ॥
তবে পুরি গোসাঞি একা প্রভু ঠাঞি আইলা ।
নমস্করি প্রভু তারে সম্ভ্রমে বসাইলা ॥
পুছিল কি আজ্ঞা কেনে হৈল আগমন ।
হরিদাস লাগি তাহা কৈল নিবেদন ॥
শুনি মহাপ্রভু কহে শুনহ গোসাঞি ।
সব বৈষ্ণব লঞা তুমি রহ এই ঠাঞি ॥



মোর আজ্ঞা হয় দুই ভাই আসাম নাথ।
একসে রহিব তাহা গোবিন্দ মাত্র সাথ॥
অরে বাস্তে পুছি গোসাঞি প্রভুর আগে গেলা।
চতুর্ম্মাস করি প্রভুরে ঘরে বসাইলা॥
যে তোমার ইচ্ছা কর স্বতন্ত্র ঈশ্বর।
কেবা কি বলিতে পারে তোমার উপর।

End.

যদ্যপি তো হয় তুমি জগত পাবন।
তোমার স্পর্শে পবিত্র হয় দেব মুনিগণ॥
তথাপি ভক্তের স্বভাব মর্য্যাদা রক্ষণ।
মর্য্যাদা পালন এই সাধুর ভূষণ॥
মর্য্যাদা লংঘিলে লোকে করে পরিহাস।
এহো লোক পরলোক দুই [হ]য় নাশ॥
মর্য্যাদা রাখিলে তুষ্ট হইল মোর মন।
তুমি ঐছে না করিলে করিবে কনজন॥
এত বলি প্রভু তারে আলিঙ্গন কৈল।
তার অঙ্গের রস প্রভুর শ্রীঅঙ্গে লাগিল॥
বার ২ নিষেধে তভো করে আলিঙ্গন।
অঙ্গের রস লাগি দুঃখ পায় সনাতন॥
এইমত সেবকপ্রভু দৌহে ঘর গেলা।
আর দিনে জগদানন্দ আসি সনাতনেরে মিলিলা॥
দুই জনে বসি কৃষ্ণ কথা গোষ্ঠী কৈলা।
পণ্ডিতেরে সনাতন দুঃখ নিবেদিলা॥
ইহা আইলাঙ প্রভু দেখি দুঃখ নিবারিতে।
যেবা মনের তাহা প্রভু না দিলা করিতে॥

---

426. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 1-19. Lines 9-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg.

শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীগোপাল ভট্ট শ্রীজীব দাস রঘুনাথ॥
এই ছয় গুরুর করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভীষ্ট পূরণ॥
* * * *
জয় ২ শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
মধ্যলীলা সংক্ষেপে করিল বর্ণন।
অন্ত্যলীলা বর্ণন করে শুন ভক্তগণ॥
মধ্যলীলা মধ্যে অন্ত্যলীলা সূত্রগণ।
পূর্ব্ব গ্রন্থে সংক্ষেপে করিয়াছি বর্ণন॥
আমি জরাগ্রস্ত নিকট জানিঞা মরণ।
অন্তলীলা করিয়াছী দিগ দরসন॥
মধ্যলীলার সূত্রগণ অনুসারে।
যেই না লিখিএ তাহা লেখিএ বিস্তারে॥
বৃন্দাবন হৈতে প্রভু নীলাচলে আইলা।
স্বরূপ গোসাঞি গৌড়ে বার্ত্তা পাঠাইলা॥
প্রভুর চরণাশ্রিত গৌড়ের সব ভক্তগণ।
সভে মেলি নীলাচলে করিল গমন॥
কুলীন গ্রামী ভক্তগণ আর খণ্ড বাসী।
আচার্য্য শিবানন্দ সনে মিলিলা সভে আসী॥
শিবানন্দ করে সব ঘাটি সমাধান।
সভার পালন করে দেন বাসাস্থান॥



এক কুকুর চলে শিবানন্দ সনে।
ভক্ষ দিয়া লিঞা চলে করিঞা পালনে॥

End :

এত শুনি হরিদাস উঠিঞা চলিলা।
মজুমদার সেই বিপ্রের ত্যাগ করিলা॥
সভা সহীত হরিদাসের পড়িলা চরণে।
হরিদাস হাসি কহে মধুর বচনে॥
তোমার কি দোস এই অজ্ঞ ব্রাহ্মণ।
তার দোস নাহি তার তর্কনিষ্ঠ মন॥
তর্কের গোচর নহে নামের মহত্ব।
কোথা হইতে জানিবে সে এই সব তত্ব॥
যাহ ঘর কৃষ্ণ করুণ কুশল সভার।
আমার সম্বন্ধে দুঃখ না হবে কাহার॥
তবে সেই হিরণ্য দাস নিজ ঘরে আইলা।
সেই ব্রাহ্মণ নিজ ঘর দ্বার মানা কৈলা॥
তিনদিন রহী সেই বিপ্রের কুষ্ঠ হৈল।
অতি উচ্চ নাসা তার গলিয়া পড়িল॥
চাঁপাকলি সায়া হস্ত হস্ত পাদের অঙ্গুলী।
কুকড়ি হইল সব কুষ্ঠে গেল গলী॥

---

427. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 1-110. Lines 9-10 on a page. Date, 1716 Śaka (1794 A.D.) Complete. Place of find, Bankura.

Beg.

শ্রীরূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীগোপাল শ্রীজীব দাস রঘুনাথ॥
এই ত্রয় অন্তর করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভিষ্ট পূরণ॥

Fol. 60 rev.

এই মত বার ২ পালায় ধরি আনে।
তবে তাঁর মাতা কহে তাঁর পীতা স্থানে॥
পুত্র বাউল হইল ইহায় রাখহ বান্ধিয়া।
তাঁর পীতা কহে তাঁরে নৌরাশ হইঞা॥
ইন্দ্রসম ঐশ্বর্য্য ভোগ স্ত্রী অপ্সরা সম।
এ সব বান্ধিতে যার নারিলেক মন॥
দড়ির বন্ধনে তারে রাখিব কেমতে।
জন্মদাতা পীতা নারে প্রারব্ধ খণ্ডাইতে॥
চৈতন্যচন্দ্রের কৃপা হঞাছে ইহারে।
চৈতন্য প্রভুর বাউল কে রাখিতে পারে॥
তবে রঘুনাথ কিছু বিচারিল মনে।
নিত্যানন্দ গোসাঞি পাস চলিলা আর দিনে॥
পানিহাটী গ্রামে পাইল প্রভুর দরসন।
কীর্ত্তনিয়া সেবকগণ সঙ্গে বহুজন॥
গঙ্গাতিরে বৃক্ষ মূলে পীণ্ডির উপরে।
বসি আছেন যেন বালা সুর্য্য উদয় করে॥
তলে উপরে বহুত ভক্ত হঞাছে বেষ্টিত।
দেখিয়া প্রভুর প্রভাব রঘুনাথ বিস্মিত॥
দণ্ডবত হইঞা পড়িলা দূরে।
সেবক কহে রঘুনাথ দণ্ডবত করে॥
শুনি প্রভু কহে চোরা দিল দরশন।
আয় আয় আজি তোর করিব দণ্ডন॥
প্রভু বোলায় তেহোঁ নিকট না করে গমন।
আকর্ষিয়া প্রভু তাঁর মাথে ধরিল চরণ॥
সকৌতুকি নিত্যানন্দ সহজে দয়াময়।
রঘুনাথে কহে কিছু হইঞা সদয়॥

End :

নিজ শীরে ধরি এই সভার চরণ।
যাহা হৈতে হয় সব বাঞ্চিত পূরণ॥
সভার চরণ কৃপা গুরু উপাধ্যায়ী।
মোর বাণী শিষ্য তারে বহুত না চাই॥



শিষ্যের শ্রম দেখি শুক না চাই রাখিল।
কৃপা না নাচায় বাণী বসিয়া রহিল॥
অনিপুণা বাণী আপনি নাচিতে না জানে।
যত নাচাইল নাচি করিল বিশ্রামে॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যা সভার চরণ কৃপা শুভের কারণ॥
চৈতন্যচরিতামৃত যেইজন শুনে।
তাহার চরণ ধুঞা হুকি করোঁ পানে॥
শ্রোতা পাদরেণু করো মস্তকে ভূষণ।
তোমরা অমৃত পীলে মোর সফল হও শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
শ্রীচৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon.

ইতি শ্রীচৈতন্য চরিতামৃতে অন্ত্যখণ্ডে—শিক্ষাশ্লোকার্থাস্বাদনং নাম বিংশতি পরিচ্ছেদ। ইতি শ্রীঅন্ত্যলীলা সমাপ্ত। শকাব্দ—১৭১৮ শক। সন ১২০৩ সাল তারিখ ২৮ শ্রাবন।

---

428. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA ANTYA-KHAṆḌA,

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 1-101. Lines 9-11 on a page. Appearance about 125 years old. Complete. Place of find, Bankura.

Fol. 22 obv.

জগত নিস্তার লাগি করেন চিন্তন।
বৈষ্ণব জগত কেমনে হইবে মোচন॥
কৃষ্ণ অবতারিতে আচার্য্য প্রতিজ্ঞা করিল।
জল তুলসী দিঞা পূজা করিতে লাগিল॥
হরিদাস করে গোফায় নাম সংকীর্ত্তন।
কৃষ্ণ অবতীর্ণ হয় এই তার মন॥
দুই জনার ভক্তো কৃষ্ণ কৈল অবতার।
নাম প্রেম প্রচারি কৈল জগত নিস্তার॥
আর অলৌকিক এক চরিত্র তাহার।
যাহার শ্রবণে লোকে হয়ে চমৎকার॥
তর্ক না করিহ তর্ক অগোচর রিতি।
বিশ্বাস করিঞা শুন করিঞা প্রতীতি॥
একদিন হরিদাস গোফাতে বসিঞা।
নাম সংকীর্ত্তন করে উচ্চ করিয়া॥
জোৎস্নাবতী রাত্রি দশ দিশা সুনির্ম্মল।
গঙ্গার লহরী জোৎস্না করে ঝলমল॥
দ্বারে তুলসী লেপা পিণ্ডার উপরে।
গোফার শোভা দেখি লোকে লাগে চমৎকারে॥
হেনকালে এক নারি অঙ্গনে আইলা।
তাঁর অঙ্গ কান্ত্যে স্থান পীত বর্ণ হইলা॥
তার অঙ্গ গন্ধে দশদিশ আমোদিত।
ভূষণের ধ্বনিতে কর্ণ হয় চমকিত॥
আসিঞা তুলসীকে সেই কৈল নমস্কার।
তুলসী পরিক্রমা করি গেলা গোফার দ্বার॥
জোড় হাথে হরিদাসের বন্দিল চরণ।
দ্বারে বসি কহে কিছু মধুর বচন॥
জগতের বন্ধু তুমি রূপ গুণ বান।
তোমার সঙ্গ লাগি মোর এথাকে পয়ান॥
মোরে অঙ্গিকার কর হইঞা সদয়।
দিনে দয়া কর এই সাধুর স্বভাব হয়॥
এত বলি নানা ভাব করয়ে প্রকাশ।
যাহার দরশনে মুনির ধৈর্য্য হয় নাশ॥

End:

অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে।
যত নাচাইল নাচি করিল বিশ্রামে॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যাহা সভার চরণ কৃপা শুভের কারণ॥



চৈতন্যচরিতামৃত যেই জন শুনে।
তাঁহার চরণ ধুঞা করোঁ মুঞি পানে॥
শ্রোতার পদরেণু করি মস্তক ভূষণ।
তোমারা অমৃত পিলে সফল হৈল শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি চৈতন্যচরিতামৃতে শিক্ষাশ্লোকার্থাস্বাদনং নাম বিংশতিতম পরিচ্ছেদঃ।......................। ইতি বিংশতি পরিচ্ছেদ। অন্ত্যলীলা সমাপ্তা। সম্পূর্ণমিদং শ্রীচৈতন্যচরিতামৃতং শ্রীচৈতন্য সমর্পিত মস্ত এপুস্তক বলরাম দাস বৈরাগী। লিখিতং শ্রী নির্মল দাস বৈরাগী। ইদং পুস্তক মূল্যমাদ্য করিয়া লইলাম। ইতি ২ তঙ্কা।

---

429. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 10¾" × 5". Folia, 1-26, 28-41. Lines 9-11 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 14 obv.

পূর্বে যৈছে কুরুক্ষেত্রে সব গোপীগণ।
কৃষ্ণ দরশন পাঞা আনন্দিত মন॥
জগন্নাথ দেখি প্রভুর সে ভাব উঠিল।
সেই ভাবাবিষ্ট হঞা ধুয়া গাওয়াইল॥
শেষে যৈছে রাধাকৃষ্ণে কৈল নিবেদন।
সেই তুমি সেই আমি সেই নব সঙ্গম॥
তথাপি আমার মন হরে বৃন্দাবন।
বৃন্দাবনে উদয় করহ আপন চরণ॥

ইহা লোকারণ্য হাতি ঘোড়া রথধ্বনি।
তাহা পুষ্পারণ্য ভৃঙ্গ পিকনাদ শুনি॥
ইহা রাজবেশ সঙ্গে সব ক্ষত্রিয়গণ।
তাহা গোপবেশ সঙ্গে মুরলি বদন॥
ব্রজে তোমার সঙ্গে যেই সুখ আস্বাদন।
সে সুখ সমুদ্রের ইহা নাহি এক কণ॥
আমা লঞা পুন লীলা কর বৃন্দাবনে।
তবে আমার মন বাঞ্ছা হইবে পূরণে॥
ভাগবতে আছে যৈছে রাধিকার বচন।
পূর্বে তাহা সূত্র মধ্যে করিয়াছি বর্ণন॥
সেই ভাব লেয়ে প্রভু পড়ে এক শ্লোক।
এই শ্লোকের অর্থ না বুঝে সবলোক॥
স্বরূপ গোসাঞি জানেন না কহে অর্থ তার।
শ্রীরূপ গোসাঞি কৈলা এ অর্থ প্রচার॥
স্বরূপের সঙ্গে তুমি অর্থ করে আস্বাদন।
..............সেই শ্লোক করেন পঠন॥

Fol. 36 rev.

কেহো করে বীজন কেহো পদ সম্বাহন
কেহো করায় তাম্বুল ভক্ষণ।
রাধা কৃষ্ণ নিদ্রা গেলা সখি আনন্দিত হৈলা
দেখি আমার সুখি হৈল মন॥
হেনকালে মোরে ধরি মহা কোলাহল করি
তুমি সব ইহা লঞা আইলা।
কাঁহা যমুনা বৃন্দাবন কাঁহা কৃষ্ণ গোপীগণ
সেই সুখ ভঙ্গ করাইলা॥

এতেক কহিতে প্রভুর কেবল বাহ্য হৈল।
স্বরূপ গোসাঞিকে তাহারে পুছিল॥
এথা কেনে তোমরা আমা লঞা আইলা।
স্বরূপ গোসাঞি কিছু কহিতে লাগিলা॥
যমুনা ভ্রমিত তুমি সমুদ্রে পড়িলা।
সমুদ্রে ভাসিয়া তুমি এতদূর আইলা॥
এই জালুয়ার জালেতে তোমা উঠাইল।
তোমার পরশে সেই প্রেমে মত্ত হৈল॥
সব রাত্রি সবে বেড়াই তোমা অন্বেষিয়া।
জালুয়ার মুখে শুনি পাইনু আসিয়া॥



তুমি মূর্চ্ছিত হৈলে বৃন্দাবনে দেখ ক্রীড়া।
তোমার মূর্চ্ছা দেখি সভা লোক পাইল পীড়া॥
কৃষ্ণ নাম লইতে তোমার চৈতন্য হইল।
তাতে যে প্রলাপ কৈলা তাহাতে শুনিল॥
তবে স্বরূপ গোসাঞী তারে স্নান করাইলা।
প্রভু লঞা ঘরে আইলা আনন্দিত হঞা॥
এইত কহিল প্রভুর সমুদ্র পতন।
ইহা যেই শুনে পায় চৈতন্য চরণ॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

---

430. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

হরিদাস নির্য্যাণ

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHANḌA

HARIDĀSA-NIRYĀNA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13" × 4½". Folia, 1-4. Lines 10 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Beg.

জয় ২ শ্রীচৈতন্য জয় দয়াময়।
জয়াদ্বৈতপ্রিয় নিত্যানন্দ প্রিয় জয়॥
জয় শ্রীনিবাসেশ্বর হরিদাস নাথ।
জয় গদাধর প্রিয় স্বরূপ প্রাণনাথ॥
জয় কাশীশ্বরপ্রিয় জগদানন্দ প্রাণেশ্বর।
জয় রূপসনাতন প্রিয় জয় রঘুনাথেশ্বর॥
জয় গৌর দেহ প্রভু স্বয়ং ভগবান।
কৃপা করি দেহ প্রভু নিজ পদ দান॥
জয় নিত্যানন্দ প্রভু চৈতন্যের প্রাণ।
তোমার চরণারবিন্দে দেহ ভক্তিদান॥
জয় জয়াদ্বৈতচন্দ্র চৈতন্যের আর্য্য।
স্বচরণে ভক্তি দেহ জয়াদ্বৈতাচার্য্য॥
জয় গৌর ভক্তগণ গৌর যার প্রাণ।
তোমার চরণারবিন্দে দেহ ভক্তিদান॥
জয়রূপ সনাতন জিব রঘুনাথ।
রঘুনাথ গোপাল জয় ছয় মোর নাথ॥
এ সব প্রসাদে লেখি চৈতন্যলীলাগুণ।
যৈছে তৈছে লিখি করি আপনা পাবন॥
এইমতে মহাপ্রভুর নীলাচলে বাস।
সঙ্গের ভক্তগণ লঞা কীর্ত্তন উল্লাস॥
দিনে নিত্য কীর্ত্তন ঈশ্বর দরশন।
রাত্রে রায় স্বরূপ সনে রস আস্বাদন॥
এই মতে মহাপ্রভুর সুখে কাল যায়।
কৃষ্ণের বিরহ বিকার অঙ্গে না যায়॥
দিনে ২ বাড়ে বিকার রাত্রে অতিশয়।
চিন্তা উদ্বেগ প্রলাপাদি জত শাস্ত্রে কয়॥

End.

সভে গায় জয় জয় জয় হরিদাস।
নামের মহিমা যেই করিল প্রকাশ॥
তবে মহাপ্রভু সব ভক্তে বিদায় দিল।
হর্ষবিষাদে প্রভু বিশ্রাম করিল॥
এইত কহিল হরিদাসের বিজয়।
জাহার শ্রবণে কৃষ্ণে প্রেমভক্তি হয়॥
চৈতন্যের ভক্ত বাৎসল্য ইহাতেই জানি।
ভক্ত বাঞ্ছা পূর্ণ করে ন্যাসি শিরোমণি॥
শেষ কালে দিল তারে দর্শন স্পর্শন।
তাঁরে কোলে করি কৈল আপনে নর্ত্তন॥
আপনে শ্রীহস্তে কৃপায় তারে বালু দিল।
আপনে প্রসাদ আনি মহোৎসব কৈল॥
মহাভাগবত হরিদাস পরম বিদ্বান।
এই সৌভাগ্য লাগি আগে করিল প্রয়াণ॥
চৈতন্য চরিত এই অমৃতের সিন্ধু।
কর্ণ মন তৃপ্ত করে যার এক বিন্দু॥



ভবসিন্ধু তরিবারে যাছে যার চিত্ত।
শ্রদ্ধা করি শুন তবে চৈতন্যচরিত॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon.

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্ত্যখণ্ডে হরিদাস নির্য্যাণে বর্ণনং নাম একাদশ পরিচ্ছেদ।

---

431. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 12¼"× 4½". Folia, 1-128, Lines 8-9 on a page. Date 1741 Saka (1819 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 16 obv.

তার ঠাঁই তণ্ডুল মাগি আনিল হরিদাস।
তণ্ডুল দেখিঞা আচার্য্যের অধিক উল্লাস॥
স্নেহে রান্ধিল প্রভুর প্রিয় যে ব্যঞ্জন।
দেউল প্রসাদ আদা চাকী লেম্বুলবণ॥
মধ্যাহ্নে আসিঞা প্রভু আচার্য্যে পুছিলা।
শালান্ন দেখি প্রভু আচার্য্যে পুছিলা॥
উত্তম অন্ন এত তণ্ডুল তুমি কাহা পাইলা।
আচার্য্য কহে মাধবী পাশ মাগিয়া আনিলা॥
প্রভু কহে কোন যাঞা মাগিঞা আনিল।
ছোট হরিদাসের নাম আচার্য্য কহিল॥
অন্ন প্রশংসিঞা প্রভু ভোজন করিল।
নিজ গৃহে আসি গোবিন্দে আজ্ঞা দিল॥
আজি হৈতে আমার এই আজ্ঞা পালিবে।
ছোট হরিদাসে ইহাঁ আসিতে না দিবে॥
দ্বার মানা হৈল হরিদাস দুঃখী মনে।
কিবা লাগি দ্বার মানা কেহো নাহি জানে॥
তিন দিন হরিদাস করে উপবাস।
স্বরূপাদি সভে তবে পুছিলা প্রভুপাশ॥
কোন অপরাধ প্রভু কৈল হরিদাস।
কিবা লাগি দ্বার মানা করে উপবাস॥
প্রভু কহে বৈরাগী করে প্রকৃতি সম্ভাষণ।
দেখিতে না পারি আমি তাহার বদন॥
দুর্ব্বার ইন্দ্রিয় করে বিষয় গ্রহণ।
দারব প্রকৃতি হরে মুনেরপি মন॥
ক্ষুদ্র জীব সব মর্কট বৈরাগ্য লইয়া।
ইন্দ্রিয় চরাঞা বুলে প্রকৃতি সম্ভাষিয়া॥
এত বলি মহাপ্রভু অভ্যন্তর গেলা।
প্রভুর আবেশ দেখি সভে মৌনী হৈলা॥
আর দিন সভে মেলি প্রভুর চরণে।
হরিদাস লাগি সভে কৈল নিবেদন॥
অল্প অপরাধ প্রভু করহ প্রসাদ।
এবে শিক্ষা হৈল না করিবে অপরাধ॥
প্রভু কহে মোর বশ নহে মোর মন।
প্রকৃতি সম্ভাষি বৈরাগী না করে দর্শন॥
নিজ কার্য্যে যাহ সভে ছাড়ি বৃথা কথা।
পুন কহ যদি আমা না দেখিবে এথা॥
এত শুনি সভে নিজ কানে হাত দিঞা।
নিজ নিজ কার্য্যে সভে চলিলা উঠিঞা॥
মহাপ্রভু মধ্যাহ্ন করিতে চলি গেলা।
বুঝিল না হয় এই মহাপ্রভুর লীলা॥
আর দিন সভে পরমানন্দ পুরী স্থানে।
মহাপ্রভুকে প্রসন্ন লাগি কৈল নিবেদন॥

End. Fol. 125 rev.

যে কিছু বর্ণিলে সেহো সংক্ষেপ করিঞা।
লিখিতে না পারে গ্রন্থ রাখিলেন লিখিঞা॥
চৈতন্য মঙ্গলে তেঁহো লিখিঞাছেন স্থানে স্থানে।
সেই বচন শুন সেই পরম প্রমাণে॥
সংক্ষেপে কহিল বিস্তার না যায় কথন।
বিস্তারিঞা বেদব্যাস করিবে বর্ণন॥
চৈতন্য মঙ্গলে ইহা লিখন স্থানে স্থানে।
সত্য কহে দাস আগে করিবেন বর্ণনে॥



Colophon.

শকাব্দা ১৭৪১। লিখিতং শ্রীজগন্নাথ সাহু সহর প্রহর॥

---

432. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 12¼" × 4¼". Folia, 1-14. Lines 8 on a page. Appearance, about 190 years old. Incomplete. Place of find, Bankura.

Beg.

জয় ২ শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্ত বৃন্দ॥
পুরুসোত্তমে এক উড়িয়া ব্রাহ্মণ কুমার।
পিতৃশূন্য মহাসুন্দর মৃদু ব্যবহার॥
গোসাঞি স্থানে নিত্য আইসে করে নমস্কার।
প্রভু সনে কথা কহে প্রভু প্রান তার॥
প্রভুতে তাহার প্রিত তারে দয়া করে।
দামোদর তাহার প্রিত সহিতে না পারে।
বার ২ নিশেধ করে ব্রাহ্মণ কুমারে।
প্রভু না দেখিলে সেই রহিতে না পারে॥
নিত্য আইসে প্রভু তারে করেন মহা প্রিতি।
জাহার প্রিত তাহা আইসে বালকের রিতী॥
তাহা দেখি দামোদর দুঃখ পায় মনে।
বলিতে না পায় বালক নিশেধ না মানে॥
আর দিন সেই বালক গোসাঞিস্থানে আইলা।
প্রভু তারে প্রিত করি বার্ত্তা পুছিলা॥
কথোক্ষনে সেই বালক উঠিঞা চলিলা।
সহিতে না পারে দামোদর কহিতে লাগিলা॥

* * *

দামোদর সম মোর নাহি অন্তরঙ্গ।
এত বিচারি প্রভু মধ্যাহ্ন করিতে উঠিলা।
আর দিন দামোদরে নিভৃতে বলাইলা॥
প্রভু কহে দামোদর চলহ নদিয়া।
মাতার সমিপে রহ তাহা জাইয়া॥
তোমাবে তাঁহাকে রক্ষক নাহি দেখি আন।
আমাকেহ জাতে তুমি কৈলে সাবধান॥
তোমা সম নিরপেক্ষ নাহি আমার গনে।
নিরপেক্ষ নহিলে ধর্ম্ম না জায় রক্ষনে॥
আমা হৈতে জেবা নয় তোমা হইতে হয়।
আমাকে করিলা দণ্ড আর কেবা হয়॥
মাতার গৃহে রহ জাঞা তাঁহার চরণে।
তোমার আগে নহিবেক কারো স্বচ্ছন্দ আচরণে।
মধ্যে ২ আসি কভু করি দরশন।
করি দিয় তাহা পুন করিবে গমন॥
মাতাকে কহিহ মোর কুটি নমস্কারে।
মোর সুখ কথা কহি সুখি করিহ তাঁহারে॥
নিরন্তর নিজ কথা তোমাকে সুনাইতে।
এই লাগি প্রভু মোরে পাঠাইলা ইহাতে॥

* * *

হরিদাস ঠাকুর মহিমা কারন।
জাহার শ্রবনে জুড়ায় ভক্তের শ্রবন॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্ত্যখণ্ডে শ্রীহরিদাস ঠাকুর মহিমা কথনং নাম তৃতীয় পরিচ্ছেদ॥
জয় ২ শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্ত বৃন্দ॥
নিলাচল হৈতে রূপ গৌড়ে যবে গেলা।
মথুরা হইতে সনাতন নিলাচলে আইলা॥
ঝারি খণ্ড বন পথে আইল চলিঞা।
কভু উপবাস কভু চর্ব্বন করিঞা॥
ঝারিখণ্ডের জলে দোষ উপবাস করিঞা॥



433. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড, হরিদাস ঠাকুরের নির্য্যাণ।

CAITANYA-CARITĀMṚTA ANTYA-KHAṆḌA. HARIDĀSA THĀKURER NIRYĀṆA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 11″ × 4″. Folia, 1-6. Lines, 8-11 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, Bankura.

Beg:

জয় জয় শ্রীচৈতন্য জয় দয়াময়।
জয়াদ্বৈত প্রভু নিত্যানন্দ প্রভু জয়॥
জয় শ্রীনিবাসেশ্বর হরিদাসনাথ।
জয় গদাধর প্রভু সকল প্রাণনাথ॥
জয় কাশিশ্বর প্রভু জগদানন্দ প্রানেশ্বর।
জয় রূপ সনাতন রঘুনাথেশ্বর।
জয় গৌরদেহ কৃষ্ণ স্বয়ং ভগবান।
কৃপা কোরি দেহ মোরে নিজভক্তি দান॥
জয় নিত্যানন্দ জয় চৈতন্যের প্রাণ।
তোমার চরণারবিন্দে ভক্তি দেহ দান॥
জয় জয়াদ্বৈতচন্দ্র চৈতন্যের আর্য্য।
স্বচরনে ভক্তিদেহ জয়াদ্বৈতাচার্য্য॥
জয় রূপ সোনাতন প্রিয় রঘুনাথ।
রঘুনাথ গোপালভট্ট জয় মোর নাথ॥
যে সব প্রসাদে লিখি চৈতন্যলীলাগুন।
যৈছে তৈছে লিখি কোরি আপন পাবন॥
এই মতে মহাপ্রভুর নিলাচলে বাস।
সঙ্গের ভক্ত লইঞা সদা কির্ত্তন বিলাষ॥
দিনে নিত্য কির্ত্তন ইশ্বর দরশন।
রাত্রে স্বরূপরায় সনে রস আস্বাদন॥
এই রূপে মহাপ্রভুর সুখে কাল যায়।
কৃষ্ণের বিরহ বিকার অঙ্গে না সমায়॥
দিনে দিনে বাড়ে বিকার রাত্রে অতিসয়।
চিন্তা উদ্বেগ প্রলাপাদি যাতে শাস্ত্রে কয়॥
স্বরূপ গোসাঞি আর রামানন্দ রায়।
রাত্রি দিনে করে দোঁহে প্রভুর সহায়॥
এক দিন গোবিন্দ মহাপ্রসাদ লইয়া।
হরিদাসে দিতে গেলা আনন্দিত হইয়া॥
দেখে হরিদাস ঠাকুর করিয়াছে শয়ন।
মন্দ ২ করিতেছেন নাম সংকির্ত্তন॥
গোবিন্দ কহে উঠ আসি করহ ভোজন।
হরিদাস কহে আমি করিবু লঙ্ঘন॥
সংখ্যা সংকির্ত্তন পুরে নাহি কেমনে খাইব।
মহাপ্রসাদ আনিয়াছ কেমনে উপেক্ষিব॥

End:

আপনে শ্রীহস্তে কৃপায় তারে বালু দিল।
আপনে প্রসাদ মাগি মহোৎসব কৈল॥
মহাভাগবত হরিদাস পরম বিদ্বান।
এই সৌভাগ্য লাগি আগে করিলা পয়ান॥
চৈতন্যচরিত্র এই অমৃতসিন্ধু।
কর্ণ মন তৃপ্ত করে যার এক বিন্দু॥
ভবসিন্ধু তরিবারে আর আছে চিত্ত।
শ্রদ্ধা করি শুন ভাই চৈতন্যচরিতামৃত॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আস।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি চৈতন্যচরিতামৃতে অন্ত্যখণ্ডে হরিদাস ঠাকুরের নির্য্যান বর্ণনং নামেকাদশ পরিচ্ছেদ॥ পাঠক শ্রীভোলানাথ দাস।



434. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 11" × 5¼". Folia, 1-56, 61-129. Lines, 9-10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 10 obv.

রায় কহে তোমার কবিত্ব অমৃতের ধার।
দ্বিতীয় নাটকের কহ নান্দী ব্যবহার॥
রূপ কহে কাঁহা তুমি সূর্য্যোপম ভাস।
মুঞি কোন ক্ষুদ্র যেন খদ্যোত প্রকাশ॥
তোমার আগে ধাষ্ট্য এই মুখের ব্যাদান।
এত বলি নান্দীশ্লোক করিল আখ্যান॥

* * *

দ্বিতীয় নান্দী কহ দেখি রায় পুছিলা।
সঙ্কোচ পাঞা রূপ গোসাঞি কহিতে লাগিলা॥

* * *

শুনিঞা প্রভুর যদি অন্তরে উল্লাস।
বাহিরে কহেন কিছু করি রোষাভাস॥
কাঁহা তোমার কৃষ্ণরস কাব্যসুধাসিন্ধু।
তার মধ্যে কেনে মিথ্যা স্তুতি ক্ষারবিন্দু॥
রায় কহে রূপের কবিত্ব অমৃতের পূর।
তার মধ্যে একবিন্দু দিয়াছে কর্পূর॥
প্রভু কহে রায় তোমারো ইহাতে উল্লাস।
শুনিতেই লজ্জা লোকে করে উপহাস॥
রায় কহে লোকের সুখ ইহার শ্রবণে।
অভীষ্ট দেবের স্মৃতি মঙ্গলাচরণে॥
রায় কহে কোন অঙ্গে পাত্রের প্রবেশ।
তবে রূপ গোসাঞি কহে তাহার বিশেষ॥

* * *

তোমার আগে ইহা কহি ধার্ষ্ট্যের তরঙ্গ॥
রায় কহে কহ আগে অঙ্গের বিশেষ।
শ্রীরূপ কহেন কিছু সংক্ষেপে উদ্দেশ॥

* * *

এত শুনি রায় কহে প্রভুর চরণে।
রূপের কবিত্ব প্রশংসি সহস্র বদনে॥
কবিত্ব না হয় এই অমৃতের ধার।
নাটক লক্ষণ সব সিদ্ধান্তের সার॥
প্রেমপরিপাটী এই অদ্ভুত বর্ণন।
শুনি চিত্ত কর্ণের হয় আনন্দ ঘূর্ণন॥
তোমার শক্তি বিনু এই জীবের নহে বাণী।
তুমি শক্তি দিয়া কহাও হেন অনুমানি॥
প্রভু কহে প্রয়াগে ইহার হইল মিলন।
ইহার গুণে ইহাতে আমার তুষ্ট হৈল মন॥
মধুর প্রসন্ন ইহার কাব্য সালঙ্কার।
ঐছে কবিত্ব বিনু নহে রসের প্রচার॥
সভে কৃপা করি দেহ ইহার এই বর।
ব্রজলীলা রস প্রেম বর্ণে নিরন্তর॥
ইহার যে জ্যেষ্ঠ ভ্রাতা নাম সনাতন।
পৃথিবীতে বিজ্ঞবর নাহি তার সম॥

End:

এ সভার চরণ কৃপা গুরু উপাধ্যায়ী।
মোর বাণি শিষ্যা তারে বহুত নাচায়ী॥
শিষ্যার শ্রম দেখি গুরু নাচাইঞা রাখিল।
কৃপা না নাচায় বাণি বসিয়া রহিল॥
অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে।
যত নাচাইল নাচি করিল বিশ্রামে॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যা সভার চরণ কৃপা শুভের কারণ॥
শ্রীচৈতন্যচরিতামৃত যেইজন শুনে।
তা সভার চরণ ধুয়া করোঁ নিত্য পানে॥
শ্রোতা-পদ-রেণু করোঁ মস্তকভূষণ।
তোমারা অমৃত পিলে মোর সফল হয় শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥



435. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA

ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 10¾" × 5¼". Folia, 1-115. Lines, 12-15 on a page. Date, 1759 Saka (1837 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 48 rev.

শিবানন্দ যৈছে সেই মনুষ্যে কহিল।
কর্ণপুর সেই রূপে শ্লোক বর্ণিল ॥
বর্ষান্তরে শিবানন্দ চলিলা নীলাচলে।
রঘুনাথের সেবক বিপ্র তাঁর সঙ্গে চলে ॥
সেই বিপ্র ভৃত্য চারিশত মুদ্রা লঞা।
নীলাচলে রঘুনাথে মিলিলা আসিঞা ॥
রঘুনাথ দাস অঙ্গীকার না করিলা।
দ্রব্য লঞা দুইজন তাহাই রহিলা ॥
তবে রঘুনাথে করি অনেক যতন।
মাসে দুই দিন কৈল প্রভুর নিমন্ত্রণ ॥
দুই নিমন্ত্রণে লাগে কৌড়ী অষ্টপণ।
ব্রাহ্মণ ভৃত্য ঠাঞি করে এতেক গ্রহণ ॥
এই মত নিমন্ত্রণ বর্ষ দুই কৈল।
পিছে নিমন্ত্রণ রঘুনাথ ছাড়ি দিল ॥
মাস দুই যবে রঘুনা[থ] না করে নিমন্ত্রণ।
স্বরূপে পুছিল তবে শ্রীশচীনন্দন ॥
রঘু কেনে আমার নিমন্ত্রণ ছাড়ি দিল।
স্বরূপ কহে মনে কিছু বিচার করিল ॥
বিষয়ীর দ্রব্য লঞা করি নিমন্ত্রণ।
প্রসন্ন না হয় ইহা জানি প্রভুর মন ॥
মোর চিত্ত দ্রব্য লইতে না হয় নির্মল।
এই নিমন্ত্রণে দেখি প্রতিষ্ঠা মাত্র ফল ॥

End:

বিংশতি পরিচ্ছেদে নিজ শিক্ষাষ্টক পড়িয়া।
তার অর্থ আস্বাদিল প্রেমাবিষ্ট হঞা ॥
ভক্ত শিক্ষা দিতে যেই অষ্টক করিল।
সেই শ্লোকাষ্টকের অর্থ পুন আস্বাদিল ॥
মুখ্য মুখ্য লীলার তাহা করিল কথন।
অনুবাদ হৈতে স্মরে গ্রন্থ বিবরণ ॥
একেক পরিচ্ছেদের কথা অনেক প্রকার।
মুখ্য মুখ্য কহিল কহিলে জানিবে আর ॥
শ্রীরাধাসহ শ্রীমদন মোহন।
শ্রীরাধা সহ শ্রীগোবিন্দ চরণ ॥
শ্রীরাধা সহ শ্রীগোপীনাথ।
এই তিন ঠাকুর গৌড়িয়ার প্রাণনাথ ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীযুত নিত্যানন্দ।
শ্রীঅদ্বৈত চন্দ্র শ্রীগৌরভক্তবৃন্দ ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন.
শ্রীগুরু শ্রীরঘুনাথ শ্রী জীবচরণ ॥
নিজ শিরে ধরি এই সভার চরণ।
যাহা হৈতে হয় সব বাঞ্ছিত পূরণ ॥
সভার চরণ কৃপা গুরু উপাধ্যায়ী।
মোর বাণী শিষ্যা তারে বহুত নাচাই ॥
শিষ্যার শ্রম দেখি গুরু নাচাই রাখিল।
কৃপা না নাচায় বাণী বসিয়া রহিল ॥
অনিপুণা বাণী আপনে নাচিতে না জানে।
যত নাচাইল নাচি করিল বিশ্রামে ॥
সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যাহা সভার চরণ কৃপা শুভের কারণ ॥
চৈতন্যচরিতামৃত যেই জন শুনে।
তাহার চরণ ধুঞা করোঁ মুঞি পানে ॥
শ্রোতা-পদ-রেণু করোঁ মস্তক ভূষণ।
তোমরা এ অমৃত পিলে সফল হৈল শ্রম ॥
শ্রীরূপ রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥

Colophon: শকাব্দা ১৭৫৯।



436. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA—PRALĀPA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13" × 4¼". Folia, 1-11. Lines, 8-9 on a page. Date, 1099 B. S. (1693 A. D.) Complete. Place of find, Bankura.

Beg :

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥
শেষ যে রহিল প্রভুর দ্বাদশ বৎসর।
কৃষ্ণের বিয়োগ স্ফূর্ত্তি হয় নিরন্তর॥
শ্রীরাধিকার চেষ্টা যেন উদ্ধব দর্শনে।
এই মত দশা প্রভুর হয় রাত্রিদিনে॥
নিরন্তর রাত্রিদিনে বিরহ উন্মাদে।
হাসে কান্দে নাচে গায় পরম বিষাদে॥
রোমকূপে রক্তোদগম দন্তসব হালে।
ক্ষণে অঙ্গ ক্ষীণ হয় ক্ষণে অঙ্গ ফুলে॥
গম্ভীরা ভিতরে রাত্রে নাহি নিদ্রালব।
ভিতে মুখশির ঘষে ক্ষত হয় সব॥
তিন দ্বারে কপাট প্রভু যায়েন বাহিরে।
কভু সিংহদ্বারে পড়ে কভু সিন্ধুনীরে॥
চটক পর্ব্বত দেখি গোবর্দ্ধন ভ্রমে।
ধাইয়া চলয়ে আর্ত্ত করিয়া ক্রন্দনে॥
উপবনোদ্যান দেখি বৃন্দাবন জ্ঞান।
তাহাঁ যায়্যা নাচে গায় ক্ষণে মূর্চ্ছা যান॥
কাহাঁ নাহি শুনিয়ে যে ভাবের বিকার।
সেই ভাব হয় প্রভুর শরীরে প্রচার॥
হস্ত পদ শির সব শরীর ভিতরে।
প্রবিষ্ট হয় কূর্ম্মরূপ দেখিয়ে প্রভুরে॥

End :

সেই শক্তি প্রেমবতি প্রেমবান সেই শক্তি
বিয়োগে যে থাকে প্রিয়হিতে।
না গণি আপন দুঃখ বাঞ্ছি প্রিয় জন সুখ
সেই দুই মিলে অচিরাতে॥
রাখিতে তোমার জীবন সেবি আমি নারায়ণ
তার শক্ত্যে আসি নিতি ২।
তোমা সনে ক্রীড়া করি নিতি যাই যদুপুরী
তাহা তুমি মান আমা স্ফূর্ত্তি॥
মোর ভাগ্যে মো বিষয়ে তোমার যে প্রেম হয়ে
সেই প্রেম পরম প্রবল।
লুকাইয়া আমা আনে সঙ্গ করায় তোমা সনে
প্রকটেহো আনিবে সত্বর॥
যাদবের বিপক্ষ দুষ্ট যত কংসপক্ষ
তাহা আমি কৈল সব ক্ষয়।
আছে দুই চারিজন তাহা মারি বৃন্দাবন
আইলাঙ জানিহ নিশ্চয়॥
সেই শত্রুগণ হৈতে ব্রজজন রাখিতে
রহি রাজ্যে উদাসীন হঞা।
যেবা স্ত্রী পুত্র ধন করি রাজ্য আবরণ
যদু গণের সন্তোষ লাগিয়া॥
তোমার প্রেম গুণ গুণ করে আমা আকর্ষণ
আনিবে আমা দিন দশ বিশে।
পুন আসি বৃন্দাবনে ব্রজবধূ তোমা সনে
বিলসিব রাত্রি দিবসে॥
এত কহি তারে কৃষ্ণ ব্রজ যাইতে সতৃষ্ণ
এই শ্লোক পড়ি শুনাইল।
সেই শ্লোক পায়্যা রাধা খণ্ডিল সকল বাধা
কৃষ্ণ প্রাপ্তি প্রতীত হইল॥

Colophon :

ইতি ত্রয়দশ প্রলাপ সমাপ্ত।
ইতি সন ১০৯৯ সাল তারিখ ১৯ জ্যৈষ্ঠ।

———



437. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper; 14″ × 5¼″. Folia, 1-26. Lines, 9-10 on a page. Date, 1129 B. S. (1723 A. D.). Complete. Place of find, Bankura.

Beg:

নদিয়া উদয় গিরি পূর্ণচন্দ্র গৌরহরি
কৃপা করি করিলা উদয়।
পাপ তম হৈল নাশ ত্রিজগতের উল্লাষ
জগভরি হরিধ্বনি হয়॥
সেই কালে নিজালয় উঠিয়া অদ্বৈত রায়
নৃত্য করে আনন্দিত মনে।
হরিদাস লঞা সঙ্গে হুঙ্কার কির্তন রঙ্গে
কেন নাচে কেহ নাহি জানে॥
দেখি উপরাগ হাসি শিঘ্র গঙ্গাঘাটে আসি
আনন্দে করিল গঙ্গাস্নান।
পাঞা উপরাগছলে আপনার মন-বলে
ব্রাহ্মণেরে দিল বহু দান॥
জগত আনন্দময় দেখি মনে বিস্ময়
ঠারে ঠোরে কহে হরিদাস।
তোমার ঐছন রঙ্গ মোর মন প্রসন্ন
বুঝি কিছু কাজে আছে ভাস।
আচার্য্য রত্ন শ্রীনিবাস হৈল মনে সুখোল্লাস
জাই স্নান কৈল গঙ্গাজলে।
আনন্দে বিল্লোল মন কৈল হরি সঙ্কীর্তন
নানা দান কৈল মন-বলে॥

এই মত ভক্ততথি জার যেই দেশে স্থিতি
তাহা ২ পাঞা মন বলে।
নাচে করে সঙ্কীর্তন আনন্দে বিল্লোল মন
দান করে গ্রহনের ছলে॥

End:

এই রাধার বচন বিশুদ্ধ প্রেমের লক্ষন
আস্বাদয়ে শ্রীগৌরাঙ্গ রায়।
ভাবে মন অস্থির সাত্ত্বিকব্যাপিত শরির
মন দেহ ধরনে না জায়॥
ব্রজের বিশুদ্ধ প্রেম যেন জাম্বুনদহেম
আত্ম সুখ যাহা নাহি গন্ধ।
সে প্রেম জানাইতে লোকে প্রভু কৈল এই শ্লোকে
পদ কৈল অর্থের নির্বন্ধ॥

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদ্য মধ্য অন্তলিলা প্রলাপ বর্ণনা সংপূর্ণ ইতি। লিপিরিয়ং শ্রীকাশিনাথ সরকার সাং লক্ষীপুর। পঠনার্থে শ্রীনিত্যানন্দ দাস সাং বাহাদুরগঞ্জ। সন ১১২৯ সাল তারিখ ৩০ জৈষ্ঠী।

---

438. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13½″ × 4½″. Folia, 1-27. Lines 8 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Fol. 9 rev.

অন্তের হৃদয় মন আমার মন বৃন্দাবন
মনে বনে এক করি জানি।



তাঁহা তোমার পদদ্বয় করাহ যদি উদয়
তবে তোমার পূর্ণ কৃপাখানি ॥
প্রাননাথ শুন মোর সত্য নিবেদন।
ব্রজ আমার সদন তাঁহা তোমার সঙ্গম
না পাইলে না রহে জীবন ॥
পূর্ব্বে উদ্ধব-দ্বারে এবে সাক্ষাত আমারে
যোগ জ্ঞানের কহিল উপায়।
তুমি বিদগ্ধ কৃপাময় জান আমার হৃদয়
মোরে ঐছে কহিতে না যুয়ায় ॥
চিত্ত কাড়ি তোমা হৈতে বিষয় চাহি লাগাইতে
যতন করি নারি কাড়িবার।

Fol. 26 rev.

আমি কৃষ্ণ পদ দাসি তিহো রস সুখরাশি
আলিঙ্গন করে আত্মসাথ।
কিবা না দেন দরশন না জানে মোর তনুমন
তবু তিহো মোর প্রাননাথ ॥
সখিহে শুন মোর প্রানের নিশ্চয়।
কিবা অনুরাগকরে কিবা দুঃখ দিঞা মোরে
মোর প্রানে কৃষ্ণ অন্য নয় ॥
ছাড়ি অন্য নারিগন মোর বশ তনুমন
মোর সৌভাগ্য প্রকট করিঞা।
তা সভারে দেন পীড়াঃ আমা সনে করে ক্রীড়াঃ
সেই নারীগনে দেখাইঞা ॥
কিবা তিহো লম্পট কিবা ধৃষ্ট অকপট
অন্য নারীগন করে সাথ।
মোর মনে দিত পীড়া মোর আগে করে ক্রীড়া
তবু তিহো মোর প্রান নাথ ॥

---

439. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-15. Lines, 14 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Fol. 2 obv.

পুত্র মাতা স্নান দিনে দিল বস্ত্র বিভূষনে
পুত্র সহ মিশ্রেরে সম্মানি।
শচি মিশ্রের পূজা লঞা মনে হরষিত হঞা
ঘরে আইলে দিতে ঠাকুরানি ॥
ঐছে শচি জগন্নাথ পুত্র পেয়ালক্ষ্মিনাথ
পূর্ণ হইল মনের বাঞ্ছিত।
ধান ধান্যে পূরে ঘর লোক মান্য কলেবর
দিনে ২ হয় আনন্দিত।
মিশ্র বৈষ্ণব শান্ত অকপট শুদ্ধ দান্ত
ধন লোভে নাহি অভিমান।
পুত্রের প্রভাবে যত ধন আসি মিলে কত
বিষ্ণুপ্রিতে দিজে সেই দান ॥
লগ্নগনি হর্ষমতি নিলেম্বর চক্রবর্তি
গুপ্তে কিছু কহিল মিশ্রেরে।
মহাপুরুষের চিহ্ন লগ্নে অঙ্গে ভিন্ন ভিন্ন
জানি এই তারিব সংসারে ॥
ঐছে প্রভু শচিঘরে কৃপায় কৈল অবতারে
যে ইহা করয় শ্রবন।
গৌর প্রভু দয়াময় তারে হয়ে সদয়
সেই পায়ে তাহার চরণ ॥



End :

মোর সুখসেবনে কৃষ্ণের সুখসঙ্গমে
যত তব দেহ দেহ দান।
কৃষ্ণ মরে কাম্বা করি কহে তুমি প্রাণে ধরি
মর হয় লাগি অভিমান ॥
কান্ত সেবা সুখপুর সঙ্গম হৈতে সুমধুর
তাতে সাক্ষি লক্ষি ঠাকুরানি।
নারায়ণের হিলিম্বিতি তভু পদ সেবারমতি
সেবা করে লাগি অভিমানি।
এই রাধার বচন বিশুদ্ধ প্রেমের লক্ষণ
আস্বাদএ শ্রীগৌর রায়।
তাবে মন অস্থির সাত্বিক ব্যাপে শরির
মন দেহ ধরনে নাজায় ॥

Colophon :

ইতি বিংশতি পরিচ্ছেদ। অন্তলিলে প্রলাপ সমাপ্ত। বিংশতি পরিচ্ছেদ॥ সন ১২৫৮ সাল। বিতারিখ ৩১ জেষ্ঠক্কে সংপুর্ন। ইতি প্রলাপ গ্রন্থ লিখকে লিখিতং শ্রীঠাকুর দাস কর সাঃ বিরসিংহে পাঠক শ্রীমদন কর ॥

---

440. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITAMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $10\frac{1}{2}'' \times 4\frac{1}{4}''$. Folia, 7-38. Lines, 9 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 rev.

তুমি অনাথেরবন্ধু অপার করুণাসিন্ধু
কৃপা করি দেহ দরশন।
উঠিল ভাব চাপল মন হৈল চঞ্চল
ভাবের গতি বুঝান না যায় ॥
অদর্শনে পোড়ে মন কেমনে পাব দরশন
কৃষ্ণ ঠাঞি পুছেন উপায়।
তোমার মাধুরী বল তাথে মোর চাপল
এই দুই তুমি আমি জানি।
কাহাঁ করোঁ কাহা যাউ কাহা গেলে তোমা পাউ
তাহা মোরে কহত আপনি ॥
নানা ভাবের প্রাবল্য বিশাদ হৈল চাপল্য
ভাবে ২ হৈল মহারণ।
ঔৎসুক্য প্রাবল্য হৈল রোষামর্ষ আদি হৈল
উন্মাদ সভার কারণ ॥
মত্তগজ ভাবগণ প্রভুর দেহ ইক্ষু বন
গজ যুদ্ধে বনের দলন।
প্রভুর হৈল দিব্যোন্মাদ তত্থ মনে অবসাদ
ভাবাবেশে করেণ সম্বোধন ॥

End :

শখিহে এই মোর মনের নিশ্চয়।
কিবা অনুরাগ করে কিবা দুঃখ দিঞা মারে
মোর প্রাণে শ্রীকৃষ্ণ অন্তর ॥
ছাড়ি অন্যনারিগণ মোর তনু মন
মোর সৌভাগ্য প্রকট করিয়া।
তা সভারে দেন পীড়া আমা সনে করে ক্রীড়া
সেই নারীগণে দেখাইঞা ॥
কিবা তিহোঁ লম্পট শঠ ধৃষ্ট কপট
অন্য নারীগণ করি সাথ।
মোরে দিতে মনঃপিড়া মোর আগে করে ক্রীড়া
তভু তিহোঁ মোর প্রাণনাথ ॥
না গনি আপন দুঃখ সবে বাঞ্ছি তার সুখ
তাঁর সুখে আমার তাৎপর্য।
মরে যদি দিল দুঃখ তার হৈল মহাসুখ
সেই দুঃখ মোর সুখবর্য্য ॥
যে নারিকে বাঞ্ছে কৃষ্ণ তার রূপে সতৃষ্ণ
তারে না পাইঞা কাহে হয় দুখি।
মুঞী তার পায়ে পড়ি লঞা যাউ হাথে ধরি
ক্রীড়া করাইঞা করো তারে সুখি ॥



441. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 10" × 4½". Folia, 1-30. Lines 9 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Fol 8 rev.

এই শুদ্ধ ভাব সিন্ধু তথা না পায় কার একবিন্দু
যেন ধন বিলাইল সংসারে।
হেন দয়ালু অবতার হেন দাতা নাহি আর
গুন কেহো নারে বর্ণিবারে॥
কহিবার কথা নহে কহিলে কেহো না বুঝয়ে
যেন চিত্র চৈতন্যের রঙ্গ।
সেই সে বুঝিতে পারে চৈতন্যের কৃপা যারে
হয় তার দাসদাসের সঙ্গ॥
চৈতন্য লীলা রত্ন সার স্বরূপের ভাণ্ডার
তেহোঁ থুইল রঘুনাথ কণ্ঠে।
তাহা কিছু যে সিখিল তাহা এই বিবরীল
ভক্তগণে দিল এই ভেটে॥
যদি কেহো হেন কহে গ্রন্থ কৈল শ্লোকময়ে
ইতর জন নারিব বুঝিতে।
প্রভুর যে আচরন সেই করি বর্ণন
সর্ব্বচিত্ত নারি আরাধিতে॥
নাহী কাঁহা অবিরোধ নাহি করো অনুরোধ
সহজ বস্তু করি বিবরন।
যদি হয় রাগবেশ তাহা হয় আবেস
সহজ বস্তু না জায় লিখন॥

End:

কস্তুরি লিপ্ত নীলোৎপল তার যৈছে পরিমল
তাহা জিনি কৃষ্ণের অঙ্গগন্ধ।
ব্যাপে চৌদ্দ ভুবন করে সর্ব্ব আকর্ষন
নারীগণের আখি করে অন্ধ॥

সখিহে কৃষ্ণগন্ধ জগত মাতায়।
সর্ব্বকাল তাহা বৈসে নারীর নাসাতে পৈসে
কৃষ্ণ পাস ধরি লঞা জায়॥
নেত্র নাভি বদন কর যুগ চরণ
এই অষ্ট পদ্ম কৃষ্ণ অঙ্গে।
কর্পুর লিপ্ত কমল তার যৈছে পরিমল
সেই গন্ধ অষ্ট পদ্ম সঙ্গে॥
হেমকিলিত চন্দন তাহা করি ঘর্ষন
তাহে অগুরু কুঙ্কুম কস্তুরি।
কর্পুর সনে চর্চ্চা অঙ্গে মিলেত তাহার গন্ধে
কামদেবের মন করে চুরি॥

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অষ্ট পদে তিন লীলার প্রলাপ সংপূর্ন। লিখিতং শ্রীমধুর দাস॥

———



442. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি ও মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI AND MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13⅛" × 4¾". Folia, 1-13. Lines, 9 on a page. Appearance, about 120 years old. Complete. Place of find, Bankura.

Fol. 3 obv.

এ সখি না বুঝিএ বিধির বিধান।
সুখ লাগি কইনু প্রীতি হৈল দুঃখ বিপরিতি
এবে জায় না রহে পরান।
কুটিল প্রেম অগেয়ান নাহি জানে স্থানাস্থান
ভালমন্দ নারে বিচারিতে।
ক্রুর শঠের গুন ডোরে হাথে গলে বান্ধি মারে
রাখি আছে নারি উকসিতে॥
যে মদনে তনু হিন পরদ্রোহে পরবিন
পাঁচ বান সাধে অনুক্ষন।
অবলার শরীরে বিন্ধি কৈল জরজরে
দুঃখ দেই না লয় জিবন।
অন্যের যে দুঃখ মনে অন্য তাহা নাহি জানে
সত্য এই শাস্ত্রের বিচার।
অন্যজন কাহা লেখি নাহি জানে প্রানসখি
জাতে চাহে ধৈর্য্য করিবার॥
কৃষ্ণ কৃপা পারাবার কভু করিবে অঙ্গিকার
সখি তোর এ ব্যর্থ বচন।
জিবের জিবন চঞ্চল যেন পদ্ম পত্রে জল
ততদিন জিবে কোন জন।
শত বৎসর পর্য্যন্ত জিবের জিবন অন্ত
এ বাক্য কহনা বিচারি।
নারির যৌবন ধন জারে কৃষ্ণ করে মন
সে যৌবন দিন দুই চারি॥

End:

সেই লীলামৃত বিনে খায় যদি অন্নপানে
তবু ভক্তের দুর্ব্বল জীবন।
যার এক বিন্দু পানে প্রফুল্লিত তনু মনে
হাসে গায় করএ নর্ত্তন।
এই অমৃত কর পান যাহা সম নাহি আন
চিত্তে করি সুদৃঢ় বিশ্বাস।
*   *   *
আর যত শ্রোতা ভক্তগণ।
তোমা সভার শ্রীচরণ করি শিরে বিভূষণ
যাহা হৈতে অভীষ্ট পুরন॥
শ্রীরূপ সনাতন রঘুনাথের শ্রীচরন
শিরে ধরি করি যার আশ।
শ্রীকৃষ্ণলীলামৃতান্বিত চৈতন্যচরিতামৃত
কহে দীন হীন কৃষ্ণদাস।

Colophon:

ইতি মহালীলার প্রলাপ সংপুর্ন।



443. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 10" × 5". Folia, 1-124. Lines, 10-11 on a page. Date, 1213 B.S. (1807 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 4 obv.

অগ্নী তৈছে নিজ ধাম দেখাইয়া অবিরাম
পতঙ্গেরে আকর্ষিয়া মারে।
কৃষ্ণ ঐছে নিজ গুন দেখাইয়া হরে মন
পাছে দুঃখ সমুদ্রেতে ডারে॥
এত্তেক বিলাপ করি বিসাদে শ্রীগৌরহরি
উঘারিয়া দুঃখের কপাট।
ভাবের তরঙ্গ বলে নানারূপ মন চলে
আর এক শ্লোক কৈলা পাট॥
বংসিগানামৃত ধাম লাবণ্যামৃতের জন্মস্থান
জে না দেখে সে চাঁদ বদন।
সে নয়নে কিবা কাজ পড়ু তার মাথে বাজ
সে নয়ন রহে অকারন॥
সখীহে শুন মোর হত বিধি বল।
মোর বপু চিত্তমন সকল ইন্দ্রিয়গন
কৃষ্ণ বিনু সকল বিফল।
কৃষ্ণের মধুর বানি অমৃতের তরঙ্গিনি
তার প্রবেশ নাহি জে শ্রবনে।
কানাকড়ি ছিদ্রসম জানিহ সে শ্রবন
তার জন্ম হৈল অকারনে॥
কুষমদ নিলোৎপল মিলনে জে পরিমল
জেই হরে তার গর্ব্ব মান।
হেন কৃষ্ণের অঙ্গগন্ধ জার নাহি সে সম্বন্ধ
সেই নাস কস্তরি সমান॥

End :

মোর সুখ সেবনে কৃষ্ণের সুখ সঙ্গমে
অতএব দেহ দেও দান।
কৃষ্ণ মোরে কান্তা করি কহে মোরে প্রানেশ্বরি
মোর হয় দাসি অভিমান॥
কান্ত সেবা সুখপুর সঙ্গম হৈতে সুমধুর
তাতে সাক্ষী লক্ষী ঠাকুরাণি।
নারায়নের হিদিস্থিতি তভু পাদসেবায় মতি
সেবা করে দাসি অভিমানি॥
এই রাধার বচন বিশুদ্ধ প্রেমের লক্ষন
আস্বাদএ শ্রীগৌরাঙ্গ রায়।
ভাবে মন অস্থির সাত্বিক ব্যাপে শরির
মনদেহ ধরনে না জায়॥
ব্রজের বিশুদ্ধ প্রেম জেন জাম্বুনদ হেম
আত্ম সুখের জাহা নাহি গন্ধ।
সে প্রেম জানাইতে লোকে প্রভু কহে এই শ্লোকে
পদ কৈল অর্থের নির্বন্ধ॥

Colophon :

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতস্য আদ্য মধ্য অন্ত তিন লিলার প্রলাপ বর্ণনং সংপুর্ন সন ১২১৩ সাল। তারিখ ৩০ শ্রাবন বুধবার চতুর্দশি গ্রন্থমিদং শ্রী—

444. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-18. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 obv.

শুন মোর প্রানের প্রানের বান্ধব।
নাহি কৃষ্ণ প্রেমধন দরিদ্র মোর জীবন
দেহেন্দ্রীয় বৃথা মোর সব॥
পুন কহে হায় হায় শুন স্বরূপ রামরায়
এই মোর হৃদয় নিশ্চয়।
শুনি কর বিচার হয় নয় কহ সার
এত বলি শ্লোক উচ্চারয়॥
এত কহি সচী সুত শ্লোক পড়ে অদ্ভুত
শুনে দোহে একমন হঞা।
আপন হৃদয় কাজ কহিতে বাসিএ লাজ
তবু কহি লাজ বীজ খাঞা॥
দূরে শুদ্ধ প্রেমগন্ধ কপট প্রেমের বন্ধ
সেহো মোর নাহি কৃষ্ণ পায়।
তবে যে করি ক্রন্দন স্বসৌভাগ্য প্রখ্যাপন
করি ইহা জানিহ নিশ্চয়॥
নিজ দেহ করি প্রীত কেবল কামের রিত
প্রান কিটের করিএ ধারন।
কৃষ্ণ প্রেম সুনির্ম্মল যেন শুদ্ধ গঙ্গাজল
সেই প্রেম অমৃতের সিন্ধু।
নির্ম্মল সে অনুরাগে না লুকায় অন্য দাগে
শুক্ল বস্ত্রে যেন মসী বিন্দু॥
শুদ্ধ প্রেম সুখসিন্ধু পাই তার এক বিন্দু
সেই বিন্দু জগত ডুবায়।
কহিবার যোগ্য নহে তথাপি বাউলে কহে
কহিলে বা কেবা পাতি যায়॥
এই মত দীনে দীনে স্বরূপ রামানন্দ সনে
নিজ ভাব করেন বিদিত।

End :

পুনরপি কৈল স্নান শুষ্ক বস্ত্র পরিধান
রত্ন মন্দীরে কৈল আগমন।
বৃন্দাকৃতী সম্ভার গন্ধ পুষ্প অলঙ্কার
বন্য বেশ করিল রচন॥
বৃন্দাবনে তরুলতা অদ্ভুত তাহার কথা
বার মাস ধরে ফুল ফল।
বৃন্দাবনে দেবিগণ কুঞ্জদাসি যত জন
ফল পাড়ি আনিঞা সকল॥
উত্তম সংস্কার করি বড় ২ থালি ভরি
রত্ন মন্দীর পিণ্ডার উপরে।
ভক্ষনের ক্রম করি ধরিঞাছে সারি ২
আগে আসেন বসিবার তরে॥
নারিকেল নানাজাতি এক আম্র নানা ভাঁতি
কোলাকোলি বিবিধ প্রকার।
পনস খর্জ্জুর কমলা নারেঙ্গ জাম সমতরা
দ্রাক্ষার দাম মেওয়া যত আর॥
খরমুজ খিরিতাল কেসর পানিফল মৃনাল
বিল্বপিল দাড়িম্বাদি যত।
কোন দেশে কারো খ্যাতি বৃন্দাবনে সব স্থিতি
সহস্র জাতি লেখা জায় কত॥
গঙ্গাজল অমৃত কেলি পিযুষ গ্রন্থী কর্পূর কেলি
সরপুপি অমৃত পদ্ম চিনে॥
খণ্ডখির সার বৃক্ষ ঘরে করি নানা ভক্ষ
রাধা যাহা কৃষ্ণ লাগী আনি।
ভক্ষ পরিপাটী দেখি কৃষ্ণ হৈলা মহা সুখী
বসি কৈল বন্যভোজন।
সঙ্গে লঞা সখিগন রাধা কৈল ভোজন
দোঁহে কৈল মন্দিরে শয়ন॥



কেহো করে বিজন   কেহো পাদ সম্বাহন
কেহো করায় তাম্বুল ভোজন।
রাধাকৃষ্ণ নিদ্রা গেলা   সখিগণ শয়ন কৈলা
দেখি আমার সুখি হৈল মন ॥

---

445. চৈতন্যচরিতামৃত—প্রলাপ—আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA—ĀDI, MADHYA AND ANTYA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 1-22. Lines, 10-11 on a page. Date, 1234 B.S. (1826 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 5 obv.

এই প্রেম আস্বাদন   তপ্ত ইক্ষু চর্বণ
মুখ জলে না যায় ত্যেজন।
সেই প্রেমা যার মনে   তার বিক্রম সেই জানে
বিষামৃতে একত্রে মিলন ॥
যে কালে দেখি জগন্নাথ   বলরাম সুভদ্রা সাথ
তবে জানি আইলাঙ কুরুক্ষেত্রে।
সফল হৈল জীবন   দেখিল পদ্মলোচন
জুড়াইল তনু মন নেত্রে ॥
গরুড়ের সন্নিধানে   রহি করে দরশনে
সে আনন্দের কি কহিব বলে।
গরুড় স্তম্ভের তলে   আছে এক নিম্ন খালে
সেখান ভরিল অশ্রুজলে ॥
তাহা হৈতে ঘরে আসি   মাটির উপরে বসি
নখে করে পৃথিবী লিখন।
হাহা কাঁহা বৃন্দাবন   কাঁহা গোপেন্দ্র নন্দন
কাঁহা সেই বংশীবদন ॥
কাঁহা সে কৃষ্ণ ধাম   কাঁহা সেই বেণুগান
কাঁহা সেই যমুনা পুলিন।
কাঁহা সে রাসবিলাস   কাঁহা নৃত্যগীত হাস
কাঁহা প্রভু মদনমোহন ॥

End:

এই রাধার বচন   বিশুদ্ধ প্রেমের লক্ষণ
আস্বাদয় যাহা গৌর রায়।
তারে মন অস্থির   সাধিকে বাহে শরীর
মন দেহ ধরণে না যায় ॥
ব্রজের বিশুদ্ধ প্রেম   যেন জাম্বুনদ হেম
আত্মসুখের যাহে নাহি গন্ধ।
সে প্রেম জানাইতে লোকে প্রভু কৈল এই শ্লোকে
পদ কৈল অর্থের নির্বন্ধ ॥
এই মত মহাপ্রভু   ভাবাবেশে হঞা
প্রলাপ করিলা প্রভু শ্লোক পড়িয়া।

Colophon:

ইতি অন্তখণ্ডে প্রলাপ সংপূর্ণ। পুস্তকমিদং সন ১২৩৪ সাল ঃ তারিখ ২৫ মাঘ। বুধবার রাত্রে সমাপ্তোয়ং গ্রন্থ।



446. চৈতন্যচরিতামৃত—প্রলাপ, আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA, ĀDI, MADHYA AND-ANTYA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 14½" × 5". Folia, 1-26. Lines, 9 on a page. Date, 1260 B.S. (1854 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 7 obv.

নানা ভাবের চাপল্য হৈল ভাবের শাবল্য
ভাবে ২ হৈলা মহারণ।
ঔৎসুক্য চাপল্য দৈন্য রুসামর্ষ আদি দৈন্য
উন্মাদ সভার কারন॥
মত্ত গজ ভাবগন প্রভুর দেহ ইক্ষুবন
গজ যুদ্ধে বনের দলন।
প্রভুর হৈল দিব্য উন্মাদ তোম্র মনে অবসাদ
ভাবাবেসে করে সম্বোধন॥
উন্মাদের লোক্ষন করায় কৃষ্ণ স্ফুরন
ভাবাবেসে উঠে প্রনয়মান।
সোল্লুণ্ঠ বচন রিতি মন গর্ব্ব ব্যাজ স্তুতি
কাঁহা নিন্দা কাহা উত্থান॥
তুমি দেব ক্রিড়ারত ভুবনের নারি যত
তাহা করো অভিস্ত ক্রিড়ন।
তুমি মোর দয়িত তোমাতে বৈসে মোর চিত্ত
মোর ভাগ্য কৈলে আগমন॥
ভুবনের নারিগন সভাকার আকর্ষন
তাহা কর সব সমাধান।
তুমি কৃষ্ণ চিত্ত হর ঐছে কোন পামর
তোমারে বা কেবা করে মান॥
তোমার চাপল মোতি তা হয় একত্র স্থিতি
তাতে তোমার নাহি কিছু দোস।
তুমি ত কোরুনা সিন্ধু আমার প্রাণের বোন্ধু
তোমাতে মোর নাহি কিছু রোস॥

End :

জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥
এত ভাবে রাধার মন অস্থির হইল।
সখিগন আগে.........শ্লোক পড়িল॥
সেই ভাবে প্রভু শ্লোক আপনে পড়িলা।
শ্লোক উচ্চারিতে তদ্রুপ আপনে হইলা॥
এই শ্লোকের এই অতি অর্থ বিস্তার।
সংক্ষেপে কহিএ তার না পাইএ পার॥
আমি কৃষ্ণপদ দাসি তিহো মোর সুখরাসি,
আলিঙ্গিএ কর আত্মসাৎ।

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি। ইতি সন ১২৬০ সাল—তাং ১০ বৈসাখ, বেলা গোধুলী সময় বারে শনিবার তিথি দশমী গোবার্দ্ধ শত বিলা সমাপ্ত হইল। লিখিতং শ্রীরামধন রায় সাং বাবদেবপুর পাঠক শ্রীগোপাল দাস সাং গোস্বামীবেড়ে।



447. চৈতন্যচরিতামৃত—প্রলাপ, আদি, মধ্য ও অন্ত্য।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA, ĀDI, MADHYA AND ANTYA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4¾". Folia, 1-20, 22-27. Lines, 9 on a page. Date, 1260 B.S. (1854 A.D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 3 obv.

ঐছে শচি জগন্নাথ পুত্র পাঞা লক্ষ্মীনাথ
পূর্ণ হইলা সকল বাঞ্ছিত।
ধনে ধান্যে ভরে ঘর লোকমান্য কলেবর
দিনে ২ হয় আনন্দিত॥
মিশ্র বৈষ্ণব শান্ত অলম্পট শুদ্ধ দান্ত
ধনভোগে নাহি অভিমান।
পুত্রের প্রভাবে জত ধন আসি মিলে তত
বিষ্ণু প্রীতে দ্বিজে দেন দান॥
লগ্ন গনি হর্ষমতি
অন্যে কিছু কহিল মিশ্রেরে।
মহা পুরুষের চিহ্ন লগ্নে অঙ্গে বিভিন্ন
দেখি এই তারিব সংসারে॥
ঐছে প্রভু শচি ঘরে কৃপায় কৈল অবতারে
জেই ইহা করয়ে শ্রবন।
গৌর প্রভু দয়াময় তারে হয়েন সদয়
সেই পায় তাহার চরণ॥
পাইঞা মানুষ জন্ম জে না শুনে গৌর গুন
হেন জন্ম তার ব্যর্থ হইল।
পাইঞা অমৃত ধনি পিয়ে বিষ গর্ত্ত পানি
জন্মিঞা সে কেন না মরিল॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ আচার্য্য অদ্বৈতচন্দ্র
স্বরূপ রঘুনাথ দাস।
ইহা সভার শ্রীচরন শিরে বন্দি নিজ ধন
জন্ম লীলা গাইলা কৃষ্ণদাস॥

End.

কাঞা সেবা সুখপুর সঙ্গম হৈতে সুমধুর
তাতে সাক্ষি লক্ষ্মী ঠাকুরানি।
নারায়নের হৃদে স্থিতি তবু পাদসেবায় মতি
সেবা করে দাসি অভিমানি॥
এই রাধার বচন বিশুদ্ধ প্রেমের লক্ষন
আস্বাদয়ে শ্রীগৌর রায়।
ভাবে মন অস্থির সাত্ত্বিকে ব্যাপে শরির
মন দেহ ধরনে না জায়॥
ব্রজের বিশুদ্ধ প্রেম জেন জাম্বু নদ হেম
আত্ম সুখের জাহা নাহি গন্ধ।
সে প্রেম জানাইতে লোকে প্রভু কৈল এই শ্লোকে
পদ কৈল অর্থের নির্বন্ধ॥

Colophon:

ইতি অন্তখণ্ডের বিংশতি পরিচ্ছেদ সংপুর্ণ। ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে তিন লিলার প্রলাপ সংপুর্ণ। এই প্রলাপ পঠনার্থে শ্রীঅক্রুর চন্দ্র দেব সাং বহুলোলপুর পরগনে গড়ঘোষ সন ১২৬০ সাল তা ৩০ অগ্রাহন।



448. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDI KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13″ × 5½″. Folia, 1-48. Lines, 15-16 on a page. Date, 1020 B.S., (1614 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 15 obv.

জয় ২ শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় প্রভুভক্তবৃন্দ॥
ষট শ্লোকে কহিল শ্রীচৈতন্য মহিমা।
পঞ্চ শ্লোকে কহি নিত্যানন্দ তত্ত্বসীমা॥
সর্ব্ব অবতারী প্রভু স্বয়ং ভগবান।
তাঁহার দ্বিতীয় দেহ শ্রীবলরাম।
একোহি স্বরূপ দুই ভিন্ন মাত্র কায়।
আদি কায়ব্যূহ কৃষ্ণের লীলার সহায়॥
সেই কৃষ্ণ নবদ্বীপে শ্রীচৈতন্য চন্দ্র।
সেই বলরাম সঙ্গী শ্রীল নিত্যানন্দ॥
শ্রীবলরাম গোসাঞি মূল সঙ্কর্ষণ।
পঞ্চরূপ ধরি করেন কৃষ্ণের সেবন॥
আপনে করেন কৃষ্ণ লীলার সহায়।
সৃষ্টিলীলা কার্য্য করেন ধরি চারি কায়॥
সৃষ্ট্যাদি সেবা তাঁর আজ্ঞার পালন।
শেষ রূপে করেন কৃষ্ণের বিবিধ সেবন॥
সর্ব্বরূপে আস্বাদয়ে কৃষ্ণ সেবানন্দ।
সেই রাম চৈতন্য সঙ্গে শ্রীনিত্যানন্দ॥
সাত শ্লোকের অর্থ কহি ব্যাখ্যা চারি শ্লোকে।
যাতে নিত্যানন্দ তত্ত্ব জানে সর্ব্বলোকে।
প্রকৃতির পর পরব্যোম নাম ধাম।
কৃষ্ণ বিগ্রহ যৈছে বিভূত্বাদি গুণবান॥
সর্ব্বগ অনন্ত ব্রহ্ম বৈকুণ্ঠাদি নাম।
শ্রীকৃষ্ণ কৃষ্ণাবতারে তাহাই বিশ্রাম॥
তাহার উপরিভাগে কৃষ্ণলোক খ্যাতি।
দ্বারকা মথুরা গোকুল ত্রিবিধত্বে স্থিতি॥
সর্ব্বোপরি গোকুল ব্রজলোক ধাম।
গোলোক শ্বেতদ্বীপ বৃন্দাবন নাম॥
সর্ব্বগ অনন্ত বিভু কৃষ্ণ তনু সম।
উপর্য্যধো ব্যাপী আছে নাহিক নিয়ম॥

End:

শ্রীকৃষ্ণ চৈতন্যলীলা অদ্ভুত অনন্ত।
ব্রহ্মা শিব শেষ যার নাহি পায় অন্ত॥
সেই ২ অংশ কহে শুন সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণ চৈতন্য॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য
শ্রীনিবাস গদাধর আদি ভক্তচর্য্য॥
যত ২ ভক্তবৃন্দ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরোঁ তা সভার চরণে॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীরঘুনাথ দাস শ্রীজীব চরণ॥
শিরে ধরি বন্দো তাঁর নিত্য করোঁ আশ।
চৈতন্যচরিতামৃত কিছু কহে কৃষ্ণদাস॥

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে স্বরূপাদি লীলা সমাপ্ত শকাব্দা ১৫৩৬ লিখিতমিদং শ্রীরাধাবল্লভ দাসেন। সমাপ্তমিদং আগ্রহায়ণ। সন ১০২০।

——



449. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDI-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" x 4½". Folia, 1-45, 47-48, 50-85, 87. Lines, 9-10 on a page. Date 1087 B. S. (1681 A. D). Incomplete. Place of find, Bankura.

Fol. 7 obv.

পূর্ব্বপক্ষ কহে তোমার ভাল ত ব্যাখ্যান ।
পরব্যোম নারায়ণ স্বয়ং ভগবান ॥
তেহোঁ আসি কৃষ্ণরূপে করেন অবতার ।
এই অর্থ শ্লোকে দেখি কি আর বিচার ॥
তারে কহে কেনে কর কুতর্ক অনুমান ।
শাস্ত্র বিরুদ্ধ অর্থ না হয়ে প্রমান ॥
অনুবাদ না কহিয়া না কহ বিধেয় ।
আগে অনুবাদ ইহা পাছে অবিধেয় ॥
বিধেয় কহিএ তারে যে বস্তু অজ্ঞাত ।
অনুবাদ কহি তারে যেই ত বিজ্ঞাত ॥
যৈছে কহি এই বিপ্র পরম পণ্ডিত ।
বিপ্র অনুবাদ ইহা বিধেয় পণ্ডিত ॥
বিপ্র করি জানে তারে পাণ্ডিত্য অজ্ঞাত ।
অতএব বিপ্র আগে পণ্ডিত পশ্চাত ॥
তৈছে ইহাঁর অবতার সবভক্ত জ্ঞাত ।
অবতার করে সেই বস্তু অজ্ঞাত ॥
এতে শব্দে অবতারের আগে অনুবাদ ।
পুরুষের অংশ পাছে বিধেয় সংবাদ ॥
তৈছে অবতার সব ভক্ত জ্ঞাত ।
তাহার বিশেষ জ্ঞান সেই অবিজ্ঞাত ॥
অতএব কৃষ্ণের শব্দ আগে অনুবাদ ।
স্বয়ং ভগবান পিছে বিধেয় সংবাদ ॥
কৃষ্ণের অংশ ভগবান ইহা হৈল সাধ্য ।
স্বয়ং ভগবানের কৃষ্ণত্ব হইল সাধ্য ॥
কৃষ্ণ অংশি অংশ তৈছে অংশী নারায়ণ ।
তবে বিপরিত হইত সূতের বচন ॥
নারায়ণ যেই স্বয়ং ভগবান ।
তিহোঁই শ্রীকৃষ্ণ ঐছে করিয়া ব্যাখ্যান ॥
ভ্রম পাদ বিপ্র লিপ্সা করণ পাটব ।
আর্ষ বিজ্ঞ বাক্য নাহি দোষ এই সব ॥
বিরুদ্ধার্থ কহ তুমি কহিতে কর রোষ ।
তোমার অবিমৃষ্ট বাক্য বিধে আসে দোষ ॥

End:

যেই ২ অংশে শুনে সেই ২ ধন্য ।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণ চৈতন্য ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য ।
শ্রীনিবাস গদাধর আদি ভক্তবর্য্য ॥
যত ২ ভক্তগণ বৈসে বৃন্দাবনে ।
নম্র হঞা শিরে ধরি সভার চরণে ॥
শ্রীরূপ শ্রীস্বরূপ শ্রীসনাতন ।
শ্রীগোপাল শ্রীরঘুনাথ শ্রীজীবচরণ ॥
শিরে ধরি বন্দো নিত্য করোঁ যার আশ ।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস ॥

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে যৌবন লীলার সূত্র কথনং নাম সপ্তদশ পরিচ্ছেদ। ইতি আদিলীলা সম্পূর্ণ। সন ১০৮৭ সাল তারিখ ৯ কার্ত্তিক ॥



450. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ĀDI-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 1-11, 13, 15, 19-58, 62-68, 73. Lines, 9 on a page. Appearance about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 6 obv.

ভক্তি যোগে ভক্ত পায় যাঁর দরশন।
সূর্য্য যেন সে বিগ্রহ দেখে দেবগণ॥
জ্ঞান যোগমার্গে তাঁরে ভজে যেই সব।
ব্রহ্ম আত্মারূপে তাঁরে করে অনুভব॥
উপাসনা ভেদে জানি ঈশ্বর মহিমা।
অতএব সূর্য্য তাঁর দিএত উপমা॥
সেই নারায়ণ কৃষ্ণের স্বরূপ অভেদ।
একুই বিগ্রহ মাত্র আকার বিভেদ॥
ইহোঁত দ্বিভুজ তিহোঁ ধরে চারিহাথ।
ইহোঁ বেণু ধরে তিহোঁ চক্রাদিক সাথ॥

Fol. 26 rev.

চৈতন্য সেই কৃষ্ণ নিত্যানন্দ সেই রাম।
নিত্যানন্দ পূর্ণ করে চৈতন্যের কাম॥
নিত্যানন্দ মহিমা সিন্ধু অনন্ত অপার।
এক কণ স্পর্শি মাত্র সে কৃপা তাহার॥
আর এক শুন তাঁর কৃপার মহিমা।
অধম জনার যৈছে চড়াইল ঊর্দ্ধ সিমা॥

Fol. 26 rev.

বেদ গুহ্য কথা এই অযোগ্য কহিতে।
তথাপি কহিএ তাঁর কৃপা প্রকাশিতে॥
উল্লাস উপরে লেখোঁ—প্রসাদ।
নিত্যানন্দ প্রভু মোর ক্ষেম অপরাধ॥

অবধূত গোসাঞির এক ভিত্য প্রেমধাম॥
মিন কেতন রামদাস তাঁর নাম॥

End.

স্বয়ং ভগবান যেই ব্রজেন্দ্র নন্দন।
তৃতীয় পরিচ্ছেদে সামান্য জন্মের কারন॥
যুগধর্ম্ম কৃষ্ণ নাম প্রেম প্রচারন।
চতুর্থে কহিল জন্মের মূল প্রয়োজন॥
তাহি মধ্যে প্রেমদান বিশেষ কারন।
স্বমাধুর্য্য প্রেমামৃত রস আস্বাদন॥
পঞ্চমে নিত্যানন্দ তত্ত্বের কথন।
রাম নিত্যানন্দ হৈলা রোহিণি নন্দন॥
সখা স্বভাব স-ভক্তি কৈল প্রকটন।
ষষ্ঠ পরিচ্ছেদে অদ্বৈত তত্ত্বের বিচার।
অদ্বৈত আচার্য্য মহাবিষ্ণু অবতার॥
সপ্তম পরিচ্ছেদে পঞ্চ তত্ত্বের আখ্যান।
পঞ্চ তত্ত্ব মিলি যৈছে কৈল প্রেমদান॥
অষ্টমে চৈতন্য লীলা বর্ণন কারন।
এক কৃষ্ণনামের মহা মহিমা কথন॥
নবমেতে ভক্তি কল্প বৃক্ষের বর্ণন।
শ্রীচৈতন্য মালি কৈল বৃক্ষ আরোপন॥
দশমে মুল স্কন্ধের শাখা যে কহিল।
সব শাখা যেন মতে ফল বিলাইল॥

451. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA— ĀDI-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13½" × 4¾". Folia, 1-44, 51-56, 58. Lines, 12-13 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 9 rev.

জয় জয় শ্রীচৈতন্য জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
চতুর্থ শ্লোকের কৈল অর্থ বিবরণ।
পঞ্চম শ্লোকের অর্থ শুন ভক্তগণ॥
মূল শ্লোকের অর্থ করিতে প্রকাশ।
অর্থ লাগাইতে আগে করি যে আভাস॥
চতুর্থ শ্লোকের অর্থ এই কৈল সার।
প্রেম নাম প্রচারিতে এই অবতার॥
সত্য এই হেতু কিন্তু ইহো বহিরঙ্গ।
আর এক হেতু শুন আছে অন্তরঙ্গ॥
পূর্ব্বে যেন পৃথিবীর ভার হরিবারে।
কৃষ্ণ অবতীর্ণ হৈলা শাস্ত্র প্রচারে॥
স্বয়ং ভগবানের কর্ম্ম নহে ভার হরণ।
স্থিতি কর্ত্তা বিষ্ণু করে জগত পালন॥
কিন্তু কৃষ্ণের হয় সেই অবতার কাল।
ভার-হরণ-কাল তাতে হইল মিশাল॥
পূর্ণ ভগবান অবতরে সেই কালে।
আর সব অবতার তাতে আসি মিলে॥
নারায়ণ চতুর্ব্যূহ মৎস্যাদি অবতার।
যুগ মন্বন্তরাবতার যত আছে আর॥
সভে আসি কৃষ্ণ অঙ্গে হয় অবতীর্ণ।
ঐছে অবতার কৃষ্ণ ভগবান পূর্ণ॥
অতএব বিষ্ণু তখন কৃষ্ণের শরীরে।
বিষ্ণুদ্বারে করে কৃষ্ণ অসুর সংহারে॥
আনুষঙ্গ কর্ম্ম এই অসুর মারণ।
যে লাগি অবতার কহি সে মূল কারণ॥

End.

প্রেমভক্তি দিয়া তিঁহো ভাসাইল জগতে।
তাঁর চিত্র চরিত্র লোকে না পারে বুঝিতে॥
অদ্বৈত আচার্য্য প্রভু ভক্ত অবতার।
কৃষ্ণ অবতারী কৈল ভক্তির প্রচার॥
সখ্য দাস্য দুইভাব সহজ তাঁহার।
কভু প্রভু করেন তাঁরে গুরু ব্যবহার॥
শ্রীনিবাস আদি যত মহা ভক্তগণ।
নিজ নিজ ভাবে করে চৈতন্য সেবন॥
পণ্ডিত গোসাঞি আদি যার যেই রস।
সেই সেই রসে কৃষ্ণ হয়ে তাঁর বশ॥
তেঁহো শ্যাম বংশীমুখ গোপ-বিলাসী।
ইহোঁ গৌর কভু দ্বিজ কভুত সন্ন্যাসী॥
অতএব আপনে প্রভু গোপী ভাব ধরি।
ব্রজেন্দ্র নন্দন কহে প্রাণনাথ করি॥
তিঁহো কৃষ্ণ তিঁহো গোপী পরম বিরোধ।
অচিন্ত্য চরিত্র প্রভুর অতি সুদুর্বোধ॥

---

452. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA— ĀDI-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14" × 5". Folia, 1-63. Lines, 9-10 on a page. Appearance, about 175 years old. Complete. Place of find, Bankura.

Fol. 30. rev.

গদাধর আদি প্রভুর শক্তি অবতার।
অন্তরঙ্গ ভক্ত করি গণন যাহার॥



যাহা সভা লঞা প্রভুর নিত্য বিহার।
যাহা সভা লঞা প্রভুর কীর্ত্তন প্রচার॥
যাহা সভা লঞা করেন প্রেম আস্বাদন।
যাহা সভা লঞা দান করেন প্রেমধন॥
এই পঞ্চ তত্ত্ব মিলি পৃথিবী আসিঞা।
পূর্ব্ব প্রেম ভাণ্ডারের মুদ্রা উঘারিঞা॥
পাঁচে মিলি লুটে প্রেম করে আস্বাদন।
যত ২ পিয়ে তৃষ্ণা বাঢ়ে অনুক্ষণ॥
পুন ২ পিঞা ২ হয় মহামত্ত।
নাচে গায় হাসে কান্দে যৈছে উনমত্ত॥
পাত্রাপাত্র বিচার কিছু নাহি স্থানাস্থান।
যেই যাহা পায় তাহা প্রেম করে দান॥
খাঞা দাঞা করিলেন ভণ্ডার উজাড়।
আচার্য্য ভাণ্ডারে প্রেম শত গুণ বাড়ে॥
উছলিত প্রেম বন্যা চৌদিগে বেড়ায়।
শ্রীবালবৃদ্ধ যুবা সকল ডুবায়॥
সর্জ্জন দুর্জ্জন পঙ্গু জড় অন্ধজন।
প্রেমবন্যায় ডুবাইল জগতের গণ॥
জগত ডুবিল জীবের হইল বীজ নাশ।
তাহা দেখি এই পাঁচজনের উল্লাস॥
যত ২ প্রেমবন্যা বাড়ায় পাঁচজন।
তত ২ বাড়ে জল ব্যাপী ত্রিভুবন॥
মায়াবাদী কর্ম্ম নিষ্ঠ কুতার্কিকগণ।
নিন্দুক পাষণ্ডী যত পড়ুআ অধম॥
সেই সব মহাদক্ষ ধাঞা পালাইলা।
সেই বন্যা তা সভাকে ছুঁইতে নারিলা॥
তাহা দেখি মহাপ্রভু করেন চিন্তন।
জগত ডুবাইতে আমি করিব যতন।
কেহ ২ এড়াইল হইল প্রতিজ্ঞা ভঙ্গ।
তাহা সভা ডুবাইতে পাতি কিছু রঙ্গ॥
এত বলি মনে কিছু করিঞা বিচার।
সন্ন্যাস আশ্রম প্রভু কৈল অঙ্গীকার॥
চব্বিশ বৎসর ছিলা গৃহস্থ আশ্রমে।
পঞ্চ বিংশতি বর্ষে প্রভু কৈল যতি ধর্ম্মে॥
সন্ন্যাস করিঞা প্রভু কৈল আকর্ষণ।
যতেক পলাইঞা ছিলা তার্কিকাদিগণ॥
পড়ুআ পাষণ্ডী কর্ম্মি নিন্দকাদি যত।
তারা আসি প্রভু পায় হয় অবনত॥
অপরাধ ক্ষেমাইল ডুবিল প্রেমজলে।
কেবা এড়াইবে প্রভুর প্রেম মহাজালে॥
তা সভা নিস্তারিতে করে চাতুরি অপার।
তারিলা নিজ শক্তি দিঞা যত ম্লেচ্ছাদি।
সভে এক এড়াইল কাশির মায়াবাদি॥

End:

অতএব কহি লীলার পরিচ্ছেদ গণন।
প্রথম পরিচ্ছেদে কৈল মঙ্গলাচরণ॥
দ্বিতীয় পরিচ্ছেদে চৈতন্যতত্ত্ব নিরূপণ।
স্বয়ং ভগবান যৈছে ব্রজেন্দ্র নন্দন॥
তাহাই চৈতন্য কৃষ্ণ শচীর নন্দন।
তৃতীয় পরিচ্ছেদে জন্মের সামান্য কারণ॥
যুগধর্ম্ম রক্ষনায় প্রেম প্রচারণ।
তাহি মধ্যে প্রেমদান বিশেষ কারণ॥
চতুর্থে কহিল জন্মের মূল প্রয়োজন।
স্বমাধুর্য্য প্রেমদান রস আস্বাদন।
পঞ্চমে শ্রীনিত্যানন্দের তত্ত্ব নিরূপণ।
রাম নিত্যানন্দ হইলা রোহিণী নন্দন॥
ষষ্ঠ পরিচ্ছেদে অদ্বৈততত্ত্বের বিচার।
অদ্বৈতাচার্য্য মহাবিষ্ণু অবতার॥
সপ্তম পরিচ্ছেদে পঞ্চতত্ত্বের আখ্যান।
পঞ্চতত্ত্ব মিলি যৈছে কৈল প্রেমদান॥
অষ্টমে চৈতন্যলীলা বর্ণন কারণ।
এক কৃষ্ণ নামের মহামহিমা কথন॥
নবমে ভক্তিকল্পবৃক্ষ বিবরণ।
শ্রীচৈতন্য মালি কৈল বৃক্ষ আরোপণ॥
দশমে মূল স্কন্ধের শাখাদি কহিল।
সব শাখাগণের যৈছে ফল বিলাইল॥
একাদশে নিত্যানন্দস্কন্ধের শাখার গণন।
দ্বাদশে অদ্বৈতস্কন্ধের শাখার কথন।
ত্রয়োদশে মহাপ্রভুর জন্ম বিবরণ।
কৃষ্ণ নাম সহিত যৈছে চৈতন্য জনন॥
চতুর্দ্দশে বাল্যলীলা কিছু বিবরণ।
পঞ্চদশে পৌগণ্ড লীলা সংক্ষেপে বর্ণন॥



End.

ষোড়শ পরিচ্ছেদে কৈশোর লীলার উদ্দেশ।
সপ্তদশে যৌবন লীলা কহিল বিশেষ॥
এই সপ্তদশ প্রকার আদী লীলার প্রবন্ধ।
দ্বাদশ প্রকার তাথে গ্রন্থের মুখবন্ধ॥
পঞ্চ প্রবন্ধে পঞ্চ বয়স চরিত।
সংক্ষেপে কহিল অতি না কৈল বিস্তৃত॥
বৃন্দাবন দাস ইহা চৈতন্য মঙ্গলে।
বিস্তারিয়া বর্ণিলা নিত্যানন্দ......॥
শ্রীকৃষ্ণ চৈতন্য লীলা অদ্ভুত অনন্ত।
ব্রহ্ম শিব শেষ জার নাহি পায় অন্ত॥
যেই যে অংশ কহে শুনে সেই ধন্য।
অচিরে মিলিবে তারে শ্রীকৃষ্ণচৈতন্য॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য।
শ্রীবাস গদাধরাদি ভক্ত বর্য্য॥
জত ২ ভক্তগণ বৈসে বৃন্দাবনে।
নম্র হঞা শিরে ধরোঁ সভার চরণে॥
শ্রীরূপ শ্রীস্বরূপ শ্রীসনাতন।
শ্রীগোপাল শ্রীরঘুনাথ শ্রীজীব চরণ॥
শিরে ধরি বন্দো নিত্য করি তার আশ।
চৈতন্য চরিতামৃত কহে কৃষ্ণদাস।

Colophon:

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে আদিখণ্ডে যৌবন লীলা সূত্র কথনং সপ্তদশঃ পরিচ্ছেদঃ॥ গ্রন্থ সমাপ্ত। পাঠক শ্রীকিশোর দাস॥

---

453. চৈতন্যচরিতামৃত—আদিখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ADI-KHANḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14″ × 5″. Folia, 5-20. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 6 obv.

তোমার নাভি পদ্ম হৈতে মোর জন্ম হয়।
তুমি পিতা মাতা আমি তোমার তনয়॥
পিতামাতা বালকের না লয় অপরাধ।
অপরাধ ক্ষেম মোরে করহ প্রসাদ॥
কৃষ্ণ কহে ব্রহ্মা তোমার পিতা নারায়ন।
আমি গোপ তুমী কেনে আমার নন্দন॥
ব্রহ্মা বলে তুমি কিনা হও নারায়ন।
তুমি নারায়ন শুন তাহার কারন॥
প্রাকৃত অপ্রাকৃত যত জীব গণ।
তাঁহার যে আত্মা তুমি শুনহ স্বরূপ॥
পৃথি যেন ঘট কুলের আশ্রয়।
তুমী হও জীবের নিদান সর্ব্বাশ্রয়॥
নার সব্দে কহে সর্ব্বজীবের নীচয়।
অয়ন সব্দেতে কহে তাহার আশ্রয়॥
অতএব তুমি হও মৌল নারায়ণ।
এই এক হেতু শুন দ্বিতীয় কারন॥
জীবের ঈশ্বর পুরুষাদি অবতার।
তাহা সভা হৈতে তোমার ঐশ্বর্য্য অপার॥
অতএব অধিশ্বর তুমি সর্ব্বপিতা।
তোমার শক্তিতে তারা জগত রক্ষিতা॥
নারের অয়ন জাতে করহ পালন।
অতএব তুমি হও মূল নারায়ন॥



End :

এই মত অনুভব আমার প্রতিতী।
বিচারি দেখীয়ে যবে সব বিপরিতি॥
রাধা দরশনে আমার জুড়ায় নয়ন।
আমা দরশনে রাধা সুখে অগেয়ান॥
পরস্পরা বেণু গিতে হরয়ে চেতন।
মোর ভ্রমে তমালেরে করে আলিঙ্গন॥
কৃষ্ণ আলিঙ্গন পৈনু জন্ম সফলে।
এই সুখে মগ্ন রহে তরু করি কোলে॥
অনুকুল বাতে যদি পায় মোর গন্ধ।
উড়িয়া পড়িতে চাহে প্রেম হয় অন্ধ॥
তাম্বুল চর্ব্বিত যবে করে আস্বাদনে।
আনন্দ সমুদ্রে ডুবে কিছু নাহি জানে॥
আমার সঙ্গমে রাধা পায় যে আনন্দ।
শত মুখে বলী তবু না পায় তার অন্ত॥
লিলা অন্তে সুখে ইঁহার অঙ্গের মাধুরী।
তাহা দেখি সুখে আমী আপনা পাশরি॥

---

454. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4¼". Folia, 98-99, 101-151. Lines, 11 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 99 obv.

তোমার লোক করিতে করে মায়ের উদ্ধার।
চৈতন্য চৈতন্য করি কহে তিনবার॥
তিনবারে কৃষ্ণ নাম না আইল তার মুখে।
অবজ্ঞাতে নাম লয়ে শুনি পাইল দুঃখ॥
ইহার কারন মোরে কহ কৃপা করি।
তোমা দেখি মোর মুখ বলে কৃষ্ণ হরি॥
প্রভু কহে মায়াবাদি কৃষ্ণ অপরাধী।
ব্রহ্ম চৈতন্য আত্মা কহে নিরবধী॥
অতএব তার মুখে না আইসে কৃষ্ণ নাম।
কৃষ্ণ নাম কৃষ্ণ স্বরূপ দুই ত সমান॥
বিগ্রহ স্বরূপ তিন একা···রূপ।
তিন ভেদে নাহি তিন চিদানন্দ স্বরূপ॥
দেহ দেহি নাম নামি কৃষ্ণে নাহি ভেদ।
জীবের ধর্ম্ম নাম দেহ স্বরূপ বিভেদ॥
অতএব কৃষ্ণে নাম দেহ.........।
.........প্রাকৃত নহে হয়ে স্বপ্রকাশ॥
কৃষ্ণ নাম কৃষ্ণগুন কৃষ্ণ লীলাবৃন্দ।
কৃষ্ণের স্বরূপ সম সব চিদানন্দ॥
ব্রহ্মানন্দ হৈতে পূর্ণ নিজ লীলারস।
ব্রহ্মজ্ঞানি আকর্ষিয়া করে নিজ বশ॥
ব্রহ্মানন্দ হৈতে পূর্ণ নিজ কৃষ্ণ গুন।
অতএব আকর্ষয়ে আত্মারামের মন॥
এহো সব দূরে রহু কৃষ্ণচরণ সম্বন্ধে।
আত্মারামের মন হরে তুলসীর গন্ধে॥

Fol. 149 rev.

প্রকাশানন্দ সন্ন্যাসী এক তাহার সমান।
সভামধ্যে কহে প্রভু করিঞা সম্মান॥
শ্রীকৃষ্ণ চৈতন্য হয় সাক্ষাত নারায়ন।
ব্যাস সুত্র করে অর্থ অতি মনোরম॥
উপনিষত বেদে করে অর্থ ব্যাখ্যান।
শুনি পণ্ডিত লোকের জুড়ায় মন কান॥
সুত্র উপনিষদের মুখ্যার্থ ছাড়িঞা।
আচার্য্য কল্পনা করে আগ্রহ করিঞা॥
আচার্য্য কল্পিত অর্থ পণ্ডিত যে শুনে।
মুখে হয় হয় করে হৃদয়ে না মানে॥
শ্রীকৃষ্ণ চৈতন্য বাক্য দৃঢ় সত্য মানি।
কলিকালে সন্ন্যাস যাতে সংসার না জানি॥
হরেরনাম শ্লোক যেই করিলেন ব্যাখ্যান।
সেই সত্য সুখদ অর্থ পরম প্রমান॥

---

455. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 3-100. Lines, 10 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 47 obv.

অতিকাল হৈল লোক ছাড়িঞা না যায়।
তবে নিত্যানন্দ গোসাঞি সৃজিল উপায়॥
মধ্যাহ্ন করিতে গেলা প্রভুকে লইঞা।
তাহা যাইতে লোক চৌদিগে ধাইঞা॥
মধ্যাহ্ন করিঞা আইলা দেবতা মন্দিরে।
নিজ গণ প্রবেশি কপাট দিল বাহিরদ্বারে॥
তবে দুই প্রভুকে গোপীনাথ ভিক্ষা করাইল।
প্রভুর প্রসাদ সেবায় সভে বাঁটী খাইল॥
শুনি ২ লোক সব আসি বহির্দ্বারে।
হরি ২ বলে লোক কোলাহল করে॥
তবে মহাপ্রভু দ্বার করাইল মোচন।
আনন্দে আসিঞা লোক করে দরশন॥
এই মত সন্ধ্যা পর্য্যন্ত লোক আইসে যায়।
বৈষ্ণব হইল লোক নাচে কৃষ্ণ গায়॥
এইরূপে সেই ঠাঞি ভক্তগণ সঙ্গে।
সেই রাত্রি গোঙাইল কৃষ্ণ কথা রঙ্গে॥
প্রাতঃকালে স্নান করি করিল গমন।
ভক্তগণ বিদায় দিল করি আলিঙ্গন॥
মূর্চ্ছিত হইঞা সভে ভূমিতে পড়িলা।
তাহা সভা পানে প্রভু উলটি না চাহিলা॥
বিচ্ছেদে ব্যাকুল প্রভু চলিলা দুঃখি হঞা।
পাছে কৃষ্ণদাস যায় পাত্র বস্ত্র লঞা॥
ভক্তগণ উপবাসি তাহাই রহিলা।
আর দিনে দুঃখি হঞা নিলাচলে আইলা॥
মত্ত সিংহ প্রায় প্রভু করিল গমন।
প্রেমাবেশে যায় করি নাম সংকীর্ত্তন॥
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে।
কৃষ্ণ ২ কৃষ্ণ ২ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে॥
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ মাং।
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ পাহি মাং॥

End:

সব ভক্তের আজ্ঞা নিল যোড় হাত হঞা
প্রভুর পদ ধরি পড়ে সাহস করিঞা॥
আখি বুজি প্রভু পদে ভূমিতে শয়ন।
পরম দৈন্যতে করে পাদ সম্বাহন॥
রাসলীলার শ্লোক পাঠ করয়ে স্তবন।
জয়তিতেঽধিকং অধ্যায় করয়ে পঠন॥
শুনিতে ২ প্রভুর সন্তোষ অপার।
বোল বোল বুলি উচ্চ বলে বারবার॥
তব কথামৃত শ্লোক রাজা যে পড়িল।
উঠি প্রভু প্রেমে তারে আলিঙ্গন দিল॥

---

456. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $14'' \times 5''$. Folia, 35-52, 54-60, 138-151, 166-189. Lines, 10-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 47 rev.

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
আবেশে চলিলা প্রভু জগন্নাথ মন্দিরে।
জগন্নাথ দেখি প্রেমে হইলা অস্থিরে॥



জগন্নাথ আলিঙ্গিতে চলিলা ধাইঞা ।
মন্দিরে পড়িলা প্রেমে আবিষ্ট হইঞা ॥
দৈবে সার্ব্বভৌম তাহা করে দরশন ।
পড়িছা মারিতে তিঁহো কৈল নিবারণ ॥
প্রভুর সৌন্দর্য্য আর প্রেমের বিকার ।
দেখি সার্ব্বভৌমের হৈল বিস্ময় অপার ॥
বহুক্ষণে চেতন নহে ভোগের কাল হৈল ।
ভট্টাচার্য্যের মনে তবে বুদ্ধি উপজিল ॥
শিষ্য পড়ুয়া দ্বারে প্রভুকে আনিল বহিয়া ।
ঘরে আনি পবিত্র স্থলে রাখিল সোয়াইঞা ॥
শ্বাস প্রশ্বাস নাহি উদর স্পন্দন ।
দেখিঞা চিন্তিত হৈলা ভট্টাচার্য্যের মন ॥
সূক্ষ্ম তুলা আনি নাসার অগ্রেতে রাখিল ।
ঈষত চলএ তুলা......দৈর্য্য হৈল ॥

End :

তবে সনাতন প্রভুর চরনে ধরিয়া ।
নিবেদন কৈল দন্তে তৃণ ধরিয়া ॥
নিচ জাতি নিচ সেবি মুঞি সুপামর ।
সিদ্ধান্ত সিখাইল যে ব্রহ্মার অগোচর ॥
মোর মন ক্ষুদ্র এই সিদ্ধান্তামৃত সিন্ধু ।
মোর মন.........ইহার একবিন্দু ॥
পঙ্গু নাচাইতে যবে তোমার হয়ে মন ।
বর দেহ মোর মাথে ধরিয়া চরন ॥
মুঞি যে সিখালু তোমার স্ফুরুক সকল ।
এই তোমার বর হৈতে হবে যে সফল ॥
বর দিল এই সব স্ফুরুক তোমারে ।
সংক্ষেপে কহিল এই প্রয়োজন বাদে ॥
বিস্তারি কহনে না জায় ইহার বিস্তার ।

* * * *

প্রভু উপদেশামৃত শুনে যেই জন ।
অচিরে মিলয়ে তারে শ্রীকৃষ্ণ চরন ॥
শ্রীরূপ রঘুনাথ পদে জার আস ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস ॥

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে প্রয়োজন বিচারো-নাম ত্রিয়োবিংশতি পরিচ্ছেদ ॥

---

457. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼″ × 4½″. Folia, 8-26. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 obv.

পথ বাহ্য না জায় প্রভুর হইলা বিস্মিত ॥
নিশ্চয় করিঞা কহি শুন সর্ব্বজন ।
এবার না জাব প্রভু শ্রীবৃন্দাবন ॥
কানাঞির নাটশালা হৈতে আসিব বাহুড়িঞা ।
জানিবে পশ্চাত কহিল নিশ্চয় করিঞা ॥
গোসাঞি কুলিয়া হৈতে চলিলা বৃন্দাবন ।
সঙ্গে সহস্রেক লোক যত ভক্তগন ॥
জাহাঁ ২ জায় তাঁহা কোটি সংখ্য লোক ।
দেখিতে আইসে দেখি খণ্ডে দুখ শোক ॥
জাহাঁ ২ প্রভুর চরন পড়এ চলিতে ।
সেই মিত্তিকা লয় লোকগর্ত্ত হয় পথে ॥
ঐছে চলি আইলা প্রভু রামকেলি গ্রাম ।
গৌড়ের নিকটে গ্রাম অতি অনুপাম ॥
তাহাঁ নিত্য করে প্রভু প্রেমে অচেতন ।
কোটি ২ লোক আইল দেখিতে চরন ॥
গৌড়েশ্বর যবন রাজা প্রভু শুনিঞা ।
কহিতে লাগিলা কিছু বিস্মিত হইঞা ॥
বিনি দানে এত লোক পাছে জার হয় ।
সেই ত গোসাঞি এই জানিহ নিশ্চয় ॥
কাজি যবন ইহার না করে হিংসন ।
আপন ইচ্ছায় বুলুন জাহাঁ ইহার মন ॥
কেশব ছত্রিরে রাজা বার্ত্তা পুছিল ।
প্রভুর মহিমা ছত্রি উড়াইঞা দিল ॥
ভিখারি সন্ন্যাসী করে তীর্থ পর্যটন ।
তাঁরে দেখিবারে আইসে দুই চারিজন ॥



Fol. 24 rev.

নিত্য করি প্রভু করে নাম সংকীর্ত্তন ।
সচি লঞা আইলা আচার্য্য অদ্বৈত তখন ॥
শচী আগে পড়িলা প্রভু দণ্ডবত হঞা ।
কান্দিতে লাগিলা শচী কোলে উঠাইঞা ॥
দোঁহার দর্শনে দুহে হইলা আকুল ।
কেশ না দেখিঞা শচী হইলা বৈকল ॥
অঙ্গ মুছে মুখ চুম্বে করে নিরিক্ষন ।
দেখিতে না পায় অশ্রু ভরিল নয়ন ॥
কান্দিয়া কহেন শচী বাছারে নিমাঞি ।
বিশ্বরূপ সম না করিহ নিঠুরাঞি ॥
সন্ন্যাসি হঞা মোরে পুন না দেহ দর্শন ।
তেন তুমি কৈলে মোর হইবে মরণ ॥
প্রভুত কান্দিঞা কহে শুন মোর আই ।
তোমার শরীর এই মোর কিছু নাঞি ॥
তোমার পালিত দেহ জন্ম তোমা হইতে ।
কোটী জন্মে তোমার ঋণ নারিব শুধিতে ॥
জানি বা না জানি কৈল যদ্যপি সন্ন্যাস ।
তথাপি তোমারে কভু .... ॥
তুমি যাঁহা কহ আমি তাহাঞি রহিব ।
তুমি যেই আজ্ঞা কর সেই ত করিব ॥
এত বলি পুনঃ পুনঃ করে নমস্কার ।
তুষ্ট হঞা আই কোলে করে বারবার ॥

---

458. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-15, 17-22, 59-94. Lines 11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 rev.

সন্ধ্যাতে চলিব প্রভু নৃপতি শুনিল ।
হাথির উপরে তম্বুগৃহে স্ত্রীগণ উঠাইল ॥
প্রভু চলিবার পথে রহে সারি হঞা ।
সন্ধ্যাতে চলিলা প্রভু নিজগণ লঞা ॥
চিত্রোৎপলা নদি আসি ঘাটে কৈল স্নান ।
মহিষি সকল দেখি করিল প্রণাম ॥
প্রভুর দর্শনে সভে হৈলা প্রেমময় ।
কৃষ্ণ কৃষ্ণ কহে নেত্রে অশ্রু বরিষয় ॥
এইমত কৃপালু নাহি ত্রিভুবনে ।
কৃষ্ণ প্রেমা হয় যার দূর দরশনে ॥
নৌকাতে চড়িয়া প্রভু হৈলা নদি পার ।
জোস্নাবতি রাত্রে চলি আইলা চতুর্দ্বার ॥
রাত্রে তাহা রহি প্রাতে স্নানকৃত্য কৈল ।
হেনকালে জগন্নাথের মহাপ্রসাদ আইল ॥
রাজার আজ্ঞায় পড়িছা প্রতি দিনে দিনে ।
বহুত প্রসাদ পাঠায় দিয়া বহুজনে ॥
স্বগন সহিত প্রভু প্রসাদ ভক্ষন করি ।
উঠিয়া চলিলা প্রভু বলি হরি হরি ॥
রামানন্দ মর্দ্দরাজ শ্রীহরিচন্দন ।
সঙ্গে সেবা করি চলে এই তিন জন ॥

Fol. 75 rev.

এত বলি দুইজনে বিদায় করিলা ।
গোপিনাথ বানিনাথ দুই সঙ্গে দিলা ॥

গোপিনাথে দেয়াইল সব বাসা ঘর।
বানিনাথ ঠাঞি দিলা প্রভু প্রসাদ বিস্তর ॥
বানিনাথ আইলা অন্ন পিঠা পানা লঞা।
গোপিনাথ আইলা বাসা সংস্কার করাঞা ॥
মহাপ্রভু কহেন শুন সব বৈষ্ণবগন।
নিজ ২ বাসা সভে করহ গমন ॥
সমুদ্র স্নান করি কর চুড়া দরসন।
তবে এথা আসি আজি করিবে ভোজন।
প্রভু নমস্কারি সভে বাসারে চলিল।
তবে মহাপ্রভু আইলা হরিদাস মিলিল।
হরিদাস করেন প্রেমে নাম সংকির্ত্তন।

*   *   *   *

প্রভু দেখি পায় পড়ে দণ্ডবৎ হঞা।
প্রভু আলিঙ্গন দি[ল] তারে উঠাইঞা ॥
দুইজনে প্রেমাবেশে করেন ক্রন্দন।
প্রভুগুনে ভৃত্য কাঁদে প্রভু ভৃত্য গুনে ॥
হরিদাস কহেন প্রভু না ছুইহ মোরে।
মুঞি নিচ অস্পর্শ্য পরম পামরে ॥
প্রভু কহেন তোমা স্পর্শি পবিত্র হইতে।
তোমার পবিত্র ধর্ম্ম নাহিক আমাতে।
ক্ষণে ২ কর তুমি সর্ব্ব তির্থ স্নান।
ক্ষণে ২ কর তুমি যজ্ঞতপদান ॥

---

459. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 4\frac{1}{2}''$. Folia, 42, 43, 45, 63-208. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 42 rev.

পীঠা পানা দেহ তুমী আমা সভাকারে।
তবে ভট্টাচার্য্য কহে জুড়ি দুই করে ॥
জগন্নাথ কৈছে ২ করিয়াছেন ভোজন।
আজী সব মহাপ্রসাদ করহ আস্বাদন ॥
এত বলী পীঠা পানা সব খাওাইল।
ভিক্ষা করাইয়া আঁচমন করাইল ॥
আজ্ঞা লঞা গেলা গোপীনাথাচার্য্য যথা।
প্রভুর নিকটে আইলা ভোজন করিঞা ॥
নম নারায়ণ বলী নমস্কার হইল।
কৃষ্ণে মতীরস্তু বলী গোসাঞী কহীল ॥
শুনী সার্ব্বভৌম মনে বিচার করিল।
বৈষ্ণব সন্ন্যাসী ঞিহো বিচারে জানিল ॥
গোপীনাথাচার্য্যেরে কহেন সার্ব্বভৌম।
গোসাঞীর জানিতে চাই কাহা পুর্ব্বাশ্রম ॥
গোপীনাথ আচার্য্য কহে নবদ্বীপে ঘর।
জগন্নাথ নাম পদবী মীশ্র পুরন্দর ॥
বিশ্বম্ভর নাম ঞীহার তার ঞিহো পুত্র।
নীলাম্বর চক্রবর্ত্তীর হয়েন দৌহীত্র ॥
সার্ব্বভৌম কহে নীলাম্বর চক্রবর্ত্তী।
বিশারদের সমপাঠী তার এই খ্যাতি ॥
মীশ্র পুরন্দর তার মান্য হেন জানি।
পীতাম্বর সম্বন্ধে তারে পুজ্য হেন মানি ॥



End :

সেই সরোবরে যাঞা ঃ হংসচক্র হঞা ঃ
সদা তাহা করিহ বিলাস।
খণ্ডিবে সকল দুঃখ ঃ পাইবে পরম সুখ ঃ
অনায়াসে হবে প্রেমোল্লাস॥
এই অমৃত অনুক্ষণ ঃ সাধু মহান্ত মেঘগণ ঃ
বিশ্বোদ্যানে করে বরিষণ।
তাতে ফলে প্রেম ফল ঃ ভক্ত খায় নিরন্তর ঃ
তাতে প্রেম জীয়ে জগজন॥
চৈতন্য লীলামৃতপুর ঃ কৃষ্ণলীলা সুকর্পূর ঃ
দুই মেলি হয় যে মাধুর্য্য।
সাধু গুরু প্রসাদে ঃ তাহা যেই আস্বাদে ঃ
সেই জানে মাধুর্য্য প্রাচুর্য্য॥

---

460. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA KHAṆḌA.

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 16″ × 5¼″. Folia, 1-151. Lines, 11 on a page. Saka 1719 (1797 A. D.). Complete. Place of find, Bankura.

Fol. 2 rev.

শ্রীভাগবত সন্দর্ভ নাম গ্রন্থ বিস্তার।
ভক্তিসিদ্ধান্তের তাতে দেখিয়াছে পার॥
গোপালচম্পু নাম তার গ্রন্থ মহাশূর।
নিত্যলীলা স্থাপন যাহা ব্রজ রস পূর॥
প্রথম বৎসরে অদ্বৈতাদি ভক্তগণ।
প্রভুরে দেখিতে কৈল নীলাচলে গমন॥
রথ যাত্রা দেখি তাহা রহিলা চারি মাস।
প্রভু সঙ্গে নৃত্য গীত পরম উল্লাস॥
বিদায় সময় প্রভু কহিল সভারে।
প্রত্যব্দ আসিবা সভে গুণ্ডিচা দেখিবারে॥
প্রভু আজ্ঞায় ভক্তগণ প্রত্যব্দ আসিয়া।
গোসাঞি মিলিয়া যায় গুণ্ডিচা দেখিয়া॥
চব্বিশ বৎসর ঐছে করে গতাগতি।
অন্যোন্যে দোঁহাবিনে দোহাঁর নাহি স্থিতি॥
শেষ যে রহিল প্রভুর দ্বাদশ বৎসর।
কৃষ্ণের বিরহ লীলা প্রভুর অন্তর॥
নিরন্তর রাত্রি দিনে বিরহ উন্মাদে।
হাসে কান্দে নাচে গায় পরম বিষাদে॥
যেবা কালে করে জগন্নাথ দরশন।
মনে করে কুরুক্ষেত্রে পাঞাছি মিলন॥

End :

আর এক বিন্দু পানে উন্মদিত ভক্তমনে
হাসে কান্দে করএ নর্ত্তন।
এই অমৃত কর পান যাহা সম নাহি আন
চিত্তে করি সুদৃঢ় বিশ্বাস॥
না পড়িহ তর্ক গর্ত্তে অমেধ্য কর্কশাবর্ত্তে
যাতে পড়িলে হয় সর্ব্বনাশ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত আর ভক্তবৃন্দ
আর যত শ্রোতা ভক্তগণ।
তোমা সভার শ্রীচরণ শিরে করি ভূষণ
যাহা হৈতে অভীষ্ট পূরণ॥
শ্রীরূপ সনাতন রঘুনাথ জীবচরণ
শিরে ধরি করে যার আশ।
কৃষ্ণলীলামৃতান্বিত শ্রীচৈতন্য চরিতামৃত
কহে কিছু দীন কৃষ্ণদাস॥

Colophon :

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে মধ্যখণ্ডে কাশীবাসী বৈষ্ণব করুণং পুন শ্রীনীলাচল গমনং নাম পঞ্চ বিংশতি পরিচ্ছেদ। সমাপ্তশ্চায়ং মধ্যখণ্ড। লিখিতং শ্রীমথুরানাথ দেব শর্ম্মণা॥ শকাব্দা ১৭১৯॥ চামকাথা গ্রামবাসিনা। শ্রীচৈতন্য জয়তি।



461. চৈতন্যচরিতামৃত—মধ্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—MADHYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $10\frac{3}{4}'' \times 5\frac{1}{2}''$. Folia, 1-11. Lines, 12 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv:

তার মধ্যে ছয় বৎসর গমনাগমন।
নীলাচল গৌড় সেতুবন্ধ বৃন্দাবন॥
তাহা যেই লীলা তার মধ্যলীলা নাম।
তার পাছে লীলা অন্ত্যলীলা অভিধান॥
আদিলীলা মধ্যলীলা অন্ত্যলীলা আর।
ইবে মধ্যলীলার কিছু করিব বিস্তার॥
অষ্টাদশ বর্ষ কেবল নিলাচলে স্থিতি।
আপনি আচরি শিখাইল প্রেমভক্তি॥
তার মধ্যে ছয় বৎসর ভক্তগণ সঙ্গে।
প্রেমভক্তি প্রবর্ত্তাইল নৃত্যগীত রঙ্গে॥
নিত্যানন্দ গোসাঞিকে পাঠাইল গৌড় দেশে।
তিঁহো গৌড় দেশ ভাসাইল প্রেমরসে॥
সহজেই নিত্যানন্দ কৃষ্ণপ্রেমোদ্দাম।
প্রভুআজ্ঞায় কৈল প্রেম যাহা তাহা দান॥
তাহার চরণে মোর কোটি নমস্কার।
চৈতন্যের প্রেম যিঁহো লোওয়াইল সংসার॥
চৈতন্য গোসাঞী যারে বলেন বড় ভাই।
তিঁহো কহেন মোর প্রভু চৈতন্য গোসাঞি॥

End:

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
শেষে যে রহিলা প্রভুর দ্বাদশ বৎসর।
কৃষ্ণের বিরহ লীলা প্রভুর অন্তর॥
রাধিকার চেষ্টা যেন উদ্ধব দর্শনে।
এইমত দশা প্রভুর হয় রাত্রি দিনে॥
নিরন্তর হয় প্রভুর বিরহ উন্মাদ।
ভ্রমময় চেষ্টা সদা প্রলাপময় বাদ॥
রোম কূপে রক্তোদ্গম দন্ত সব হালে।
ক্ষণে অঙ্গ ক্ষীণ হয় ক্ষণে অঙ্গ ফুলে॥
গম্ভীরা ভিতরে রাত্রে নাহি নিদ্রা লব।
ভিত্তে মুখ শির ঘষে ক্ষত হয় সব॥

---

462. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; $13'' \times 4\frac{1}{2}''$. Folia, 85-86, 88-101. Lines, 9-10 on a page. Date, 1591 Saka (1669 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 85 obv.

পেটের ভিতরে হস্ত পাদ কূর্ম্মের আকার।
মুখে ফেনা পুলকাঙ্গ নেত্রে অশ্রুধার॥
অচেতনে পড়িয়াছে যেন কুষ্মাণ্ড ফল।
বাহিরে জড়িমা অন্তরে আনন্দে বিভোর॥
গাভিসব চৌদিগে শুঙ্কে প্রভুর অঙ্গ।
দূর কৈলে নাহি ছাড়ে মহাপ্রভুর সঙ্গ॥
অনেক যত্ন করিল না হয় চেতন।
প্রভু উঠাইঞা ঘরে আনিল ভক্তগণ॥
উচ্চ করি শ্রবণে করে কৃষ্ণ সঙ্কীর্ত্তন।
অনেকক্ষণে মহাপ্রভু পাইল চেতন॥
চেতন পাইয়া প্রভুর হস্ত পাদ বাহিরাল।
পূর্ব্ববৎ কথা যোগ্য শরির হইল॥



উঠিয়া বসিলা প্রভু চাহে ইতি উতি।
স্বরূপেরে কহে তুমি আমা আনিলে কথি॥
বেণু শব্দ শুনি আমি গেলাঙ বৃন্দাবন।
দেখি গোষ্ঠে বেণু বাজায় ব্রজেন্দ্র নন্দন॥
সঙ্কেত বেণু নাদে রাধা আনি ঘরে।
কুঞ্জেরে চলিলা কৃষ্ণ ক্রীড়া করিবারে॥

End :

সব শ্রোতাগণের করি চরণ বন্দন।
যা সবার চরন কৃপা শুভের কারন॥
চৈতন্য চরিতামৃত যেই জন শুনে।
তাহার চরন ধুয়া মুঞি করো পানে॥
শ্রোতার পদরেণু করোঁ মস্তকে ভূষন।
তোমরা অমৃত পিয়িলে আমার সফল শ্রম॥
শ্রীরূপ রঘুনাথ পদে জার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥

Colophon :

ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্ত্যখণ্ডে শিক্ষা শ্লোকার্থ-আস্বাদ নাম বিংশতিতমঃ পরিচ্ছেদঃ ইতি সন ১০২১ সাল ১৯ আশ্বিন। শ্রীরামনাথ দাস মহাশয়॥

---

463. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 13" × 5¼". Folia, 1-7, 20-85. Lines, 15-16 on a page. Date, 1085 B. S. (1672 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv.

পূর্ব্ববত সভারে পাঠাইলা বাসাস্থানে।
আর দিন প্রাতঃকালে আইলা প্রভুর স্থানে॥
আসিঞা দেখিল সঙ্গে সেইত কুকুরে।
প্রভু পাসে বসিঞাছে কিছু অন্তরে॥
প্রসাদ নারীকেল শস্য প্রভু দেন ফেলাইঞা।
কৃষ্ণ রাম হরি কহ বলেন হাসিঞা॥
শস্য খায় কুকুর কৃষ্ণ বলে বারবার।
দেখিঞা লোকের মনে হৈল চমৎকার॥
শিবানন্দ কুকুর দেখি দণ্ডবত হইলা।
দৈন্য করি নিজ অপরাধ ক্ষেমাইলা॥
আর দিন কেহো তার দেখা না পাইল।
সিদ্ধ দেহ পাঞা কুকুর বৈকুণ্ঠকে গেল॥
ঐছে দিব্য লীলা করে শচীর নন্দন।
কুকুরকে কৃষ্ণ কহাই করিল মোচন॥
এথা প্রভুর আজ্ঞা রূপ আইলা বৃন্দাবন।
কৃষ্ণ লীলা নাটক করিতে হৈল মন॥
বৃন্দাবনে নাটকের আরম্ভ করিল।
মঙ্গলা চরন নান্দি শ্লোক লিখিল॥
পথে চলি আইসে নাটকের ঘটনা ভাবিতে।
.........কড়িচা কিছু লাগিলা লিখিতে॥
এই মত দুই ভাই গৌড় দেসে আইলা।
গৌড়ে আসী অনুপমের গঙ্গা প্রাপ্তি হইলা॥



Fol 84 rev.

শ্রীরাধা সহ শ্রীমদন মোহন।
শ্রীরাধা সহ শ্রীগোবিন্দ চরন॥
শ্রীরাধা সহ শ্রীগোপী নাথ।
এই তিন ঠাকুর সব গৌড়িয়ার নাথ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীযুত নিত্যানন্দ।
শ্রীঅদ্বৈত শ্রীগৌর ভক্তবৃন্দ॥
শ্রীস্বরূপ শ্রীরূপ শ্রীসনাতন।
শ্রীগুরু শ্রীরঘুনাথ শ্রীজীব চরন॥
সিরে ধরি এই সভার চরন বন্দন।
জাহা হৈতে হয় সর্ব্ব বাঞ্ছিত পুরন॥
সভার চরন কৃপা গুরুপদ ধাই।
মোর বানি সিক্ষা তারে বহুত নাচাই॥

Colophon:

সন ১০৭৮ সাল॥ আস্বিন ৯ আঘন রোজ রবিবার॥ শ্রীশ্রীরাধালাল জিউ চরন যুগলে আস। অস্যাপিলা গ্রন্থ লিখিতং শ্রীহরিচরন দাস॥ মোজেবানগই মোকাম ভবানিপুর ভিতড় ভুঞারে গ্রন্থ লিখা সমাপ্ত॥

---

464. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 12" × 4¼". Folia, 1-89. Lines, 13-15 on a page. Date, 1631 Malla Śaka (About 1800 A. D.). Complete. Place of find, Bankura.

Fol 3 obv.

আরদিন প্রভু রূপে মিলিঞা বসিলা।
সর্ব্বজ্ঞ শিরোমণি প্রভু কহিতে লাগিলা॥

কৃষ্ণকে বাহির নাহি করিহ ব্রজ হইতে।
ব্রজ ছাড়ি কৃষ্ণ কভু না জায় কাহাতে॥
এত কহি মহাপ্রভু মধ্যাহ্নে চলিলা।
রূপ গোসাঞি মনে মহা বিস্মিত হইলা॥
পৃথক নাটক করিতে সত্যভামা আজ্ঞা দিলা।
জানি পৃথক নাটক করিতে প্রভুর আজ্ঞা হইলা॥
পুর্ব্বে দুই নাটকের ছিল এক রচনা।
দুই নাটক করি এবে করিল ঘটনা॥
দুই নান্দী প্রস্তাব দুই সংঘটনা।
পৃথক করিঞা এবে করিব ভাবনা॥
রথ যাত্রাতে জগন্নাথ দরশন কৈল।
রথ আগে প্রভু নৃত্য কীর্ত্তন দেখিল॥
প্রভুর নৃত্যে শ্লোক শুনি শ্রীরূপ গোসাঞী।
সেই অভিমত শ্লোক করিল তাহাঞী॥
পুর্ব্বে সেই সব অর্থ করিঞাছি বর্ণন।
তথাপি করিএ কিছু সংক্ষেপ কথন॥
সামান্য এক শ্লোক প্রভু পড়এ কীর্ত্তনে।
কেনে শ্লোক পড়ে ইহা কেহো নাহি জানে॥

*　　*　　*　　*

শ্লোকামৃতপে পরে প্রভুকে করাইল আস্বাদন।
সবে এক রূপগোসাঞী শ্লোকের অর্থ জানে॥
রূপ গোসাঞী মহাপ্রভুর জানি অভিপ্রায়।
সেই অর্থে শ্লোক কৈল প্রভুরে জেতায়॥

Fol 86 rev.

বাহ্যরে শুন মোর মনের নিশ্চয়।
কিবা অনুরাগ করে　　কিবা দুঃখ দিঞা মারে
মোর প্রাণেশ কৃষ্ণ অন্য নয়॥
ছাড়ি অন্য নারীগণ　　মোর বশ তনু মন
মোর সৌভাগ্য প্রকট করিঞা।
তা সভারে দেন পীড়া　　আমা সনে করে ক্রীড়া
সেই নারীগণ দেখাইঞা॥
কিবা তিঁহো লম্পট　　শঠ ধৃষ্ট সকপট
অন্য নারীগণ করি সাথ।
মোরে দিতে মনঃপীড়া　　মোর আগে করে ক্রীড়া
তভু তিঁহো মোর প্রান নাথ॥



Colophon :

শকাব্দা ১৬৩১ সন্ত্রান । ১০১৫ ॥

---

465. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড ।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA

Substance, country-made paper; 13¼" × 4¾". Folia, 2-6, 8, 13-15, 19, 21-100, 104-105, 111. Lines, 10-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 30 rev.

সনাতন কহে ভাল কৈলে উপদেশ ।
তাঁহা যাব সেই আমার প্রভুর দত্ত দেশ ॥
এত বলি নিজ কার্য্যে উঠি দোঁহে গেলা ।
আর দিনে মহাপ্রভু মিলিতে আইলা ॥
সনাতন পাছে পাছে করেন গমন ।
বলাৎকারে ধরি প্রভু কৈল আলিঙ্গন ॥
দুইজন লঞা প্রভু বসিলা পিণ্ডাতে ।
নির্ব্বিণ্ণ সনাতন লাগিলা কহিতে ॥
হিত লাগি আইনু হৈল বিপরীতি ।
সেবা যোগ্য নহি অপরাধ করি নিতি ॥
সহজে নিচ জাতি মুঞি দুষ্ট পাপাশয় ।
মোরে তুমি ছুইলে মোর অপরাধ হয় ॥
তাতে মোর অঙ্গে কণ্ডু রস রক্ত চলে ।
তোমার অঙ্গে লাগে তবু স্পর্শ মোরে বলে ॥
বিভৎস স্পর্শিতে না কর ঘৃণালেশ ।
এই অপরাধে মোর হৈব সর্ব্বনাশ ॥
তাতে ইহা রহিলে মোর না হবে কল্যান ।
আজ্ঞা দেহ রথ দেখি যাঙ বৃন্দাবন ॥

জগদানন্দ পণ্ডিতে মুঞি যুক্তি পুছিল ।
বৃন্দাবন যাইতে তেঁহো উপদেশ দিল ॥
এত শুনি মহাপ্রভু সরোষ অন্তরে ।
জগদানন্দে ক্রুদ্ধ হৈঞা করে তিরস্কার ॥

Fol 105 rev.

সখি হে কথা কৃষ্ণ করাও দর্শন ।
ক্ষণেক যাহার মুখ   না দেখিলে ফাটে বুক
শীঘ্র দেখাও না রহে জীবন ॥
এই ব্রজের রমণী   কামার্ক তপ্ত কুমুদিনী
নিজ করামৃত দিয়া দান ।
প্রফুল্লিত করে যেই   কাঁহা মোর চন্দ্র সেই
দেখাও সখি রাখ মোর প্রাণ ॥
কাঁহা সে চূড়ার ঠাম   শিখি পুচ্ছের উড়ান
নব মেঘে যেন ইন্দ্রধনু ।
পীতাম্বর তড়িদ্দ্যুতি   মুক্তা মালা বকপাতি
নবাম্বুদ জিনি শ্যাম তনু ॥
একবার যার হৃদয়ে লাগে   হৃদে তার সদা জাগে
কৃষ্ণ তনু যেন আম্র আঠা ।
নারীর মনে পৈশে হায়   যত্নে নাহি বাহিরায়
তনু নহে শিয়াকুলের কাঁটা ॥
জিনিয়া তমাল দ্যুতি   ইন্দ্র নীল সম কান্তি
সে কান্তি জগত ডুবায় ।
শৃঙ্গার রস সার ছানি   তাতে চন্দ্র জ্যোৎস্না সানি
জানি বিধি নিরমিল তায় ॥



466. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 10-12, 14-47, 102, 105. Lines, 10-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 15 rev.

মহাপ্রভু কৃপা-সমুদ্র কে পারে বুঝিতে।
প্রিয় ভক্ত দণ্ড করে ধর্ম্ম শিখাইতে॥
দেখি ত্রাস উপজিল সব ভক্তগণে।
স্বপ্নেহো ছাড়িল সভে স্ত্রী সম্ভাষণে॥
এই মত হরিদাসের বৎসরেক গেল।
তবু মহাপ্রভু মনে প্রসাদ নহিল॥
তবে বৎসর শেষে তেঁহো দণ্ডবৎ করিয়া।
প্রয়াগেরে গেলা কারে কিছু না কহিয়া॥
প্রভু পদ প্রাপ্তি লাগি সংকল্প করিল।
ত্রিবেণী প্রবেশ করি প্রাণ ছাড়িল॥
সেই ক্ষণে দিব্য দেহে প্রভু স্থানে আইলা।
প্রভুর কৃপা পাঞা অন্তর্দ্ধানে রহিলা॥
গন্ধর্ব্বের দেহে গান করে অন্তর্দ্ধানে।
রাত্রে প্রভুরে গীত শুনায় অন্য নাহি জানে॥
একদিন মহাপ্রভু পুছিল ভক্তগণে।
হরিদাস কাঁহা তারে আনহ এখানে॥
সভে কহে হরিদাস বৎসর পূর্ণ দিনে।
রাত্রে উঠি কাঁহা গেল কেহো নাহি জানে॥
শুনি মহাপ্রভু ঈষৎ হাসিঞা রহিলা।
সব ভক্তগণ মনে বিস্ময় উপজিলা॥
এক দিন জগদানন্দ স্বরূপ গোবিন্দ।
কাশীশ্বর শঙ্কর দামোদর মুকুন্দ॥
সমুদ্র স্নানে গেলা সভে শুনে কথো দূরে।
হরিদাস গায় যেন ডাকি কণ্ঠস্বরে॥

Fol 102 rev.

সেই নারী জিয়ে কেনে কৃষ্ণ মর্ম্ম ব্যথা জানে
তবু কৃষ্ণে করে গাঢ় রোষ।
নিজ সুখে মানে লাজ পড়ু তার মাথে বাজ
কৃষ্ণের মাত্র চাহিয়ে সন্তোষ॥
যে গোপী মোর করে দ্বেষে কৃষ্ণের করে সন্তোষে
কৃষ্ণ যারে করে অভিলাষ।
মুঞি তার ঘরে যাঞা তারে সেবোঁ দাসী হঞা
তবে মোর সুখের উল্লাস॥
কুষ্ঠী বিপ্রের রমণী পতিব্রতা শিরোমণি
পতি লাগি কৈল বেশ্যার সেবা।
স্তম্ভিল সূর্য্যের গতি জিয়াইল মৃত পতি
তুষ্ট কৈল মুখ্য তিন দেবা॥

---

467. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper; 14¼" × 4½". Folia, 61-77. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 65 rev.

হরিদাসের ইচ্ছা যবে হইল চলিতে।
আমার শকতি তাঁরে নারিল রাখিতে॥
ইচ্ছা মাত্র কৈল নিজ প্রাণ নিষ্কাসন।
পূর্ব্বে যেন শুনিয়াছি ভীষ্মের মরণ॥



হরিদাস আছিলা পৃথিবীর শিরোমণী।
তাঁহা বিনু রত্নশূন্য হইল মেদিনী॥
জয় হরিদাস বলি কর হরিধ্বনি।
এত বলি মহাপ্রভু কান্দেন আপনী॥
সভে গায় জয় জয় জয় হরিদাস।
নামের মহিমা যেই করিল প্রকাশ॥
তবে মহাপ্রভু সব ভক্ত বিদায় দিল।
হর্ষ বিষাদে প্রভু বিশ্রাম করিল॥
এই ত কহিল হরিদাসের বিজয়।
যাহার শ্রবণে কৃষ্ণে প্রেম ভক্তি হয়॥
চৈতন্যের ভক্ত বাৎসল্য ইহাতেই জানী।
ভক্ত বাঞ্ছা পূর্ণ কৈল ন্যাসী শিরোমণি॥

Fol 65 rev.

শেষ কালে দিল তাঁরে দর্শন স্পর্শন।
তাঁরে কোলে নিঞা কৈল আপনে নর্তন॥
আপনে শ্রীহস্তে কৃপায় তারে বালু দিলা।
আপনে প্রসাদ মাগি মহোৎসব কৈলা॥
মহাভাগবত হরিদাস পরম বিদ্বান।
এই সৌভাগ্য লাগি আগে করিলা পয়ান॥

End :

হরিদাস কৈল নামের মহিমা স্থাপন।
চতুর্থে শ্রীসনাতনের দ্বিতীয় মিলন॥
দেহ ত্যাগ হৈতে তারে করিল রক্ষণ।
জৈষ্ঠ মাসে......তার কৈল পরিক্ষণ॥
শক্তি সঞ্চারিয়া পাঠাইল বৃন্দাবন॥
পঞ্চমে প্রদ্যুম্ন মিশ্রেরে প্রভু কৃপা কৈলা।
রায়দ্বারে তাঁরে কৃষ্ণ কথা শুনাইলা॥
তার মধ্যে বাঙ্গাল কবির নাটক উপেক্ষণ।
স্বরূপ গোসাঞি কৈল বিগ্রহের মহিমা স্থাপন॥
ষষ্ঠে রঘুনাথ দাস প্রভুরে মিলিলা।
নিত্যানন্দ আজ্ঞায় চিড়া মহোৎসব কৈলা॥
দামোদর স্বরূপ ঠাঞি তাঁরে সমর্পিলা।
গোবর্দ্ধন শিলা গুঞ্জ মালা তাঁরে দিলা॥

সপ্তম পরিচ্ছেদে বল্লভ ভট্টের মিলন।
নানা মতে কৈল তাঁর গর্ব খণ্ডন॥

---

468. চৈতন্যচরিতামৃত—প্রলাপ।

CAITANYA-CARITĀMṚTA—PRALĀPA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 18¾" × 9". Folia, 1-8. Lines, 10-14 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 3 obv.

যে কালে বা স্বপনে   দেখিনু বংশী বদনে
সেই কালে আইল দুই বৈরি।
আনন্দ আর মদন   হরে নিল মোর মোন
দেখিতে না পাইল নেত্র ভরি॥
পুনরপি কোন ক্ষণ   করায় কৃষ্ণ দরশন
তবে সেইক্ষন...........।
দিয়া মালা চন্দন   নানা রত্ন আভরন
অলঙ্কৃত করিমু সকল।
যেনে...হৈল মোন   আগে দেখে দুইজন
তারে পুছে জানিলা চৈতন্য।
স্বপ্ন প্রায় কি দেখিনু   কিবা আমি প্রলপিনু
তোমরা কিছু শুনিয়াছ দৈন্য॥
শুন মোর প্রাণের বান্ধব।
নাহি কৃষ্ণ প্রেম ধোন   দারিদ্র মোর জীবন
দেহেন্দ্রিয় বৃথা মোর সব॥
পুনু কহে হায় ২   শুন স্বরূপ রাম রায়
এই মোর হৃদয় নিশ্চয়।
শুনি কর বিচার   হয়ে নহে কহ সার
এত বলি শ্লোক উচ্চারয়॥



End :

কৃষ্ণ অঙ্গ শীতল　　　কি কহিব তার বল
　　ছটায় জীনে কোটিন্দু চন্দন।
সশৈল নারির বক্ষ　　　তাহা আকর্ষিতে দক্ষ
　　আকর্ষয়ে নারিগন মন ॥
কৃষ্ণ অঙ্গ সৌরভাভর　　　মৃগমদ মদহর
　　নিলোৎপলের হরে গর্ব্ব ধন।
জগতের নারি নাসা　　　তার ভিতর পাতে বাসা
　　নারিগনে করে আকর্ষন ॥
কৃষ্ণের অধরামৃত　　　তাহে কর্পূর মন্দস্মিত
　　স্বমাধুর্য্যে হরে নারী মন।
অন্তত্র ছাড়ায় লোভ　　　না পাইলে মনে ক্ষোভ
　　ব্রজ নারি গনের মূলধন ॥
এত বলি গৌড় হরি　　　দুই জনার কণ্ঠধরি
　　কহে শুন স্বরূপ রাম রায়।
কাহাঁ করোঁ কাহাঁ জাঙ　　　কাহাঁ গেলে কৃষ্ণ পাঙ
　　দোহে মোরে কহ সে উপায় ॥

---

469. চৈতন্যচরিতামৃত—অন্ত্যখণ্ড।

CAITANYA-CARITĀMṚTA—ANTYA-KHAṆḌA

BY

KṚṢṆA DĀSA.

Substance, country-made paper ; 14" × 5". Folia, 1-86. Lines, 12 on a page. Date, 1239 B.S. (1833 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 14 obv.

প্রভুরে তাহারো পুত্র প্রভু দয়া করে।
দামুদর তাহার প্রীত সহিতে না পারে ॥
নৃত্য আইলে প্রভু তারে করে মহাপ্রীত।
যাহা প্রীত তাহা আইলে বালকের হিত ॥
তাহা দেখি দামুদর দুখ পায় মনে।
বুঝিতে না পারে বালক নিষেধ না মানে ॥
আর দিন সেই বালক প্রভু স্থানে আইলা।
গোসাঞি তারে পুত্র করি বার্ত্তা পুছিলা ॥
কথোক্ষনে সেই বালক উঠি ঘরে গেলা।
সহিতে না পারে দামুদর কহিতে লাগিলা ॥
অন্য লোকে পণ্ডিত কহি গোসাঞী ঠাঞি।
গোসাঞি ২ এবে জানিব গোসাঞি ॥
এবে গোসাঞির দোষ শুন সবলোক গাইব।
এবে গোসাঞির প্রতিষ্ঠা পুরুষোত্তমে হইব ॥
শুনি প্রভু কহে এবে কাহা কহ দামুদর।
দামুদর কহে তুমি স্বতন্ত্র ঈশ্বর ॥
স্বচ্ছন্দ আচার কর কে পারে কহিতে।
মুখর জগতের লোক পায় আচ্ছাদিতে ॥

Fol 73 rev.

　　নাগর শুন তোমার অধর চরিত।
মাতায় নারির মন　　　জিহ্বা করে আকর্ষন
　　বিচারিতে সব বিপরিত ॥
আছুক নারির কাজ　　　কহিতে বাসিএ লাজ
　　তোমার অধর বড় ধৃষ্টরায়।
পুরুসে করে আকর্ষন　　　আপনা পিয়াইতে করে মন
　　অন্য রস সব পাসরায় ॥
সচেতন রহু দুরে　　　অচেতন সচেতন করে
　　তোমার অধর বড় বাজিকর।
তোমার বেণু শুষ্কেন্ধন　　　তার জন্মায় ইন্দ্রিয় মন
　　তারে আপনা পিয়ায় নিরন্তর ॥
বেণুধৃষ্ট পুরুষ হঞা　　　পুরুষাধর পিয়াইঞা
　　গোপিগনে জানায় নিজপান।
অহো শুন গোপিগন　　　বলে পিঙ তোমার ধন
　　তোমার জদি থাকে অভিমান ॥

Colophon :

শ্রীচৈতন্য চরিতামৃত অন্ত্যখণ্ড ২০ বিশতি পরিচ্ছেদ সমাপ্ত। শ্রীবিষ্ণু মন্দিরে পাট আঙ্গিনায় সমাপ্ত তৈল বেলা



আন্দাজ দুই দণ্ডে ইতি সন ১২০১ সাল তারিখ ১২ ফাল্গুন সন বারশত উনচল্লিশ সাল তারিখ বার ফাল্গুন বেলা আন্দাজি দুই দণ্ডির সময় শুক্রবার সমাপ্ত। পাঠক শ্রীলিখিতং লক্ষিনারায়ন বন্দ্যোপাধ্যায় সাকিম আমবান্ধা। শ্রীপাটবান্ধা গ্রামে বাটিতে সমাপ্ত॥

---

470. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ĀDI KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 14" × 4½". Folia, 1-60. Lines, 10-12 on a page. Date, 1102 B.S., (1696 A.D.). Complete. Place of find, Bankura.

Beg:

এতেকে করিল আগে ভক্তের বন্দন।
অতএব আছে কার্য্য সিদ্ধের লক্ষণ॥
উপদেষ্টা বন্দ মোর নিত্যানন্দ রায়।
চৈতন্য কীর্ত্তন স্ফুরে যাহার কৃপায়॥
তবে বন্দো সহস্র বদন বলরাম।
জাহার শ্রীমুখে কল ভাণ্ডারের স্থান॥
মহারত্ন থুই যেন মহাপ্রিয় স্থানে।
কল রত্ন ভাণ্ডার শ্রীঅনন্ত বদনে॥
অতএব আগে বলরামের স্তবন।
করিলে যে সুখে স্ফুরে চৈতন্য কীর্ত্তন॥
সহস্রেক ফনি ধরে প্রভু বলরাম।
যতেক করএ প্রভু সকল উদ্দাম॥
হলধর মহাপ্রভু প্রকাণ্ড শরীর।
চৈতন্যচন্দ্রের রসে মহা মত্তধীর॥
ততোঽধিক চৈতন্যের প্রিয় নাহি আর।
নিরব[ব]ধি সেই দেহে করেন বিহার॥

তাহার চরিত্র যেই জন শুনে গায়।
শ্রীকৃষ্ণ চৈতন্য তাঁরে পরম সহায়॥
মহাপ্রীত হয়ে তারে মহেশ পার্ব্বতী।
জিহ্বাতে বসএ তার শুদ্ধা সরস্বতী॥
পার্ব্বতী প্রভৃতি নবার্ব্বুদ নারী লঞা।
অনন্ত পূজএ শিব উপাশ করিঞা॥
পঞ্চম স্কন্ধের এই ভাগবত কথা।
সর্ব্ব বৈষ্ণবের বন্দ্য বলরাম গাথা॥

Fol. 17 obv.

দুলাএ দুলএ প্রভু শ্রীগৌর সুন্দর।
কিবন কান্তির বিম্ব লোকে মনোহর॥
পড়িঞা শুনিঞা সব সিশুগন সঙ্গে।
গঙ্গা স্নানে মধ্যাহ্নে চলএ প্রভু রঙ্গে॥
মজ্জিঞা গঙ্গাএ বিশ্বম্ভর কুতুহলী।
সিশুগন সঙ্গে করে জল খেলাখেলি॥
নদি আর সম্পত্তি বা কে বুঝিতে পারে।
অসংখ্যাত লোক এক ঘাটে স্নান করে॥
কতেক বা শান্ত দান্ত গৃহস্থ সন্যাসি।
না জানি বা কতেক সিশু মিলে আসি॥
সভারে লইঞা প্রভু গঙ্গাএ সাতরে।
ক্ষনে ডুবি ক্ষনে ভাসে নানা ক্রীড়া করে॥
জলক্রীড়া করে গৌর সুন্দর শরীর।
সভার গাএত লাগে চরণের নীর॥

Fol. 17 obv.

সভে মানা করে তারা নিষেধ না মানে।
ধরিতেহো কেহো নাহি পারে এক স্থানে॥
পুনঃ পুন সভারে প্রভু করাএ স্নান।
* * * কারো অঙ্গে কর্দ্দম প্রদান॥
না পাইঞা প্রভুর লাগালি দ্বিজগন।
সঙ্গে চলিলেন প্রভুর জনকের স্থান॥
শুন শুন অহে দ্বিজ পরম বান্ধব।
তোমার পুত্রের অন্যায় কহি সব॥
ভাল করিলা......করিতে গঙ্গাস্নান।
কেহো বোলে জল দিঞা ভাঙ্গে মোর ধ্যান॥



আর বোলে করে ধ্যান কর এই দেব।
কলি যুগে নারায়ন মূঞী পরাতক ॥
কেহো বলে মোর শিবলিঙ্গ করি চুরি।
কেহো বোলে মোর লই পালাএ উত্তরি ॥
কেহো বোলে পুষ্প দুর্ব্বা নৈবেদ্য চন্দন।
বিষ্ণু পূজিবার সজ্জ বিষ্ণুর আসন ॥
আমি করি স্নান হেথা বসি সে আসনে।
সর্ব্ব খাঞা পরিসেসে করে পালায়নে ॥
আর বোলে তুমি কেনে দুঃখ ভাব মন।
আমারে করিলা আমি করিল ভোজন ॥
কেহো বোলে সন্ধ্যা করি জলেত নামিঞা।
ডুব দেই লই জায় চরনে ধরিঞা ॥
কেহো বোলে আমার লইঞা জায় ধুতি।
কেহো বোলে আমার চোরাএ গিতা পুথী ॥
কেহো বোলে লক্ষাএ পুত্র জাএ আমার।
কর্ণে জল দিঞা কান্দাএন অপার ॥
কেহো বোলে মোর পৃষ্ঠে দিঞা কান্ধে চড়ে।
মূঞীরে মহেশ বুলি ঝাপ দিঞা পড়ে ॥
কেহো বোলে বস্তে মোর পূজার আসনে।
নৈবেদ্য খাইঞা কিছু পূজএ আপনে ॥
স্নান করি উঠিলে বালুকা দেই অঙ্গে।
জতেক চপল সিশু সেই তার সঙ্গে ॥

End :

কেহো বোলে মহাতেজি অংশে অধিকারী।
কেহো বোলে কোন রূপ বুঝিতে না পারি ॥
কিবা যোগী নিত্যানন্দ কিবা তত্ত্ব জ্ঞানী।
জার জেন মত ইচ্ছা না বোলএ কেনী ॥
জে সে কেনে চৈতন্যের নিত্যানন্দের নহে।
সে চরণ ধন মোর রহুক হৃদয়ে ॥
এত পরিহারে জেই পাপী নিন্দা করে।
তারে লাথি মারো তার শিরের উপরে ॥
জয় জয় নিত্যানন্দ চৈতন্য জীবন।
তোমার চরন মোর রহুক শরণ ॥
তোমার হইঞা জেন গৌরচন্দ্র পাঙ।
জন্ম জন্ম জেন তোমার সংহতি বেড়াঙ ॥

জে শুনয়ে আদিখণ্ড চৈতন্যের কথা।
তাহারে শ্রীগৌরচন্দ্র মিলিব সর্ব্বথা ॥
ঈশ্বর পুরির স্থানে করিঞা বিদায়।
গৃহে আইলেন প্রভু শ্রীগৌরাঙ্গ রায় ॥
শুনি সর্ব্ব নবদ্বীপ হৈলা আনন্দীত।
প্রাণ আসি দেহে জেন হৈল উপনীত ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ পদ দুহুঁ জান।
শ্রীবৃন্দাবন দাস তছু পদ যুগে গান ॥

Colophon :

যথা দৃষ্টমিত্যাদি। ইতি ২৭ ফাল্গুন সন ১১০২ সাল।

---

471. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ĀDI-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 10¼"× 5". Folia, 6 (by counting). Lines, 12-13 on a page. Date 1101 B. S. (1695 A. D). Incomplete. Place of find, Bankura.

Beg :

জে তোমার চরিত্র সে পাণ্ডিত্য তোমার।
সেহো কি ঈশ্বর অংশ......আর ॥
জেন আজি শুভ স্বপ্ন দেখিলাঙ।
সাক্ষাতে তাহার ফল এই পাইলাঙ ॥
সত্য করি পণ্ডি......তোমার দরশনে।
পরমানন্দ সুখ জেন পাই অনুক্ষনে ॥
জবধি তোমা দেখিয়াছি নদিয়ায়।
তবধি চিত্তে মোর কিছু নাহি ভায় ॥
সত্য এই কহি ইথি কিছু অন্য নাই।
কৃষ্ণ দরশন জন তোমা দেখি পাই ॥



শুনি প্রিয় ঈশ্বর পুরীর প্রিয়বাক্য।
হাসিঞা বলেন প্রভু মোর বড় ভাগ্য ॥
এই মত কত আর কৌতুক সম্ভাষ।
অত হইল তাহা বর্ণিবেন বেদব্যাস ॥
তবে প্রভু তান স্থানে অনুমতি লঞা।
তীর্থ শ্রাদ্ধ করিবারে চলিলা হাসিঞা ॥
ফল্গুতীর্থে করি বালুকার পিণ্ডদান।
তবে গেলা গিরিশৃঙ্গ প্রেত......... ॥

End :

যে শুনয়ে আদি খণ্ডে চৈতন্যের কথা।
তাহারে সে গৌরচন্দ্র মিলিব সর্ব্বথা ॥
ঈশ্বর পুরির স্থানে করিঞা বিদায়।
গৃহে আইলেন প্রভু শ্রীগৌরাঙ্গ রায় ॥
শুনি সর্ব্ব নবদ্বীপ হৈল আনন্দিত।
প্রাণ আসি দেহে যেন হৈল উপনীত ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বৃন্দাবন দাস তছু পদ যুগে গান ॥

Colophon :

ইতি আদিখণ্ড সমাপ্ত। লিখিতং শ্রীমোহন সিংহস্য সাং বিষ্ণুপুর। সন ১১০১ এগার সত এক সাল তারিখ ৭২ চৈত্রী রোজ শুক্রবার দিবা দুই প্রহরে সম্পূর্ণ ॥

---

472. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ĀDI-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 1-116. Lines, 9 on a page. Appearance, about 200 years old. Complete. Place of find, Bankura.

Fol. 9 obv.

পূর্ব্বে ব্রহ্মা জন্মিলেন নাভি পদ্ম হৈতে।
তথাপিহ শক্তি নাহি কিছুই দেখীতে ॥
তবে যবে সর্ব্বভাবে লইল শরণ।
তবে প্রভু কৃপাএ দিলেন দরশন ॥
তবে কৃষ্ণ কৃপায় স্ফুরিল সরস্বতি।
তবে জানিলেন সব অবতার রীতি ॥
হেন কৃষ্ণ চন্দ্রের দুর্ব্বিজ্ঞেয় অবতার।
তান কৃপা বিনে কার শক্তি জানিবার ॥
অচিন্ত্য অগম্য কৃষ্ণ অবতার লিলা।
সেই ব্রহ্মা ভাগবতে আপনে বর্ণিলা ॥
কোন হেতু কৃষ্ণ চন্দ্র করে অবতার।
কার শক্তি আছে তত্ত্ব জানিতে তাহার ॥
তথাপি শ্রীভাগবতে গীতায় যে কহে।
তাহি লিখী যে নিমিত্ত অবতার হয়ে ॥
অধর্ম্মের প্রবলতা বাড়ে দিনে দিনে।
সাধুজন রক্ষা দুষ্ট বিনাশ কারনে ॥

* * * * *

ব্রহ্মাদি প্রভুর পায় করি বিজ্ঞাপনে ॥
তবে প্রভু যুগধর্ম্ম স্থাপন করিতে।
সাঙ্গো পাঙ্গে অবতির্ন্ন হয়ে পৃথিবীতে ॥
কলি যুগে ধর্ম্ম হয়ে হরি সংকীর্ত্তন।
এতর্থ অবতির শ্রীশচি নন্দন ॥
এই কহে ভাগবতে সর্ব্ব তত্ত্বসার।
কির্ত্তন নিমিত্ত গৌরচন্দ্র অবতার ॥



Fol. 114 obv.

আর্ত্তনাদ করি প্রভু ডাকে উচ্চস্বরে।
ভাসে প্রভু নিজ ভক্তি বিরহ সাগরে ॥
তবে কথোক্ষণে আসি নিজ সঙ্গীগণে।
সুস্থ করিলেন আসি অশেষ যতনে ॥
প্রভু বোলে তোমরা সকলে যাহ ঘরে।
মুঞী যাব না আইমু সংসার ভিতরে ॥
মথুরা দেখিতে আমি যাইব সর্ব্বথা।
প্রাণনাথ মোর কৃষ্ণ চন্দ্র পাঙ যথা ॥
নানা মতে সব শিষ্যগণে প্রবোধিয়া।
স্থির করি রাখিলেন সভেই মেলিয়া ॥
ভক্তি রসে মত্ত প্রভু বৈকুণ্ঠের পতি।
চিত্তে স্বাস্থি না পাএন রহিবেন কতি ॥
কাহারে না বলি প্রভু কথো রাত্রি শেষে।
মথুরাএ চলিলেন প্রেমের আবেশে ॥
কৃষ্ণ রে বাপ রে মোর পাইমু কোথাএ।
এই মত বুলিয়া যাএন গৌর রাএ ॥
কথোদূর যাইতে শুনেন দিব্য বাণি।
এখন মথুরা না যাইবা দ্বিজ মুনি ॥
যাইবার কাল আছে যাইবা তখনে।
নবদ্বীপে নিজ গৃহে চলহে এখনে ॥
তুমি বৈকুণ্ঠের নাথ লোক নিস্তারিতে।
অবতীর্ণ হইয়াছ সভার সহিতে ॥
অনন্ত ব্রহ্মাণ্ডময় করিবা কীর্ত্তন।
জগতেরে বিলাইবা প্রেম ভক্তি ধন ॥
ব্রহ্মা শিব সনকাদি যে রসে বিভোল।
মহাপ্রভু অনন্ত গাএন যে মঙ্গল ॥
তাহা তুমি জগতেরে দিবার কারণ।
অবতীর্ণ হইয়াছ জানহ আপন ॥
সেবক আমরা তভু চাহি কহিবারে।
অতএব কহিলাম বচন তোমারে ॥
আপনার বিধাতা আপনে তুমি প্রভু।
তোমার যে ইচ্ছা তাহা না লঙ্ঘিব কভু ॥
অতএব মহাপ্রভু চল তুমি ঘর।
বিলম্বে দেখিবা আসি মথুরা নগর ॥

শুনিঞা আকাশ বাণি শ্রীগৌরসুন্দর।
নিবর্ত্ত হইলা প্রভু হরিষ অন্তর ॥

---

473. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGABATA—ĀDI-KHAṆḌA.

BY

BṚNDĀBAN DĀSA.

Substance, country-made paper; 10″ × 5″. Folia, 1-89. Lines, 10-11 on a page. Appearance, about 200 years old. Complete. Place of find, Bankura.

Fol. 17 obv.

উষাকাল হৈতে যতেক নারীগণ।
বালক বেড়িয়া সভে করেন কীর্ত্তন ॥
হরি বুলে নারীগণ দেই করতালী।
নাচে গৌর সুন্দর বালক কুতূহলি ॥
গড়াগড়ি যায়ে প্রভু ধুলায় ধুসর।
হাসি উঠে জননীর কোলের উপর ॥
হেন অঙ্গ ভঙ্গ করি নাচে গৌর চন্দ্র।
দেখিয়া সভার হয়ে অতুল আনন্দ ॥
হেন মতে শিশু ভাবে হরি সংকীর্ত্তন।
করায়েন প্রভু নাহি বুঝে কোন জন ॥
নিরবধি ধায়ে প্রভু কি ঘর বাহিরে।
পরম চঞ্চল কেহো ধরিতে না পারে ॥
একেশ্বর বাড়ির বাহিরে প্রভু যায়ে।
খই কলা সন্দেশ যা দেখে তাই চাহে ॥
দেখিয়া প্রভুর রূপ পরম মোহন।
যে জনে না চিনে সেহো দেই ততক্ষণ ॥
সভেই সন্দেশ কলা দেই প্রভু করে।
পাইয়া সন্তোষে প্রভু আইসেন ঘরে ॥
যে সকল স্ত্রীগণে গায়েন হরিনাম।
তাহা না সভেরে আনি করেন প্রদান ॥



বালকের বুদ্ধি দেখে হাসে সর্ব্বজন।
হাথে তালি দিয়া হরি বোলে অনুক্ষণ॥
কি বিহানে কি মধ্যাহ্নে কি রাত্রি সন্ধ্যায়।
নিরবধি বাড়ির বাহিরে প্রভু যায়॥
নিকটে বসয়ে যত বন্ধুবর্গ ঘরে।
প্রতিদিন আপনে কৌতুকে চুরি করে॥
কারো ঘরে দুগ্ধ পীয়ে কারো ভাত খায়ে।
হাণ্ডি ভাঙ্গে যার ঘরে কিছুই না পায়ে॥
যার ঘরে শিশু থাকে তাহারে কান্দায়।
কেহো দেখিলেই মাত্র উঠিয়ে পালায়॥
দৈব যোগে কেহো যদি পারে ধরিবারে।
তবে তার পায়ে ধরি করে পরিহারে॥

End :

আপনার বিধাতা আপনে তুমি প্রভু।
তোমার যে ইচ্ছা সে খণ্ডন নহে কভু॥
অতএব মহাপ্রভু চল তুমি ঘর।
বিলম্বে দেখিবা আসি মথুরা নগর॥
শুনিঞা আকাশ বাণী শ্রীগৌর সুন্দর।
নিবর্ত্ত হইলা প্রভু হরিষ অন্তর॥
বাসায়ে আসিয়া সর্ব্ব শিষ্যের সহিতে।
নিজ গৃহে চলিলেন ভক্তি প্রকাশিতে॥
নবদ্বীপে গৌরচন্দ্র করিলা বিজয়।
গৌরচন্দ্র প্রভু তাঁরে মিলিব হৃদয়।
কৃষ্ণ যশ শুনিতে কৃষ্ণের সঙ্গ পাই।
ঈশ্বরের সঙ্গে তার কভু ত্যাগ নাঞি॥
অন্তর্যামী নিত্যানন্দ বোলিলা কৌতুকে।
চৈতন্য চরিত্র কিছু লিখিতে পুস্তকে॥
তাহান কৃপায়ে লেখি চৈতন্যের কথা।
স্বতন্ত্র হইতে শক্তি নাহিক সর্ব্বথা॥
কাষ্ঠের পুতলী যেন কুহকে নাচায়।
এই মত গৌর চন্দ্র মোরে যে বোলায়॥
চৈতন্যের কথা আদি অন্ত নাহি জানি।
যেতে মতে চৈতন্যের যশ যে বাখানি॥
পক্ষি যেন আকাশের অন্ত নাহি পায়।
যতদূর শক্তি ততদূর উড়ি যায়॥
এই মত চৈতন্য যশের অন্ত নাঞি।
যার যত শক্তি কৃপা সভে তাহা গাই॥
সংসারের পার হঞা ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাই চান্দেরে॥
আমার প্রভুর প্রভু শ্রীগৌর সুন্দর।
এবেত ভরসা চিত্তে ধরিয়ে অন্তর॥
কেহো বোলে প্রভু নিত্যানন্দ বলরাম।
কেহো বোলে চৈতন্যের মহাপ্রিয়ধাম॥
কেহো বোলে মহাতেজ অংশ অধিকারী।
কেহো বোলে কোনরূপ বুঝিতে না পারি॥
কিবা যোগী নিত্যানন্দ কিবা ভক্ত জ্ঞানি।
যার যেন মত ইচ্ছা না বোলয়ে কেনি॥

---

474. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGABATA—ĀDI-KHAṆḌA.

BY

BṚNDĀBAN DĀSA.

Substance, country-made paper; 12½" × 4½". Folia, 1-69, 71-81. Lines, 10-11 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 15. rev.

এই মত প্রতিদিনে করেন কৌতুক।
নাম করণের কাল হইল সমুখ॥
নীলাম্বর চক্রবর্ত্তী আদি বিদ্যাবান।
সর্ব্ব বন্ধুগণের হইল উপস্থান॥
মিলিলা বিস্তর আসি পতিব্রতাগণ।
লক্ষ্মী প্রায় দীপ্ত সভে সিন্দুরে ভূষণ॥
নাম থুইবারে সভে করিঞা বিচার।
এক নাম যোগ্য হঞ থুইতে ইহার॥



এ শিশু জন্মিলা মাত্র সর্ব্ব দেশে দেশে।
দুর্ভিক্ষ ঘুচিল বৃষ্টি পাইল কৃষকে ॥
জগত হইল সুস্থ ইহার জনমে।
পূর্ব্বে যেন পৃথিবী ধরিলা নারায়ণে ॥
অতএব ইহার যোগ্য বিশ্বম্ভর নাম।
কুল দীপ কোষ্ঠী তুমি লিখন ইহান ॥
নিমাই যে বুলিবেক পতিব্রতাগণে।
সেহো নাম দ্বিতীয় ডাকিব সর্ব্বজনে ॥
সর্ব্ব শুভক্ষণ নাম করন সময়ে।
গীতা ভাগবত বেদ ব্রাহ্মণে পড়য়ে ॥
সেহো নাম দ্বিতীয় ডাকিব সর্ব্বজনে।

* * * *

সর্ব্ব শুভক্ষণ নাম করন সময়ে।
গীতাভাগবত বেদ ব্রাহ্মনে পড়য়ে ॥
দেবগনে নরগনে করএ মঙ্গল।
হরিধ্বনি সংখ্য ঘণ্টা বাজএ সকল ॥
ধান্য পুথি খড়ি স্বর্ণ রজতাদি যত।
ধরিতে আনিঞা করিলেন উপনিত ॥

End :

কেহো বলে কোন রূপ বুঝিতেই ভার ॥
কিবা জিব নিত্যানন্দ কিবা ভক্ত জ্ঞানী।
জার জেন মত ইচ্ছা না বোলই কেনি ॥
জে সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নয়।
সে চরন ধন মোর রহুক হৃদয় ॥
এত পরিহারে জেও পাপী নিন্দা করে।
তবে লাথি মারি তাহার মাথার উপরে ॥
জয় ২ নিত্যানন্দ চৈতন্য জীবন।
তোমার চরণ মোর হউক শরণ ॥
তোমার কৃপাএ জেন গৌরচন্দ্র পাই।
জন্মে জন্মে তোর জেন সংহতি বেড়াই ॥
জে শুনএ আদি খণ্ডে চৈতন্যের কথা।
তাহারে সে গৌরচন্দ্র মেলিব সর্ব্বথা ॥
ঈশ্বর পুরীর স্থানে হইঞা বিদায়।
গৃহে আইলেন প্রভু শ্রীগৌরাঙ্গ রায় ॥
শুনি সর্ব্ব নবদ্বীপে হৈল আনন্দিত।
প্রান আসি দেহে জেন হইল উপনীত ॥

শ্রীচৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
শ্রীবৃন্দাবন দাস তছু পদ যুগে গান ॥

Colophon :

ইতি শ্রীচৈতন্য ভাগবতে আদিখণ্ড সংপুর্ন ॥

---

475. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGABATA—ADI-KHANḌA.

BY

BṚNDĀBAN DĀSA.

Substance, country-made paper ; 12″ x 6″. Folia, 1-31. Lines, 12-14 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 10 obv.

সে কি কভু রাবণ ধরিবারে পারে নারে।
তথাপি ও দশরথ বসুদেব ঘরে ॥
অবতীর্ণ হই রাম বধএ তাহারে।
একেক সে মুখ্য প্রভু তোমার কারন।
আপনি সে জান তুমি আপনার মন ॥
তোমার আজ্ঞাএ এক সেবক তোমার।
অনন্ত ব্রহ্মাণ্ড পারে করিতে উদ্ধার ॥
তথাপিও আপনে সে কর অবতার।
তুমি সর্ব্বজীবে মুক্তী আনিল সত্বর ॥
অনন্ত ব্রহ্মাণ্ড লোক গঙ্গাস্নানে জায়।
হরি হরি সর্ব্ব লোক বলি সবে ধায় ॥
জেন হরি ধ্বনি উঠিল সর্ব্ব নদিয়ায়।
ব্রহ্মাণ্ড পুরিঞা আর স্থান নাহি পায় ॥
অপূর্ব্ব শুনিঞা সব ভাগবতগন।
সভে বোলে নিরন্তর হউক গ্রহন ॥



সকে বলেন ভাই আজি বাসিএ উল্লাস ।
হেন বুঝি কেবা কৃষ্ণ করিলা প্রকাশ ॥
গঙ্গাস্নানে চলিলা সর্ব্ব জনগন ।
নিরবধি চতুর্দ্দিগে হরি সংকীর্ত্তন ॥
কিবা শিশু বৃদ্ধ নারি সজ্জন দুর্জ্জন ।
সভে হরি হরি বোলে দেখিঞা গ্রহন ॥
হরি বোল হরি বোল বই এই মত শুনি ।
সকল ব্রহ্মাণ্ড ব্যাপিল হরিধ্বনি ॥
চতুর্দ্দিগে পুষ্প বিষ্টি করে দেবগন ।
জয় শব্দে দুন্দুভি বাজায়ে বহুজন ।
হেনই সময় সর্ব্ব জগত জিবন ।
অবতীর্ন হৈলা প্রভু শচির নন্দন ॥
পঠ মুরারি রাগ ।
নবদ্বীপে অবতীর্ন হৈলা গৌরচন্দ্র ।
দশদিগে উঠিল বড়ই আনন্দ ॥
রূপ কোটি মদন জিনিঞা ।
হাঁসে নিজ নাম কির্ত্তন শুনিঞা ॥

Fol. 29 obv.

জোড় সূত্র ধরিলেন শ্রীগৌরাঙ্গ সুন্দর ।
শুভ যোগ সকল হইলা সত্বর ॥
শুভ মাস শুভ দিন শুভক্ষন করি ।
ধরিলেন জোড় সূত্র গৌরাঙ্গ শ্রীহরি ॥
শোভিল শ্রীঅঙ্গে জোড় সূত্র মনোহর ।
সূক্ষ্মরূপে শেষ বা বেড়িলা কলেবর ॥
হইলা বামনরূপ প্রভু গৌর চন্দ্র ।
দেখিতে সভার বাড়ে পরম আনন্দ ॥
অপূর্ব্ব ব্রাহ্মন তেজ দেখি সর্ব্বজনে ।
নর জ্ঞান না করে তাঁরে মনে ।
হাতে দণ্ড কান্ধে ঝুলি শ্রীগৌর সুন্দর ।
ভিক্ষা করে প্রভু সব সেবকের ঘর ॥
জার জথা শক্তি ভিক্ষা সভেই সন্তোষে ।
প্রভুর ঝুলিতে দিঞা নারিগন হাঁসে ॥
দ্বিজ পত্নি রূপ ধরি ব্রহ্মানি রুদ্রানি ।
জতো পতিব্রতা মুনিগনের গৃহিনি ॥
শ্রীবামনরূপ প্রভুর দেখিঞা সন্তোষে ।
সভেই সন্তোষে ভিক্ষা দিঞাই হাঁসে ॥
প্রভুও করেন শ্রীবামন রূপ লিলা ।
জিবের উদ্ধার লাগি এ সকল খেলা ॥
জয় বামন রূপ শ্রীগৌরচন্দ্র ।
দান দেহ হৃদএ তোমার পদদ্বন্দ্ব ॥
যে শুনএ প্রভুর জজ্ঞ সূত্র গ্রহন ।
সে পায় চৈতন্য চন্দ্রের চরনে স্মরন ॥
হেন মতে বৈকুণ্ঠ নাএক সচিঘরে ।
বেদের নিগূঢ় নানা রস ক্রিড়া করে ॥
ঘরে সর্ব্ব শাস্ত্রের বুঝিঞা সমাহিত ।
গোষ্ঠী মধ্যে পড়িতে প্রভুর হৈল চিত্ত ॥
নবদ্বিপে আছে অধ্যাপক শিরোমনি ।
গঙ্গাদাস পণ্ডিত জেহেন......... ॥

---

476. চৈতন্যভাগবত—আদিখণ্ড ।

CAITANYA-BHĀGBATA—ĀDI KHANḌA.

BY

BṚNDĀBAN DĀSA.

Substance, country-made paper; 13½" × 5¼". Folia, 1-73. Lines, 12 on a page. Appearance about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2. obv.

শেষে প্রভু বড় হইলেন অসম্বর ।
কৃষ্ণ বলি কান্দিতে লাগিলা বহুতর ॥
ভরিল পুষ্পের বন মহা প্রেম জলে ।
মহাশ্বাস ছাড়ি প্রভু কৃষ্ণ ২ বলে ॥
পুলকে পুর্নিত হৈল সর্ব্ব কলেবর ।
ধীর নহে প্রভু কম্প ভাবে থরহর ॥
শ্রীমান পণ্ডিত আদি যত ভক্তগন ।
দেখেন অপুর্ব্ব কৃষ্ণ প্রেমের ক্রন্দন ॥
চতুর্দ্দিগে নয়নের বহে প্রেমধার ।
গঙ্গা যেন আসি করিলেন অবতার ॥



মনে ২ সভেই ভাবেন চমত্কার।
এমত ইহানে কভু দেখে নাই আর॥
শ্রীকৃষ্ণের অনুগ্রহ হইল ইহারে।
কি বৈভব পথের হইল নরশনে॥
বাহ্যদৃষ্টে প্রভু হইলেন কথোক্ষণে।
শেষে প্রভু সম্ভাসা করিল সভাসনে॥
প্রভু বলে বন্ধু সব আজি ঘরে যাহ।
কালি যথা বুলি তথা আসিবারে চাহ॥
তোমা সভা সহিত নির্জনে একস্থানে।
মোর দুঃখ সকল করিব নিবেদনে॥
কালি সভে শুক্লাম্বর ব্রহ্মচারি ঘরে।
তুমি আর সদাশিব আসিহ সত্বরে॥
সময় করিঞা সভা করিলা বিদায়।
যথা কার্য্যে রহিলেন বিশ্বম্ভর রায়॥

End :

সর্ব্ব বৈষ্ণবের পায় মোর নমস্কার।
ইথে অপরাধ কিছু নহুক আমার॥
সংসারের পার হঞা ভক্তির সাগরে।
যে ডুবিবে সে ভজুক নিতাই চান্দেরে॥
আমার প্রভুর প্রভু শ্রীগৌর সুন্দর।
এ বড় ভরসা আমি ধরিয়ে অন্তর॥
কেহো বলে প্রভু নিত্যানন্দ বলরাম।
কেহো বলে চৈতন্যের বড় প্রিয়ধাম॥
কেহো বলে মহাতেজ অংশ অবতরি।
কেহো বলে কোন রূপ বুঝিতে না পারি॥
কিবা যোগী নিত্যানন্দ কিবা ভক্ত জ্ঞানী।
জার যেন মত ইচ্ছা না বোলয়ে কেনি॥
যে সে কেনে চৈতন্যের নিত্যানন্দ নয়।
সে চরন ধন মোর রহুক হৃদয়॥
এত পরিহারেও যে পাপি নিন্দা করে।
তবে লাথি মারোঁ তার শিরের উপরে॥
জয় ২ নিত্যানন্দ চৈতন্য জীবন।
তোমার চরনে মোর রহুক স্মরণ॥
তোমার হইঞা যেন গৌরচন্দ্র পাঙ।
জন্ম ২ যেন তোর সংহতি বেড়াঙ॥

যে শুনে সে আদিখণ্ড চৈতন্যের কথা।
তাহারে শ্রীগৌরচন্দ্র মিলিব সর্ব্বথা॥
ঈশ্বর পুরির স্থানে করিঞা বিদায়।
গৃহে আইলেন প্রভু শ্রীগৌরাঙ্গ রায়॥
শুনি সর্ব্ব নবদ্বীপ হইল আনন্দিত।
প্রাণ আসি দেহে যেন হৈল উপনীত॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বৃন্দাবন দাস তছু পদ যুগে গান॥

---

477. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGABATA—ĀDI-KHAṆḌA

BY

BṚNDĀBAN DĀSA.

Substance, country-made paper; 14" × 4½". Folia, 1-12, Lines, 10-12 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

প্রভু বলে মাতা দুঃখ ভাব কি কারনে।
ভবিতব্য যেবা আছে সে ঘুচিব কেমনে॥
এই মত কালগতি কার কেহো নহে।
অতএব সংসার অনিত্য বেদে কহে॥
ঈশ্বরের অধীনসে সকল সংসার।
সংযোগ বিয়োগ কে করিতে পারে আর॥
অতএব যে হইল ঈশ্বর ইচ্ছায়।
হইল সে আর কোন কার্য্য দুঃখে তায়॥
স্বামির অগ্রেতে গঙ্গা পায় যে সুকৃতি।
তার বড় আর কে আছয় ভাগ্যবতি॥
এই মত প্রভু জননিরে প্রবোধিয়া।
রহিলেন নিজ কির্ত্তে আপন লৈয়া॥
সবার হইল পুর্ব্ব দুঃখ মোচন।
শুনিঞা প্রভুর অতি অদ্ভুত বচন॥

End :

বৃহস্পতি জিনিঞা হইব বিদ্যাবান।
অল্পেই হইবেন সর্ব্ব......নিধান॥
সেইখানে বিপ্ররূপে এক মহাজন।
প্রভুর ভবিষ্য কর্ম্ম কহএ কথন॥
বিপ্র বলএ শিশু সাক্ষাত নারায়ন।
ইহা হইতে পরম ধর্ম্ম হইব স্থাপন॥
ইহা হৈতে হৈবেক অপূর্ব্ব প্রচার।
এ শিশু করিব সর্ব্ব জগত উদ্ধার॥
ব্রহ্মা শিব শুক জাহা বাঞ্ছে অনুক্ষন।
ইহা হৈতে তাহা পাইবেক সর্ব্বজন॥
সর্ব্বভূত দয়ালু নির্ব্বেদ দরশনে।
সর্ব্ব জগতের প্রীত হইবে ইহানে॥

---

478. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGABATA—ĀDI-KHANḌA

BY

BṚNDĀBAN DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 13, 15-22, 24, 27, 29-70. Lines, 10-11 on a page. Appearance about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 32 rev.

শিশু জানে কেহ কিছু না বলে হাসিয়া।
গঙ্গা স্নানে চলে নিজ বয়স্য লইয়া॥
পড়ুয়ার অন্ত নাহি নবদ্বীপ পুরে।
পড়িয়া মধ্যাহ্নে সবে গঙ্গাস্নান করে॥
এক অধ্যাপকের সহস্র শিষ্যগন।
অন্যোন্যে কলহ করে অনুক্ষন॥
প্রথম বয়স প্রভু স্বভাবে চঞ্চল।
পড়ুয়াগনের সঙ্গে করেন কন্দল॥
কেহ বলে তোমার জন্ম কোন বুদ্ধি তার।
কেহ বলে বল এই আমি শিশু জার॥
এই মতে অন্যে অন্যে হয় গালাগালি।
তবে জল ফেলাফেলি তবে দেয় বালি॥
তবে হয় মারামারি যে যাহারে পারে।
কর্দ্দমে ফেলাই কেহো কার গায় মারে॥
রাজার দোহাই দিয়া কেহো কারে ধরে।
মারিয়া পালায় কেহ গঙ্গার ওপারে॥
এত হুড়াহুড়ি করে পড়ুয়া সকল।
বালি কাদাময় সব হয় গঙ্গাজল॥
জল ভরিবারে নাহি পারে নারিগন।
না পারে করিতে স্নান ব্রাহ্মন সর্জ্জন॥
পরম চঞ্চল প্রভু বিশ্বম্ভর রায়।
এই মত প্রভু প্রতি ঘাটে ঘাটে জায়॥
প্রতি ঘাটে পড়ুয়ার অন্ত নাহি।
ঠাকুর কলহ করে প্রতি ঠাঁকি ঠাঁকি॥
প্রতি ঘাটে জায় প্রভু গঙ্গায় সাঁতরি।
এক ঘাটে দুই চারি দণ্ড ক্রিড়া করি॥
জত জত প্রামানিক পড়ুয়ার গন।
তারা বলে কলহ করহ কি কারন॥
জিজ্ঞাসা করহ বুঝি কার কোন বুদ্ধি।
বৃত্তি পাজি টিকায় কে জানে দেখি শুদ্ধি॥
প্রভু বলে ভাল ভাল এই কথা হয়।
জিজ্ঞাসুক আমারে জাহার চিত্ত লয়॥

Fol. 26 rev.

তোমার যে শব্দের গ্রন্থন-অভিপ্রায়।
তুমি বিনে বুঝাইলে বুঝন না জায়॥
এতেকে আপনে কিছু করহ ব্যাখান।
যে শব্দে যে বল তুমি সেই সুপ্রমান॥
শুনিঞা প্রভুর বাক্য সর্ব্ব মনোহর।
ব্যাখান করিবারে লাগিলা বিপ্রবর॥
ব্যাখ্যা করিলেই মাত্র প্রভু সেই ক্ষনে।
দুষিলেন আদি মধ্য অন্ত তিন স্থানে॥
প্রভু বলে এ সকল শব্দ-অলঙ্কার।
শাস্ত্র মত শুদ্ধ হৈতে বিষম অপার॥



তুমি যা দিয়াছ কোন অভিপ্রায় করি।
বল দেখি, বলিলেন গৌরাঙ্গ শ্রীহরি ॥
এত বড় সরস্বতি-পুত্র দিগ্বিজই।
সিদ্ধান্ত না স্ফুরে কিছু বুদ্ধি গেল হরি ॥
সাত পাঁচ বলে বিপ্র প্রবোধিতে নারে।
যে বলেন তাহা দোষেন শ্রীগৌর সুন্দরে ॥
সকল প্রতিভা পলাইল কোন স্থানে।
আপনে না বোঝে বিপ্র কি বলে আপনে ॥
প্রভু বলে এ থাকুক পড় কিছু আর।
পড়িতেও পূর্ব্বমত শক্তি নাহি আর ॥
কোন চিত্র তাহান সম্মোহ প্রভু স্থানে।
বেদেও পায়েন মহ যার বিদ্যমানে ॥
এ সব কার্য্য অসম্ভব নয়।
তেঞি বলি তান এই সর্ব্ব কর্ম্ম হয় ॥

---

479. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ĀDI-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 10½″ × 5¼″. Folia, 1-10. Lines 10-12 on a page. Appearance about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 rev.

শেষ বহি সংসারের গতি নাহি আর।
অনন্তের নামে সর্ব্ব জীবের উদ্ধার ॥
অনন্ত পৃথিবী গিরি-সমুদ্রসহিতে।
যে প্রভু ধরয়ে শিরে পালন করিতে ॥
সহস্র ফণার এক ফণে বিন্দু যেন।
অনন্ত বিক্রম না জানয়ে আছে হেন ॥
সহস্র বদনে কৃষ্ণ-যশ নিরন্তর।
গাইতে আছেন আদি দেব মহীধর ॥
হরি জিনি দোঁহে হয়ে মহা বলবন্ত।
গায়েন অনন্ত সে যশের নাহি অন্ত ॥

End:

তবে তার করাইল চৈতন্য নারায়ণ।
নানা স্থানে অবতীর্ণ কৈল ভক্তগণ ॥
নবদ্বীপে আসি সভে হইলা মিলন ॥
নবদ্বীপে হইবেক প্রভুর অবতার।
অতএব নবদ্বীপে মিলন সভার ॥
নবদ্বীপে হেন গ্রাম ত্রিভুবনে নাহি।
যথা অবতীর্ণ হইলা চৈতন্য গোসাঞি ॥

---

480. চৈতন্যভাগবত—আদিখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ĀDI-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 9¼″ × 5″. Folia, 1-130. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, Bankura.

Beg:

আদ্যে শ্রীকৃষ্ণ চৈতন্য গোষ্ঠীর চরণ।
অশেষ প্রকারে মোর দণ্ড-পরণামে ॥
তবে বন্দো শ্রীকৃষ্ণ চৈতন্য মহেশ্বর।
নবদ্বীপে অবতার নাম বিশ্বম্ভর ॥
আমার ভক্তের পূজা আমা হৈতে বড়।
সেই প্রভু বেদে ভাগবতে কৈল দড় ॥

* * *

এতেকে করিলা আগে ভক্তের বন্দন।
অতএব আছে কার্য্যসিদ্ধির লক্ষণ ॥
ইষ্টদেব বন্দো মোর নিত্যানন্দ রায়।
চৈতন্য-কীর্ত্তন স্ফুরে যাঁহার কৃপায় ॥



সহস্র বদনে বন্দো প্রভু বলরাম ।
যাঁহার সহস্র-মুখে কৃষ্ণ-যশধাম ॥
মহারত্ন থুই যেন মহাপ্রিয় স্থানে ।
যশরত্ন-ভাণ্ডার শ্রীঅনন্ত-বদনে ॥
অতএব আগে বলরামের স্তবন ।
করিলে সে মুখে স্ফুরে চৈতন্য-কীর্ত্তন ॥
সহস্রেক ফণাধর প্রভু বলরাম ।
যতেক করয়ে প্রভু সকল উদ্দাম ॥
হলধর মহাপ্রভু প্রকাণ্ড শরীর ।
চৈতন্যচন্দ্রের রসে মহাপ্রভু ধীর ॥
ততোধিক চৈতন্যের প্রিয় নাহি আর ।
নিরবধি সেই দেহে করয়ে বিহার ॥
তাঁহার চরিত্র যেই জনে শুনে গায় ।
শ্রীকৃষ্ণ চৈতন্য তারে পরম সহায় ॥
মহাপ্রিয় হয়ে তাঁরে মহেশ পার্ব্বতী ।
জিহ্বায় স্ফুরয়ে তার তথা সরস্বতী ॥
পার্ব্বতী প্রভৃতি নবার্ব্বুদ নারী লঞা ।
সঙ্কর্ষণ পূজে শিব উপাসক হঞা ॥

End :

কিবা যোগী নিত্যানন্দ কিবা তত্ত্বজ্ঞানী ।
যার যেন মত ইচ্ছা না বোলয়ে কেনি ॥
সে যে কেনে চৈতন্যের নিত্যানন্দ নহে ।
তবু সে চরণ ধন রহুক হৃদয়ে ॥
এত পরিহারেও যে পাপী নিন্দা করে ।
তবে লাথি মারোঁ তার মাথার উপরে ॥
জয় জয় নিত্যানন্দ চৈতন্য জীবন ।
তোমার চরণ মোর রহুক স্মরণ ॥
তোমার হইঞা যেন গৌরচন্দ্র গাঙ ।
জন্ম জন্ম যেন তোমার সংহতি বেড়াঙ ॥
ঈশ্বর পুরীর স্থানে করিলা বিদায় ।
পুরে চলি আইলেন শ্রীগৌরাঙ্গ রায় ॥
শুনি নবদ্বীপ পুরী হইল আনন্দিত ।
প্রাণ আসি দেহে যেন হৈল উপনীত ॥
যে শুনয়ে চৈতন্যের আদিখণ্ড কথা ।
তারে গৌরচন্দ্র প্রভু মিলয়ে সর্ব্বথা ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ চান্দ পহুঁ জান ।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান ॥

ইতি শ্রীচৈতন্য ভাগবতে আদিখণ্ডে মহাপ্রভো গয়া বিজয় বর্ণনং নাম চতুর্দ্দশোঽধ্যায় সমাপ্তশ্চায়মাদিখণ্ড

---

481. চৈতন্যভাগবত—আদিখণ্ড ।

CAITANYA-BHĀGAVATA—ĀDI-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper ; 14" × 5". Folia, 1-62. Lines, 13 on a page. Date, 1258 B.S. (1852 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 2 obv.

দুষ্ট লোকে কেহ ২ না দেখি পুরাণ ।
বলরাম রাসক্রীড়া করে অপ্রমাণ ॥
এক ঠাঁই দুই ভাই গোপিকা সমাজে ।
করিলেন রাসক্রীড়া বৃন্দাবন মাঝে ॥
* * *
ভাগবত যে না মানে সে যবন সম ।
তার শাস্তি আছে জন্মে ২ প্রভু যম ॥
তবে কেহ ২ নপুংসক বেশে নাচে ।
বোলে, বলরামের রাস কোন শাস্ত্রে আছে ॥
কোনো পাপি শাস্ত্র দেখিলেও নাহি মানে ।
এক অর্দ্ধ ছাড়ি অর্দ্ধ করিয়া বাখানে ॥
চৈতন্যচান্দের প্রিয় বিগ্রহ বলাই ।
তান স্থানে অপরাধে মরে সর্ব্ব ঠাঁই ॥
মূর্ত্তি ভেদে আপনেই যেন প্রভু দাস ।
সে সব লক্ষণ সব অবতারে পরকাশ ॥
সখা ভাই ব্যজন শয়ন আবাহন ।
গৃহ ছত্র বস্ত্র আদি ভূষণ আসন ॥



আপনে সকল রূপ দেখেন আপনে।
জারে বস্ত্রগ্রহ করে পায় সেইজনে॥

End :

কেহো বলে প্রভু নিত্যানন্দ বলরাম।
কেহো বোলে চৈতন্যের মহাপ্রিয় ধাম॥
কেহো বোলে মহাতেজ অংশ অধিকারি।
কেহো বোলে কোনরূপ বুঝিতে না পারি॥
কিবা যোগি নিত্যানন্দ কিবা তত্ত্ব জ্ঞানি।
যার যেন মত ইচ্ছা না বুলএ কেনি॥
যে সে কেনে নিত্যানন্দ চৈতন্যের নহে।
সে চরন কোমল মোর রহুক হৃদয়ে॥
এত পরিহারে যেই পাপি নিন্দা করে।
তবে লাথি মারো তার শিরের উপরে॥
জয় জয় নিত্যানন্দ চৈতন্য জিবন।
তোমার চরন মোর রহুক শরন॥
তোমার হইয়া যেন গৌরচন্দ্র গাঙ।
জন্মে জন্মে যেন তোমা সংহতি বেড়াঙ॥
যে শুনএ আদিখণ্ডে চৈতন্যের কথা।
তাহারে যে গৌরচন্দ্র মিলিব সর্ব্বথা॥
ঈশ্বর পুরির স্থানে হইয়া বিদায়।
গ্রিহে আইলেন প্রভু শ্রীগৌরাঙ্গ রায়॥
শুনি সব নবদ্বিপ হৈলা আনন্দিত।
প্রান আসি দেহে যেন হৈল উপনিত॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

Colophon.

যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীঠাকুর দাস, সন ১২৫৮ সাল তারিখ ৩০ মাঘে সমাপ্ত ইতি। পাঠক শ্রীমদন কর সাকিম বিরশিংহে।

---

482. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYAKHANDA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper ; 16" x 6". Folia, 1-106. Lines, 15 on a page. Date, 1065 B.S. (1659 A.D.). Complete. Place of find, Bankura.

Beg :

জয় জয় জয় বিশ্বম্ভর দ্বিজরাজ।
জয় বিশ্বম্ভর প্রিয় বৈষ্ণব সমাজ॥
জয় গৌরচন্দ্র ধর্ম্ম সেতু মহাধীর।
জয় সংকীর্ত্তন প্রিয় সুন্দর শরীর॥
জয় নিত্যানন্দের বান্ধব ধন প্রাণ।
জয় গদাধর অদ্বৈতের প্রেমধাম॥
জয় শ্রীজগদানন্দ প্রিয় অতিশয়।
জয় বক্রেশ্বর কাশীশ্বরের হৃদয়॥
জয় ২ শ্রীবাসাদি প্রিয়বর্গ নাথ।
জীব প্রতি কর প্রভু শুভ দৃষ্টিপাত॥
মধ্যখণ্ড কথা ভাই শুন এক চিত্তে।
সংকীর্ত্তন আরম্ভ হইল যেনমতে॥
গয়া করি আইলেন শ্রীগৌর সুন্দর।
পরিপূর্ণ ধ্বনী হইল নদিয়া নগর॥
আইলেন ঘর সব আপ্তবর্গ আগে।
কেহো আগে কেহো বাগে কেহো অতি পাছে॥
যথাযোগ্য করি প্রভু সভারে সম্ভাষ।
বিশ্বম্ভর দেখি সভে হইলা উল্লাস॥
আগু বাড়ি সভে আনিলেন নিজ ঘর।
তীর্থকথা সভারে কহেন বিশ্বম্ভর॥
প্রভু বোলে শ্রীনিবাস সভার আশীর্ব্বাদে।
গয়াভূমি দেখি আইলাঙ নির্ব্বিরোধে॥
পরম সুনম্র হই প্রভু কথা কহে।
সভে তুষ্ট হৈলা দেখি প্রভুর বিনয়ে॥



শিরে হাথ দিঞা কেহো চিরজীবী করে।
সর্ব্ব অঙ্গে হাথ দিঞা কেহো মন্ত্র পড়ে॥
কেহো বক্ষে হাত দিঞা করে আশীর্ব্বাদ।
গোবিন্দ শীতলানন্দ করুক প্রসাদ॥
হইলা আনন্দময় শচী ভাগ্যবতী।
পুত্র দেখি হরিষে না জানে আছে কতী॥

End:

যেনমতে সন্ন্যাস করিয়া প্রভু ধন্য।
প্রকাশিল আপনায় শ্রীকৃষ্ণ চৈতন্য॥
এ সকল কথার অবধি নাহি হএ।
আবির্ভাব তিরোভাব এই বেদে কহে॥
সর্ব্বকাল চৈতন্য এ সব লীলা করে।
কৃপাএ যে যখন যে দেখাএ তাহারে॥
আর কত লীলারস হইব সে স্থানে।
নিত্যানন্দ স্বরূপ সে সব তত্ত্ব জানে॥
তাহার আজ্ঞায় আমি কৃপা অনুসারে।
কিছুমাত্র সূত্র লেখিলাঙ পুস্তকেরে॥
সর্ব্ব বৈষ্ণবের পায় মোর নমস্কার।
ইথি অপরাধ কিছু নহুক আমার॥
শেষে ইহা কোটি ২ মুনি বেদব্যাসে।
বর্ণিবেন নানামতে অশেষ বিশেষে॥
এইমতে মধ্যখণ্ডে প্রভুর সন্ন্যাস।
যে কথা শুনিলে হয় চৈতন্যের দাস॥
মধ্যখণ্ডে ঈশ্বরের সন্ন্যাস গ্রহণ।
ইহার শ্রবণে মিলে কৃষ্ণ প্রেমধন॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ দুই প্রভু।
এই বাঞ্ছা ইহা যেন না পাসরি কভু॥
যেন দিন হইব কি চৈতন্য নিত্যানন্দে।
দেখিব চতুর্দ্দিগে বেষ্টিত ভক্তবৃন্দে॥
সুখমত্তে যে বলিবেক নিত্যানন্দ দাস।
অবশ্য দেখিবে সে চৈতন্য প্রকাশ॥
চৈতন্য প্রিয়ের বড় নিত্যানন্দ রায়।
সুতা সঙ্গে প্রভু সে না ছাড়েন সদায়॥
জগতেরে দান দেহ প্রভু নিত্যানন্দ।
অহর্নিশ ভজি যেন শ্রীগৌরচন্দ্র॥
সংসারের পার হঞা ভক্তির সাগরে।
যে ডুবিবেক সে ভজুক নিতাই চান্দেরে॥
কাষ্ঠের পুতুলি যেন কুহকে নাচায়।
এইমত গৌরচন্দ্র মোরে যে বোলায়॥
পক্ষি যেন আকাশের অন্ত নাহি পায়।
যতদূর শক্তি তত দূর উড়ি যায়॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বৃন্দাবন দাস তছু পদ যুগে গান॥

Colophon:

সমাপ্তশ্চায়ং মধ্যখণ্ড।……………………ইতি সন ১০৬৫ সাল তাং ৩ শ্রাবণ।

---

483. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYAKHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folia, 1-27, 29-105. Lines, 10-11 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 obv:

প্রভু বোলে বন্ধু সব কহি শুন কথা।
কৃষ্ণের অপূর্ব্ব যে দেখিল যথা ২॥
গয়ার ভিতরে মাত্র হৈলাঙো প্রবেশ।
প্রথমেই শুনিলাম মঙ্গল বিশেষ॥
সহস্র ২ বিপ্রে পড়ে বেদ বাণী।
দেখ ২ বিষ্ণু পাদোদক তীর্থখানি॥
পূর্ব্বে কৃষ্ণ যবে করিল গয়া আগমন।
এইখানে রহি প্রভু ধুইলা শ্রীচরণ॥
যার পাদোদক লাগি গঙ্গার মহত্ত্ব।
শিরে ধরি শিব জানে পাদোদক তত্ত্ব॥



সে চরণোদক প্রভাবে সেইস্থান ।
জগতে হইল পাদপদ্ম তীর্থনাম ॥
পাদপদ্ম তীর্থের লইতে প্রভু নাম ।
অঙ্কুর বহয়ে দুই কমল নয়ান ॥
শেষে প্রভু খাঁইলেন বস্তু অনন্তর ।
কৃষ্ণ বলি কাঁদিতে লাগিলা বহুতর ।

* * * *

মহাশ্বাস ছাড়ি প্রভু কৃষ্ণ ২ বোলে ॥
পুলকে পূরিত হৈল সর্ব্ব কলেবর ।
ধীর নহে প্রভু কম্প ভারে থরথর ॥
শ্রীমান পণ্ডিত আদি জত ভক্তগন ।
দেখেন সম্পূর্ণ কৃষ্ণ ভাবের লক্ষন ॥
চতুর্দ্দিগে নয়ানের বহয়ে প্রেমধার ।
গঙ্গা জেন আসি করিলেন অবতার ॥
মনে ২ সভেই ভাবেন অসম্ভাব ।
এমত ইহারে কভো নাহি দেখি আর ॥
শ্রীকৃষ্ণের অনুগ্রহ হইল ইহানে ।
কি বিভব পথে না হৈল দরশনে ॥
বাহ্য দৃষ্টি প্রভু হৈলেন কথোক্ষনে ।
শেষে প্রভু সম্ভাষা করিলা সভাজনে ॥
প্রভু বোলে বন্ধুসব আজি ঘরে জায় ।
কালি সভা বলি তথা আসিবারে চায় ॥

End :

জেন মতে পুষ্প তুলি সর্ব্ব ভক্তগন ।
সভেক্তি ভজুক কৃষ্ণচন্দ্রের চরন ॥
কেমতে পুষ্প তুলি সর্ব্ব ভক্তগন ।
পূজা করিবারে সভে করিলা গমন ॥
শ্রীমান পণ্ডিত বলিলেন গদাধরে ।
শুক্লাম্বর ব্রহ্মচারি তাহার মন্দিরে ॥
শুনিয়া এসব কথা প্রভু গদাধর ।
শুক্লাম্বর গৃহ প্রতি চলিলা সত্বর ॥
কিবা কথা কৃষ্ণের করেন শুনি গিঞা ।
থাকিলেন শুক্লাম্বর গৃহে লুকাইঞা ॥
সদাশিব মুরারি শ্রীমান শুক্লাম্বর ।
মিলিলা সকল আসি আনন্দ অন্তর ॥
জেমতি সমস্ত বিশ্বম্ভর বিজয়ায় ।
আসিঞা মিলিলা তথা বৈষ্ণব সমাজ ॥
পরম আদরে সভে করেন নমস্কার ।
প্রভুর নাহিক বাহ্য দৃষ্টি পরকাশ ॥
দেখি জেন মাত্র প্রভু ভাগবতগন ।
পড়িতে লাগিলা শ্লোক ভক্তির লক্ষন ॥
পাইলুঁ ঈশ্বর মোর * দেলা ॥
এত বলি স্তম্ভ কোলে করিঞা পড়িলা ॥
ভাঙ্গিল গৃহের স্তম্ভ প্রভুর আবেশে ।
কৃষ্ণ কথা বলি পড়িলেন মুক্তকেশে ॥
প্রভু পড়িলেন মাত্র শ্রীকৃষ্ণ বলিঞা ।
ভক্ত সব পড়িলেন............ ॥
কথোক্ষনে বাহ্য প্রকাশিলা বিশ্বম্ভর ।
কৃষ্ণ বলি কাঁদিতে লাগিলা বহুতর ॥

---

484. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড ।

CAITANYA-BHĀGAVATA—MADHYAKHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper ; 13″ × 4½″. Folia, 8-10, 1-27, 29-32 etc. Lines, 11-12 on a page. Appearance, about 225 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 70 obv.

জেনমতে নবদ্বীপে প্রভু বিশ্বম্ভর ।
ক্রীড়া করে নহে সর্ব্ব নয়ন গোচর ॥
লোকে দেখি পূর্ব্ব জেন নিমাঞি পণ্ডিত ।
অতি বিরক্ত আর কিছু না দেখে চরিত ॥
জখন প্রবিষ্ট হএ সেবকেরে মেলে ।
তখনে অন্যএ এইমত কুতূহলে ॥
আর জেন তাহা জেন তাহারে দেখায় ।
বাহির হইলে মাত্র আপনা লুকায় ॥



একদিন অদ্বৈতের হৈল হেনমতি।
আজ্ঞা হৈল নিত্যানন্দ হরিদাস প্রতি॥
শুন ২ নিত্যানন্দ শুন হরিদাস।
সর্ব্বত্র আমার আজ্ঞা করহ প্রকাশ॥
প্রতি ঘরে ২ এই কর গিয়া ভিক্ষা।
বল কৃষ্ণ কহ কৃষ্ণ কৃষ্ণ কর শিক্ষা॥
ইহা বহি আর না বলিবা বোলাইবা।
দিন অবসেসে আসি আমারে কহিবা॥
তোমরা কহিলে ভিক্ষা না লইব।
তবে চক্র হস্তে আমি আপনে কাটিব॥
আজ্ঞা শুনি হাসে সব বৈষ্ণব মণ্ডল।
অন্যথা করিতে আজ্ঞাকার আছে বল॥
আজ্ঞা শিরে করি নিত্যানন্দ হরিদাস।
সেইক্ষণে চলিলা পথেতে আসি হাস॥

End :

ক্ষণে কম্প ক্ষণে স্বেদ ক্ষণে মূর্চ্ছাকার।
আছাড় দেখিতে সর্ব্বলোক ভয় পায়॥
অনন্ত ব্রহ্মাণ্ড......নিজ দাস তারে।
মহোৎসব করি সভাস্থানে ভক্তি মাগে॥
সে কান্দন দেখিতে কান্দয় সর্ব্বলোক।
............সে ভাবে মহাশোক॥
কেমনে ধরিব প্রাণ ইহার জননি।
আজি তারে পোহাইব কি কাল রজনি॥
..............................নিধি।
কোন বা দারুন দোষে হরিলেক বিধি।
আমরা সভের প্রাণ বিনয়ে শুনিছে।

---

485. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGABATA—MADHYAKHAṆḌA

BY

BṚNDĀBAN DĀSA

Substance, country-made paper ; 14" × 5". Folia, 1-139. Lines, 9-11 on a page. Date, 1124 B.S. (1718 A.D.). Complete. Place find, Bankura.

Fol. 2 obv.

শিরে হস্ত দিয়া কেহো চিরজীবি করে।
সর্ব্ব অঙ্গে হস্ত দিয়া কেহ মন্ত্র পড়ে॥
কেহো বক্ষে হস্ত দিয়া করে আশির্ব্বাদ।
গোবিন্দ নিত্যানন্দ করহ প্রসাদ॥
হইলা আনন্দময়া শচি ভাগ্যবতি।
পুত্র দেখি হরিসে না জানে আছে কতি॥
লক্ষির জনককুলে আনন্দ উঠিল।
পতি মুখ দেখিয়া লক্ষির দুঃখ গেল॥
সকল বৈষ্ণবগন হরিস হইল।
দেখিতেও সেইখনে কেহো ২ গেল॥
সভারে করিলা প্রভু বিনয় সম্ভাস।
বিদায় দিলেন সভে গেলা নিজবাস॥
বিষ্ণুভক্ত গুটি দুই চারিজন প্রভু নিলা।
রহস্য কথা কহিবারে বসিলেন গিয়া॥
প্রভু বলে বন্ধু সব শুন কহি কথা।
কৃষ্ণের অপূর্ব্ব যে দেখিলাঙ যথা তথা॥
গয়ার ভিতরে মাত্র হইলাঙ প্রবেশ।
প্রথমেএ শুনিলাঙ মঙ্গল প্রবেশ॥
সহস্র ২ বিপ্র পড়ে বেদধ্বনি।
দেখ ২ বিষ্ণু পাদোদক তির্থ খানি॥
পূর্ব্বে কৃষ্ণ যবে কৈলা গয়ার গমন।
সেই স্থানে রহি প্রভু ধুইলা চরন॥



Fol. 60 rev.

প্রভুরে নাথ মোর বাপ বিশ্বম্ভর।
মুঞি মুক্তি মোর অপরাধ ক্ষেমা কর॥
শচিনন্দন বাপ কৃপা কর মোরে।
কুকুর করিয়া মোরে রাখ ভক্ত ঘরে॥
প্রেম ভক্তিময় হৈলা প্রভু হরিদাস।
পুন ২ করে কাৰ্য্যেও না পুরয়ে আশ॥
প্রভু বলে শুন ২ মোর হরিদাস।
দিবসেক যে তোমার কৈল সঙ্গে বাস॥
তিলার্দ্ধেক যার সঙ্গে কই ভক্তিকথা।
সে অবশ্য পাইব আমা নাহিক অন্যথা॥
তোমারে যে করে শ্রদ্ধা সে আমারে করে।
নিরন্তর আমি আছি তোমার শরিরে॥
তুমি হেন সেবকে আমার ঠাকুরাল।
তুমি আমার হৃদয়ে বান্ধিলেক সর্ব্বকাল॥
মোর স্থানে মোর সর্ব্ব বৈষ্ণবের স্থানে।
বিনে অপরাধে তোরে দিল ভক্তিদানে॥

End :

মধ্যখণ্ডে ঈশ্বরের প্রকাশ প্রধান।
ইহার শ্রবনে মিলে কৃষ্ণ প্রেমধন॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ দুই প্রভু।
এই বাক্য ইহা যেন না পাসরি কভু॥
হেন দিন হৈব কি চৈতন্য নিত্যানন্দে।
দেখিব চতুর্দ্দিগে বেষ্টিত ভক্তবৃন্দে॥
মুখের যে জন বলিবেক নিত্যানন্দ দাস।
অবশ্য দেখিবেক চৈতন্য প্রকাশ॥
চৈতন্যপ্রিয় বড় নিত্যানন্দ রায়।
কৃতার সঙ্গে প্রভু না ছাড়ে সদাই॥
জগতেরে দান দেহ প্রভু নিত্যানন্দ।
অহর্নিশি ভজে যেন গৌরচন্দ্র॥
সংসারের পার হঞা ইহ ভক্তির সাগরে।
যে ডুবিবেক সেই ভজুক নিতাই চান্দেরে॥
কাষ্ঠের পুতুলি যেন কুহকে নাচায়।
এই মত গৌরচন্দ্র যে মোরে বোলায়॥
পক্ষী যেন আকাশের অন্ত নাহি পায়।
অতএব শক্তি অতএব .... কায়॥

* * * *

শ্রীচৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
শ্রীবৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

Colophon.

যথাদৃষ্টমিত্যাদি। ইতি সন ১১২৪ সাল। তারিক ৭ কার্ত্তিক। পরগনে বিষ্ণুপুর। সা° জামকুড়ে। পঠনার্থে শ্রীদেব মোহন বরা॥

---

486. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA

Substance, country-made paper; 13″ x 6″. Folia, 1-124. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Fol 2 obv.

তুমি মোর পিতা মুঞি নন্দন তোমার।
জন্ম ২ তুমি প্রেম সম্পত্তি আমার॥
এতেক বলিঞা তারে ঠাকুর চলিলা।
মূর্চ্ছাগত হঞা চন্দ্রশেখর পড়িলা॥
কৃষ্ণের অচিন্ত্য শক্তি বুঝন না যায়।
অতএব সে বিরহে প্রাণ রক্ষা পায়॥
তবে নবদ্বীপে চন্দ্রশেখর আইলা।
সভা স্থানে কহিলেন প্রভু বনে গেলা॥
শ্রীচন্দ্রশেখর মুখে শুনি ভক্তগণ।
আর্ত্তনাদে লাগিলেন করিতে ক্রন্দন॥
শুনিঞা হইলা মাত্র অদ্বৈত মূর্চ্ছিত।
প্রাণ নাহি দেহে প্রভু পড়িলা ভূমিত॥



শচী দেবীর ছিলেন বড় জড় হঞা ।
চিত্রের পুতলি প্রায় আছেন তাথাঞা ॥
ভক্তপত্নী সব কত পতিব্রতাগণ ।
ভূমিতে পড়িঞা সভে করেন ক্রন্দন ॥
কোটী ভক্তগণে বলিয়া বিলাপ ।
বলিতে না পারি তা সভার অনুতাপ ॥
অদ্বৈত বলেন মোর না রহে জীবন ।
বিদরে পাষাণ কাষ্ঠ শুনিতে ক্রন্দন ॥
অদ্বৈত বলেন মোর কি কার্য্য জীবনে ।
সে হেন ঠাকুর মোর ছাড়িল কখনে ॥

Fol. 74 obv.

যেনমতে নবদ্বীপে বিশ্বম্ভর রায় ।
ভক্তগনে সংকীর্ত্তন করয়ে সদায় ॥
দ্বার দিঞা নিশাভাগে করয়ে কীর্ত্তন ।
প্রবেশিতে নারে ভিন্ন লোক কোন জন ॥
একদিন নাচে প্রভু শ্রীবাসের বাড়ি ।
ঘরে ছিল লুকাইঞা শ্রীবাস সাশুড়ি ॥
ঠাকুর পণ্ডিত আদি কেহো নাহি জানে ।
ডোল মুড়ি দিঞা আছে ঘরে এক কোনে ॥
লুকাইলে কি হয় অন্তরে ভাগ্য নাই ।
অল্প ভাগ্যে সেই নৃত্য দেখিতে না পাই ॥
নাচিতে ২ প্রভু বলে ঘনে ২ ।
উল্লাস আমার আজি নহে কি কারণে ॥
সর্ব্বভূত অন্তর্যামী জানেন সকল ।
জানিঞাও না কহে করয়ে কুতূহল ॥
পুন ২ নাচি বলে সুখ নাহি পাই ।
কেহো নাকি লুকাইঞা আছে কোন ঠাঁই ॥
সর্ব্ব বাড়ি বিচার করিঞা জনে ২ ।
শ্রীবাস সকল ঘর চাহেন আপনে ॥
ভিন্ন কেহো নাহি বলি করয়ে কীর্ত্তন ।
পুনর্ব্বার নাচে প্রভু শ্রীশচীনন্দন ॥
আরবার রহি বোলে সুখ নাহি পাই ।
আজি বা কৃষ্ণের অনুগ্রহ হল্য নাই ॥

End :

মুখেও যে বলিবেক নিত্যানন্দ দাস ।
অবশ্য দেখিবেক সে চৈতন্য প্রকাশ ॥
চৈতন্যের প্রিয়তম নিত্যানন্দ রায় ।
কৃপা সঙ্গে প্রভু না ছাড়ে আমায় ॥
জগতেরে দান দেহ প্রভু নিত্যানন্দ ।
অহর্নিশ ভজে যেন শ্রীগৌরচন্দ্র ॥
সংসারের পার হঞা ঠৈর ভক্তির সাগরে ।
যে ডুবিবে সে ভজুক নিতাই চাঁদেরে ॥
কাষ্ঠের পুতলি যেন কুহকে নাচায় ।
এই মত গৌরচন্দ্র মোরে বোলায় ॥
পক্ষি যেন আকাশের অন্ত নাহি পায় ।
যতদূর শক্তি ততদূর উড়ি যায় ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান ।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান ॥

---

487. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড ।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA

Substance, country-made paper ; $10\frac{1}{4}'' \times 5''$. Folia, 1-64, 70-156. Lines 11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 3 rev.

পরম মঙ্গল এই কহিলাঙ কথা ।
অবশ্য কারন ইথে আছএ সর্ব্বথা ॥
শ্রীবাসের বচন শুনিঞা ভক্তগণ ।
হরি বলি মহাধ্বনি করিলা তখন ॥
প্রথমেই বুলিলেন শ্রীবাস উদার ।
মোর বাড়াউক কৃষ্ণ আপা সভাকার ॥

* * * *

উঠিল মধুর কৃষ্ণ শ্রবণ মঙ্গল কীর্ত্তন ॥
তথাস্তু তথাস্তু বলে ভাগবতগণ ।
সবেই ভজুক কৃষ্ণচন্দ্রের চরণ ॥



যেনমতে পুষ্প তুলি সব ভক্তগণ।
পূজা করিবারে সঙ্গে করিলা গমন॥
শ্রীবাস পণ্ডিত তবে চলিলা গঙ্গাতীরে।
শুক্লাম্বর ব্রহ্মচারী তাঁহার মন্দিরে॥
শুনিঞা এ সব কথা প্রভু গদাধর।
শুক্লাম্বর গৃহ প্রতি চলিলা সত্বর॥
কি আখ্যান কৃষ্ণের করেন শুনি গিয়া।
থাকিলেন শুক্লাম্বরের গৃহে লুকাইয়া॥
সদাশিব মুরারি শ্রীবাস শুক্লাম্বর।
মিলিলা সকল যত প্রেম অনুচর॥
হেনই সময়ে বিশ্বম্ভর দ্বিজরাজ।
আসিয়া মিলিলা যথা বৈষ্ণব সমাজ॥
পরম আদরে সভে করেন সম্ভাষ।
প্রভুর নাহিক বাহ্যদৃষ্টির প্রকাশ॥

Fol. 155 rev.

প্রভুও হইলা তুষ্ট লইয়া সন্যাস।
সর্ব্ব ভক্তগণের হইল পূর্ণ কাম॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নাম হইল প্রকাশ।
দণ্ডবত হইয়া পড়িলা সর্ব্ব দাস॥
যেনমতে সন্ন্যাস করিয়া প্রভু সত্য।
প্রকাশিলা আপনাম শ্রীকৃষ্ণ চৈতন্য॥
এ সকল কথার অবধি নাহি হয়।
আবির্ভাব তিরোভাব মাত্র বেদে কয়॥
সর্ব্বকাল চৈতন্য সকল লীলা করে।
কৃপায়ে যখন যে দেখায়েন যাঁহারে॥
আর কত লীলাকৃত হৈল সেই স্থানে।
নিত্যানন্দ স্বরূপে সে সর্ব্ব তত্ত্ব জানে॥
তাহার আজ্ঞায়ে আমি কৃপা অনুরূপে।
কিছুমাত্র সূত্র আমি লিখিল পুস্তকে॥
সর্ব্ব বৈষ্ণবের পায়ে মোর নমস্কার।
ইথে কিছু অপরাধ নহুক আমার॥
সেবে ইহা কোটি ২ মুনি বেদব্যাসে।
বর্ণিবেন নানামতে অশেষ বিশেষে॥

---

489. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{4}'' \times 5\frac{1}{4}''$. Folia, 1-35. Lines, 9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

জয় ২ বিশ্বম্ভর জয় দ্বিজরাজ।
জয় বিশ্বম্ভর প্রিয় বৈষ্ণব সমাজ॥
জয় গৌরচন্দ্র সর্ব্ব......মহা ধীর।
নিজ শক্তি সংকীর্ত্তন সুন্দর শরীর॥
জয় নিত্যানন্দ সর্ব্ব বান্ধব মম প্রাণ।
জয় গদাধর অদ্বৈতের প্রেমধাম॥
জয় শ্রীজগদানন্দ প্রিয় অতিশয়।
জয় জয় বক্রেশ্বর পণ্ডিত সদয়॥
জয় জয় শ্রীবাসাদি প্রিয়বর্গ নাথ।
জীব প্রতি কর প্রভু শুভ দৃষ্টিপাত॥
মধ্যখণ্ড কথা যথা অমৃতের খণ্ড।
যে কথা শুনিলে ঘুচে অন্তর পাষণ্ড॥
মধ্যখণ্ড কথা ভাই শুন একচিত্তে।
সঙ্কীর্ত্তন আরম্ভ হইল যেন মতে॥
গয়া করি আইলেন শ্রীগৌর সুন্দর।
পরিপূর্ণ ধ্বনী হৈল নদিয়া নগর॥
ধাইলেন সভে তথ আপ্ত বর্গ আছে।
কেহো আগে কেহো মধ্যে কেহো অতি পাছে॥
যথাযোগ্য করি প্রভু সভাকে সম্ভাষে।
বিশ্বম্ভর দেখি সভে হইলা উল্লাসে॥
আগু হঞা সভে আনিলেন নিজ ঘরে।
তীর্থকথা সভারে কহেন বিশ্বম্ভরে॥
প্রভু বোলেন তোমা সভার আশির্ব্বাদে।
গয়া ভূমি দেখি আইলাও নির্ব্বিরোধে॥



End :

নিত্যানন্দ গৌরচন্দ্র নাচে এক ঠাঞি।
মহামত্ত দুইজন কারো বাহ্য নাঞি
সকল বৈষ্ণব হৈলা আনন্দে বিহ্বল।
ব্যাসপূজা মহোৎসব মহাকুতূহল॥
কেহো নাচে কেহো গায় কেহো গড়ি যায়।
সভেই চরণ ধরে যে যাহার পায়॥
চৈতন্য প্রভুর মাতা জগতের আই।
নিভৃতে বসিঞা রঙ্গ দেখেন তথাই॥
বিশ্বম্ভর নিত্যানন্দে দেখেন যখনে।
দুই জন মোর পুত্র হেন বাসে মনে॥
ব্যাসপূজা মহোৎসব পরম উদার।
আপনে অনন্ত সেই নারে বর্ণিবার॥
তত্র আমি কিছু কহি চৈতন্য চরিত।

*   *   *

---

490. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper ; 10¼" × 5¼". Folia, 1-175, 178-222. Lines, 10 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura

Beg :

জয় ২ বিশ্বম্ভর জয় দ্বিজরাজ।
জয় বিশ্বম্ভর প্রিয় বৈষ্ণব সমাজ॥
জয় গৌর চন্দ্র ধর্ম সেতু মহা ধীর।
জয় সংকীর্তন ময় সুন্দর শরীর॥
জয় নিত্যানন্দের বান্ধব ধন প্রান।
জয় গদাধর অদ্বৈতের প্রেমধাম॥
জয় শ্রীজগদানন্দ প্রিয় অতিশয়।
জয় বক্রেশ্বর কাশীশ্বরের হৃদয়॥
জয় জয় শ্রীবাসাদি প্রিয়বর্গ নাথ।
জীব প্রতি কর প্রভু শুভ দৃষ্টিপাত॥
মধ্যখণ্ড কথা যেন অমৃতের খণ্ড।
যে কথা শুনিলে ঘুচে অন্তর পাষণ্ড॥
মধ্যখণ্ড কথা ভাই শুন একচিত্তে।
সংকীর্তন আরম্ভ হইল যেন মতে॥
গয়া করি আইলেন শ্রীগৌর সুন্দর।
পরিপূর্ণ ধ্বনী হৈল নদিয়া নগর॥
ধাইলেন সভে জত আপ্তবর্গ আছে।
কেহো আগে কেহো মাঝে কেহো অতি পাছে॥
যথা যোগ্য করি প্রভু সভারে সম্ভাষ।
বিশ্বম্ভর দেখি সভে হইলা উল্লাস॥

Fol, 97 rev.

ডাকি বোলে বিশ্বম্ভর একী কর কর্ম।
গৃহস্থের বাড়িতে এমত নহে ধর্ম॥
এখনে বুঝিলা তুমি আমি কি পাগল।
এই বলে নিজ বাক্য ঘুচিল সকল॥
জার বাহ্য নাহি তার বচনে কি লাজ।
নিত্যানন্দ ভাসেন আনন্দ সিন্ধু মাঝ॥
আপনে ধরিয়া প্রভু পরায়ে বসন।
এমত অচিন্ত্য নিত্যানন্দের কথন॥
চৈতন্যের বচন অঙ্কুশ সভে এ মানে।
নিত্যানন্দ মত্ত সিংহ আর নাহি জানে॥
আপনে তুলিয়া হাথে ভাত নাহি খায়।
পুত্র প্রায় করি অন্ন মালিনী যোগায়॥
নিত্যানন্দ অনুভাব জানে পতিব্রতা।
নিত্যান[ন্দ] সেবা করে জেন পুত্র মাতা॥
একদিন পিত্তলের বাটী লৈল কাকে।
উড়িয়া বসিল কাক যে ডালেতে থাকে॥
অদৃশ্য হইয়া কাক কোন ঠাঞে গেল।
মহাচিন্তা মালিনীর চিত্তেতে জন্মিল॥
বাটী থুই সেই কাক আইল আরবার।
মালিনী দেখয়ে শূন্য বদন তাহার॥



মহাতীর ঠাকুর পণ্ডিত ব্যবহার।
শ্রীকৃষ্ণের ঘৃত পাত্র হইল অপহার॥
শুনিলে প্রমাদ হৈব যেন মনে গুণী।
নাহিক উপায় কিছু কান্দয়ে মালিনী॥
হেন কালে নিত্যানন্দ আইলা সেই স্থানে।
দেখয়ে মালিনী কান্দে নাহিক কারণে॥
হাসি বোলে নিত্যানন্দ কান্দ কি কারণে।
কোন দুঃখ বোল মাতা করিব খণ্ডন॥
মালিনী বোলএ শুন শ্রীপাদ গোসাঞি।
ঘৃত পাত্র কাকে লৈয়া গেল কোন ঠাঞি॥
নিত্যানন্দ বোলে মাতা চিন্তা পরিহর।
আমি দিব বাটী তুমি ক্রন্দন সম্বর॥
কাক প্রতি হাসি প্রভু বোলএ বচন।
অহে কাক! বাটি বাটী আনহ এখন॥
সভার হৃদয়ে নিত্যানন্দের বসতী।
তার আজ্ঞা লঙ্ঘিবেক কাহার শকতি॥
শুনিঞা প্রভুর বাক্য কাক উড়ি যায়।
শোকাকুলা মালিনী কাকের পানে চায়॥
অপেক উড়িয়া কাক অদৃশ্য হইল।
বাটী মুখে করি পুন সেখানে আইল॥
আনিয়া থুইল বাটী মালিনীর স্থানে।
নিত্যানন্দ প্রভাব মালিনী ভাল জানে॥

End:

চৈতন্যের প্রিয়তম নিত্যানন্দ রায়।
প্রভু ভৃত্য সঙ্গে যেন না ছাড়ে আমায়॥
জগতের............হেন নিত্যানন্দ।
তান হঞা যেন ভজোঁ প্রভু গৌরচন্দ্র॥
সংসারের পার হৈয়া ভক্তির সাগরে।
ডুবিবে যে সে ভজুক নিতাই চান্দেরে॥
কাঠের পুতুলী যেন কুহকে নাচায়।
এই মত গৌরচন্দ্র মোরে যে বোলায়॥
পক্ষি যেন আকাশের অন্ত নাহি পায়।
যতদূর শক্তি ততদূর উড়ি যায়॥
এই মত চৈতন্য কথার অন্ত নাই।
যার যত শক্তি সভে তত গাই॥

শ্রীচৈতন্য নিত্যানন্দ চান্দ পহুঁ জান।
বৃন্দাবনদাস তছু পদ যুগে গান॥

Colophon:

সমাপ্তঃ গ্রন্থ মধ্যখণ্ড। শ্রীহরি॥

---

491. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 9½" × 5". Folia, 1-200. Lines, 10 on a page. Date, 1219 B. S. (1813 A. D.), Complete. Place of find, Bankura.

Beg:

গয়া করি আইলেন শ্রীগৌরাঙ্গ সুন্দর।
পরিপূর্ণ ধ্বনি হইল নদীয়া নগর॥
ধাইলেন সঙ্গে হত আত্মবর্গ আছে।
কেহো আগে কেহো মাঝে কেহো অতি পাছে॥
যথাযোগ্য করি প্রভু সভারে সম্ভাষ।
বিশ্বম্ভর দেখি সভে হইল উল্লাস॥
আগুবাড়ি সভে আনিলেন নিজ ঘরে।
তীর্থ কথা সভারে কহেন বিশ্বম্ভরে॥
প্রভু বোলে তোমা সভার আশীর্বাদে।
গয়া ভূমি দেখি আইলাঙ নির্বিরোধে॥
পরম সুনম্র হই প্রভু কথা কহে।
সভে তুষ্ট হইলা দেখি প্রভুর বিনয়ে॥
শিরে হাথ দিঞা কেহো চিরজিবী করে।
সর্ব্ব অঙ্গে হাত দিয়া কেহো মন্ত্র পড়ে॥
কেহো বক্ষে হাত দিয়া করে আশীর্বাদ।
গোবিন্দ শীতলানন্দ করহ প্রসাদ॥



হইলা আনন্দময় শচী ভাগ্যবতী ।
পুত্র দেখি হরিষে না জানে আছে কতি ॥
লক্ষ্মীর জনক কুলে আনন্দ উঠিল ।
পতিমুখ দেখিয়া লক্ষ্মীর দুঃখ গেল ॥
সকল বৈষ্ণবগণ হরিষ হইলা ।
দেখিতেও সেইক্ষণে কেহো ২ গেলা ॥
সভারে করিলা প্রভু বিনয় সম্ভাষ ।
বিদায় দিলেন সভে গেলেন অবাস ॥
বিষ্ণু ভক্ত গুটি দুই চারিজন লঞা ।
বহু কথা কহিবারে বসিলেন গিঞা ॥
প্রভু বলে বন্ধু সব শুন কহি কথা ।
ভকে করয়ে অপূর্ব্ব দেখিল যথাতথা ॥

End :

কাঠের পুতলি যেন কুহকে নাচায় ।
এই মত গৌর চন্দ্র মোরে যে বোলায় ॥
পক্ষি যেন আকাশের অন্ত নাঞি পায় ।
যত শক্তি থাকে তত দূর উড়ি যায় ॥
এই মত চৈতন্য কথার অন্ত নাঞি ।
যারে যত দেন শক্তি তত লয়ে যাই ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দচান্দ জান ।
বৃন্দাবনদাস তছু পদযুগে গান ॥

Colophon :

যথাদৃষ্টমিত্যাদি লিখিতং শ্রীজগন্নাথ সাহা সাং পীরোজ-পুর । সন ১২১১ শাল বাঙ্গলা । তারিখ ১৮ আসাড় । তিথি পঞ্চমি । ইতি মধ্যখণ্ড সমাপ্ত । কৃষ্ণশরনং ॥

---

492. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড ।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper ; $12\frac{1}{2}'' \times 4\frac{1}{4}''$. Folia, 29-100. Lines, 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 32 obv.

তুমি সে বেদান্ত বিদ্য তুমি নারায়ন ।
তুমি সে ছলিলা বলি হইয়া বামন ॥
তুমি হয়......তুমি জগত জীবন ।
তুমি নীলাচলচন্দ্র সভার তারন ॥
তোমার মায়ায় কারো নাহি হয় ভঙ্গ ।
কমলা না জানয়ে যার সনে একসঙ্গ ॥
সঙ্গি সখা ভাই সব সর্ব্বমতে সেবে যে ।
হেন জন মোহ মানে অন্ন জন কে ॥
মিথ্যা গৃহ বাসে মোরে পাড়িঞাছ ভোলে ।
তোমা না জানিঞা মোর জন্ম গেল হেলে ॥
নানা মায়া করি তুমি আমারে বঞ্চিলা ।
সাক্ষি ধৃতি আদি করি আমার রহিলা ॥
তাথে মোর ভয় নাহি শুন প্রাননাথ ।
তুমি হেন প্রভু মোরে হইলা সাক্ষাত ॥
আজি মোর সকল দুঃখের হইল নাশ ।
আজি মোর দিবস হইল পরকাশ ॥
আজি মোর জন্ম কর্ম্ম সকল সফল ।
আজি মোর সকল উদয় সুমঙ্গল ॥
আজি মোর পিতৃকুল হইল উদ্ধার ।
আজি সে বসতি ধন্য হইল আমার ॥
আজি মোর নয়নের ভাগ্যের কি সিমা ।
তাহা দেখি যার শ্রীচরন সেবে রমা ॥
বলিতে আবিষ্ট হইলা পণ্ডিত শ্রীবাস ।
ঊর্দ্ধ বাহু করি কান্দে ছাড়ে ঘনশ্বাস ॥



গঙ্গাখড়ি আর ভাগ্যবন্ত শ্রীনিবাস।
দেখিয়া অপূর্ব্ব গৌরচন্দ্রের প্রকাশ॥
কি অদ্ভুত সুখ হৈল শ্রীবাস সহিতে।
ডুবিলেন বিপ্রবর আনন্দ সাগরে॥
হাসিয়া শুনেন প্রভু শ্রীবাসের স্তুতি।
সদয় হইয়া বোলে শ্রীবাসের প্রতি॥

End :

জয় ২ ধ্বনি তার.........বড়াই।
চৈতন্যের সেবা হৈতে আর কিছু নাই॥
নিত্যানন্দ মহাপ্রভু যারে কৃপা করে।
আর যেন মত ভক্তি সেই সে আদরে।
অহর্নিশি জানায়েন প্রভু নিত্যানন্দ।
কেন ভাই সব মোর প্রভু গৌরচন্দ্র॥
চৈতন্য স্মরণ করে আচার্য্য গোসাঞি।
নিরবধি কান্দে আর কিছু স্থিতি নাঞি॥
ইহা দেখি চৈতন্যেতে আর ভক্তি নয়।
তাহার......হয় দুষ্কৃতির ক্ষয়॥
বৈষ্ণবাগ্রগণ্য বুঝি যে অদ্বৈত গায়।
সেই বৈষ্ণব জয় ২.........॥

---

493. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 12¼" × 4¼". Folia, 1, 3-28. Lines, 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 obv.

সভেই বোলেন আজি বড় দেখি হাস্য।
শ্রীমান বোলেন আছে কারণ অবশ্য॥

কত দেখি বুঝিলেন ভাগবতগণ।
শ্রীমান পণ্ডিত বোলে শুনহ কারণ॥
পরম অদ্ভুত কথা মহা অসম্ভব।
নিমাঞি পণ্ডিত হৈলা পরম বৈষ্ণব॥
গয়া হৈতে আইলেন সকল কুশলে।
শুনি আমি সম্ভাষিতে গেলাঙ বিকালে॥
পরম বিরক্তরূপ সকল সম্ভাষ।
তিলার্দ্ধেক ঔদ্ধত্যের নাহিক প্রকাশ॥
নিভৃতে লাগিলেন কহিতে কৃষ্ণকথা।
যে যে স্থানে দেখিলেন যে অপূর্ব্ব কথা॥

End :

শেষে প্রভু বড় হইলেন অসম্বর।
কৃষ্ণ বলি কান্দিতে লাগিলা বহুতর॥
ভরিল পুষ্পের বন মহাপ্রেম জলে।
মহাশ্বাস ছাড়ি প্রভু কৃষ্ণ কৃষ্ণ বলে॥
পুলকে পূরিত হৈল সর্ব্ব কলেবর।
স্থির নহে প্রভু কম্প ভারে থর থর॥
শ্রীমান পণ্ডিত আদি যত ভক্তগণ।
দেখেন অপূর্ব্ব কৃষ্ণ প্রেমের ক্রন্দন॥

---

494. চৈতন্যভাগবত—মধ্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—MADHYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 14" × 5". Folia, 1-93. Lines, 14 on a page. Date, 1257 B.S. (1851 A.D.). Complete. Place of find, Bankura.

Beg.

জয় ২ শ্রীবাসাদি প্রিয়বর্গ নাথ।
জীব প্রতি কর প্রভু শুভ দৃষ্টিপাত॥



মধ্যখণ্ড কথা যেন অমৃতের খণ্ড ।
যে কথা শুনিলে ঘুচে হৃদয়-পাষণ্ড ॥
মধ্যখণ্ড কথা ভাই শুন এক চিত্তে ।
সংকীর্ত্তন আরম্ভ হইল যেনমতে ॥
গয়া করি আইলেন শ্রীগৌর সুন্দর ।
পরিপূর্ণ হইল নদিয়া নগর ॥
আইলেন তত সব আত্মবর্গ আছে ।
কেহ আগে কেহ মাঝে কেহ অতি পাছে ॥
কথা যোগ্য করি প্রভু সভারে সম্ভাষ ।
বিনয়র দেখি সভে হইলা উল্লাস ॥
আগু বাড়ি সভে আইলেন নিজ ঘরে ।
তীর্থকথা সভারে কহেন বিশ্বম্ভরে ॥
প্রভু বলে তোমরা সভার আশীর্ব্বাদে ।
গয়াভূমি দেখি আইলাম নির্ব্বিরোধে ॥
পরম সুনম্র হই প্রভু কথা কহে ।
সভে তুষ্ট হইল দেখি প্রভুর বিনয় ॥
শিরে হাথ দিয়া কেহ চিরজিবি করে ।
সর্ব্ব অঙ্গে হাথ দিয়া কেহ মন্ত্র পড়ে ॥
কেহ বক্ষে হাথ দিয়া করে আশীর্ব্বাদ ।
গোবিন্দ শিতলানন্দ করুক প্রসাদ ॥
হইল আনন্দময় শচি ভাগ্যবতি ।
পুত্র দেখি হরিসে না জানে আছে কথি ॥
লক্ষ্মির জনক কুলে আনন্দ উঠিল ।
পতিমুখ দেখি লক্ষির দুঃখ গেল ॥
সকল বৈষ্ণবগণ হরিস হইল ।
দেখিতেই সেইক্ষণে কেহ ২ গেল ॥
সভারে করিলা প্রভু বিনয় সম্ভাষ ।
বিদায় দিলেন সেলা নিজ ২ বাস ॥
বিষ্ণুভক্ত গুটি দুই চারি প্রভু লয়া ।
রহস্য কথা কহিবারে বসিলেন গিয়া ॥

End.

জগতেরে দান দেহ প্রভু নিত্যানন্দ ।
অহর্নিশ ভজি যেন শ্রীগৌরাঙ্গ চন্দ্র ॥
সংসারের পার হয়া ভক্তির সাগরে ।
যে ডুবিবে সে ভজুক নিতাই চান্দেরে ॥
কাষ্ঠের পুত্তলি যেন কুহকে না চায় ।
এইমত গৌরচন্দ্র যে মোরে বোলায় ॥
পক্ষি যেন আকাশের অন্ত নাহি পায় ।
যতদুর শক্তি ততদুর উড়ি যায় ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান ।
বিন্দাবন দাস তছু পদযুগে গান ॥

Colophon.

২৭ সাতাসি অধ্যায় । সমাপ্ত মধ্যখণ্ড । শ্রীশ্রীকৃষ্ণ-চৈতন্যচন্দ্রায় নম ২ ।

সন ১২৫৭ সাল তারিখ ১৪ মাঘে সমাপ্ত পুস্তক রবিবারে বেলা দ্বিতিয় প্রহরে সমাপ্ত । পুস্তকমিদং লিখিতং শ্রীঠাকুর দাস কর পাঠক শ্রীমদনমোহন কর । সাং বিরসিংহে যথা-দৃষ্টমিত্যাদি ।

---

495. চৈতন্য ভাগবত অন্ত্যখণ্ড ।

CAITANYA-BHĀGAVATA—ANTYAKHANDA.

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 13″ × 6″. Folia, 1-85. Lines, 12 on a page. Date, 1684 Saka (1762 A.D.). Complete. Place of find, Bankura.

Beg.

আদ্যে শ্রীচৈতন্যপ্রিয় গোষ্ঠির চরণে ।
অশেষ প্রকারে করোঁ দণ্ড পরনামে ।
তবে বন্দো শ্রীকৃষ্ণচৈতন্য মহেশ্বর ।
নবদ্বীপে অবতার নাম বিশ্বম্ভর ॥
আমার ভক্তের পূজা আমা হৈতে বড় ।
সেই প্রভু বেদে ভাগবতে কৈল দড় ॥
এতেক করিল আগে ভক্তের বন্দন ।
অতএব আছে কার্য্যসিদ্ধির লক্ষণ ॥



ইষ্টদেব বন্দ মোর নিত্যানন্দ রায়।
চৈতন্য কীর্ত্তন স্ফুরে যাহার কৃপায়॥
তবে বন্দো সহস্রবদন বলরাম।
যাহার শ্রীমুখে যশ ভাণ্ডারের স্থান॥
মহারত্ন থুই যেন মহাপ্রিয় স্থানে।
যশ রত্ন ভাণ্ডার শ্রীঅনন্ত বদনে॥
অতএব আগে বলরামের স্তবন।
করিলে সে মুখে স্ফুরে চৈতন্য কীর্ত্তন॥
সহস্রেক ফণি ধরে প্রভু বলরাম।
যতেক করয়ে প্রভু সকল উদ্দাম॥
হলধর মহাপ্রভু প্রকাণ্ড শরীর।
চৈতন্যচন্দ্রের রসে মত্ত মহা ধীর॥
ততোধিক চৈতন্যের প্রিয় নাহি আর।
নিরবধি সেই দেহে করয়ে বিহার॥
তাঁহার চরিত্র যেই শুনে ভনে গায়।
শ্রীকৃষ্ণ চৈতন্য তারে পরম সহায়॥
মহাপ্রীতি করে তারে মহেশ পার্ব্বতি।
জিহ্বাতে বসয়ে শুদ্ধা সরস্বতী॥
পার্ব্বতী প্রভৃতি নবার্ব্বুদ নারী লঞা।
অনন্ত পূজয়ে শিব উপাসক হঞা॥

End:

কেনমতে দুই সখা ভাবেন সন্তোষে।
রাত্রিদিন না জানেন কৃষ্ণকথা রসে॥
হেন পুণ্ডরীক বিদ্যানিধির প্রভাব।
ইহারে যে গৌরচন্দ্র প্রভু বোলে বাপ।
পাদস্পর্শ ভয়ে না করেন গঙ্গাস্নান।
সবে গঙ্গা দেখেন করেন জলপান॥
এ ভক্তের নাম লই শ্রীগৌর সুন্দর।
পুণ্ডরীক নাম ধরি কান্দে নিরন্তর॥
পুণ্ডরীক বিদ্যানিধি চরিত্র শুনিলে।
অবশ্য তাহারে কৃষ্ণপাদপদ্ম মিলে॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

Colophon:

ইতি শ্রীচৈতন্য ভাগবতে অন্ত্যখণ্ড সম্পূর্ণ। সমাপ্তশ্চায়ং গ্রন্থ। পুস্তকমিদং শ্রীনিমাঞি চরণ দাসস্য। লিখিতং শ্রীগৌর চরণ দাসেন। শকাব্দাঃ ১৭৯৩। ১১৭৭ মল্লশক। সন ১২৭৮ সাল। পৌষমাসস্য নবম দিবসে সোমবার তৃতীয়াবাসিষৌ দিবা দশ দণ্ডে লিখন সম্পূর্ণ হইল॥

---

496. চৈতন্যভাগবত—অন্ত্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ANTYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; 14″ × 5″. Folia, 7-8, 32-37, 41-50, 58-72, 74-85. Lines, 7-8 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol 6 rev.

কিটপক্ষ শৃগাল কুক্কুর যদি হয়।
তথাপি তোমার যদি নিকটে বসয়॥
তথাপি তাহার ভাগ্যের উপমা।
অজয়ে বা কুটেশ্বরে নহে তার সিমা॥
পতিত তারিতে যে তোমার অবতার।
তোমার সমান তুমি বহি নাহি আর॥
এইমত স্তুতি করে শ্রীগৌর সুন্দর।
শুনিঞা জাহ্নবি দেবি লজ্জিত অন্তর॥
যে প্রভুর পাদপদ্মে বসতি গঙ্গার।
সে প্রভু করয়ে স্তুতি হেন অবতার।
যে শুনয় গৌরাঙ্গের গঙ্গা প্রতি স্তুতি।
তার হয় শ্রীকৃষ্ণ চৈতন্যের মতি॥
নিত্যানন্দ সঙ্গে সেই নিশা সেই গ্রামে।
আছিলেন বড় ভাগ্যবন্তের আশ্রমে॥
তবে আর দিনে কথোক্ষণে ভক্তগণ।
আসিয়া প্রভুর সঙ্গ পাইল তখন॥
তবে প্রভু সর্ব্ব ভক্তগণ করি সঙ্গে।
নিলাচল প্রতি শুভ করিবেন রঙ্গে॥



প্রভু বোলে শুন নিত্যানন্দ মহামতি।
সত্বরে চলহ তুমি নবদ্বীপ প্রতি॥
শ্রীবাসাদী যত আছে ভাগবতগন।
সভাকার.........দুঃখ বিমোচন॥
এই কথা তুমি গিয়া কহিহ সভারে।
আমি যাই নীলাচল চন্দ্র দেখিবারে॥

End :

এইমতে দুই সখা ভাবেন সন্তোষে।
রাত্রিদিন না জানেন কৃষ্ণকথা রসে॥
হেন পুণ্ডরীক বিদ্যানিধির প্রভাব।
ইহারে সে গৌরচন্দ্র প্রভু বোলে বাপ॥
পাদস্পর্শ ভয়ে না করেন গঙ্গাস্নান।
সবে গঙ্গা দেখেন।করেন জলপান॥
এ ভক্তের নাম লই শ্রীগৌর সুন্দর।
পুণ্ডরীক নাম ধরি কান্দে নিরন্তর॥
পুণ্ডরিক বিদ্যানিধি চরিত্র শুনিলে।
অবশ্য তাহারে কৃষ্ণ পাদপদ্ম মিলে॥
ইতি শ্রীচৈতন্য নিত্যানন্দ চন্দ্র জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

---

497. চৈতন্যভাগবত—অন্ত্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ANTYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper ; 10½″ × 5″. Folia, 1-110. Lines, 11 on a page. Appearance, about 150 years old. Complete. Place of find, Bankura.

Beg.

জয় জয় শ্রীকৃষ্ণ চৈতন্য শচীকান্ত।
জয় জয় নিত্যানন্দ বল্লভ একান্ত॥
জয় জয় বৈকুণ্ঠ নাথ ন্যাসিরাজ।
জয় জয় গৌরচন্দ্র ভকত সমাজ॥
জয় জয় পতিতপাবন গৌরচন্দ্র।
দাস দেহ হৃদয়ে তোমার পদদ্বন্দ্ব॥
শেষ খণ্ড কথা ভাই শুন একচিত্তে।
নীলাচল গৌরচন্দ্র আইলা যেমতে॥
করিঞা সন্ন্যাস বৈকুণ্ঠের অধীশ্বর।
সে রাত্রি রহিলা প্রভু কণ্টক নগর॥
করিলেন মাত্র প্রভু সন্ন্যাস গ্রহণ।
মুকুন্দেরে আজ্ঞা হৈল করিতে কীর্ত্তন॥
বোল বোল বলি প্রভু আরম্ভিলা নৃত্য।
চতুর্দ্দিগে গাইতে লাগিলা সব ভৃত্য॥
শ্বাস হাস প্রেম কম্প পুলক হুঙ্কার।
না জানে কতেক হঞা আনন্দ বিকার॥
কোটি সিংহ প্রায় যেন বিশাল গর্জ্জন।
আছাড় দেখিতে ভয় পায় সর্ব্বজন॥
কোন দিগে দণ্ড কমণ্ডলু বা পড়িল।
নিজ প্রেমে বৈকুণ্ঠপতি মত্ত হৈল॥
নাচিতে নাচিতে প্রভু গুরুরে ধরিঞা।
আলিঙ্গন করিলেন বক্ষ তুষ্ট হৈঞা॥
পাইঞা প্রভুর অনুগ্রহ প্রেম আলিঙ্গন।
ভারতীর বিষ্ণুভক্তি হইল তখন॥
পাক দিঞা দণ্ড কমণ্ডলু দূরে ফেলি।
গুরুতী ভারতী নাচে হরি হরি বলি॥

End :

সখার সম্পদে হয়ে সখার উল্লাস।
দুইজন হাসেন পরমানন্দ দাস॥
দামোদর স্বরূপ বোলে শুন ভাই।
এমত অদ্ভুত দণ্ড দেখি শুনি নাহি॥
হেনমতে দুই সখা ভাবেন সন্তোষে।
রাত্রিদিন না জানেন কৃষ্ণকথা রসে॥
হেন পুণ্ডরীক বিদ্যানিধির স্বভাব।
ইহারে যে গৌরচন্দ্র প্রভু বোলে বাপ॥
পাদস্পর্শ ভয়ে না করে গঙ্গাস্নান।
সবে গঙ্গা দেখেন করেন জলপান॥



এ ভক্তের নাম লঞা শ্রীগৌর সুন্দর।
পুণ্ডরীক নাম ধরি কান্দেন বিস্তর॥
পুণ্ডরীক বিদ্যানিধির চরিত্র শুনিলে।
অবশ্য তাহারে কৃষ্ণ পাদপদ্ম দিলে॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চন্দ্র জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥
১৩॥ ইতি শ্রীচৈতন্য ভাগবতে অন্তলীলা সম্পূর্ণ॥

---

498. চৈতন্যভাগবত—অন্ত্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ANTYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; $10\frac{1}{4}'' \times 5\frac{1}{4}''$. Folia, 1-148. Lines, 9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 obv.

দেহত্যাগ কেহো কভো না ভাবিহ মনে।
পূর্ব্ববত সভে বিহরিবে প্রভু সনে॥
শুনিঞা আকাশবাণী যত ভক্তগণ।
দেহত্যাগ প্রতি সভে ছাড়িলেন মন॥
করি অবলম্বন প্রভুর গুণ নাম।
শচী বেড়ি ভক্তগণ থাকে অবিশ্রাম॥
এথা গৌরচন্দ্র প্রভু ন্যাসী চূড়ামনি।
চলিলা পশ্চিম মুখে করি হরিধ্বনী॥
নিত্যানন্দ গদাধর মুকুন্দ সংহতি।
গোবিন্দ পশ্চাত আগে কেশব ভারতী॥
চলিলেন মহাপ্রভু মত্তসিংহ প্রায়।
লক্ষ কোটী লোক তাহা পাছে কান্দি জায়॥
চতুর্দ্দিগে বন ভাঙ্গি লোক চলি যায়।
সভারে করেন প্রভু কৃপা অমায়ায়॥
সভে ঘর জাহ লহ গিয়া হরিনাম।
সভার হউক কৃষ্ণচন্দ্র ধন প্রাণ॥
ব্রহ্মা শিব শুকাদি যে সব বাঞ্ছা করে।
হেন প্রেম হউক তোমা সভার শরীরে॥
বর শুনি সর্ব্বলোক কান্দে উচ্চস্বরে।
পরবশ প্রায় সভে আইলেন ঘরে॥
রাঢ়ে আসি গৌরচন্দ্র হইলা প্রবেশ।
অদ্যাপিহ সেই ভাগ্যে ধন্য রাঢ়দেশ॥
রাঢ়দেশে ভূমি যত দেখিতে সুন্দর।
চতুর্দ্দিগে অশ্বত্থমণ্ডলী মনোহর॥
স্বভাবে সুন্দর স্থান শোভে গবীগণে।
দেখিয়া আবিষ্ট প্রভু হয় সেইক্ষণে॥

Fol 136 rev.

কেহো বোলে জ্ঞানী কেহো বোলে মহাভক্ত।
প্রশংসেন সভেই না জানেন মহত্ত্ব॥
হেনমতে জলক্রীড়া রঙ্গ কুতূহলে।
করেন ঈশ্বর সঙ্গে বৈষ্ণব সকলে॥
পূর্ব্বে যেন জলকেলী হৈল দ্বারকায়ে।
সেই সব ভক্ত লৈয়া শ্রীচৈতন্য রায়ে॥
যে প্রসাদ পাইলেন জাহ্নবী যমুনা।
নরেন্দ্রের জলের হইল ভাগ্য সীমানা॥
এ সব ক্রীড়ার কভু নাহি পরিচ্ছেদ।
আবির্ভাব তিরভাব এই কহে বেদ॥
এ সকল লীলা জীব উদ্ধার কারণে।
কর্ম্মবন্ধ ছিড়ে যার শ্রবণ পঠনে॥
তবে প্রভু জলক্রীড়া সম্পূর্ণ করিয়া।
জগন্নাথ দেখিতে চলিলা সভা লয়া॥
জগন্নাথ দেখি প্রভু সর্ব্ব ভক্তগণ।
লাগিলা করিতে সভে আনন্দ কীর্ত্তন॥
জগন্নাথ দেখি প্রভু হয়েন বিহ্বল।
আনন্দ ধারায় অঙ্গ তীতিল সকল॥



499. চৈতন্যভাগবত—অন্ত্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ANTYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; $9\frac{1}{2}'' \times 5''$. Folia, 1-138. Lines, 10 on a page. Date 1220 B.S. (1814 A.D.). Complete. Place of find, Bankura.

Beg:

জয় ২ শ্রীগৌর সুন্দর সর্ব্বকান্ত।
জয় ২ নিত্যানন্দ বল্লভ একান্ত॥
জয় ২ বৈকুণ্ঠ ঈশ্বর ন্যাসীরাজ।
জয় ২ জয় শ্রীভকত সমাজ॥
জয় ২ পতিতপাবন গৌরচন্দ্র।
দান দেহ হৃদয়ে তোমার পদদ্বন্দ্ব॥
জয় ২ শেষ রমা অজ ভবনাথ।
জীব প্রতি কর প্রভু শুভ দৃষ্টিপাত॥
শেষ খণ্ড কথা ভাই শুন একচিত্তে।
নীলাচলে গৌরচন্দ্র আইলা যেমতে॥
করিয়া সন্ন্যাস বৈকুণ্ঠের অধিশ্বর।
সে রাত্রি আছিলা প্রভু কণ্টক নগর॥
করিলেন মাত্র প্রভু সন্ন্যাস গ্রহণ।
মুকুন্দেরে আজ্ঞা হৈল করিতে কীর্ত্তন॥
বল ২ বলি প্রভু আরম্ভিলা নৃত্য।
চতুর্দ্দিগে গাইতে লাগিলা সব ভৃত্য॥
শ্বাসহাস স্বেদ কম্প পুলক হুঙ্কার।
না জানি কতেক হয় অনন্ত বিকার॥
কোটি সিংহ প্রায় যেন বিশাল গর্জ্জন।
আছাড় দেখিতে ভয় পায় সর্ব্বজন॥
কোনদিগে দণ্ড কমণ্ডলু বা পড়িলা।
নিজ প্রেমে বৈকুণ্ঠের পতি মত্ত হৈলা॥
নাচিতে ২ প্রভু ভক্তকে ধরিয়া।
করিলেন আলিঙ্গন গাঢ় তুষ্ট হৈয়া॥

End:

শুন ২ আরে ভাই চৈতন্যমঙ্গল।
শ্রবণে খণ্ডএ পাপ হয়েত কুশল॥
চৈতন্য নিত্যানন্দ অবতার সিরোমনি।
বঞ্চিত পাষণ্ড সব তারে নাহি জানি॥
যুগে ২ নিন্দা পুর্ব্বে আছে এ অভ্যাস।
দেবাস্থরে সহে কৃষ্ণ করেন বিলাস।
রাঘবে বানরে নিন্দে কংসেরে রাখালে।
নিত্যানন্দে নিন্দে চৈতন্যে ভক্ত দুইখানে॥
নিত্যানন্দ চৈতন্য হইলা অবতীর্ণ।
একহুরে এই লীলা হইল সম্পূর্ণ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

Colophon:

ইতি শ্রীচৈতন্য ভাগবতে অন্ত্যখণ্ডে রামানন্দ রায় সহিত মিলন শ্রীবৃন্দাবন গমননাম দ্বাদশতমোঽধ্যায়॥ সন ১২২০ শাল তারিখ ২৬ কার্ত্তিক রোজ বিস্পতিবার সম্পুর্ণ॥

---

500. চৈতন্যভাগবত—অন্ত্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ANTYA-KHAṆḌA.

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; Folia, 3-88. Lines, 10 on a page. Date, 1227 B.S. (1871 A.D.). Complete. Place of find, Bankura.

Fol. 3. obv.

নিত্যানন্দ গদাধর মুকুন্দ সংহতি।
গোবিন্দ পশ্চাতে আগে কেশব ভারথি॥
চলিলেন মাত্র প্রভু মত্তসিংহ প্রায়।
লক্ষ কোটী লোক চতুর্দ্দিগে কান্দি ধায়॥



চতুর্দ্দিগে কান্দি লোক বন ভাঙ্গি ধায়।
সভেরে করেন কৃপা প্রভু অমায়ায় ॥
সভে ঘরে যাহ লও গিয়া কৃষ্ণ নাম।
সভার হউক কৃষ্ণচন্দ্র ধন প্রাণ ॥
ব্রহ্মা শিব শুকাদি যে রস বাঞ্ছা করে।
হেন রস হউক তোমা সভার শরীরে ॥
বর শুনি সর্ব্বলোক কান্দে উচ্চস্বরে।
পরবশ প্রায় সভে আইলেন ঘরে ॥
রাঢ়ে আসি গৌরচন্দ্র হইলা পরবেশ।
অদ্যাপিহ সেই ভাগ্যে ধন্য রাঢ়দেশ ॥
রাঢ়দেশের ভূমি যত দেখিতে সুন্দর।
চতুর্দ্দিগে অশ্বথ মণ্ডলি মনোহর ॥
স্বভাবে সুন্দর স্থান শোভে গাভিগণে।
দেখিঞা আবিষ্ট প্রভু হয়ে সেইক্ষণে ॥
বোল বোল বলি প্রভু আরম্ভিলা নৃত্য।
চতুর্দ্দিগে সংকির্ত্তন করে সব ভৃত্য ॥
হুহুঙ্কার গর্জ্জন করে বৈকুণ্ঠের রায়।
জগতের চিত্ত বিত্ত দেখি সাধ পায় ॥
এইমত প্রভু ধন্য করি রাঢ়দেশ।
সব পথে চলিলেন করি নৃত্যাবেশ ॥

End :

দামোদর স্বরূপ বলেন শুন ভাই।
এমত অদ্ভুত দণ্ড দেখি শুনি নাই ॥
স্বপ্নে আসি শাস্তি করেন আপন সাক্ষাতে।
আর শুনি নাহি সবে দেখিনু তোমাতে ॥
যেনমতে দুই সখা ভাসেন সন্তোষে।
রাত্রিদিন না জানেন কৃষ্ণকথা রসে ॥
হেন পুণ্ডরিক বিদ্যানিধির প্রভাব।
ইহারে গৌরচন্দ্র প্রভু বোলে বাপ ॥
পাদস্পর্শ ভয়ে নাহি করে গঙ্গাস্নান।
সবে গঙ্গা দেখেন করেন জলপান ॥
এ ভক্তের নাম লই শ্রীগৌর-সুন্দর।
পুণ্ডরিক নাম ধরি কান্দেন নিরন্তর ॥
পুণ্ডরিক বিদ্যানিধির চরিত্র শুনিলে।
অবশ্য তাহারে কৃষ্ণ পাদপদ্ম মিলে ॥

১১১

শ্রীচৈতন্য নিত্যানন্দ পহুঁ জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান ॥

ইতি মধ্যখণ্ড সমাপ্ত। আদিখণ্ড মধ্যখণ্ড শেষ খণ্ড কথা। শ্রবণে পালায় দূর অন্তর পাপ ব্যথা। শ্রীকৃষ্ণ চৈতন্যচরিত পরম মঙ্গল। ভক্ত জিবন ধন আনন্দ সকল ॥ শ্রীকৃষ্ণ চৈতন্যচন্দ্র প্রেম সুখময়। নিরন্তর জিবে কল্পনা হয় ॥

Colophon :

ইতি সন ১২২৭ সাল তারিখ ২৭ বৈশাখ। বেলা ডের পহর সময় সোমাপ্ত হইল। আক্ষরঞ্চ পারাপ লিখো......

---

501. চৈতন্যভাগবত—অন্ত্যখণ্ড।

CAITANYA-BHĀGAVATA—ANTYA-KHAṆḌA

BY

BṚNDĀVANA DĀSA.

Substance, country-made paper; Folia, 1-73. Lines, 11 on a page. Date, 1258 B.S. (1852 A.D.). Complete. Place of find, Bankura.

Beg.

বাহ্য দূর গেল তারখির প্রেমরসে।
গড়াগড়ি যায় বস্ত্র না সম্বরে কেশে ॥
তারখির কৃপা হৈল সভাই দেখিয়া।
ভক্তগণে হরি বলে ডাকিয়া ২ ॥
সন্ধ্যাসে ভক্ত সঙ্গে প্রভু করে নিত্য।
দেখিয়া পরম সুখ পায় সব ভৃত্য ॥
তাহি যেমে ধ্যানে জারে দেখিতে দুষ্কর।
তার সঙ্গে সাক্ষাতে নাচেন জাগিবর ॥
কেশব ভারতি পাদ বহু নমস্কার।
ব্রহ্ম ব্রহ্মাণ্ড নাথ নিত্যরূপ যার ॥
এইমত সর্ব্ব রাত্রি ভক্তের সহতি।
নিত্য করিলেন বৈকুণ্ঠের অধিপতি ॥



প্রভাত হইল প্রভু বাহ্য প্রকাশিঞা ।
চলিলেন গুরুর স্থানে বিদায় হইয়া ॥
প্রভু বলে বলে মুই চলিব সর্ব্বথা ।
প্রাণনাথ কৃষ্ণচন্দ্র পাও মুঞি কথা ॥
গুরু বলে আমি চলিমু তোমার সঙ্গে ।
থাকিমু তোমার সঙ্গে কির্ত্তনের রঙ্গে ॥
কৃপা করি প্রভু তবে লইল তাহানে ।
সঙ্গে গুরু করিঞা চলিল প্রভু বনে ॥
তবে চন্দ্রশেখর আচার্য্য কোলে করি ।
উচ্চস্বরে কান্দিতে লাগিল গৌরহরি ॥
গৃহে চল তুমি সব বৈষ্ণবের স্থানে ।
কহিবা সভারে আমি চলিলাম বনে ॥
গৃহে চল তুমি দুঃখ না ভাবিহ মনে ।
তোমার হৃদয়ে আমি আছি সর্ব্বক্ষণে ॥
তুমি মোর পিতা আমি নন্দন তোমার ।
জন্মে ২ তুমি প্রেমভক্তি আমার ॥

End :

সেই দেহ ধন্য সেই বৈকুণ্ঠের জন ।
তাহানে দেখিলে তাই পাই প্রেমধন ॥
অতএব ভজ ভাই চৈতন্য চরন ।
আহারে সেবএ সেই চতুর সেইজন ॥
সর্ব্বভাবে কৃষ্ণে সেই করএ প্রার্থনা ।
* * * *
এই কৃপা কর প্রভু জন্মে না মরনে ।
নিরবধি গাঙ গুন যেখানে সেখানে ॥
শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান ।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান ॥

Colophon :

ইতি শ্রীচৈতন্য ভাগবতে শ্রীবৃন্দাবন পরিক্রমে পুনশ্চ শ্রীরূপ সনাতনকে রাখিয়া গদাধরকে সঙ্গে লঞা নিলাচলে গমনং ভক্ত সঙ্গে নাম কির্ত্তনং মহাপ্রভুর অন্তকাল ইতি শ্রীচৈতন্য ভাগবত গ্রন্থ শেষখণ্ড সংপুর্ন । লিখিতং শ্রী ঠাকুর দাস কর সাং বিরসিংহে । শকাব্দ সনা ১২৫৮ সাল তারিখ ১৮ কার্ত্তিক সমাপ্ত । বুধবারে ।

---

502. চৈতন্যমঙ্গল—সূত্রখণ্ড ।

CAITANYA-MAÑGALA—SŪTRA-KHANḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 11" × 5½". Folia, 5-13, 15-17, 19-30. Lines, 10 on a page. Date, 1096 B.S. (1610 A.D.). Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীরাধাগোপাল জিউ ॥ মল্লাররাগঃ ॥
যে চরনারবিন্দরজঃ কমলা করএ খোজ
তুলসি থাকএ নিরবধি ।
যে চরন পরশিয়া শিবের শিরসি হয়্যা
তিন লোক তারে সুরনদি ॥
ধন্য ধন্য তুমি বসুন্ধরে ।
দেখ করে অন্তাসন যেনক চরন ধন
সে বিহরে তোমার উপরে ॥
যে চরনারবিন্দ মধু পিএ নখচন্দ্রে বিধু
আসিয়াত দশভাগ হয় ।
ভক্ত অলিকুল অত মধুলোভে অবিরত
আতুর হইয়া কয় ॥
বাল মুকুন্দ হঞা চায় * * *
পাদাঙ্গুষ্ঠ ধরি করিয়াছে ।
দিঞা বদনারবিন্দে পিএ সুধা মকরন্দে
পিলা তবে যে চরনার রঙ্গে ॥
যে চরন পঙ্কজ শিব সনক অজ
ভাবিয়া না পায় মন মাঝে ।
সকট কেলোরি বংস কালনাগে অবতংস
বলি রাজার মস্তকে বিরাজে ॥
সকল সম্পদ পদ শ্রীচরনারবিন্দ
দশনখমনির গুন গায় ।
লোচন কহেন শুন যেনক চরন ধন
লোক ভাগে তোমাতে বেড়ায় ॥



End :

ঠাকুর অনয়ে আসা বিলাস আমার।
গৌর অবতার কথা করিতে বিচার ॥
কর জোড় করি বোল্ঁ শুন সবজন।
বাঢ়াল করএ মোরা শুনি লোকজন ॥
নিন্দিবে করএ সে একটি পট্টুবানি।
না পড়ি বুঝব কহে তেসর কাহিনি ॥
পুথিনি অনন মহা মহা ভাগবত।
কৃষ্ণের গুপত কথা করএ বেকত ॥
অকারন করুনা করএ সর্বজিবে।
মাতা যেন দুরন্ত তনয় পরিপেলে ॥
ঠাকুর প্রভুর দশা দেখিয়া অবাদ।
অধম হইয়া অমৃতেরে করে সাধ ॥
শ্রীনরহরিদাসের দয়াময় দেহ।
পাতকি দেখিয়া দয়া অবাধ সে লেহ ॥
দুরন্ত পাতকি অন্ধ অতি অনাচারে।
অনাথ দেখিয়া দয়া করেন আমারে ॥
তার দয়া বলে আর বৈষ্ণব প্রসাদে।
এইত ভরসায় পুথি হইব অবাধে ॥
করো জোড় করি বলোঁ কাতর বয়ানে।
আত্মা নিবেদিলাঙ মুঞি বৈষ্ণব চরনে ॥
মোরোবিক অধম নাইক মহি মাঝে।
বৈষ্ণব কৃপা বলে সিদ্ধ হউ মোর কাজে ॥
দসনে ধরিঞা তৃন এ লোচন দাস।
প্রনতি কাকুতি করো পুর মোর আস ॥
সত্রখণ্ড সার কথা কহিল কথন।
অবতার আদ্য খণ্ড কহিব এখন ॥

Colophon :

পুথি সুত্রখণ্ড সমাপ্ত। ইতি সন ১০১৯ সাল ॥ তারিখ ৭ আসাঢ় ॥

---

503. চৈতন্যমঙ্গল—সূত্রখণ্ড।

CAITANYA-MAÑGALA—SŪTRA-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 14" × 5". Folia, 1-28. Lines, 9 on a page. Complete. Appearance, about 150 years old. Place of find, Bankura.

Beg :

কেদার রাগ।
দহিল সকল লোকে কলিকাল মহা সর্প।
মিয়াইল মহা প্রভু নিজ মন্ত্র জপে ॥
জয় ২ শচিনন্দন মোর। ধুয়া।
প্রেমধন দিঞা প্রভু বিশ্ব জুড়াইল।
নিশ্চিন্ত হইঞা সব ভয় এড়াইল ॥
যাহার প্রসাদে লোক বিষাদ এড়ায়।
প্রেম মদে মত্ত হঞা নাচিঞা বেড়ায় ॥
পুন সংকির্ত্তন নাম সেইল তাঞা।
কলিগণ বিনাশিতে হয় এক যাঞা ॥
এমন করুনা প্রভু নাহি হয় আর।
লোচন কহএ গৌর ঠাকুর আমার ॥
কেদার রাগ।
করুনাকরন তনু যেন গোরা গায়।
বন্দিয়া গাইব সে বিতরন রাঙা পায় ॥
সকল ভকত লঞা বৈসহ আসরে।
এ সব সিতাল বা পাতক কলেবরে ॥
শচির দুলাল গোরা করো পরনাম।
ত্রিলোক করুনা সিন্ধু কর অবধান ॥

End :

চাতুরি মাধুরি সিমা বিলাস লাবণ্য।
রূপগণ লেহ সেই সংসারে ধন্য ॥
সিমা আর মহামতি শ্রীবৃন্দাবন দাস।
চৈতন্য মঙ্গল গাথে মধুর বিলাস ॥



কে কহিবে আর সত্য পরিকর জত।
প্রিথিবি আইলো সভে নাম নিব কত॥
সমুদ্রের জল যবে কলসে পরিমানি।
পিথিবীর রেণু যবে একে ২ গনি॥
আকাসের তারা যদি গুনিবারে পারি।
তভু গোরা অবতার লিখিতে না পারি॥
বুজি অতি অল্প বুদ্ধি কি কহিব আর।
মুখ হঞা কর যদি বেদের প্রচার॥
অন্ধ জেন দিষ্টি হিন দির্ঘ বর চাহে।
খর্ব্ব জেন চান্দ ধরিতে চাহে বাহে॥
পঙ্গু যদি লঙ্ঘিবারে করে অহঙ্কার।
খুদ্র পিপিলিকা গিরি চাহে বহিবার॥
ঐছন আসা মোর হৃদএ বিলাস।
গোরা অবতার কথা করিতে প্রকাস॥
করজোড় করি বলি সুন সর্ব্বজন।
গোরা গুন কথা কহে নিতুই নোতুন॥
নিতুন জনের কহে একটু পড়ু বানি।
না পরিঞা মুক কহে ব্রজের কাহিনি॥
পিথিবি জনম যত মহা ভাগবৎ।
কৃষ্ণ বলে কত কথা কহএ বেকত॥
অকারন করুনা করএ সর্ব্বজিবে।
মাতা জেন দুরন্ত তনয় পরিতোষে॥
ঐছন প্রভুর দয়া দেখিঞা আভাস।
অধম হইয়া মুক্তে কর আস॥
শ্রীনরহরি দাস দয়াময় দেবে।
পাতকি দেখিয়া দয়া অবধি লেখে॥
দুরন্ত পাতকি অন্ধ অতি অনাচার।
অনাথ দেখিয়া দয়া করিবে আমার॥
তার দয়া বলে আর বৈষ্ণব প্রসাদে।
এই ভরসাএ প্রভু হইবে অবাধে॥
কর জোড় করি বলি কাতর বচনে।
সব নিবেদিল মুঞি বৈষ্ণব চরনে॥
মোর অধিক পাপি নাহি মহিমাতে।
বৈষ্ণবের কৃপা বলে সিদ্ধ হউ কাজে॥
বদনে ধরিঞা তৃন লোচন দাস।
প্রনতি কাকুতি করো পুরু মোর আস॥

সুত্র খণ্ড সার কথা কহিল এখন।
অবতার আদি খণ্ড কহিব কখন॥

Colophon:

ইতি সুত্রখণ্ড কথা সমাপ্ত। জথাদিষ্টং তথা লিখিতং লিখকো দোসনাস্তি। ভিমস্যাপি রনে ভঙ্গ মুনিনাঞ্চ মতি ভ্রম॥

---

504. চৈতন্যমঙ্গল—সূত্রখণ্ড।

CAITANYA-MAÑGALA—SŪTRA-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 9¼″ × 4¼″. Folia, 7, 29-35, 37-47, 58, 61. Lines, 9-10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 7 rev.

প্রভু যুক্ত আয়োজন কৈল হেনকালে।
নিত্যানন্দ নরহরি মুনিন্দ্র মুরলী।
প্রভু নির্মাল্য করে আনন্দে বিভোলা॥
সুভাসিত গন্ধ জল প্রভু কাছে আনি।
পাদ প্রক্ষালন করে দেবি ও রজিনি॥
আপন সম্পদ পদ দেই নিজ বুকে।
অনুরাগে নেহারই ফেলে নিজ মুখে॥
হৃদয়ে শ্রীপাদ দেখি কান্দয়ে রজিনি।
বিস্মিত হইয়া কিছু পুছে চক্রপানি॥
কান্দনার হেতু কিছু না দেখি তোমার।
কি লাগি কান্দ না দেবী কহনা আমার॥
তুমি মোর প্রানাধিক জগজনে জানে।
তোমারে অধিক আছে কহনা আপনে॥



কিবা তব কর্ম্ম হইতে আজ্ঞা [না] পালল।
শরণে কহনা দেখি কি দোস করিল॥
একমাত্র পুত্রবেতে পরিহাস কৈল।
আজি সে অন্তরে তোর সে দুখ আছিল॥
কত বা বিনতি কৈল কাতর হইয়া।
লোচন কহে [না] বুঝিল কঠিন তোর হিয়া॥

Fol. 61 obv.

ইহা বলি গৌরমনি কথী গেলা নাহি জানি
মুরারি দেখিতে নাহি পায়।
মনে ২ অনুমানে এ অত কভু নহে আনে
সত্য ২ শচির তনয়॥
এই অনুমান করি তবে সেই মুরারি
অস্থে ব্যস্তে চলিলা সত্বর।
চলিতে না পারে পথে অতি আনন্দিত চিতে
গেলা যথা মিশ্র পুরন্দর॥
সচি জগন্নাথ মোর পুত্রের কুশল করি
তুমি গৌর সর্ব্বস্ব ধন।
যেখানে সেখানে জাই যথা তথা দুখ পাই
দেখি পাসরিয়ে চাদ বদন॥
ইহাবলি দুহে দুই দুইজনে দুখ দেই
কোলে করিবারে টানাটানি।
হেনকালে বরারি সেইখানে মুরারি
বদনে না নিস্বরে বানি॥
দেখি * * * * * *
* * * *

---

505. চৈতন্যমঙ্গল—সূত্রখণ্ড।

CAITANYA-MAṄGALA—SŪTRA-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 2-27. Lines, 11-12 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

সকল ভকত লঞা চৈলহ আসরে।
ও পদ সিতল যা পাওক কলেবরে॥
সচির দুলাল গৌরা পহুঁ কর পরনাম।
তিলেক করুনা দিঠে কর অবধান॥
অদ্বৈত আচার্য্য গোসাঞি দেব সিরোমনি।
তার পদ পরসে হইল ধন্য যে ধরনি।
বন্দিয়া গাইব যে সিতার প্রাননাথ।
করুনা করহ পহুঁ করো জোড় হাত॥
অভিন্ন চৈতন্য বন্দো ঠাকুর অবধূত।
শ্রীনিত্যানন্দ রাম রোহিনির পুত।
গৌর গুন শবরে গর্ব্বির মাতোয়ার।
বন্দিএ গাইব শ্রীচরন যে তাহার॥
মিশ্রি পুরন্দর বন্দো বিশ্বম্ভর পিতা।
আই ঠাকুরানি বন্দো ঠাকুরের মাতা॥

Fol. 15 rev.

সন্তোষ পাইল সেই সব মহাশয়।
পরিতোষে গেল কথা আর মনে লয়॥
সেই চতুর্লোক মোর সব রসকাজ।
তার তত্ত্ব জানে হেন নাহিক কথাও॥
কতোদিন রহি বাস নৈমিষ অরণ্যে।
সব বিবরন অত ভারত পুরানে॥
না খুইল সেস কিছু বলিবার তরে।
জাড়া না বুঝিল তত্ত্ব পড়িল ফাফরে॥



মূর্ছা পাইল বাসদেব অরক্ষ ভিতরে ।
জানি উপজিল দয়া ঠাকুর অন্তরে ॥
তোমারে ডাকিয়া দিল চারি শ্লোক এই ।
এই পরবন্ধ লয়্যা জাহ ব্যাস ঠাঞি ॥

End :

শ্রীনরহরি দাস দয়াময় দেহ ।
পাতকি দেখিয়া দয়া অবধি সে যেহ ॥
দুরন্ত পাতকি অন্ধ অতি অনাচার ।
অনাথ দেখিয়া দয়া করেন আমার ॥
তার দয়া বলে আর বৈষ্ণব প্রসাদে ।
এই ভরসাএ পুথি হইব অবাধে ॥
করোজোড় করি বোলো কাতর বচনে ।
আত্মা নিবেদিউ মুঞি বৈষ্ণব চরনে ॥
মোরেবিক অধম নাইক যদি যাঙে ।
বৈষ্ণব কৃপা বলে সিদ্ধ হউ মোর কাজে ॥
চরনে ধরিয়া দুন এ লোচন দাস ।
প্রনতি কাকুতি করো পুর মোর আস ॥
সূত্রখণ্ড সাঙ্গ কথা কহিল কথন ।
অবতার আদিখণ্ড কহিব এখন ॥

Colophon :

ইতি সূত্রখণ্ড সমাপ্ত ॥

---

506. চৈতন্যমঙ্গল—সূত্রখণ্ড ।

CAITANYA-MAÑGALA—SŪTRA-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 14" × 4¼". Folia, 2-25. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

ঠাকুর শ্রীনরহরি দাস প্রানের অধিকারি
তার পদ প্রতি আসে আস ।
অবশোষে সাধ করে গৌর গুন কহিবারে
ভরসা সে এ লোচন দাস ॥

কেদার রাগ ।

কনকাচলম তনু হেম গোরা রায় ।
বসিয়া গাইব কে সিতল রাঙ্গা পা[য়] ॥
সকল বৈষ্ণব গণ্ড বৈসহ আসরে ।
ও পদ সিতল না লাগুক কলে[ব]রে ॥
শচীর দুলাল গোরা করো পরনাম ।
বারেক করুনা [দি]ঠে করো অবধান ॥
অদ্বৈত আচার্য গোসাঞি সর্ব্ব গুনধাম ।
ত্রিজগতে ধন্য সেই নাহিক উপাম ॥

Fol. 14 rev.

বিরিঞ্চি বলেন শুন মুনি মহাবর ।
তোমার প্রসাদে আজি প্রসন্ন অন্তর ॥
বিষয় বিপাকে সভে মায়াবন্ধে অন্ধ ।
তোমার প্রসাদে সভে হবে মুক্ত বন্ধ ॥
লোকের নিস্তার হেতু তোমার চিন্তা ।
পূর্ব বৃত্তান্ত কহি শুন তার বার্ত্তা ॥
সনকাদি মুনি যত আমার নন্দনে ।
অম্বর প্রকাশি যত কহে মোর স্থানে ॥



আমারে কহিলে তুমি প্রভুর প্রিয় পুত্র।
যে কিছু জিজ্ঞাসি তার কহ মোরে সূত্র॥
অচিন্ত্য অব্যয় প্রভু নিত্যানন্দ তত্ত্ব।
সুক্ষ সর্ব্ব স্বয়েশ্বর সর্ব্বময় বর্ত্ত॥
অনন্ত নিগুর্ণ নিরঞ্জন নিরাকার।
আদি মধ্য অন্ত নাহি এ বুদ্ধি বিচার॥
হেন ঠাকুর হঞা পৃথিবিতে জন্ম।
অন্ন দৈন্য জন্ম লভয় প্রাকিতের কর্ম্ম॥
বৃন্দাবনে রাস কৈল গোপ বধূ সঙ্গে।
কামিজনে যেন কামাচার রতি রঙ্গে॥
কি নারি পুরুষ সেই আত্মা সর্ব্ব জানে।
হেন মরম তোর অনষ্ঠোন কেনে॥

End :

দুরন্ত পাতকি অন্ধ অতি দুরাচার।
অনাথ দেখিয়া দয়া করিলা অপার॥
তার দয়া বলে আর বৈষ্ণব প্রসাদে।
এই ভরসায় পুথি হব অবিরোধে॥
করোজোড় করি বলো কাতর বচনে।
আত্ম নিবেদিল আমি বৈষ্ণব চরনে॥
মো সম অধম নাহি ত্রিজগত মাঝে।
বৈষ্ণবের কৃপা বলে সিদ্ধ হউ কাজে॥
দশনে ধরিয়া তৃন এ লোচন দাস।
প্রনতি কাকুতি করো পুরো মোর আস॥
সূত্রখণ্ড সার এই কহিল কথন।
অবতার আদিখণ্ড কহিব এখন॥

Colophon :

ইতি শ্রীচৈতন্যমঙ্গলে সূত্রখণ্ড সমাপ্ত॥

---

507. চৈতন্যমঙ্গল—সূত্রখণ্ড।

CAITANYA-MAÑGALA—SŪTRA-KHANḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 10" × 5". Folia, 1-29. Lines, 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীরাধাকৃষ্ণ। শ্রীশ্রীগুরবে নমঃ॥

শ্রীশ্রীচৈতন্য নিত্যানন্দায় নমঃ।
শ্রীল শ্রীবৃন্দাবনকং বন্দনতমুখং বদঃ॥
যন্মেঃ শ্রীপদাম্ভোজং মাধুরি মজিতং সদা।
ভক্তিপ্রেম মাধ্যায়াং রসনিকরস্থায়েন সঙ্গোপনম্
ভক্তান্ ভক্তজনাভিনিবৃত্তিবিরো পূর্ণাবতীর্ণঃ কলৌঃ।
পাদস্থান পরিপূর্ণবান ত্রিজগতাং দুরাবনতাঙ্কুরৈঃ
শ্রীমন্ন্যাসি শিরমনি বিজয়তাং চৈতন্যরূপ প্রভুঃ।
গাইনজবি রাখেন বিহরে॥
নম নম বন্দ দেব গনেশ্বর বিঘ্নবিনাশন।
একরদ মহাকায় সর্ব্বকার্য্যে সহায়
জয় ২ পার্ব্বতি তনয়॥
হরগৌরি বন্দ মাথে জুড়িয়া যুগল হাথে
চরনে পড়িয়া মাগো সেবা।
ত্রিজগতে এক কর্ত্তা বিষ্ণুভক্ত বরদাতা
সবে এক দেখি সেবা॥
সরস্বতি বন্দ সুখে বৈস ক্ষন মোর মুখে
কহ গৌরহরি গুনগাথা।
অবিদিত ত্রিজগতে গৌরবর্ণ রাখি মাথে
অপরূপ অদ্ভুত কথা॥
কাকুতি করো দেবগনে আর কত গুরুজনে
বিঘ্ন না করহ ইথি।
না চাহ সম্পদ বর মুই অতি পামর
নির্ব্বিঘ্নে সম্পূর্ন হউক পুথি॥



Fol. 13 obv.

পদ মকরন্দ পরসে যে করয় অভিলাষে
অমর অমরা তাহার গৌর।
কিবা জানি পদ্মযোনি আপনাকে ধন্য মানি
বিনি সেবা পরবশ তোর॥
সনকাদি চারি মূর্ত্তি তার পিছে অনুভবি
নারি চাহে নয়নের কোণে।
যে পড়িল প্রেমরসে আন কিবা তাহে বাসে
বৈকুণ্ঠাদি তুচ্ছ করি মানে॥
করযোড় করোঁ পহু ও পদকমল দুহু
মধুকর করি দেহ বর।
ও পদ বিচ্ছেদ করে এ পাপ পরাণ পুরে
কেহ না ছাড়িহ মোর ঘর॥
তুয়া পারপদ জন ভক্তিনি কহে শুন
কেবল পরম পরকাশ।
আবেশে প্রভুর বলা গদগদ করি হিয়া
শুন কহে এ লোচন দাস॥

Fol 29 obv.

কৃষ্ণ এই দুই বর্ণ আছয়ে যাহাতে।
কৃষ্ণবর্ণ নাম তার কহে ভাগবতে॥
কান্তি কৃষ্ণবর্ণ সেই শুন সাবধানে।
গোরা গোরা বলি গান গায় এ কারণে॥
সাঙ্গো পাঙ্গো অস্ত্র পার্ষদ কত আর।
সবার সহিত প্রভু কৈল অবতার॥
সঙ্গে বলরাম বলি কেলি করে সাঙ্গ।
উপাঙ্গে আচরন কেলি সে উপাঙ্গ॥
সুদর্শনাদি অস্ত্র আর পারিষদ।
সংহতি আইলা সঙ্গে প্রহ্লাদ নারদ॥
আর যত অবতারে দাস নাসে যত।
সাঙ্গো পাঙ্গো অবতার নাম কৈল কত॥
এতেকে বৈষ্ণব সব করে অনুভবে।
যে নাম হইল তথা............॥

---

508. চৈতন্যমঙ্গল—আদিখণ্ড।

CAITANYA-MAṄGALA—ADI-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13¾" × 4¼". Folia, 1, 3-20, 22-30. Lines, 10-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীরাধালাল জিউ॥

একো দেব সহস্রকরন শ্রীকগৌরাঙ্গপরোক।
গৌর ধাম প্রকৃতি মধুরোবরাপি প্রেমহস্তা॥
ভক্তা পূর্ব্বে মধুর মধুর প্রেম বিস্তারকারা।
প্রেমনামা প্রকট করন শ্রীসচীনন্দনায়॥
জয়তি জয়তি দেব শ্রীসচীগর্ভজন্মা।
জয়তি জয়তি প্রেমদানেকধর্ম্মা॥
জয়তি জয়তি মের সিদ্ধি গৌরাঙ্গ নামা।
জয়তি জয়তি পর শ্রীকৃষ্ণ চৈতন্য নামা॥
অভিজ্ঞতা স্বধাপথ মহঃ স্বাস্থ্য ভাবং প্রবিধি।
শ্রীচৈতন্য প্রকট করন পূর্ণ পূর্ণাবতার॥
স্বজন পবিত্রকর বলো মেচ্ছ চণ্ডাল মুক্তৈ।
সত্যং সত্যং স্বই • • • ভিসভভে প্রেমরত্নং পবিত্রং॥

এক নিবেদন করোঁ শুন সর্ব্বজন।
বাচাল করএ গোরা শুন মূক জন॥
কহিতে কহিতে নারি জানি নিজপর।
যে উঠএ তাই বলি না উঠএ আর॥
সব অবতার সার চৈতন্য গোসাঞী।
এহেন করুনানিধি আর কেহো নাহি॥
কৃষ্ণ বিষ্ণু আর কেহ নাহিক ঈশ্বর।
সত্য কিবা ত্রেতা কলি আর দ্বাপর॥
সবে মাত্র এক প্রভু নাম ভেদ কৈল।
লোক বুঝাবারে করে নানা মত ভেদ॥



Fol. 6 obv.

আঁচলে ধরিয়া কান্দে নানা ছটি করে।
চরণ আছাড়ে করে নয়ন কচালে॥
কেনমতে দিন ধরে অবসান হৈল।
পুর্ণিমার পুর্ণচান্দ গগনে দেখিল॥
মাএর গলাএ ধরি কান্দে বিশ্বম্ভর রায়।
খেলা খেলিবারে আকাশের চান্দ চায়॥
গলে ধরি কেনে লোটি মাএর চুলি ছিণ্ডে।
ধুলায় ধুসর কর হানে নিজ মুণ্ডে॥
দেখিয়া জননি বলে আরে আবুঝিয়া পুত।
তোমার চরিত্র লোকে অতি অদ্ভুত॥
আকাশের চান্দ কোথা পাব ধরিবারে।
এ হেন কতেক চান্দ তোমার অধরে॥
তের দেখ লাজে চান্দ মলিন হইল।
না বুঝি তোমার আগে উদয় করিল॥
ইহা বলি কোলে করি চুম্ব দেই মুখে।
আপনা পাসরে দেখি প্রেমানন্দ সুখে॥
আনন্দে গানন্দে দেখি সম্পদ বিপুলা।
দিবানিশি নাহি দেখি পুত্র লিলা॥
অন্তর উল্লাস শচির পরশয় আশ।
গোরা গুন গাএ সুখে এ লোচন দাস॥

Fol. 30 obv.

এতেক বচন শুনি তাঁর প্রিয়া হৈল।
পণ্ডিত শ্রীসনাতন দুখ সম্বরিল॥
বান্ধব সহিত এই যুক্তি নিরূপিল।
আমার কি দোস বিশ্বম্ভর না করিল॥
ইহা বলি কারে কিছু না বলিল বানি।
অন্তরে দুঃখিত হইল ব্রাহ্মন ব্রাহ্মনি॥
হবে ত সকল কথা শুনি বিশ্বম্ভর।
কেনে কেন হৈল দুখ তাবর অন্তর॥
আমার অভক্ত হুহে দুখ পাইল চিতে।
কৌতুকে কহিল কথা হাসিতে হাসিতে॥
প্রিয় একজন ছিল সংজ্ঞের মাঝে।
নিভৃতে কহিল এই কত মন আছে॥
কোন কথাচ্ছলে আহ পণ্ডিতের ঘর।
আমি আছি জানি হেন কহিত উত্তর॥

* * *
* * *

---

509. চৈতন্যমঙ্গল—আদিখণ্ড এবং সূত্রখণ্ড।

CAITANYA-MAÑGALA—ĀDI-KHAṆḌA AND SŪTRA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14" × 6¼". Folia, 1-66. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Complete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রোজয়তি॥
ভক্তিপ্রেমমহার্ঘরত্ননিকরদানেন সর্বোর্বরান্।
অক্তানন্তকরুণাতিনিকৃতিবিবেরো পূর্ণোঽচীর্ণঃ কলৌ॥
শাঙ্গণান্ পরিপূর্ণয়ন্ ত্রিজগতঃ হৃষ্যসংছুতৈঃ।
শিরোমণি শ্রীমন্নাদিনিবিজয়তাং চৈতন্যরূপঃ প্রভুঃ॥ ১॥

পঞ্চমঞ্জরি রাগ॥

নমো নমো বন্দো, দেবগণেশ্বর, বিঘ্নবিনাশ মহাকায়।
একদন্ত মহাকায় সর্ব্বকার্য্যে সহায়
জয় ২ পার্ব্বতি তনয়॥
হংসোপরি বন্দো মাতে ধরিয়া পুস্তক হাতে
চরণে পড়িয়া কর সেবা।
ত্রিজগতে এক কর্ত্তা বিষ্ণুভক্তি বরদাতা
সবে এক হৈ দেখিবো॥
সরস্বতি বন্দো মুখে কেলি করহ সুখে
কহ গৌর-হরি গুন-গাথা।
অবিদিত ত্রিজগতে গৌর বর্ণ বানিবারে
অদ্ভুত আখ্যান কথা॥



কাকুতি কর কেবল   আর যত গুরুজন
বিঘ্ন না করিহ কেহো ইথি।
না চাহিহ সম্পদ্বর   মুক্তি আদি পামর
নির্বিঘ্নে সম্পূর্ণ হউক পুথি॥

Fol. 46 obv.

*   *   *   *

প্রভুর ক্রন্দনে কান্দে সকল সংসারে॥
সাস্ত করাইল সভে মধুর বচনে।
কতি নাস হবে প্রভু তোমার রোদনে॥
নারিগনে প্রবোধ করিল সচীদেবী।
বিশ্বম্ভর রূপ দেখি সব পাশরিবি॥
আপনে ভুলিব প্রভু সব সম্বরিয়া।
কাল যথোচিত কর্ম্ম করিল সৎক্রিয়া॥
তবে বেদবিধি-মতে যে ছিল উচিত।
করিল বাপের কর্ম্ম কুটুম্ব সহিত॥
পিতৃবৎসল প্রভু পিতৃ শ্রাদ্ধ কৈল।
ক্রমে ২ যথাবিধি ব্রাহ্মণে পুজিল॥

End:

মিনতি করিয়া বলোঁ বৈষ্ণব চরনে।
কৃপা কর গোরা গুন গাই এ বদনে॥
গোরাপদ-কমলে মো কর বিনতি।
তিলেকে করুনা দিঠে কর অবগতি॥
শ্রীনরহরি দাস ঠাকুর আমার।
এই আসাএ প্রভু বলি যে তোমার॥
নহে বা অধমাধম হত বুদ্ধি ছার।
তোর গুন কহিবারে কিবা অধিকার॥
অধিকার নহো বুঝি করো পরলাপ।
তোর গুন গন্ধে হিয়া বড় লাগে সাধ॥
যে হউ সে হউ কথা কহিব অবস্ত।
সাধ লাগে গুন সভে শুনিয়া রহস্ত॥
জানি বা না জানি কহি বড় প্রীতি আসে।
আদিখণ্ড সায় করে এ লোচন দাসে॥

Colophon:

ইতি আদিখণ্ড সম্পূর্ণ।

---

510. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $15\frac{1}{4}'' \times 5''$. Folia, 10, 11, 17, 18. Lines, 10-11 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 10 rev.

করুনাএ প্রকাশএ নিজ অনুরাগ।
বিচ্ছেদ হৃদয়ে যেন বাড়ে তার তার॥
এহেন করুনা নিধি আছে আর কোই।
অবিরোধে প্রেম সব অনুরাগ দেই॥
এইত কারনে বিষ্ণুপ্রিয়াকে প্রণাম।
ইহা জানি মনে কিছু না গন প্রমাদ॥

বিভাষ। সুর্দ্ধা।

প্রাতঃকালে উঠি প্রভু প্রাতঃক্রিয়া করি।
সন্ন্যাস করিব দাণ্ডাইল গৌরহরি॥
কণ্টক নগরে আছে ভারথি গোসাঞী।
সন্ন্যাস করিব তথা পণ্ডিত নিমাঞী॥
একান্ত করিঞা মনে কৈল বিশ্বম্ভর।
আত্রাকালে চৈলে দক্ষিন নাসার স্বর॥
চলিল ত মহাপ্রভু গঙ্গার সমিপে।
গঙ্গা সন্তরনে গেলে ছাড়ি নবদ্বিপে॥
গঙ্গা সন্তরি নবদ্বিপ ছাড়ি জায়।
বজর পড়িল যেন সভার মাথায়॥
নিজজন পরিজন সচি বিষ্ণুপ্রিয়া।
মুর্চ্ছিত হইয়া পড়ে অঙ্গ আছাড়িয়া॥

Fol. 17 rev.

কেবল পরম প্রেমা তাহে জিবন সে।
ত্রৈলক্য মোহন রূপ করিঞা প্রকাশে।
উপমা দেবারে নাহী ত্রিলোক ভিতর।
তোমার নিঠুর বাক্যে জগত কাতর॥



এমন করিতে [না] জুয়ায়ে তোমারে।
আপনি জন্মিলে বৃক্ষ কাটে কেনে মুলে॥
যে মার তাহারে সেহ সঙ্গতি করিয়া।
নহে বা মরিব সঙ্গে আগুনে পুড়িয়া॥
যেন দেখ তোর মাতা শচি অনাথিনি।
কান্দন [না] তেজএ উহার দিবস রজনি॥
বিষ্ণুপ্রিয়ার কান্দনা প্রিথিবি বিদরে।
যে দেখিবে যে শুনিব নগরে॥

End :

তন নিজ ধন জত তোমার বিচ্ছেদে।
কান্দএ কাতর হয়্যা গদাধর বিন্দে॥
আমার পাপিষ্ঠ দেহ না বিদরে কেনে।
এ কঠে কঠিন অস্থ বাহির কেনি জানে॥
এ বোল শুনিয়া প্রভু হাসি কৈ[ল] কোলে।
কহিব ইহার তত্ত্ব সুমধুর বোলে॥
তোমার প্রেমাতে আমি জাইতে না পারি।
তে কারনে তোর প্রেমা প্রকাশে সঞ্চরি॥
ইহা বলি আল্লাই[ল] বদনের প্রতি।
প্রেমাএ বিভোর সে আচার্য্য মনে চিন্তি॥
নয়ন যুগলে বহে সাত পাঁচ ধারা।
নির্ভর প্রেমের আবেশে ভেদ নাহি তারা॥
আগে বাগে সম্বরন করে সে ঠাকুর।
সম্বরন কৈল সে আচার্য্য চতুর॥
এ বোল বলিয়া প্রভু চলিলা সত্বর।
সকল ভকত গেলা আপনার ঘর॥
কহে সে লোচন শুন গোরাচান্দ বল।
সন্নাস নহিল হৃদয়ে রহি গেল শেল॥

ইতি রাধাকৃষ্ণ চৈতন্যচন্দ্র মহাপ্রভু॥ চৈতন্যমঙ্গল॥ সন্নাস খণ্ড॥ সমাপ্ত॥ লিখনের দোষ গুনা না লইবেন॥ যথাদিষ্টং তথা লেখিতং॥ সাং গাতাইত পাড়া॥ লেখিতং শ্রীগোপীনাথ দাসস্য॥

---

511. চৈতন্যমঙ্গল—সন্নাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $12\frac{1}{4}'' \times 4''$. Folia, 1-21. Lines, 9 on a page. Appearance about 200 years old. Complete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ॥

জয় ২ শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ॥
আর একদিন শ্রীকেশব ভারথি।
আইলা সন্নাসিবর বড় শুদ্ধমতি॥
মহাতেজ ন্যাসিবর মহা ভাগবত।
পুর্ব্ব জন্মার্জ্জিত কত পুন্যের পর্ব্বত॥
আচম্বিতে আসিয়া দেখিল বিশ্বম্ভরে।
বিশ্বম্ভরে দেখি তুষ্ট হইলা ন্যাসিবরে॥
উঠিয়া ঠাকুর কৈল চরন বন্দন।
ন্যাসি দেখিয়া প্রেমে ঝরে দুনয়ন॥
প্রভু অঙ্গ নিরখয়ে সেই ন্যাসিরাজ।
মহা বুদ্ধ ন্যাসিবর বুঝিলেন কাজ॥
কেশব ভারথি গোসাঞি কহিছে বচন।
তুমি শুক প্রহলাদ যেন লয় মোর মন॥
এ বোল শুনিঞা পুন প্রভু বিশ্বম্ভর।
কান্দ * * * ঝরে নয়ানের জল॥
তবে পুন কহে ন্যাসি নিশ্চয় করিয়া।
অনুমান করে মনে নিশ্চয় জানিঞা॥

Fol. 11 rev.

গোপবধূ জাহা লাগী ছাড়িলেক লাজ।
জাতি কুলসিল ভয়ে পড়িলেক বাজ॥



আর গুন গায় শিব বিরিঞ্চি নারদ।
আপনাকে বড় মানে অনেক সম্পদ ॥
যেন কেশ মুণ্ডন করিতে চাহে পহুঁ।
দেখিয়া সকল লোক না ধুলএ মুহু ॥
নাপিত না দেই হাত মস্তক উপরে।
তরাসে তাহার অঙ্গ কাপে থরথরে ॥
কণ্টক নগরের লোক এ ত্রীপুরসে।
ফুকুরি ২ কান্দে সকরুন ভাসে ॥

End :

* * কারনে তোমার হিআয় প্রেম উঠে নাহি।
তোমার প্রেমে আমি চলিতে পাই নাহি ॥
তোমার প্রেমে বশ হু * * *।
* * * * * সহুরি নিজ কার্য্য ॥
এ বোল বলিয়া প্রভু চলিলা সত্বরে।
সকল ভকত গেলা আপনার ঘরে ॥
কহএ * * * * * লোচনে বোল।
সন্ন্যাস নহিল হিআয় রহি গেল শেল ॥

Colophon :

ইতি শ্রীশ্রীচৈতন্যমঙ্গল মহাখণ্ড সন্ন্যাস কথন শ্রীশ্রী লোচন দাস বিরচিতং শ্রীমঙ্গলে সন্ন্যাস কথনং সম্পূর্ণ ॥ শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ। যথাদৃষ্টং তথালিখিতং শ্রীরঘুনাথ দাস বৈরাগী ॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণায় নম ॥ শ্রীশ্রী-স্বরূপ চরনে নম * *** ॥ শ্রীশ্রীনিত্যানন্দ চন্দ্রায় নম ॥

512. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 12" × 4". Folia, 3-4, 6-8, 9, 12-16. Lines, 11 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 3. rev.

* * * *
শ্রীনিবাস পণ্ডিত দেখি কহিল উত্তর ॥
শুন ২ অহে দ্বিজ প্রিয় শ্রীনিবাস।
এক কথা কহি যদি না পাও [ত] ত্রাশ ॥
প্রেম উপার্জ্জনে আমি যাব দেশান্তর।
তো সভারে আনি [দি]ব শুন দ্বিজবর ॥
সাধু যেন নৌকায় চড়ি যায় ভূরদেশ।
ধন উপার্জ্জন লাগি করে নানা ক্লেশ ॥
আমি তা বান্ধব মনে করএ পোষন।
আনিয় চৈতন আমি দিব প্রেম ধন ॥
এবোল শুনিঞা বোলে শ্রীনিবাস পণ্ডিত।
তোমা না দেখিলে প্রভু কি কা[র] জীবিত ॥
জীবিত রহিতে বন্ধু করিএ পোষন।
দেহান্তরে করে তার শ্রাদ্ধ তর্পন ॥

Fol. 14 obv.

নবদ্বিপ প্রবেশিতে আচার্য্য শেখর।
নয়নে অ[শ্রু] এ-জল গোড়এ অন্তর ॥
নবদ্বিপ বাসি যত আচার্য্যকে দেখিয়া।
অন্তর পোড়এ বক্ষ ২ করে হিয়া ॥
সকল বৈষ্ণব আসি মিলিলা সেইখানে।
সন্ধরিতে নারে প্রভু কাতর নয়ানে ॥
পুছিতে না পারে কিছু মুখে নাহি বায়।
শুনি শচিদেবি আছাড়িয়া ভুমী খায় ॥



Fol. 16 obv.

এমন আশা মোর হইব কত দিনে ।
কান্দিয়া পড়িব জগন্নাথের চরণে ॥
কহিব কাতর বাণি গদাধর পাঞা ।
সফল করিব আত্মা শ্রীমুখ দেখিয়া ॥
এবোল বলিতে চাহি পাশে ভক্তগন ।
ভুমিতে পড়িয়া সভে করেন রোদন ॥
চেতন হরিলা শচি কান্দিতে না পায় ।
ধরিবারে চাহে নিজ পুত্রের গলায় ॥
কেহো পায় ধরে কান্দে আছাড়িয়া ভুমে ।
অনেক সকতে প্রভু আপনা সম্বরে ॥
শ্রীনিবাস হরিদাস মুরারী মুকুন্দ ।
প্রভুকে কহিতে কিছু করএ প্রবন্ধ ॥
সতত ঠাকুর তুমি মুই ছার অধম ।
দিন দুরাচার আমি দিন দুরাত্মন ॥
কি বলিতে পারি প্রভু করিলে সন্ন্যাস ।
এখন ছাড়িয়া যাহ নিজ সব দাস ॥
একেশ্বর কেমনে হাটিয়া যাবে পথে ।
খুধাএ তৃষ্ণাএ অন্ন চাহিবে কাহাতে ॥
শচির দুলাল তুমি দুরিল চরিত ।
দুখানি চরণ বিষ্ণুপ্রিয়ার সেবিত ॥

আমাকে করুনা যদি দয়া থাকে চিতে ।
সেহ কৃষ্ণ প্রেমা মোরে জরাও চাহিতে ॥
এতেক বচন যবে শচি দেবি কৈল ।
হরষ সদয় প্রভু হাসিতে লাগিল ॥
বৈষ্ণব প্রসাদে প্রেমা পাইলে যে তুমি ।
নিশ্চয় জানিহ কথা কহিল যে আমি ॥
এবোল শুনিঞা শচি অতি হই চিত ।
তখনি পাইল ভক্তি প্রেম আচম্বিত ॥
পুলকিত সব অঙ্গ কম্প কলেবর ।
নয়ানে গলএ অশ্রুধারা নিরন্তর ॥
কৃষ্ণ কৃষ্ণ বলি ডাকে হরষ উল্লাস ।
কহএ লোচন গোরাচান্দের প্রকাস ॥

Fol. 33 rev.

বিলম্ব করিতে এই লোক জাগ হবে ।
তবে আর বৈষ্ণবের সঙ্গ হবে কবে ॥
যাত্রা না করিহ মোরে দেহত সন্ন্যাস ।
তোর প্রসাদে মুক্তি হউ কৃষ্ণদাস ॥
ইহা বলি করুন অরুন দুনয়ান ।
ছল ছল করে অতি কাতর বয়ান ॥
অন্তরে জানিঞা কিছু কহে দ্বিজরাজ ।
সময়ে জানিল মোর ভাল নহে কাজ ॥
জগতের গুরু এই সব লোক নাথ ।
গুরু করি আমারে করিব যোড় হাথ ॥
এত মনে করি জানি করিয়ে উত্তর ।
সন্ন্যাস করিবে অতি কাহ নিজ ঘর ॥
সাক্ষাতে অনমি ঠাঁই করিহ নিমাই ।
তোর শক্তি শুভাঁক্ষা সাধ সাধ ঠাঞী ॥
সাক্ষাতে সবার ঠাঞী বিদায় হইয়া ।
আসিহ আমার ঠাঁই সবারে বুঝাইয়া ॥

Fol. 44 obv.

তরুন বএসে নহে সন্ন্যাসের ধর্ম ।
কি বিধান আছে পুন উচিত কর্ম ॥
তুমি সর্ব্ব তত্ত্ব-বেত্তা লোকের বাখান ।
কি বিধান আছে কহি শাস্ত্রের প্রমান ॥

---

513. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHANḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 13" × 4½". Folia, 2-44. Lines, 11-12 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

* * * কৃষ্ণ প্রেম মহাধন ।
দেবতা দুর্লভ বস্তু অমূল্য রতন ॥



এবোল শুনিয়া সার্ব্বভৌম ভট্টাচার্য্য।
হৃদএ সঙ্কোচ কিছু মনএ আশ্চর্য্য ॥
এখানে কহিল কথা নিজ শিষ্যগনে।
একথা সকল জানি জানিল কেমনে॥
মনে অনুমান করি লজ্জাএ পিড়িত।
কিছু না কহিল আর রহিল বিস্মিত॥
তারপর দিন পুন সার্ব্বভৌম ঘরে।
নিজজন সনে গেলা তারে দেখিবারে॥
বেদান্ত পড়াএ সার্ব্বভৌম ঘরে বসি।
বেদান্ত সিদ্ধান্ত প্রভু শুনে হাসি হাসি॥
বেদান্ত নিগুঢ় কথা শুনিল ঠাকুর।
কৃষ্ণ পাদপদ্ম কথা অমৃত অঙ্কুর॥
শুনি সার্ব্বভৌম ভেল অন্তর তরাস।
এতকালে নাই শুনি এহেন বিশ্বাস॥
পড়িল শুনিল যত এতকাল ধরি।
পড়াইল সকল শিষ্য অহঙ্কার করি॥
এখনে সে শুনিল বেদান্ত সিদ্ধান্ত।
এই মহাপ্রভু সেই সরস্বতী কান্ত॥
এত অনুমানি সার্ব্বভৌম দ্বিজরাজ।
* * * * ॥
* * * *

---

514. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13" × 4½". Folia, 44-49, 55-60, 62-64. Lines, 9 on a page. Appearance, about 175 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 44 rev.

বিশা ॥
ওকি আরে আরে হয়॥
অতি অদভুত কথা শ্রবন মঙ্গলের নাম শুন গোরা গুন গাথা॥
ওকি আরে হয়॥
র॥

রজনি বঞ্চয়ে প্রভু আনন্দ হিয়ায়।
আছিল অধিক করি পিরিতী বাড়ায়॥
মায়ের সন্তোস করে জননী জানিঞা।
সে কথায় থাকে মাতা সন্তোস হইয়া॥
পরিজন পরিতোষে তার যে উচিত।
এই মনে সভাকারে করয়ে পিরিত॥
সয়ন আগারে সুখে গমন করিল।
তাম্বুল তবক করে বিষ্ণুপ্রিয়া গেল॥
হাসিয়া সম্ভাসে প্রভু আয় ২ বলে।
পরম পিরিতে তারে বসাইল কোলে॥
বিষ্ণুপ্রিয়া অঙ্গে প্রভু চন্দন লেপিল।
অগোর কস্তুরি গন্ধে তিলক রচিল॥
দিব্য মালতির মালা দিল গোরা অঙ্গে।
শ্রীমুখে তাম্বুল তুলি দিল নানা রঙ্গে॥
তবে মহা প্রভু সে রসিক শিরোমনি।
বিষ্ণুপ্রিয়া অঙ্গবেশ করেন আপনি॥



Fol. 49 obv.

কদম্ব কেসর জিনি বিপুল পুলক ।
কণ্টকিত সব অঙ্গ আপাদ মস্তক ॥
মত্ত করিবর যেন পথে চলি যায় ।
নির্ভর আবেশে যেনে কৃষ্ণ গুন গায় ॥
যেনেকে গম্ভীরে তুমি হবে স্তব্ধ হইয়া ।
যেনে লাফ দিয়া উঠে হরি বোল বলিয়া ॥
যেনেকে গোপিকা ভাব যেনে দাস ভাব ।
যেনে ফিরে ২ চলে যেনে শিশু ভাব ॥
এই মত মহাপ্রভু যায় নিত্যানন্দে ।
রাঢ়দেশে না শুনিল কৃষ্ণ নাম গন্ধে ॥

Fol. 64 obv.

এবোল শুনিঞা সার্ব্বভৌম ভট্টাচার্য্য ।
হৃদয়ে চিন্তিত কিছু গনিল আশ্চর্য্য ॥
এখানে কহিল কথা নিজ শিষ্যগনে ।
একথা সকল জানি জানিল কেমনে ॥
মনে করি ভট্টাচার্য্য লজ্জায়ে পিড়িত ।
কিছু না কহিল আর রহিল বিস্মিত ॥
তার পর দিন প্রভু সার্ব্বভৌম ঘরে ।
নিজ জন সনে গেলা তারে দেখিবারে ॥
বেদান্ত পড়ায় সার্ব্বভৌম ঘরে বসি ।
বেদান্ত সিদ্ধান্ত প্রভু পুছে হাসি ২ ॥
বেদান্ত নিগূঢ় কথা পুছিল ঠাকুর ।
কৃষ্ণ পারাশ্রয় কথা অদ্ভুত মধুর ॥
শুনি সার্ব্বভৌম ভেল অন্তরে তরাশ ।
এত কাল নাহি শুনি এহেন বিশ্বাস ॥

* * * *

* * * *

---

515. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14″ × 4½″. Folia, 5-16, 19. Lines, 10-11 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 5 rev.

মত বেশ্য না হও শুন আমার বচন ।
মিছা কান্দ দুখ চিত্তে কর অকারন ॥
বারে ২ বল তুমি নাহি * * দান ।
মিছা মোরে লোভ মোহ ক্রোধ অভিমান ॥
কে তুমি কাহার পুত্র কারে বল বাপ ।
মিছা তোর মোহ করে কহিব অনুতাপ ॥
কি নাহি পুরুষ কেবা কার গতি ।
শ্রীকৃষ্ণ চরণ বিনু অন্য নাহি গতি ॥
সেই মাতা সেই পিতা সেই বন্ধুজন ।
সেই ভর্ত্তা সেই কর্ত্তা সেই প্রাণ ধন ॥
তা বিনু অতেক মিছা অতেক অসত ।
তা বিনু অতেক মিছা কহিনু বেকত ॥

Fol. 11 obv.

সাক্ষাতে সন্যাস ঠাঁই বিদায় হইয়া ।
আসিবে আমার ঠাঁই প্রবোধ করিয়া ॥
আর এক বোল বলি শুন বিশ্বম্ভর ।
তোমারে সন্যাস দিতে কাপএ অন্তর ॥
এবোল শুনিঞা কান্দে বিশ্বম্ভর রায় ।
আরতি করিয়া পড়ে সন্যাসির পায় ॥
প্রণতি করিএ গোসাঞি না কর * * ।
মরিলে না ছাড়িব অই তোমার চরণ ॥
মোরে অত বল মোরে বুঝিবারে মন ।
এক নিবেদন করি শুনহ বচন ॥
একদিন রাত্রে মোরে দেখিল স্বপনে ।
সন্যাসের মন্ত্র দিল কহে মোর কানে ॥



Fol. 19 obv.

সে পুত্র কখন গেল করিতে সন্ন্যাস ।
তখনি ছাড়িব নিজ জীবনের আশ ॥
এতেক কল্পনা করি কান্দে শচি আই ।
হাসিয়া রহিল প্রাণ পুত্র মুখ চাই ॥
তবে সব ভক্তগণ ধাইয়া আইল ।
প্রভু অন্তাগন সঙ্গে সত্বরে চলিল ॥
কামান হইতে বান ছুটে যেন বেগে ।
ঐছন চলিল সঙ্গে বৈষ্ণবের ভাগে ॥
চিত্তএ উদ্বিগ্নে সভে প্রাঙ্গনে ধান ।
একদিন গাছে এক দণ্ডের সমান ॥
চৈতন্য হরিয়া নিল চেতন সভার ।
বাহ্য হইলে কৃষ্ণ বলি * * ।

---

516. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড ।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHANḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper, 14" × 4½". Folia, 1-15. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রী কৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ ॥ নম গোপাল নমক ॥

জয় ২ শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ ।
জয়াদ্বৈত চন্দ্র জয় গৌরভক্ত বৃন্দ ॥
জয় গোষ্ঠী সহিতে গৌরাঙ্গ জয় ২ ।
শুনিলে চৈতন্য কথা ভক্তি লভ্য হয় ॥
আর কথো দিনে সেই কেশব ভারতি ।
আইলা সন্ন্যাসিবর অতি শুদ্ধমতি ॥
সদা অতিশয় জ্ঞানি পরম ভাগবত ।
পূর্ব্ব অযাচিত কত পুত্রের পর্ব্বত ॥
আচম্বিতে আসিয়া দেখিল বিশ্বম্ভর ।
বিশ্বম্ভর দেখি তুষ্ট হইলা কাশীশ্বর ॥
উঠিয়া ঠাকুর করে চরণ বন্দন ।
সন্ন্যাসি দেখিয়া প্রেমে করে ক্রন্দন ॥

Fol. 9 rev.

আগেতে রহিব আমি শুন বিশ্বম্ভর ।
আপন হৃদয় তারে কহিনু উত্তর ॥
এবোল শুনিয়া পহু মহু ২ হাসে ।
যে কিছু কহিএ তাহা শুন শ্রীনিবাসে ॥
আমার বিচ্ছেদ লাগি না পাও তরাস ।
কভু না ছাড়িব আমী তোমা সভার পাশ ॥
বিশেষে তোমার ঘরে দেবতা মন্দির ।
নিরন্তর আছি আমী মন কর স্থির ॥
প্রবোধ বচন বলি তুষিলা তাহারে ।
মুরারি গুপ্তের বাড়ী গেলা সন্ধ্যাকালে ॥
হরিদাস সঙ্গে করি মুরারী মন্দিরে ।
নিভৃতে কহএ কিছু তাহার ঘরে ।

Fol. 16 obv.

এই মতে শুভরাত্রি প্রভাত হইল ।
প্রতিজ্ঞা করি প্রভু আসনে বসিল ॥
কত কত নিজ জন আছএ বসিয়া ।
হাসিয়া কহএ প্রভু সভা সম্ভাসিয়া ॥
শ্রীনিবাস আদি করি কত নিজ জন ।
আপন আশ্রমে সভে করহ গমন ॥
নিলাচলে জাব জগন্নাথ দেখিবারে ।
প্রসন্ন বদনে প্রভু অতি দয়া করে ॥
তোমরা থাকিবে নবদ্বিপ পাশনে
নিরন্তর দিবানিশি করিবে কির্ত্তনে ॥
এবোল বলিয়া প্রভু উঠিল সত্বরে ।
বাহ্ দেখী সভাকা * * ।



517. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13" × 4¼". Folia, 1-5. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥

আচম্বিতে কথো দিনে কেশব ভারথি।
আইলা সন্ন্যাসীবর অতি শুদ্ধমতি॥
মহাতেজা সন্ন্যাসীবর মহা ভাগবত।
পূর্ব্ব জন্মার্জ্জিত কত পুণ্যের পর্ব্বত॥
আচম্বিতে আসিয়া দেখিল বিশ্বম্ভর।
বিশ্বম্ভরে দেখি হৃষ্ট হইল ন্যাসীবর॥
উঠিয়া ঠাকুর করে চরণ বন্দন।
সন্ন্যাসী দেখিয়া প্রেমে করে ক্রন্দন॥
প্রভু অঙ্গ নিরখএ সেই সন্ন্যাসী রাজ।
মহা বুদ্ধি ন্যাসী সেই বুঝিলেক কাজ॥
কেশব ভারথি গোসাঞি কহিছে বচন।
তুমি শুক প্রহ্লাদ কি হেন লয় মন॥
এবোল শুনিঞা পুন প্রভু বিশ্বম্ভর।
কান্দয়ে দ্বিগুন করে নয়নের জল॥
তবে পুন কহে ন্যাসী বিস্মিত হইয়া।
অনুমান করে মনে বিস্ময় হইয়া॥

Fol. 5 obv.

শ্রীকৃষ্ণ ভজন মাত্র সব এই দেহে।
মুক্ত বন্ধ হয় লোক কৃষ্ণ করে দেহে॥
পুত্র স্নেহ কর মোরে জত বড় ভাব।
শ্রীকৃষ্ণ চরণে দৈলে কত কত লাভ॥
সংসারে আরতি করে মরিবার তরে।
শ্রীকৃষ্ণ আরতি করে ভব তরিবারে॥
সেই সে পরম বন্ধু সেই মাতা পিতা।
শ্রীকৃষ্ণ চরণে সেই প্রেমভক্তি দাতা॥
শ্রীকৃষ্ণের বিরহে মোর পোড়য়ে অন্তর।
চরণে ধরিয়া বলি বচন কাতর॥
বিস্তর পীরিতি মোরে করিয়াছ তুমি।
তোমার কৃপায় মাতা শুদ্ধ হই আমি॥
আমার নিস্তার হও মোর পরিত্রান।
শ্রীকৃষ্ণ চরণে ভজ, ছাড় পুত্র জ্ঞান॥
সন্ন্যাস করিব কৃষ্ণ প্রেমের কারণ।
দেশে ২ আনি তোরে দিব প্রেম ধন॥
আনের তনয় আনে রজত সুবর্ণ।
খাইলে বিনাস পায় নাহি পরকার্য্য॥
ধন উপার্জন করি আনে বড় দুখ।
* * * ।

---

518. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13½" × 4¼". Folia, 8, 9, 11, 40-46. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 rev.

নহির চুলায় হেন গোরা॥
ধ্রু॥
আর দিনে আর কথা শুন অদ্ভুত।
নিছুই নূতন প্রকাশএ শচীসুত॥
অতি অপরূপ কথা লোকে অবিদিত।
অধম কুলের মনে না হয় প্রতিত॥
কেবল নিগূঢ় প্রকাশএ ঠাকুরাল।
নিজ জনে কহে দেখি মিছা এ সংসার॥



ইহা বলি আন পরসঙ্গ করে আন।
পাসরিল সব জন লএ হরি নাম॥
নিজ নাম সংকীর্ত্তনে মাত্তল অন্তর।
ভূমিতে লোটায়া কান্দে প্রেমবিহ্বল॥
আচম্বিতে উঠি করে দিঞা করতালি।
নিজ জনে প্রকাসএ নিজ ঠাকুরালি॥
দেখ ২ আর কিছ আরোপিল আমি।
আমার আজিত এই হইল আপুনি॥

Fol. 41 obv.

সন্ন্যাস করিলে তুমি ঘুচাইলে দণ্ড।
তাহে দিক আর কাহে কর দণ্ড॥
সহিতে না পারি ভাঙ্গি ফেলাইল জলে।
যে কর সে কর মন ২ তাহা বলে॥
এবোল শুনিঞা প্রভু হৈলেন দুঃখিত।
হাসিঞা কহিল সব কর বিপরিত॥
মোর দণ্ডে বৈসে মোর যত দেবগণ।
হেন দণ্ড ভাঙ্গি কি সাধিলে প্রয়োজন॥

Fol. 46 obv.

জগন্নাথ অন্ন মহাপ্রসাদ পাইঞা।
মস্তকে রাখিল প্রভু হাসিয়া হাসিঞা॥
নিজ জন সনে অন্ন করাএ ভোজন।
হেন কালে শ্রীনিবাস পুছয়ে বচন॥
এক নিবেদন প্রভু করিতে ডরাঙ।
নির্ভয়ে পুছহো তবে জবে আজ্ঞা পাঙ॥
প্রসাদ দেখিঞা প্রভু হাসিল যে কালে।
মোর মনে হৈল কিছু আছএ অন্তরে॥
এবোল শুনিঞা প্রভু আনন্দ উল্লাস।
কহএ অন্তর কথা করিঞা প্রকাশ॥
কাত্যায়নি প্রতিমায় প্রসাদ হেন জন।
সেখান কুকুরে খায় শুনহ ব্রাহ্মণ॥

---

519. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{3}{4}''$. Folia, 15-23. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 15 rev.

কঙ্কন কেয়ুর হার চরণে নুপুর।
ললাটে চন্দন চাঁদ কিরন প্রচুর॥
পীত পরিধান বংশী ধরি বাম করে।
দেখিল বালক এক হরিস অন্তরে॥
বোলন করহ আখি গলে অলঙ্কার।
না কহিএ কেহো যেন না শুনএ আর॥
ইহন বচন শুনি সচী আনন্দিতা।
বিশম্ভর মুখোদিত অদ্ভুতের কথা॥
বিশম্ভর পুলক পুরিত সব দেহ।
জল মল করে অঙ্গ ছটায় নিজ গেহ॥
হেন কালে অবধুত নিত্যানন্দ রায়।
শ্রীনিবাস ঘরে হৈতে আইল তথায়॥
দেখিলাঙ তিহো প্রভুর মুর্ত্তি শরির।
তেজ মহা বাহু এ নাভি গম্ভীর॥

Fol. 17 obv.

এবোল শুনিঞা প্রভু অধিক উল্লাস।
ফেলেকে অন্তরে দিল সব জন তাষ॥
এই মনে বিহরে রসিক সিরোমনি।
সব জন রস দাতা সব রস জানি॥
রস দিঞা আই হৈল সব নিজ জন।

* * * *

লিলাগতি চলে প্রভু লোকে অলক্ষিত।
তাঁর নিজ জন জানে তাঁহার ইঙ্গিত॥
শ্রীনিবাস হরিদাস মুরারি মুকুন্দ।
ইঙ্গিত বুঝিয়া কান্দে বাড়ে প্রেমানন্দ॥



Fol. 23 obv.

আচম্বিতে একনাদ শুনিল গগনে।
মধু দেহ বলি ডাকেএ দেব নিস্বনে॥
সেই ক্ষেনে ধরে প্রভু হলায়ুধ রূপ।
নিল বসন স্থিত পর্ব্বত স্বরূপ॥
ঘুনন্দ চরন প্রভুর পদ্ম লোচন।
অদ্ভুত দেখিঞা সভার হৃষ্ট হইল মন॥
সব জন প্রেম দাতা প্রেম বিলসয়।
আপনা আবেশ সে ধরে মহাসয়॥
হরি নাম গাই সব নিজ জন সনে।
সেই মনে গেলাদ্বৈত মুরারি ভবনে॥
তথা গিয়া করে প্রভু পদ পদ ভাব।
মধুংকট সুধা দেহ বলি অট্টহাস॥
সেহের বরন যেন বাল দিননাথ।
মধু দেহ ২ বলি ঘন পাড়ি হাথ॥
তোয় পূর্ণ ভাজন আনিয়া নিজ করে।
অধু পান করি ঢোলে সঘন উদ্গারে॥
টল বল করি নাচে যেন মাতোয়াল।
ঢেউ ২ করি ঢো * * ॥

---

520. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{2}'' \times 5''$. Folia, 30-39. Lines, 12 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 30 rev.

মুরারি মুকুন্দ দত্ত আর শ্রীনিবাস।
অদ্বৈত আচার্য্য আদি আর হরিদাস॥
মহির সকল জন না দেখিয়া তোমা।
এ সব দেখিঞা পুত্র চিত্ত কর ক্ষেমা॥
পিতা হিন পুত্র তোর হিন দুই ঝিয়া।
অপত্য সন্ততি নাহি না দেখহ ইহা॥
তরুন বএসে নহে সন্ন্যাসের ধর্ম্ম।
গৃহস্থ আশ্রমে হরি সাধ সব কর্ম্ম॥
এতেক বচন ধরে সচী দেবি কৈল।
শুনিঞা প্রবোধ বানি মায়েরে কহিল॥
প্রবোধ করিছে কথা প্রভু গোরা রায়।
বিরহে ব্যাকুল ইহা এলোচন গায়॥

Fol. 36 rev.

প্রভন করিল গুরুর বসন দণ্ড।
প্রনত করএ প্রভু ভকতি প্রচণ্ড॥
গুরুর আজ্ঞাএ প্রভু সেদিন তোথাঞি।
শুভভক্তি করি সুখে রহিলা গোসাঞি॥
রজনি বৈষ্ণব মেলি করি সঙ্কীর্ত্তন।
গুরুর সংহতি নৃত্য করএ মোহন॥
কেশব ভারতি নাচে প্রেমানন্দ সুখে।
ঠাকুর নাচএ হরি বোলে সর্ব্বলোকে॥
প্রেমানন্দে পুন' লোহা পাসরে আপনা।
ব্রজসুখ অন্থ করি মানে দুই জনা॥

Fol. 39 obv.

আপন অন্তর কথা কহিল গোচর।
নিশ্চয় কহিবে প্রভু ইহার উত্তর॥
তোর নিজ জন যত তোর বিচ্ছেদে।
কান্দএ কাতর হঞা পাদ-অরবিন্দে॥
আমার পাপিষ্ঠ প্রাণ না রহে কেনে।
এ কাঠ কঠিন অঙ্গ নাহিক নয়নে॥
আমার অধিক আর দুরাচার নাহি।
তোমার বিচ্ছেদে হিয়ার প্রেমা উঠে নাহি॥
এবোল শুনিয়া প্রভু হাসি কৈল কোলে।
কহিব ইহার তত্ত্ব সুমধুর বোলে॥
তোমার প্রেমাএ আমি ছাড়ি জাইতে নারি।
যেকারনে তোর প্রেমা * সম্বরি॥



521. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13" × 4¼". Folia, 1-8, 15, 19, 26, 28-30. Lines, 7 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রোজয়তে॥

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ, সমর্পয়িতু-মুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ং। হরিঃ পুরটসুন্দর-দ্যুতিকদম্বসন্দীপিতঃ, সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দনঃ॥

জয় জয় শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্ত বৃন্দ।
জয় গদাধর নরহরি প্রাণনাথ।
চিত্ত প্রতি কর গৌরাঙ্গ শুভ দৃষ্টিপাত॥
ভক্ত গোষ্ঠী সহিতে গৌরাঙ্গ জয় জয়।
শুনিলে চৈতন্য কথা ভক্তি হয়॥
সহিত দুলাল গোরা করো পরনাম।
যাহেক করুণা দিঠে কর অবধান॥
করুণাজলদ গৌর যেন গোরা রায়।
বলিতা শাইব সে শিতল বাক্য পায়॥

Fol 21 rev.

এই শোক শুন ২ পরে গান শুদ্ধ।
প্রেমার আনন্দে গদ গদ ভাষেন গহ্ন॥
এক কালে এক স্থানে সাত্ত্বিক সমূহ।
পথে রাখিয়াছে শামি শাণ্ডিত্ব দুরন্ত॥
অনেক কল্পনাএ দুখ দিছে তাহা সভারে।
আগাইঞা ছিলা প্রভু সেইটি সভারে॥
অবধূত গদাধর পণ্ডিত বিস্ময়।
কি কারণে পুন সেইটিঞা প্রভু জায়॥

চিন্তিতে ২ তারা কার পায় ২।
কথো দূরে দেখে শান্তি বাহির হাঁসিছে॥

Fol. 30 obv.

শ্রীকৃষ্ণ চৈতন্যায় চন্দ্রায় নমঃ॥
ধানশি রাগ।
হরি রাম রাম রাম।
গৌরচন্দ্র দেখাহে মোর প্রাণ॥
আরে হায় আরে জগত মূরতি।
গোরা হে তুমি প্রেমার সাগর ঠাকুর॥
সুখের সাগর মূরতি গৌর হে।
সে সমস্ত কথা কহিব অমৃতের ধার।
শুনিতে বাড়য়ে সুখ সাগরের পাথার॥
(ইহার পরে ৫ লাইন অস্পষ্ট)

---

522. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14" × 5". Folia, 2-10, 26-49. Lines, 10-11 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

* * * কম্প কলেবর।
নয়ানে গলএ অশ্রু ধারা নিরন্তর॥
কৃষ্ণ ২ বলি ডাকে করএ উল্লাস।
কহএ লোচন গোরাচাঁদের বিলাস॥
তবে বিশ্বম্ভর প্রভু প্রেমে গর গর।
আছএ ব্রাহ্মণ ব্রহ্মচারি শুক্লাম্বর॥
তার স্থানে কান্দে প্রভু আনন্দে বিভোর।
নয়ানে গলএ অশ্রুধারা নিরন্তর।



নাসিকায় বহে শ্লেষ্মা অতি নিরন্তর।
নিরবধি গেলে তাহা বিপ্র মুরারির ॥
ভূমিতে লোটাঞা কান্দে রজনি দিবস।
সন্ধ্যার সময় প্রভু করএ দিবস ॥
দিবসে পুছএ প্রভু কত রাত্রি আর।
সব জন কহে দিন রাত্রি নাহি হয় ॥

Fol. 36 obv.

রূপ লাবণ্য কত বেশ লাবণ্য।
নিজপতি ভজিলে সকল হয় ধন্য ॥
মনে ২ তোমরা কর অনুভব।
পতি বিনু যুবতির মিছা হয় সব ॥
কৃষ্ণ পদ বিনে মোর অন্য নাহি গতি।
নিজ অঙ্গ দিয়া মুই ভজিব প্রাণপতি ॥
ইহা বলি মহাপ্রভু করএ রোদন।
যেনেক অন্তরে সকল সজ্জন ॥
পুনরপি সন্ন্যাসিকে করএ প্রণাম।
আপন অন্তর কথা থাক, কহহ বিধান ॥

Fol. 49 obv.

আছিল অধিক শ্রী বাড়িল সভার।
জগন্নাথ মহাপ্রভু প্রকাশ অপার ॥
চৈতন্য চরিত্র কথা কে কহিতে জানে।
সম্বরিতে নারি কিছু কহিএ বদনে ॥
নারিনু ২ এথা থাকিবারে আমি।
দেখিবারে যাব শ্রীবৃন্দাবন ভূমি ॥
অরে, হরি বলি কান্দে গোরা, উথলিল প্রেম ধারা,
কে ধরিব থাকন যাইঞা।
চান্দ মুখ না দেখিঞা রে, কার মুখ চাইলে হব রে।
বিশ্বরূপ ছিল, সেহ আগে ছাড়্যা গেল রে।
চান্দ মুখ না দেখিলে মরি রে।
মুরারি গুপ্ত বেজা খ্যাত তিন লোকে।
পণ্ডিত শ্রীদামোদর পুছিল তাহাকে ॥
কহিল মুরারি গুপ্ত শ্লোক অনুবন্ধে।
যে কিছু কহিল সে লোচন পরসাদে ॥
শুনিঞা মাধুরি লোকে চিত্ত উতরোল।
নিজ দোষ না দেখিনু মন হৈল ভোর ॥

যে কিছু কহিনু নিজ বুদ্ধি অনুরূপ।
সাধুগণ প্রতেকে কহা যে যার স্বরূপ ॥
সূত্র খণ্ড আদি খণ্ড মধ্য খণ্ড সার।
শেষ খণ্ড আছে তাহা কহিব অপার ॥
চৈতন্যচরিত্র কথা চৈতন্য প্রকাশ।
মধ্য খণ্ড সার কহে লোচন দাস ॥

Colophon :

ইতি মধ্য খণ্ড সমাপ্ত ॥

---

523. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13¼" × 4¼". Folia, 2-27. Lines, 9 on a page. Date 1086 B.S. (1680 A.D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

হয় গোসাঞি বন্দো হঞা কৃতাঞ্জলি।
বৈষ্ণবের প্রাণধন মাগো পদ ধূলি ॥
বান্দব গোপাল ভাব চৌধুরী মহাশয়।
অপার চরিত্র যার নাহি পার অন্ত ॥
তিন প্রভুর চরণে কোটি নমস্কার।
যাহা হৈতে হইল মহাপ্রভুর প্রচার ॥
আচরিতে একদিন কেশব ভারতি।
আইলা সন্ন্যাসি বর অতি শুদ্ধ মতি ॥
মহাতেজ সন্ন্যাসির মহা ভাগবত।
পূর্ণ ব্রহ্ম হইতে যেন পুরুষ শরীর ॥



Fol. 22 rev.

* * * *

বার্ত্তা পায়া সর্ব্ব লোক ধায় তাড়াতাড়ি।
কান্দিতে ২ আইলা ঠাকুরের বাড়ি॥
শচে বলে হায় ২ কি হল ২।
আকাশ ভাঙ্গিয়া যেন মাথায় পড়িল॥
কান্দে প্রভু নিত্যানন্দ শিরে দিয়া হাথ।
কোথা গেল গৌরচন্দ্র মোর প্রাণনাথ॥
কোন অপরাধ লাগি ছাড়ি গেলা মোরে।
এমত উচিত নহে নিঠুর বেবহারে॥
দেখা দিয়া প্রাণ রাখ নহিলে না জিব।
তোমার বৈরাগ্য লাগি কোন দেশে জাব॥

End :

বিন পানে না মরে না জিএ সুধাপানে।
মরে জিএ সর্ব্ব লোক নিবন্ধ কারনে॥
নিবন্ধ কাটিতে পারে কৃষ্ণভক্তি বলে।
শ্রীকৃষ্ণ ভজন বিনু নিবন্ধ না টলে॥
তোমোরা সকল সাধু সংসারে বিরক্ত।
আমারে দেখায় মায়া এই নহে যুক্ত॥
পুত্রস্নেহে অনুরাগ করেন জননি।
বড়পরি হইয়াছি ইহে করিব কি আমি॥
সভে একমন কথা কহিএ যেমন।
আগা হইতে কহি দিয়া গঙ্গা দরশন॥
শান্তিপুরে যাইব অদ্বৈত আচার্য্যের ঘরে।
তথা হইতে অবশ্য আসিব জননিরে॥
দণ্ডবত করিয়া পড়িল তার পায়।
আজ্ঞা মাগি পুনর্ব্বার হইব বিদায়॥
এই মনে যুক্তি কৈলা শ্রীশচীনন্দন।
আনন্দে কহএ শুন এ দাস লোচন॥

Colophon :

ইতি সন্ন্যাসখণ্ড সমাপ্ত। যথাদিষ্টং তথালিখিতং লেখকস্য দোষ নাস্তিকং। ভিমস্যাপি রোনে ভঙ্গ মুনিনাঞ্চ মতিভ্রম॥ ইতি সন ১২১৯ সাল, তারিখ ১৩ শ্রাবন বারে মঙ্গল বারে॥ লিখিতং শ্রী রাধাকৃষ্ণ পাল॥ সাং সাহেবগঞ্জ॥

---

524. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHANDA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 13" × 5". Folia, 2-9. Lines, 11-12 on a page. Date, 1219 B.S. (1813 A.D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 2. rev.

শ্রীশ্রীরাম॥

হরি ২ বলি ডাকে ছাড়এ নিশ্বাস।
অন্যবাক্য বলে কিছু না করে নির্জ্জাস॥
পুলকের অঙ্গ অরুন বরন।
দেখিয়া মুরারি কিছু কহয়ে বচন॥
শুন শুন মহাপ্রভু গোরা ভগবান।
তোমার অগাধ নাহি এগুণপরিমান॥
তুমি কহি এখন চলিলা দেশান্তর।
আমিত চলিব সঙ্গে করিয়া গহ্বর॥
সত্তর কহি তার মোনে জেই লয়।
পুত্র প্রবেশিল আমি সংসার আলয়॥
অনেক কহিলা মাথ কিছু না টৈল।
নিশ্চয় করিয়া নাথ তোমারে কহিল॥
এবোল শুনিয়া প্রভু নিগঢ়ে হসে।
পড়িতে লাগিলা মুরারি আছা করে॥
তবে আর কতোদিন গেল যে কৌতুকে
সন্ন্যাস করিয়া দেখে নদিয়ার লোকে॥



জননির স্বরূপে আনন্দ সেহ করি।
বিষ্ণুপ্রিয়া সঙ্গে ক্রীড়া করে গৌরহরি॥
স্বজন বান্ধব সঙ্গে আছে মহাসুখে।
সভারে সোন্তোষ করো আছে নবদ্বিপে॥
চৈতন্য মোহন রূপ তাহে না ধরিমা।
বিনোদ বিলাস রসরঙ্গের সিমা॥
নানা অলঙ্কারে দেখিতে লাগে সোভা।
বান্ধিয়া বিনদ চুড়া কেসে মালতির গাভা॥
চন্দন তিলক পরিপাটী মোনোহর।
রক্ত বস্ত্র বাস পরে চৈতন্য সুন্দর॥

End :

এতেক বলিয়া প্রভু বোলে হরিবোল।
সত্বরে চলিলা, উঠে ক্রন্দনের রোল॥
অদ্বৈত আচার্য্য গোসাই চলিলেন তবু।
দণ্ড দুই গিয়া পথ পানে চায় প্রভু॥
দাণ্ডাইয়া মহাপ্রভু আচার্য্য অবলখে।
উত্তরিল গিয়া আচার্য্য খানিক বিলম্বে॥
আমোর পাপিষ্ট প্রান না নহরে কেন।
একান্ত করিয়া প্রভু কহিল বচন॥
এ বোল শুনিয়া প্রভু চলিলা সত্বর।
সকল ভকত গেলা আপনার ঘর॥
সভারে বিদায় দিয়া চলিলা ঠাকুর।
অন্ধকার হইল সে নদিয়ার পুর॥
পণ্ডিত শ্রী গদাধর অবধুত রায়।
আর কত নিজজন সঙ্গে চলি যায়॥
কহয়ে লোচন দাস গোরা ছাড়ি গেল।
সন্ন্যাস করিল এই রহি শেষ গেল॥

Colophon :

ইতি সন্ন্যাস খণ্ড সমাপ্ত হইল। ইতি সন ১২১৯ বনিষ সাল॥ তারিখ-বুধবার———যোড়াদনি দিবসে॥

---

525. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13″ × 4½″. Folia, 9-32. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 9. rev.

* * * *।
কৃষ্ণ চৈতন্য পুর চৈল ভাগ্যের নির্ব্বন্ধ॥
মায়া দয়া ভাগ্যবান নাহি ত্রিভুবনে।
পুত্রভাব সাক্ষাতে দেখিলু নয়ানে॥
ব্রহ্মা আদি দেব যারে বিধানে না পায়।
হেন জন মোরে মা বলিয়া বোলায়॥
জগত দুর্ল্লভ কৃষ্ণ আমার ত নয়।
কার বশ নহে কৃষ্ণ মোর সঙ্গে কিবা হয়॥
এত অনুমানি সচী কহিল বচন।
অতএব ঈশ্বর তুমি পুরুষ রতন॥
মোর ভাগ্যে এতদিন ছিলা মোর বাসে।
এখন আপন ইচ্ছায় করহ সন্ন্যাসে॥
সংসারে মনুষ্য দেহ মায়া নাহি ছাড়ে।
ছাড়াইলে মায়া প্রভু তথাপি না ছাড়ে॥
পূর্ব্বে যুধিষ্টির সবে গেলা বৈকুণ্ঠ বাসে।
তথাপি মায়া তাঁর অন্তরেত আছে॥
প্রভু জিজ্ঞাসিল তুমি কহত কুশল।
মায়া মোহে কান্দে রাজা হইয়া বেকুল॥

Fol. 24 rev.

আশ্চর্য্য শুনিয়া ধায় গ্রাম বাসী যত।
নানা আশ্রম লোক তাহা কহিব কত॥
কণ্টক নগরের লোক, দেখিবারে ধায়॥
যে দেখয় তাঁর হিয়া নয়ান জুড়ায়॥

কিবা বৃদ্ধ কিবা শিশু কি পুরুষ নারি।
কি পণ্ডিত অপণ্ডিত মূড়খ যতআরি।
শিশুগন যায় আর কোলের যুবতি।
সিস্ত মায়া নাহি দেখে যেনক যুবতি ॥
কাখে কুম্ভ করি কেহ দাণ্ডাইয়া রয়।
বলিতে না পারে কেহ রূপ নিরখয় ॥
খ[সাঁ]বিছু যে নারিরে অঙ্গ নাহি দেখে।
হেন নারি থাক্যা আয় গাম্ভা দুরে থাকে ॥

Fol. 32 obv.

শীঘ্র পাক কৈল তিহো বিবিধ ব্যঞ্জন।
দুগ্ধ রূপ আদি আর * * ॥
ঈশ্বরের নৈবিদ্য করি প্রভু বসাইলা।
নিত্যানন্দ সহিত প্রভু ভোজন করিলা ॥
ভোজন করিয়া প্রভু কৈল আচমন।
এলাচি মুখ বা * * করেন ভক্ষন ॥
আসনে বসিলা প্রভু পরম কৌতুকে।
তবে আচার্য্য গোসাঞি বসাইল সর্ব্ব লোকে ॥
অ * র সব অত অন্ন আর যেই রূপ।
ভোজন করাইল সভায় পরম কৌতুক ॥
শচী ঠাকুরাণীর যেমন বিধান আছিল।
সেই মত তাঁর * * * ॥

---

526. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHANḌA.

BY

LOCANA DASA.

Substance, country-made paper; 13¼" × 4½". Folls. 1-2, 4, 6-19, 21, 23-29. Lines, 8-9 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীহরি ॥ শ্রীশ্রীচৈতন্য চন্দ্রায়নম।
* * * * ।
আর এক দিন শ্রীকেশব ভারথি।
আইলা সন্ন্যাসীবর বড় শুদ্ধমতি ॥
মহাতেজা জ্ঞানীরাজ মহাভাগবত।
পূর্ব্ব জন্মার্জ্জিত কত পুণ্যের পর্ব্বত ॥
আচম্বিতে আসি দেখিলা বিশ্বম্ভরে।
বিশ্বম্ভরে দেখি তুষ্ট হইলা ন্যাসিবরে ॥
উঠিঞা ঠাকুর বইল চরন বন্দন।
সন্ন্যাসি দেখিঞা প্রেমে ঝরএ নয়ন ॥
কেশব ভারথি গোসাঞী কহিছে বচন।
তুমি শুক প্রহ্লাদ কিবা হেন লএ মন ॥
এ বোল শুনিঞা পুন প্রভু বিশ্বম্ভর।
কান্দএ বিগুন করে নয়নের জল ॥

Fol. 18 rev.

আর্ত্তনাদে ডাকে শচি আরে অবধূত।
কোথারে থুইয়া আল্যা সে সোনার সুত ॥
ইহা বলি ডাকে শচি বুকে কর হানে।
টলমল করে মাজি ঠাঞে পথ পানে ॥
সর্ব্বলোক অচৈতন না বলে যে ঠাকুর।
চলি বলে মোর বাছা আইসে কত দূর ॥
নিত্যানন্দ বলে কেহ না করিহ চিন্তে।
আমারে পাঠাইলা তোমা সভারে লইতে ॥



অদ্বৈত আচার্য্য ঘরে রহিল ঠাকুর।
যেন না কহিহ সেথাহইতে অন্তর॥
উলসে সকল জনে প্রভু দেখিবারে।
সেই মতে সেই ক্ষেমে সর্ব্বলোক চলে॥

Fol. 29 obv.

মুখা বিমোহিত পণ্ডিত সার্ব্বভৌম।
প্রভুর পরথে কিছু কহিল বিনয়॥
ব্রাহ্মণ সজ্জন সব সম্পূর্ণ সদাচার।
তার মাঝে কহে দ্বিজ যে ছিল বিধার॥
মহাবংশে জন্ম জানি সুপণ্ডিত জন।
তরুণ বয়স লঞা সন্ন্যাস করন॥
এ সময় অনুচিত সন্ন্যাসের ধর্ম্ম।
বেদান্ত পরহ তুমি জানিবে সর্ব্ব মর্ম্ম॥
পুনরপি সংকার [ক]রুক আপনার।
বেদান্ত শিখিয়া করুক আশ্রম আচার॥
যেথা প্রভু আছে নিজ জন সঙ্গে।
কৃষ্ণ বেশে রহে প্রভু প্রেম রস রঙ্গে॥
আচম্বিতে মুচকি হাসএ সহ ২।
অবিরত ধারা প্রেম বরিসএ মন্থ॥
জানিল সকল প্রভু চলিল তথায়।
এথা বসি সার্ব্বভৌম বেদান্ত পড়ায়॥
নিজ জন সনে সেই থানে উপনিত।
* * * *॥

---

527. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-68. Lines, 8-9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ।
গৌরচন্দ্র নমস্কারং নিত্যানন্দ নমস্কৃতে।
গদাধর নমস্কৃতে অদ্বৈতায় নমো নমঃ॥
নিত্যানন্দমহং বন্দে কর্ণেলম্বিত-মৌক্তিকং।
চৈতন্যাগ্রজ রূপেণ পবিত্রং ভূত কুন্ডলং॥

ধানশ্রী রাগ॥

আরে কথন্ত মুরতি গৌর হে।
প্রভু প্রেমার সাগর সোনারে।
আরে মুরতি গৌর হে॥ ধ্রু॥

আদি খণ্ডের সার মধ্যখণ্ডের আরম্ভ।
যাহা শুনিলে প্রেম পায় অবিলম্ব॥
মধ্যখণ্ড কহিব কথা অমৃতের সার।
নদিয়া বিহার যাতে প্রেমার প্রচার॥
নদিয়া আসিঞা প্রভু আনন্দিত চিতে।
সুখে বিহরএ নিজ বান্ধব সহিতে।
নবদ্বীপবাসি যত ব্রাহ্মণ কুমার।
সৎকুল-সম্ভব তারা অতি শুদ্ধাচার॥
বড়ই সুকৃতি তার বড় তিন লোকে।
আগমে ঠাকুর বিদ্যাদান দিল যাকে॥



এই মত দিব্যজ্ঞান গৌরাঙ্গ ঠাকুর।
প্রকাশিত নিজ প্রেমা আনন্দ প্রচুর॥

Fol. 44 rev.

জল ফুল কালে খাই বেলার কাটিঞা।
মরিব আমরা সব হৃদয় কাটিঞা॥
নিরন্তর দিবানিশি আর নাহি জানি।
অপনের দেখি তোর চান্দ মুখ খানি॥
সংসারের বাসনা মোর নিবৃত্ত না হয়।
অনন্ত দুর্লভ তব শ্রীচরণের দায়॥
তুমি দেশান্তরে যাবে সভারে এড়িঞা।
থাইবে সংসার বাড়ি সভারে বেড়িঞা॥
দয়া করি নিকরুণ হও কি কারণে।
ইহা বলি সভে মিলি পড়িলা চরণে॥
প্রভু কহে তোমরা আমার নিজ দাস।
তো সভাকে কহি শুন আপন বিশ্বাস॥
কহিতে আরম্ভ মাত্র গদ গদ স্বর।
অরুণ কমল আঁখি করে ছল ছল॥
সকরুণ কণ্ঠে আধ আধ বাণি কহে।
সম্বরিতে নারে অনে নিরবধি বহে॥
কৃষ্ণের বিরহে মোর পোড়য়ে অন্তর।
সকল ইন্দ্রিয় দেহে জেন মরা জর॥

Fol. 68 obv.

বসিতে আসন দিল সার্ব্বভৌম আনি।
ঠাকুর মাথাএ হয় কি করিব আমি॥
তুমি সার্ব্বভৌম ভট্টাচার্য্য সব জান।
আজ্ঞা পুছএ তোরে কহত বিধান॥
সন্ন্যাস আশ্রম ধর্ম্ম না জানিঞা আমি।
সন্ন্যাস করিল বিধি বিচারহ তুমি॥
তরুণ বএসে মতে সন্ন্যাসের ধর্ম্ম।
কি বিধান আছে পুন উপরিত ধর্ম্ম॥
তুমি সর্ব্ব তত্ত্ব বেত্তা বেদান্ত বাখান।
কি বিধান আছে মোরে পড়াহ এখন॥
এ বোল শুনিঞা সার্ব্বভৌম ভট্টাচার্য্য।
অন্তরে সঙ্কোচ কিছু মনএ আচার্য্য॥

এমনে কহিল কথা নিজ জন সনে।
এ কথা সকল স্বামী জানিল কেমনে॥
মনে অনুমান করি সভাএ বিস্মিত।
কিছু না কহিল কেন রহিল বিস্মিত॥
তার পর দিন পুন সার্ব্বভৌম ঘরে।
নিজ জন সনে গেলা তারে দেখিবারে॥
বেদান্ত পড়য়ে সার্ব্বভৌম ঘরে বসি।
বেদান্ত সিদ্ধান্ত প্রভু পুছে স্বামী ২॥

---

528. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHANDA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14" × 4½". Folia, 5-13. Lines, 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

* * * *

Fol. 5 rev.

* * * *

অদ্বৈত আচার্য্য আদি   ছাড়িয়া কি কাজ সাধি
কেমতে বা করিব সন্ন্যাস॥
তুমি প্রভু প্রেম রাশি   জগত জন যেন নাশি;
বিপরীত সিরিতী আইসয়।
তুমি দেশান্তরে যাবে   শুনিতা মরিবে সবে
অর্জ্জিবে অপযশময়॥
কি কর্ম্ম মুই ছাড়ে   মুই তোর এ সংসারে
অভয় করিবার মোর তরে।
তোমার নিছনি লইয়া   মরি যাইব বিষ খাইয়া
বুকে তোমি শক্ত এই ঘরে॥



Fol. 13 obv.

লাচারী ॥

নিমাই করিআ আগে ধাঞা সখি অনুরাগে
সবে মেলি গেলা শান্তিপুরে।
মুড়াইয়া চাচর কেশ ধরিয়া সন্যাসী বেশ
দেখিয়া সবার মন ঝুরে ॥
এমত হইল কেন শিরে কেশ দেখী ছিন
পরিয়াছে কপিন * ।
নদিয়ার লোগ ছাড়ি আমারে অনাত করি
কার দোসে করিলা সন্যাস ॥
করজোর করিয়াছে মায়ের চরন বুকে
পড়িলেক দণ্ডবত হইয়া ।
নিমাই লইআ বুকে চুম দিলে চান্দ মুকে
কান্দে সখি গলাএ ধরিয়া ॥

---

529. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA MADHYA-KHANDA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $14\frac{1}{2}'' \times 5''$. Folia, 6-21. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 6 rev.

* * * *

দেখিআ বৈষ্ণব সব্ গনিল প্রমাদ ॥
বিহ্র উপায় দেখি সভাই দুঃখীত ।
কেমতে ঘুচিব দুঃখ চিন্তা পরতিত ॥
সবে সে মহাপ্রভু মনীষা করি করে ।
নামগুন সংকির্ত্তন করে উচ্চস্বরে ॥

দেবলোক ক্রীড়ার্থ করিব গহে মনে ।
উর্দ্ধমুখে চাহে প্রভু আকাশের পানে ॥
দুর গেল মেঘারম্ভ প্রকাশ আকাস ।
হরিসে বৈষ্ণব সব পরম উল্লাস ॥
নিরমল সশী জোতি-রঞ্জিত রজনি ।
অদ্ভুত গুন গাহ নাচয়ে আপনি ॥
আপুনি নাচএ প্রভু ভক্তগন সঙ্গে ।
সভার আবেশ হৈল প্রেম-মহারঙ্গে ॥

Fol. 16 obv.

সেই মতে সংকির্ত্তন ক্রিয়া সমাধিয়া ।
গঙ্গাপুর স্থনিকটে মিলিল যাসিঞা ॥
সেনই সময়ে মহাসয় হরিদাস ।
কৃষ্ণ নামে নিরন্তর অন্তর উল্লাস ॥
কৃষ্ণ-পদাম্বুজ-মধুমত্ত-মত্ত ভৃঙ্গ ।
রসের আবেসে হয় তরঙ্গিত সিংহ ॥
আচম্বিতে নবদ্বিপে মেলিল আসিঞা ।
আইল যাইল বসি পহু সম্ভাসে হাসিঞা ॥

Fol. 21 rev.

হসিঞা নলিন ধারা বহে দুনিবার ।
সিমাইল ভকতেরে * তোমার ॥
সেইমতে আছে প্রভু ঘাহন্দ কৌতুকে ।
আচম্বিতে আইল এক দ্বিজুকে ॥
বনমালি নাম তার পুত্র এক সঙ্গে ।
বিপ্র কুলে জন্ম হৈলে পুত্রে দেল রঙ্গে ॥
দেখিলেক বিশ্বম্ভর ভকত বেষ্টিত ।
পুত্রের সহিত বিপ্র হৈলা আনন্দিত ॥
পুত্রের সহিত বিপ্র সন্মান করে ।
কহিতে * * বার ২ করে ॥
ভাল হইল মোরা হই দারিদ্র ।
দারিদ্রতা লাগি হৈলে পবিত্র ॥
নিশ্চ জানিনু বিশ্বম্ভর ভগবান ।
অন্ন ভাবে জানিনু এক দুগ্ধ গোয়ান ॥
হৃদয় সকল ঘাজি হৈল যেন যাসি ।
দেখিল সে বিশ্বম্ভর প্রভু গুনরাসী ॥



* নয়ান হিয়া জুড়াইল মোর।
নিভাইল দুরন্ত কাহিয়া মহাসুর॥
অমিঞা যাহারে যেন সন্তোষ অন্তর।
বিশ্বম্ভরে দেখিঞা সিঞ্চিল কলেবর॥
তবে গৌর ভগবান দেখিঞা তাহারে।
কমলা নয়ানে চেয়ে * * * *॥

---

530. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHANḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper, 10" × 4¼". Folia, 1-13. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীকৃষ্ণ-চৈতন্যচন্দ্রায় নমঃ॥
শুনিয়া ভকত সব অনুমান করি।
নড়াইলা সন্যাস করিব গৌর হরি।
ইঙ্গিত আকারে বুঝিলা মুকুন্দ।
প্রভু রাখিবারে প্রকার প্রবন্ধ॥
শুন ২ সজ্জন আমার উত্তর।
সন্যাস করিব এই দেব বিশ্বম্ভর॥
যাবত আছএ দেখ নয়ান ভরিঞা।
শ্রীমুখের কথা শুন শ্রবণ পুরিঞা॥
ছাড়িয়া যাইব প্রভু নিজ গৃহবাস।
জননী ছাড়িঞা আর নিজ দাস॥
এবোল শুনিঞা সব বাখিত হিয়ায়।
যুকতি করিয়া সভে চিন্তিত হিয়ায়॥
সেনই সময়ে তবে প্রভু বিশ্বম্ভর।
শ্রীবাস পণ্ডিত দেখি কহিলা উত্তর॥
শুন ২ অরে দ্বিজ প্রিয় শ্রীনিবাস।
এক কথা কহি যদি না পাও ত্রাস॥
প্রেম উপার্জনে যাব দিগ বিশ্বম্ভর।
তোমা সভায় আনি দিব শুন দ্বিজবর॥
সাধু যেন নৌকায় চড়ি যায় দূর দেশ।
ধন উপার্জন লাগি করে নানা ক্লেশ॥
আনিয়া বান্ধব গনে করয়ে পোষন।
আমিহ আনিয়া দিব তৈছে প্রেমধন॥
এ বোল শুনিঞা কহে শ্রীবাস পণ্ডিত।
তোমা না দেখিঞা প্রভু কিসের জিবিত॥
জিবীত শরিরে বন্ধু করয়ে পোষন।
দেহান্তরে করে তার শ্রাদ্ধ তর্পন॥

End:

হেনক্ষণে সময়ে করে ভারতী গোসাঞী।
কি নাম থুইব তোর বলহ নিমাঞী॥
যতেক বৈষ্ণব সব ছিলা সেইখানে।
সভা দেখা সন্যাসীর করে অনুমানে॥
বুদ্ধি অনুরূপ কহে যার যেই মনে।
হেন কালে শুভ বানী হইল গগনে॥
শুনি শুনি সব লোক হৈল চমৎকার।
শ্রীকৃষ্ণ-চৈতন্য নাম করহ ইহার॥
এতেক বচন যদি দেব মুখে শুনি।
আনন্দীত সব লোক করে হরিধ্বনি॥
গুরুর বচনে করে প্রণতি বিস্তার।
প্রদক্ষী[ন] করিয়া চলিলা নীলাচল॥
এই মনে আনন্দে নিবারাত্রী জায়।
প্রভাতে উঠিয়া প্রভু হইলা বিদায়।
গুরু প্রদক্ষিন করি করে পরনাম।
নীলাচলে যাই যদি পাই সবিধান।
গুরুর চরনে আজ্ঞা মাগয়ে গৌরাঙ্গ।
লোচন কহে সন্যাস খান গাথা হৈল সাঙ্গ॥

Colophon:

সমাপ্তোঽয়ং সন্যাসখণ্ডঃ। যথাদৃষ্টমিত্যাদি॥



531. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 16" × 5½". Folia, 8-33. Lines, 12 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8 rev.

গিয়াছিলাম মহাপ্রভু শ্রীবাসের ঘরে।
আগমন চাহি আচার্য্য বসি পূজা করে॥
শ্রীবাসের ঘরে প্রভু আনন্দিত মনে।
বস্ত্র অগ্রে পুষ্প দিঞা কহিল বচনে॥
গঙ্গা পূজা কৈল আমি দুই লাগিবারে।
আমার ভকত জনে······হিংসা করে॥
ইহাকে নাশিব আমি সেই সেই জন।
সত্য বিদ্যমানে আমি কহিল বচন॥
মোর ভক্ত দেখি এক আছে দুইজন
দুই কোটি হবে সেই নরক আশ্রম।
সেঠাম নরকে বাস করাইব আমি।
* * শূকর সেই হবেক আপনি॥
তাহার নিস্তার আমি করাই নত।
আমার গলায় সব নাশিব পাপত॥

Fol. 18 rev.

যমন করয়ে তার না বুঝিয়ে মন।
স্বরূপ পাইল সঙ্গে ছিল ভক্ত জন॥
ব্রাহ্মণ সজ্জন আর ভক্ত জন।
সঙ্গে নিবেদিল তাহে বিনয় বচন॥
প্রসন্ন হঞা তবে গৌরগুণমণি।
কাতর এই সব অপরাধি॥
কৃপা কর মহাপ্রভু ছাড় অভিরোষ।
এমত কহেক সবে সেবকের দোষ॥

করুণা সাগর তুমি করুণা বিগ্রহ।
করুণায়ে অবতার লোক অনুগ্রহ॥
এখনে বিমুখ কেন হইয়াছ আপনে।
আমরা কি জানি তোমার চিত্ত আচরণে॥

Fol. 33 obv.

মত্ত করিবর যেন রঙ্গে চলি যায়।
নিরুদ্ধ আনন্দ মনে কৃষ্ণ গুণ গায়॥
ক্ষণে পড়য়ে ভূমি হয়ে স্তব্ধ হইঞা।
ক্ষণে হাসানিয়া উঠে হরিবোল বলিয়া॥
ক্ষণয়ে গোপিকা ভাব ক্ষণে বাল্যভাব।
ক্ষণে সি * ধতি চলে ক্ষণে দিগ্ *॥
এই মত দিন রাতি না জানে আনন্দ।
যাত্রা দেখে না শুনিল কৃষ্ণ নাম শব্দ॥
কৃষ্ণ নাম না শুনিয়া দেখ উঠে চিত্তে।
নিশ্চয় করিল মনে প্রবেশ করিতে॥
নিশ্চয় করিয়া গেলা জলের সমিপে।
হরিধ্বনি এক দিশ * আচম্বিতে॥
তা শুনিঞা মহাপ্রভু হৃষ্ট মন হইঞা।
ভিক্ষা করিলা প্রভু কতদূর গিঞা॥
তিনদিন দিবানিশি না জানিল সুখে।

* * * *



532. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA— MADHYA-KHANḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{2}''$. Folia, 1-81. Lines, 10 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীকৃষ্ণ চৈতন্য তনুভি । ধ্যানশ্রীরাগ । দিশা ।
হরিরাম । জগত মুড়ত গৌররে তনা প্রেমার সাগর
নাহারে আরে মুড়ত গৌর রে ।

আদিখণ্ডের সার মধ্যখণ্ডের আরম্ভ ।
যাহা শুনিলে প্রেমা পাইএ অবিলম্ব ॥
মধ্যখণ্ড কহিব কথা অমৃতের সার ।
নদিয়াবিহার যাতে প্রেমার প্রচার ॥
নদিয়া আসিয়া প্রভু আনন্দিত চিত্তে ।
তবে নিরবধি নিজ বান্ধবসহিতে ॥
নবদ্বীপ বাসি যত ব্রাহ্মণকুমার ।
সৎকুলসম্ভব তারা অতি শুদ্ধাচার ॥
বড়ই সুকৃতি তারা যত তিন লোকে ।
আপনে ঠাকুর বিদ্যাদান দিল তাকে ॥
এইমতে শিষ্যগণে পড়ায়ে ঠাকুর ।
প্রকাশিব নিজ প্রেমা আনন্দ প্রচুর ॥

Fol. 60 rev.

কৃষ্ণ নাম না শুনিয়া সেই রাঢ় দেশে ।
অনুরাগ হইল মনে করিব প্রবেশে ॥
প্রভুর অনুরাগ দেখি সব দেবগণ ।
তবে ত নহিল ভক্তি ধর্মের স্থাপন ॥
অলেক্ষ চাহেন প্রভু মনে প্রবেশিতে ।
ইহা বলি নারি করে ধর্ম স্থাপিতে ॥
সব দেব করে এক অনুমান ।
অবধূতকে বলে তুমি করহ প্রয়াণ ।
শিরোমণি আর তুমি রাঢ় দেশ যথা ।
নিজ তারে সে মহাপ্রভু আছেন তথা ॥
শিবের আদেশে দেবি করিলা গমন ।
শিশু আইলা দেবি জানি প্রভুর মন ॥
প্রভুর অনুরাগ দেখি বাক্য-বাদিনি ।
এক শিশুর কাছে আসি বসিলা আপুনি ॥
নিশ্চয় করিয়া গেলা মনের সহিতে ।
হরি বলি এক শিশু ডাকে আচম্বিতে ।

Fol. 81 obv.

করুণার সিন্ধু দিনবন্ধু কমল পাদপঙ্কজং ।
সুর মুনিগণ ভক্ত যোগিজন বন্দে সর্ব অগ্রজং ॥
জগতের জনমধ্যে করিলা ও পদ বন্দনং ।
তং নমামি কৃষ্ণচন্দ্র নন্দগোপনন্দনং ॥
সব ২ স্বরে কহে সহস্রেক স্তব ।
চৈতন্য সহস্র স্তব লোক জানে সব ॥
এই মনে আছে প্রভু আ[ন]ন্দ কৌতুকে ।
আনন্দে দেখএ নিলাচলবাসি লোকে ॥
আছিল * * সভার ।
জগন্নাথ মহাপ্রভুর প্রকাশিয়া সার ॥
চৈতন্য চরিত্র কথা কে কহিতে জানে ।
* * * * ।



533. চৈতন্যমঙ্গল—অন্ত্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—ANTYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 13½" × 5". Folia, 2-34. Lines, 8 on a page. Date, 1221 B. S. (1815 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

* * * হেন মন ॥
হরিগুন সংকির্ত্তনে করহ আনন্দ।
নাচহ ২ লোক হও মুক্ত বন্ধ ॥
এবোল বলিয়া প্রভু চলিলা নর্ত্তন।
আপনাকে আপো তারা হইলা অগোচর ॥
চলিতে না পারে পথে বাড়ে প্রেমানন্দ।
কথোদুর গিয়া দেখে জিয়ড় নৃসিংহ ॥
স্মরন হইল আমার পুর্ব্ব রহস্য কাহিনী।
প্রেমায়ে বিভোল কথা কহয়ে আপনি ॥
সুন ২ সর্ব্বলোক রহস্য কাহিনী।
জেন মতে অবতার নৃসিংহ অবনি ॥
কহিব পূর্ব্বের কথা অপূর্ব্ব কাহিনি।
এক চিত্তে সুন লোক হয়্যা সাবধানি ॥

Fol. 25 rev.

রাত্রি দিবা থাকে লোক না ছাড়য়ে কাছ।
এতে ২ দেখে প্রভু বৃন্দাবনের গাছ ॥
এতে ২ সব স্থান নিরিখে ঠাকুর।
যেখানে ২ হয় প্রেম পরচুর ॥
মথুরা মণ্ডল ঘরে ২ পরকাস।
কেহো সিসু দেখে কেহো যুবক প্রকাশ ॥
কেহো আচম্বিতে ঘরে শুনে বেণুনাদ।
কার স্বামি কোলে কৃষ্ণ রসের উন্মাদ।
কার সব বুদ্ধি নাই সত্তে বলে নিজ।
সভার হৃদয়ে উপজিল প্রেম বীজ ॥
বনে বেড়াইতে বনে প্রভু আয় করে।
সে বনের তরুলতা ভাসে প্রেম হরে ॥

End :

দরিদ্র আশায় মদ্ধ আইল এ দেসে।
জগন্নাথ উপরে প্রহার কৈল সেসে ॥
দুখিত দেখিয়া তুষ্ট হইলা জগন্নাথ।
আচম্বিতে বিভীসন সঙ্গে ছিল নাথ ॥
বিভিসন এই যে বলিল মোর পাসে।
ধন দান কৈল বিপ্রে ব্রাহ্মণ সন্তোসে ॥
এ বোল শুনিয়া সব জনের উল্লাস।
প্রেমাণ্ড ভাসিল সব এ ভূমী আকাস ॥
সবজন নাচে সত্তে বলে হরিবোল।
আনন্দে সভারে সতে দেই প্রেম কোল ॥
সুন সর্ব্বজন গোরা চাঁদের প্রকাস।
আনন্দ হৃদয়ে কহে এ লোচন দাস ॥

Colophon :

ইতি চৈতন্য মঙ্গলের অন্ত্যখণ্ড সমপ্ত ॥ ইতি ১২২১ সন তারিখ ১০ মাঘ ॥



534. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14" × 4½". Folia, 1-16. Lines, 11-12. Date 1224 B. S. (1818 A.D.). Complete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীগৌরচন্দ্র সহায় ॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥
সন্ন্যাসখণ্ড লিখ্যতে ॥

তবে আর একদিন কেশব ভারথি।
সন্ন্যাসির বেশ তার অতি শুদ্ধমতি ॥
মহাতেজা সন্ন্যাসি মহাভাগবত।
পূর্ব্বজন্মার্জিত কত পুণ্যের পর্ব্বত।
আচম্বিতে আসিয়া দেখিল বিশ্বম্ভর।
বিশ্বম্ভর দেখি হই হৈলা সন্ন্যাসিবর ॥
উঠিয়া ঠাকুর করে চরণ বন্দন।
সন্ন্যাসি দেখিয়া প্রেমে করে ক্রন্দন ॥
প্রভু অঙ্গ নিরিখয়ে সন্ন্যাসিরাজ।
মহাবুদ্ধি সন্ন্যাসি সেই বুঝে সব কাজ ॥
কেশব ভারথি গোসাঞি কহিলে বচন।
তুমি শুক প্রহ্লাদ কি হেন লয় মন ॥
এ বোল শুনিঞা করে প্রভু বিশ্বম্ভর।
কান্দয়ে অন্তরে বহে নয়নের জল ॥

Fol. 10 rev.

উঠয়ে সাত্ত্বিক অষ্ট টলমল করে তনু।
দশদিশ অন্ধকার যেন চান্দ বিনু ॥
দেখিতে না পায় পথ নয়নের জলে।
সকল বৈষ্ণব কান্দে পড়িয়া চরণে ॥
পুছিতে না পারে কিছু বিরস বদনে।
শচী অতি উনমতি ধায় উর্দ্ধমুখে ॥
আর্ত্তনাদে ডাকে শচী আরে অবধূত।
কোথা থুইয়া আইলি মোর সোনার পুত ॥

End:

মুরারি গুপ্ত বেকত করে তিন লোকে।
পণ্ডিত শ্রীদামোদর পুছিল তাহাকে ॥
কহিল মুরারিগুপ্ত শ্লোক পরবন্ধে।
যে কিছু শুনিল ইহার প্রসাদে ॥
শুনিয়া মাধুরি লোকে কৈল উতরোল।
নিজ দোষ দেখিল দয়া করিল বিস্তর ॥
যে কিছু কহিল নিজ বুদ্ধি অনুরূপ।
পাচালি প্রবন্ধে কহো মো ছার মুরুখ ॥
সূত্রখণ্ড আদিখণ্ড মধ্যখণ্ড সায়।
শেষখণ্ড কথা আছে কহিব কথায় ॥
চৈতন্য-চরিত্র এই চৈতন্য-প্রকাশ।
মধ্যখণ্ড স[া]ঙ্গ কহে লোচনদাস ॥

Colophon:

ইতি সন্ন্যাস খণ্ড সংপূর্ণমিতি। যথাদিষ্টং তথা লিখিতং লিখকো দোষ নাস্তিঃ। যদি দোষ থাকে প্রভুর অপরাধ না লইবে আমাকে ॥ স্বাক্ষরমিদং শ্রীলোকনাথ দাস সাকিম জগন্নাথপুর, এখন জগাতড়া, সাকিনের নিয়ম নাই, মোকাম জগন্নাথপুরের শ্রীচৈতন দাসের বাটিতে বসে বাড়ীর ভিতর পূর্ব্বদ্বারি দালানে বসে বেলা আড়াই প্রহরের সময়ে সংপূর্ণ ॥ সন ১২২৪ সাল তারিখ ৮ চৈত্র শনিবার ॥



535. চৈতন্যমঙ্গল—শেষখণ্ড।

CAITANYA-MAÑGALA—ŚEṢA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14″ × 4½″. Folia, 23-31. Lines, 11-12 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 23 obv.

.........সাধু স্তুতি করে উচ্চনাদ।
প্রবিলা ঠাকুর তারে করে পরসাদ॥
ঘুচিল মন্দির দ্বার দেখি দুই জন।
পাসান হইঞা প্রভুর পাঞাছে চরণ॥
নিজ ভাগ্য মানি পাএ পড়ে সদাশয়।
পরসাদ করি প্রভু বলে মাগ বর॥
চরণে পড়িঞা সাধু করে পরনাম।
বর মাগোঁ মোর নামে হইব তোর নাম।
যা বাপে থুইঞাছে তার নাম কীরচন্দ্র।
আপনার নামে প্রভু নাম কর॥
কীরচন্দ্র নৃসিংহ ত্রিভি পরকাস।
আনন্দে করেও গুন এ লোচন দাস॥

Fol. 31 obv.

দন্ত উপাড়িঞা পুচ্ছ ধরিঞা ঘুরাএ।
আকাসে তুলিঞা চারি জোজন ফেলায়॥
শাঙ্কুল ও মহাগজ শুনে কংশ রায়।
কাঁপিতে লাগিল অঙ্গ তড়াস হিআয়॥
তবে রাম কৃষ্ণ • • সমুখে।
অরাসে গোয়ালা সব হাসে কাঁপে বুকে॥
চান্দুর মুষ্টিক শুনি কংশের বচন।
মল্ল যুদ্ধ দেখিবারে কেল যার মন।
এইখানে মল্ল যুদ্ধ কৈল মহারনে।
চান্দুর সহিত কৃষ্ণ মুষ্টিক বলরামে॥

এইখানে হাহাকার কৈল সর্বলোক।
এ মালের যোগ্য নহে এ অতি বালক॥
• • কাপে করএ বিরূপ।
তার যেন হিয়া কৃষ্ণে দেখে ভিন রূপ॥
চান্দুর মুষ্টিক দুই ভাই করে রন।
দেখিঞা চমকে রামা তখনে তখন॥
চান্দুর মারিল কৃষ্ণ ঘুচিল উৎপাত।
মুষ্টিক মারিল রাম সভ কৈল নির্ঘাত॥
পুন আর দুইকোটে দুটি মল্ল মারি।
সাথ নামে মল্ল.........ছাড়ি॥
ভাঙ্গিলেক এক সত চরণের ঘাএ।
কৃষ্ণের বিক্রমে মল্ল চৌদিগে পালায়॥
শীঘ্র আজ্ঞা করে কংশ এসব দেখিয়া।
.................বান্ধিয়া কর নিঞা॥
নন্দ আদি জতেক গোআলা বন্দি কর।
উগ্রসেন বসুদেবে কৈবকীরে মার॥
হেন কালে কৃষ্ণ শেষ সময়.........।
[ম]ঞ্চ নর্পে উঠিলাত মঞ্চে লাফ দিঞা॥
আস্তে ব্যস্তে কংশ খড়্গ ধরিবার কালে।
হুহুঙ্কার দিঞা কৃষ্ণ ধরে তার চুলে॥

---

536. চৈতন্যমঙ্গল—শেষখণ্ড।

CAITANYA-MAÑGALA—ŚEṢA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14½″ × 6½″. Folia, 1-26. Lines, 11-12. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ। শ্রীশ্রীচৈতন্য নিত্যানন্দচন্দ্রায় নম॥
শেষ খণ্ড কথা কহি অমৃতের সার।
শুনিতে বাড়য়ে সুখ সাধার পাথার॥



সার্ব্বভৌম ভট্টাচার্য্য কৈল বহু স্তুতি ।
কথোদিন রহিলা সে প্রভু দিবারাতি ॥
সেতুবন্ধ দেখিবারে চলিলা ঠাকুর ।
কূর্ম্ম নামে বিপ্র দেখি কূর্ম্ম নামে পুর ॥
বাসুদেব নামে বিপ্র আছে সেই গ্রামে ।
দুইজন সঙ্গে দেখা হইল এক ঠামে ॥
প্রভুর দর্শনে তারা হইল নির্ম্মল ।
নিরবধি গৌর অঙ্গ প্রেমভরে বিহ্বল ॥
সুমেরু মন্দার সম বাহু জানু সম ।
সিংহগ্রীব কম্বুকণ্ঠ পদ্মলোচন ॥
দেখিতে ২ হিয়া আনন্দ বেড়িল ।
এই কৃষ্ণ গৌরচন্দ্র নিশ্চয় করিল ॥

Fol. 14 obv.

চুলে ধরি মঞ্চ হইতে পেলিলেক ভূমে ।
বিশ্বরূপ বুকে চড়ে মঞ্চের পশ্চিমে ॥
ছাড়িলেক প্রাণ কংস বিশ্বরূপের ভরে ।
মত্ত কংস রাজা কৃষ্ণ বুকের উপরে ॥
কংস বধ কৈল কৃষ্ণ লোকে জয় ২ ।
আনন্দে দেবতা সব পুষ্প বরিষয় ॥
ঘেচুড়িয়া নৈল কৃষ্ণ চুলেতে ধরিয়া ।
কথো দূরে গেলে দৈত্য ভূমি আছাড়িয়া ॥
কংকনাদি করি কংসের সর্ব্ব সহোদর ।
ভ্রাতৃশোকে উনমত সভে ধরে বল ॥
রাম কৃষ্ণ মারিবারে আইল সকলে ।
একাকেই মারিল একলা বলরামে ॥
কংস ছিচাড়িয়া গেলে গ্রাম মধ্য দিয়া ।
কংস-পালি বসি তৌকি শুন মন দিয়া ॥
শ্রম শান্তি করিল বিশ্রাম ঘাট নামে ।
কংসনারি বিলাপে প্রবোধে বলরামে ॥

End :

যাহা পুরি গোসাঞি তুমি দয়াকর জানি ।
ইহার কারনে তবে সঙ্কে হই সুখি ॥
শুধাইতে নারে কেহো মনে বড় ইচ্ছা ।
সাহস করিয়া মুঞি শুধাইল পুছা ॥

ঠাকুর কহএ শুন শুনহে গোসাঞি ।
একথা তোমরা সব কিছু বুঝ নাঞি ॥
দরিদ্র আছিল এই দারিদ্র ব্রাহ্মন ।
অনেক যন্ত্রনা দুঃখ পাঞাছে তখন ॥
দারিদ্র যন্ত্রনা দগ্ধ হইল এই দেলে ।
জগন্নাথ উপরে প্রহার করে শেষে ॥
দুঃখিত দেখিয়া তুষ্ট হইলা জগন্নাথ ।
আচম্বিতে বিহলে হইল তার সাথ ॥
বিভিষন এই যে বসিল মোর পাশে ।
দনদান কৈলা তেহো ব্রাহ্মন সম্ভাষে ॥
একথা শুনিয়া সব জনের উল্লাস ।
প্রেমভরে ভাসিল সব এভুমি আকাশ ॥
সবজন নাচে সভে বলে হরিবোল ।
আনন্দে সভারে সঙ্গে প্রেমে দেই কোল ॥
শুন সবজন গোরাচান্দের প্রকাশ ।
শেষখণ্ড সায় করে এ লোচন দাস ॥

Colophon :

ইতি শেষখণ্ড । শ্রীশ্রীচৈতন্যমঙ্গল সংপুর্ন মিতি ॥

---

537. চৈতন্যমঙ্গল—শেষখণ্ড ও মধ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA—SEṢA-KHAṆḌA AND MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper ; 13″ × 5″. Folia, Śeṣa-khaṇḍa 4-7, 10, 12-20, 22-23 ; Madhya-khaṇḍa, 24-27. Lines, 11 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 4 rev.

..............................নগর ।
নগর দেখিঞা হৃষ্ট হৈলা ভাগীরথ



বিরহের দুখ প্রভু নাহি দেখে কভু।
আচম্বিতে উপনিত রাজদ্বারে প্রভু॥
রাজার দুয়ারে গিঞা দ্বারিকে কহিল।
রাজপুত্র কোথা আছে নিভৃতে পুছিল॥
প্রভুকে দেখিঞা দ্বারি পরনাম করে।
এই ভগবান হেন মনে মনে বলে॥
প্রভু কহে রাজপুত্রে জানাহ বচন।
তাহার নিমিত্তে মোর হেথা আগমন॥
চলিলাত দ্বারি রাজপুত্র যথা আছে।
নিজ অন্তপুরে যথা দেবতা পুজিছে॥
প্রণাম করিঞা দ্বারি জানাএ বচন।
এক মহা যতী গোসাঞী দ্বারে আগমন॥
এ বোল শুনিঞা পুন না বলিল কিছু।
তরাসে দুয়ারি সেই পাছুরাএ পাছু॥
দুআরে আসিঞা দ্বারি করে নিবেদন।
জানাইতে না পাইনু গোসাঞী তোমার বচন॥
দেবতার পুজা করে নিজ অভ্যান্তরে।
তাহার সকতি তথা কে জাইতে পারে॥

Fol. 23 obv.

রাজার বৈরাগ্যে সভার কাতর অন্তর।
পুরী গোসাঞি * বলে প্রভুর গোচর॥
এক নিবেদিউ গোসাঞী কহিতে ডরাও।
নির্ভয়েক [ক]হো তবে তবে আজ্ঞা পাও॥
ঠাকুর কহএ শুন এপুরী গোসাঞী।
মোর ঠাঞি তোড় ভয় কোন কালে নাঞি॥
কি কহিবে কহ শুনী শব তোমার।
পুরী গোসাঞী বলে বোল রাখিবে আমার॥
কাশিমিশ্র আদি করি যত ভক্তগন।
সভার চরণে এক বলোমো। বচন॥
শ্রীজগন্নাথ দে * *।

Fol. 24 rev.

যেনে উঠে যেনে পড়ে যেনে কান্দে হাসে।
উঠি বলি চাই যেনে গেলে ঘন শ্বাসে॥
দেখিঞা সকল জন করেন স্তবন।
মহাউদ্ধি বলি কেহো ধরএ চরন॥

তবে সেই কথা প্রভু নিলাচল বাস।
কহএ অদ্ভুত কথা অতি অদ্ভুতাস॥

Fol. 27 obv.

মহাতেজ কাসিবর মহাভাগবত।
পূর্বাশ্রমাজিত কত পুত্রের পণ্ডিত॥
আচম্বিতে আসিঞা দেখিল বিশ্বম্ভরে।
বিশ্বম্ভর দেখি তুষ্ট হইলা কাসীবরে॥
উঠিঞা ঠাকুর করে চরণ বন্দন।
সন্যাসি দেখিঞা প্রেমে ধরে দুনয়ন॥
প্রভুর অঙ্গ নিরীখএ সেই কাসী রাজ।
মহাবুদ্ধি সন্যাসি সে বুঝিলেক কাজ॥
কেসব ভারথী গোসাঞী কহিছে বচন।
তুমি শুক প্রহ্লাদ কি হেন লয় মন॥
এবোল শুনিঞা * * * *।

---

538. চৈতন্যমঙ্গল—শেষখণ্ড।

CAITANYA-MAÑGALA—ŚEṢA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13″ × 4″. Folia, 1-43. Lines, 8 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীহরি। রাগ কেদার।

শেষ খণ্ড কথা কহি অমৃতের সার।
ভনিতে বাঢ়য়ে সুখ সাগর পাথার॥
সার্বভৌম ভট্টাচার্য্য করেন যে স্তুতি।
কথোদিন করিল কিরন দিবারাতি॥
সেতুবন্ধ দেখিবারে চলিলা ঠাকুর।
কুর্ম্ম নামে বিপ্র দেখে কুর্ম্ম নামে পুর॥



বাসুদেব নামে বিপ্র আছে সেই গ্রামে ।
দুইজনা সনে দেখা হইল এক ঠামে ॥
প্রভুর দরশনে তারা ব.........মল ।
নিরখয়ে গৌর দেহ প্রেমার বিভোল ॥
অনেক জিনিঞা তনু বাহু অ[া]জু সম ।
সিংহগ্রীব কম্বুকণ্ঠ দির্ঘ লোচন ॥
দেখিতে ২ হিয়ায় আরতি বাঢ়িল ।
এই কৃষ্ণ গৌরচন্দ্র নিশ্চয় জানিল ॥

Fol. 25 rev.

চৌদিগে সে পাত্র সব বসিতে কৈল মঞ্চ ।
অবিরোধি মল্লযুদ্ধ দেখিবে সুখক ॥
পশ্চিমে খুদিল কুপ সেইত পাসরে ।
দুই ভাইকে মারি ফেলাবার তরে ॥
প্রভাতে উঠিঞা মঞ্চে বৈসে কংস রাজ ।
আনহ গোয়ালা দেখুক রাজ-কাজ ॥
আর দুই পুত্র আন কৃষ্ণ বলরাম ।
ভাল শুনিঞাছি তারা দেখিব সংগ্রাম ॥
ধাইলেন চর সব রাজার আজ্ঞায় ।
সংগ্রামের শব্দ শুনি রাম কৃষ্ণ ধায় ॥
সত্বরে চলিয়া গড়েরু দুয়ার ।
দ্বার মধ্যে আছে গজ বড়ই আকার ॥
রাম কৃষ্ণ দেখিঞা হস্তী আইসে মারিবারে ।
জানিঞা রহিল কৃষ্ণ সম্মুখে তাহারে ॥

Fol. 43 obv.

* * * * *।
বৈদ্যকুলে জন্ম মোর কোগ্রামে বাস ॥
মাতা অতি শুদ্ধমতি সদানন্দী নাম ।
তাহার উদরে জন্ম করি কৃষ্ণ নাম ॥
কমলাকর দাস নাম পীতা জন্মদাতা ।
তাহার প্রসাদে কহি গৌরাঙ্গের গাথা ॥
সংসারে জনম দিল এই পিতা মাতা ।
মাতামহ কুলে মোর শুন কিছু কথা ॥
মাতৃকুল পিতৃকুল বৈসে এক গ্রামে ।
ধন্য মাতামহী সেই অভয়া দাসী নামে ॥
মাতামহ মোর শ্রীপুরুষোত্তম গুপ্ত ।
নানা তির্থ-পুত তিহো তপস্যায় তৃপ্ত ॥
মাতৃকুলে পিতৃকুলে আমি এক মাত্র ।
সহোদর .....নাঞি মহামহ পুত্র ॥
যোথা যাই তোথা দুলাল করে মোরে ।
দুলাল করিয়া কেহো পড়াবারে নারে ॥
মারিয়া ধরিয়া মোরে শিখান আখর ।
ধন্য সে পুরুষোত্তম গুপ্ত চরিত্র তাহার ॥
তাহার চরণে মুই করো নমস্কার ।
চৈতন্য চরিত্র লেখি প্রসাদে তাহার ॥
মাতৃকুলে পিতৃকুলে কি কহিব কথা ।
শ্রীনরহরি দাস মোর প্রেম-ভক্তি-দাতা ॥
তাহার প্রসাদে যে শুনিল প্রকাশ ।
* * * * *॥

---

539. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড ।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper, 12¾" × 4¾". Folia, 1-13. Lines, 14-15 on a page. Appearance, about 125 years old. Complete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীরাধাকৃষ্ণ ॥

কৃষ্ণ ২ বলি ডাকে অতি আর্ত্তনাদে ।
সকজন শুবে প্রাননাথ বলি কান্দে ॥
এই মনে অনুমানি জানাজানি কথা ।
সন্ন্যাস করিবে পুত্র শুনে শচিমাতা ॥



আকাশ ভাঙ্গিয়া পড়ে মস্তক উপরে।
অচেতন হঞা শচী মূর্চ্ছিত অন্তরে॥
উন্মত্ত পাগলি যেন বেড়ায় চৌদিগে।
যারে দেখে তারে পুছে সকল নবদ্বিপে॥
নিশ্চয়ে জানিলাম পুত্র করিব সন্যাস।
বিশ্বম্ভর কাছে গিঞা ছাড়িল নিশ্বাস॥
তুমি মাত্র পুত্র মোর এ দেহের আঁখি।
তোমা না দেখিলে সব অন্ধকার দেখি॥
লোকমুখে শুনি বাঞ্ছা করিবে সন্যাস।
মোর মুণ্ডে ভাঙ্গি যেন পড়িল আকাশ॥

Fol. 8 obv.

নিত্যানন্দ মহাপ্রভু সঙ্গে চলি যায়।
হাসিঞা ঠাকুর তারে দিলেন বিদায়॥
নবদ্বিপে যাহ তুমি আমার বচনে।
নদিয়া নগরে মোর যত বন্ধুগণে॥
সভারে কহিও মোর সেই প্রিয় বাণি।
অদ্বৈত আচার্য্য ঘরে উত্তরিব আমি॥
সভারে লইয়া তুমি যাহ তথাকারে।
দেখহ হইব তথায় আচার্য্যের ঘরে॥
ইহা বলি মহা প্রভু চলিলা সত্বরে।
নিত্যানন্দ প্রভু যান নদিয়া নগরে॥

Fol. 13 obv.

মহাবংশে জন্ম ন্যাসি সুপণ্ডিত জন।
তরুন বয়েস ইহার সন্যাস করন॥
এ সময়ে অনুচিত সন্যাসের ধর্ম।
না বুঝিয়া কৈল কিবা এত বড় কর্ম॥
পুনরপি সংসার করুন আপনার।
বেদান্ত শুনিয়া করুন উত্তম আচার॥
এথা মহাপ্রভু আছেন নিজজন সঙ্গে।
কৃষ্ণ কথা মনে উঠে প্রেমের তরঙ্গে॥
আচম্বিতে মুচকি হাসএ লহু লহু।
অবিরত পড়ে ধারা পরিসর যাহ॥
জানিয়া সকল প্রভু চলিলা *।
কথা বলি সার্ব্বভৌম বেদান্ত পড়ায়॥
শ্রীকৃষ্ণ * * *

---

540. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 13½" × 4¼". Folia, 1-28. Lines, 10 on a page. Appearance, about 125 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

অন্তরে করিল অলে সেই মনে লয়।
পুত্র প্রবেশিব অলে সংসার আলয়॥
কতেক * * চৈল।
নিশ্চয় করিঞ কথা তোমারে কহিল॥
ইবোল শুনিয়া প্রভু নিসজে *।
সহিতে নারিল মুরারি কতেক কহিল॥
তবে আর কথোদিন গোণ্ড কৌতুকে।
নয়ান ভরিঞা দেখে ভকতের লোকে॥
অনমির হৃদয়ে * * পুঁছ করি
বিষ্ণুপ্রিয়া সঙ্গে ক্রিয়া করে গৌরহরি।
প্রভুর নিকটে আছে আছে মহা সুখে।
সংসার * * আর্দ্ধনবদ্বিপের॥

Fol. 10 obv.

পরিজন পরিতোষ যার যেই চিতে।
এইমতে সভাকারে করিল পিরিতে॥
সয়ন ঘরেতে সুখে সয়ন করিল।
তাম্বুল লইঞা বিষ্ণুপ্রিয়া গেল॥
হাসিঞা সম্ভাষে প্রভু আইস আইস বল্য।
পরম পিরিতে তারে বসাইল কোলে॥
বিষ্ণুপ্রিয়া প্রভু অঙ্গে চন্দন লেপিল।
অগোর কস্তুরি দিঞা তিলক রচিল॥
দিব্যমালা দিল বিষ্ণুপ্রিয়া গোরা অঙ্গে।
শ্রীমুখে তাম্বুল দিল নানাবিধ রঙ্গে॥



Fol. 28 obv.

শুনিঞা মাধুরি লোকে চিত্ত উত্তরণ ।
নিজ দোষ না দিল যেমন কেশ ভোর ॥
যে কিছু কহিল নিজ বুদ্ধি অনুরূপ ।
পাচালি প্রবন্ধে কহো যোজার স্বরূপ ॥
স্বরূপত মহাপত আদিষত গায় ।
* * * * ।

---

541. চৈতন্যমঙ্গল—সন্ন্যাসখণ্ড ।

CAITANYA-MAÑGALA—SANNYĀSA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14⅛" × 5". Folia, 2-4, 6, 9-10. Lines, 12 on a page. Date, 1719 Śaka (1797 A.D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

ছিন্ন কাটিতে কথ মোর.........কলেবর ।
* * কর্ণে হত মুক্তি অবয় পামর ॥
অস্পৃশ্য অস্তুত মোরে অধিকার কৈল ।
শঙ্কর কৈতে কাঢ়ি বৈকুণ্ঠে চড়াইলা ॥
স্বতন্ত্র ঈশ্বর তুমি হও সে ইচ্ছাময় ।
জগত নাচাও যারে যৈছে ইচ্ছা হয় ॥
অনেক না চাইলা আমা প্রসাদ করিয়া ।
বিপ্রের শার্দ্দি পরে খাইনু ভোজ্য হইয়া ॥
এক বাঞ্ছা হয় মোর বহুদিন হৈতে ।
দিলা সর্ববিধে তুমি মোর মন চিতে ॥
সে দিলা প্রভু মোরে কভু না দেখাইয়া ।
আপনার আগে মোর স্থরির পড়িলা ॥
অন্তরে ধরিনু তোমার কমল চরণ ।
নয়নে দেখিব তোমার শ্রীমুখ বদন ॥
জিহ্বায় উচ্চারিব কৃষ্ণচৈতন্য নাম ।
এইমত মোর ইচ্ছা ছাড়িব পরাণ ॥
মোর ইচ্ছা এই যদি তোমার প্রসাদ হয় ।
এই নিবেদন মোর হর দয়াময় ॥

Fol. 10 obv.

আর না দেখিব বাছা বদন তোমার ।
অন্ধকার হইল মোর সকল সংসার ॥
রন্ধন করিয়া আর কাহি দিব ভাত ।
সে যেন সুন্দর গায় নাহি দিব হাত ॥
সুন্দর বদনে দুধ[ন] না খাইব আর ।
ক্ষুধার সময়ে কেবা জানিব তোমার ॥
এতেক বিলাপ যদি শচি দেবি কৈল ।
বিষ্ণুপ্রিয়া প্রবোধিতে জনক লো গেল ॥
বিষ্ণুপ্রিয়া কান্দনাতে পৃথিবি বিদরে ।
প্রভু ২ করি ডেনে ডাকে উচ্চস্বরে ॥
বিষ্ণুপ্রিয়া কান্দনাতে সর্বলোক কান্দে ।
ফুকরি ২ কান্দে বুক নাহি বান্ধে ॥
প্রবোধ করিতে তারে যেজন গেল ।
বিষ্ণুপ্রিয়া দেখি সভে পুড়িতে লাগিল ॥
সর্বজন বলে শুন দেবি বিষ্ণুপ্রিয়া ।
কি দিব প্রবোধ তোরে স্থির কর হিয়া ॥
তোমা অগোচর নহে তোমার প্রভুর কাজ ।
বুঝিয়া প্রবোধ দেহ নিজ হিয়া মাঝ ॥
লোক বেদ অগোচর চরিত্র তাহার ।
বড় ভাগ্য ধরেলাম সম্বন্ধ তোমার ॥
কহয়ে লোচন দাস কাতর হৃদয় ।
যেথা গৌরচন্দ্র প্রভু করিলা বিজয় ॥
শ্রীচৈতন্যমঙ্গল মধ্যখণ্ডেতে সন্ধান ।
সমাপ্ত হইল কহেএ লোচন দাস ॥
শ্রীরামমোহন সেখে শ্রীচৈতন্য আসে ।
পাঠনার্থে লেখায় শ্রীগোবর্দ্ধন হেসে ॥

Colophon:

ইতি সকাব্দা ১৭১৯ ॥ মাহে শ্রাবন ॥ ১২ শ্রাবণ দিবসে বেলা দশ দণ্ড সময়েসমাপ্ত হইল ॥



542. চৈতন্যমঙ্গল—মধ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA—MADHYA-KHAṆḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14" × 6". Folia, 1-52. Lines, 11-12 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীরাধাকৃষ্ণ ।

আদিখণ্ড সায় মধ্যখণ্ড আরম্ভ ।
যা শুনিলে প্রেমভক্তি পাই অবিলম্ব ॥
মধ্যখণ্ডে কহিব কথা অমৃতের সার ।
নদিয়া বিহার যাতে প্রেমের প্রচার ॥
নদিয়া আসিয়া প্রভু আনন্দিত চিতে ।
সুখে নিবসএ বন্ধুবান্ধব সহিতে ॥
নবদ্বিপ বাসি যত ব্রাহ্মন কুমার ।
সত কুল সম্ভব তারা অতি শুদ্ধাচার ॥
পরম সুকৃতি তারা ধন্য তিন লোকে ।
আপনে ঠাকুর বিদ্যাদান দিলা যাকে ॥
এই মনে শিষ্যগণ পড়ায় ঠাকুর ।
প্রকাশিব নিজ প্রেম আনন্দ প্রচুর ॥
একদিন নিজ গৃহে আছেন শুতিয়া ।
কৃষ্ণ প্রেমানন্দে কান্দে বিভুল হইয়া ॥
বিস্মিত হইয়া শচী বিশ্বম্ভর পুছে ।
কি লাগি কান্দহ বাছা কিবা দুঃখ আছে ॥

Fol. 26 rev.

কহিতে ২ পুন সেই পুনর্ব্বার ।
চন্দ দেখি যেত পদ্মের আকার ॥
তবে সেই প্রভু বিশ্বম্ভর গোরা রায় ।
সেইমত মত্ত বেশে পুন নাচে গায় ॥
সকল বৈষ্ণবজন আনন্দে বিভোল ।
বলরাম প্রেমে সভে হইলা উলমল ॥
আনন্দে ভরল সবএ দিশবিদিশে ।
দুইদিন হইল প্রভুর আবেশ না ভাঙ্গে ॥
তবে তার পরদিনে নিত্য সময় ।
চৌদিগে বেঢ়িল ভকত মহাশয় ॥

Fol. 52 obv.

আহুএ অধিক প্রীতি বাড়য়ে সভার ।
জগন্নাথ মহাপ্রভু প্রকাশে আপার ॥
চৈতন্যচরিত কথা কে কহিতে জানে ।
সম্বরিতে নারি কিছু কহিএ বদনে ॥
মুরারি গুপ্ত যেহো ধন্য তিন লোকে ।
পণ্ডিত শ্রীদামোদর পুছিলা তাহাকে ॥
কহিল মুরারি গুপ্ত শ্লোক পরবন্ধে ।
যে কিছু শুনিল সে দোঁহার পরসাদে ॥
শুনিয়া মাধুরি ভেল চিত্ত উতরোল ।
নিজ দোষ দেখি দয়া করিল বিভোল ॥
যে কিছু কহিল আমি বুদ্ধি অনুরূপ ।
পাঁচালি প্রবন্ধে করি দোঁহার সুরূপ ॥
চৈতন্যচরিত কথা চৈতন্য প্রকাশ ।
মধ্যখণ্ড সায় কহে এ লোচন দাস ॥

Colophon :

ইতি সন............সক ২২ তার ।

---

543. চৈতন্যমঙ্গল—শেষখণ্ড।

CAITANYA-MAÑGALA—ŚEṢA-KHANḌA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 9½" × 6". Folia, 5-31. Lines, 15 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 5 rev.

এই খানে পিতা হরি মিলেক রাবন ॥
ইহা বলি কান্দে * * ।
মার মার বলে প্রভু বলে হর হর ॥
লক্ষণ লক্ষণ বলি ডাকে * * ।
* * * কান্দে অবশ হিয়ায় ॥
সঙ্গের সঙ্গতি সব পাসরিতে না * ।
* * প্রভু আপনা সম্বরে ॥
তবে আর পরদিন চলিলা ঠাকুর ।
* * * * বেরির পারে ॥
কাবেরির পারে দেখে শ্রীরঙ্গনাথ ।
দেখিঞা প্রেমায় নাচে নিজজন সাথ ॥
অপাই বিমল শ্রী ঠাকু[র] দেখিয়া ।
সিবিধর শ্রী[অ]ঙ্গ বিস্তীত হইয়া ॥
দেহের কিরণ আর প্রেমার আরম্ভ ।
কনয়ে কেসর জিনি পুলক কদম্ব ॥

Fol. 23 obv.

নিরবধি গায় তারা রাধাকৃষ্ণের গুন ।
শুনিঞা রাধার হিয়া গুণ পুন ২ ॥
রাধাকুণ্ডে চরে রাধার প্রিয় রাজহংসি ।
কৃত কেলি নাম ধরে জগতে প্রসংসি ॥
আরর যে কহিবরে ডর লাগে মনে ।
পক্ষি সজ্জা ধরে এক অভিমুক্ত নামে ॥
রাধার সাম্বর্দ্ধি বুদ্ধি নামে সে কহিলা ।
নন্দির নাম শুন সহজে সুচীলা ॥

Fol. 32 obv.

* * * * ।
এক বসাইল পার্শে এক রহে দুর ॥
শবছাড়ি প্রভু তারে পরশে চরণে ।
কাছে যত ছিল বিস্ময় লাগিল সভারে ॥
ঠাকুর করয়ে চিরদিনে দরশন ।
অন্তরাধে দোয়াকার কণ্ঠে ভূষণ ।
শ্রীহস্ত দিয়া অঙ্গে পরশয়ে তারে ।
সকল কুশল পুছে ইঙ্গিত আকারে ॥
সেই দিক * *খা যার না বুঝয়ে কেহ ।
গৌরচন্দ্র বলে বিপ্র তুমি বড় এরো ।
দারিদ্র আলায় আন হরিল ইহার ।
অগ্র ম উপরে এক * * হার ॥
আপনার কোন চিন না দেখ যে কিছু ।
* * * দোষে পাছু ॥
আপনে করয়ে নিন্দা * * * ।
* * * * ॥
* * বারে শুন কহে আপনার ।
প্রভু.......................বার ॥
* * * * ।

---

544. চৈতন্যমঙ্গল।

CAITANYA-MAÑGALA.

BY

JOYĀNANDA.

Substance, country-made paper; 13¾" × 4¼". Folia, 31-65. Lines, 10 on a page. Appearance, about 300 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 31 rev.

[চন্দ্র]নের মালা চাঁচর কেশে বান্ধে ॥
কুসুমে সাজিঞা মল্ল দৈত্য যায় কান্ধে ॥



সেই বরে আনিয়া মোরে বিভাদিবি ।
সে বর লাগিঞা সিব শঙ্কর সে সেবি ॥
ঠাকুর পণ্ডিত সঙ্গে রঙ্গে নিরন্তর ।
চন্দনে চর্চিত যার দীর্ঘ কলেবর ॥
দীর্ঘ লোচন তার দীর্ঘ ভুজ জোড়া ।
সেই বর বিনোদ রমনি মন যোড়া ॥
দিব্য গৌর তনু কেশী বস্ত্র জেবা পরে ।
অনুপাম মদন মোহন বেশ ধরে ॥
সেই জে কীর্তনে নাচে প্রেম জলে ভাসে ।
তারে বিভা দেহ মোরে ইহা বলি হাসে ॥
পূর্ব্বে মোর কহিঞা আছিলা এক কথা ।
এখনে সে ভিজ্ঞানিলে লাজে হেঁট মাথা ॥
একথা শুনিঞা হাসে লক্ষ্মী ঠাকুরানি ।
তোমার নন্দনী নহি আমার জননী ॥

Fol. 62. rev.

........................ভাগ্য প্রকাশ ।
বিষ্ণুপ্রিয়া প্রবোধিঞা চলিলা সন্ন্যাস ॥
আগম পুরান গীতা তরঙ্গ শুনি ।
বৈরাগ্য সংসার ছাড়ি হৈলা উদাসীন ॥
সিংহাসন পালঙ্কী ছাড়িঞা ভূমিশয্যা ।
ছাড়িল চন্দন সে বাস্ত পরিচার্য্যা ॥
লক্ষ্মীর বিলাস ছাড়ি তরুতলে বাস ।
বৈরাগ্য ছাড়ির কীর্তি হইব সন্ন্যাস ॥
রত্ন কুণ্ডল হার হিরন্ময় মাদলি ।
সুখময় বসন না পরে রাঙ্গা কোশী ॥
বিষ্ণু তৈল ছাড়ি প্রভু গন্ধাদি পরাগ ।
চাঁচর কেশ মুণ্ডায়ে ক্ষুর তিনভাগ ॥
জে ঠাকুর দিব্য মালা পরে সত ২ ।
সে প্রভুর গলে নাম ডোর গ্রন্থ কত ॥
জে অঙ্গে চন্দনা গুরু কস্তুরি সুন্দর ।
সে অঙ্গ কীর্তনানন্দে ধুলাএ ধুসর ॥
সুবাসিত কর্পূর তাম্বুল যার মুখে ।
সে প্রভু হরিতকী ফল খাএ কোন সুখে ॥
মহা বৈরাগ্য দেখি পার্ষদ উদাস ।
তা দেখি গৌরাঙ্গ সভাএ করিল প্রসাদ ॥

জেনকালে নিত্যানন্দ নবদ্বীপে আসি ।
সন্ন্যাস রহস্য তত্ত্ব গৌরাঙ্গে প্রকাশি ॥
শুনিঞা আনন্দময় হৈলা গৌরচন্দ্র ।
গঙ্গা পার হৈঞা আগে হৈলা নিত্যানন্দ ॥
মুকুন্দদত্ত আর গোবিন্দ কর্মকার ।
মোর সঙ্গে আইস কাটোয়া গঙ্গাপার ॥
আচার্য্য রত্ন চন্দ্রশেখর আচার্য্য হরি ।
বাসুদেব দত্ত শুক্লাম্বর ব্রহ্মচারি ॥
বক্রেশ্বর পণ্ডিত জগাই গঙ্গাদাস ।
তোমা সভা বিদ্যমানে লইব সন্ন্যাস ॥
চিন্তিঞা চৈতন্য পদারবিন্দ ।
আনন্দে বৈরাগ্য খণ্ড গাএ জয়ানন্দ ॥

Fol. 65 obv.

হবি মধু ঘৃত কাঞ্চন রোচনা দর্পন লাজ্জারক্ত ।
কাঞ্চন জড়িত চামর তায় ধুপ দীপ শত ২ ॥
পূর্ব্বে ইন্দ্রেশ্বর ঘাট মনোহর উঁ উত্তরায়ন গঙ্গা ।
মধ্যে কাটোয়া গুপ্ত বারানসী নিত্য নবরঙ্গ গঙ্গা ॥
গোধুলি সময় মৃদঙ্গ শঙ্খ ধ্বনি প্রমোদে ।
ভূদেব সম্পতি দিব্য পরিসর তর্ক শাস্ত্র বিনোদে ॥
গুপ্তবারানসী কাটোয়া নিবাসী দরশনে পাতক
খণ্ডে ।
প্রবল মুক্তি নিত্য শুদ্ধ মতি মহাপাপ খণ্ডে খণ্ডে ২॥
চিন্তিয়া চৈতন্য পদারবিন্দ * * * ।

———

545. চৈতন্যমঙ্গল।

CAITANYA-MAÑGALA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 15" × 5". Folia, 2-16, 37, 41-43, 45-50, 71-76. Lines, 12 on a page. Appearance, about 250 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

........................গদাধর প্রাণ নাথ।
শ্রীপণ্ডিত গোসাঞি বন্দো বন্দো নিরন্তর।
যার প্রেমে পূর্ণ হৈল জঙ্গম স্থাবর॥
আই ঠাকুরানি বন্দো চৈতন্যের মাতা।
পণ্ডিত গোসাঞি যারে দিক্ষা মন্ত্র দাতা॥
প্রভু নিত্যানন্দ বন্দো মহামল্ল বেশ।
যার প্রেমানন্দে আনন্দিত গৌড় দেশ॥
অদ্বৈত চৈতন্য বন্দো আচার্য্য গোসাঞি।
চৈতন্য গোসাঞির সঙ্গে তিলেক ভেদ নাঞি॥
মহাভক্ত হৈঞা বন্দো হরিদাস ঠাকুর।
ভবে ২ হবো তাঁর দ্বারের কুকুর॥
শ্রীনিবাস পরমানন্দ পুরী বিষ্ণুপুরি।
মাধবেন্দ্র পুরি ঈশ্বরপুরী শিরে ধরি॥

Fol. 42 obv.

.....................তিন সন্ধ্যার সেবা কৃষ্ণ পরিচর্য্যা॥
শচীর বিলাস ছাড়ি তরুতলে বাস।
বৈরাগ্য ছাড়িব কাটি হই সন্ন্যাস॥
রত্নকুণ্ডল হার ছিণ্ডা মাদলি।
সুর্ণ মত বসন না পরে কৃষ্ণ কেলি॥
বিষ্ণু তৈলা ছাড়ি প্রভু সুগন্ধি পরাগ।
চাঁচরকেশ মুণ্ডাএ দুসর তিন ভাগ॥
যে ঠাকুর দিব্য মালা পরে শত ২।
সে প্রভুর গলে নাম ডোর গ্রহ কত॥
যে অঙ্গে চন্দন শুক কস্তুরী সুন্দর।
সে অঙ্গ কীর্তনানন্দে ধুলাএ ধুসর॥

সুবাসিত কর্পূর তাম্বুল যার মুখে।
সে প্রভু হরিতকী ফল খাএ কোন সুখে॥
মহা বৈরাগ্য দেখি পার্ষদ উন্মাদ।
তা দেখি গৌরাঙ্গ সভাএ করিল প্রসাদ॥
হেন কালে নিত্যানন্দ নবদ্বীপে আসি।
সন্ন্যাস রহস্য কত গৌরাঙ্গে প্রকাশি॥
শুনিঞা আনন্দ মত্ত হৈলা গৌরচন্দ্র।
গঙ্গা পার হৈঞা আগে হৈলা নিত্যানন্দ॥
মকুন্দদত্ত বৈদ্য গোবিন্দ কর্ম্মকার।
মোর সঙ্গে আইস কাটোয়া গঙ্গা পার॥
আচার্য্য রত্ন চন্দ্র শেখর আচার্য্য হরি।
বাসুদেবদত্ত শুক্লাম্বর ব্রহ্মচারি॥
বক্রেশ্বর পণ্ডিত তথাই গঙ্গাদাস।
তোমা সভাবিদ্যমানে লইব সন্ন্যাস॥
চিন্তিঞা চৈতন্য গদাধর পদদ্বন্দ্ব।
আনন্দে বৈরাগ্য খণ্ড গাএ জয়ানন্দ॥

Fol. 76 obv.

আচার্য্য গোসাঞি কথোদিন রহিলা।
পৃথিবী ছাড়িব ইহা সভারে কহিলা॥
পৌস মাসে শুক্লাত্রয়োদশিতিথি হৈলা।
আচার্য্য গোসাঞি বৈকুণ্ঠ বিজয় করিলা॥
মহাপ্তে পুত্র পৌত্র প্রপৌত্র অবধি।
চৈতন্যের প্রেমানন্দে * বেবিদ্ধি সিদ্ধি॥
ভক্তি কর ২ চৈতন্যমঙ্গল।
অবতার শিরোমনি প্রকাশ সকল॥
চৈতন্য পারে যেবা চৈতন্য পাওয়াএ।
চৈতন্য সেবক......সহায়॥
তার পুত্র পৌত্র প্রপৌত্র আশ্রিত।
জয়ানন্দে আশির্ব্বাদ পুত্র অভিমত॥
চিন্তিঞা চৈতন্য গদাধর পদদ্বন্দ্ব।
আনন্দে উত্তর খণ্ড গাএ জয়ানন্দ॥

Colophon:

শ্রীশ্রীচৈতন্যমঙ্গল নব খণ্ড সমাপ্ত। শকাব্দা। মাহ চৈত্র বৃহস্পতি বারে।—পক্ষে ষষ্ঠী দিবসে বেলা তৃতীয় প্রহরে শ্রী—দাসের পুস্তক সাঙ্গ হৈল।



546. চৈতন্যমঙ্গল—আদিখণ্ড ও নদিয়াখণ্ড।

CAITANYA-MAÑGALA—ADIKHAṆḌA & NADIAKHAṆḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 13¼"× 5". Folia, 2-34, 36-41. Lines, 11 on a page. Appearance, about 225 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

.......................ধন।
নারদ বাল্মিক ব্যাস বশিষ্ঠ গৌতম।
অঙ্গিরা পুলহক্রতু ভার্গব চ্যবন॥
অযোধ্যা মথুরা মায়া কাসি কাঞ্চিকা আগ।
গঙ্গাসাগর কৌষিকা প্রভাস প্রয়াগ॥
গঙ্গা তুলসি শর্ব্ব বৈষ্ণব একে একে।
আগে গৌড় নবদ্বিপ বন্দিব মস্তকে॥
পুন ২ পুন ধবনি পড়িয়া...ছান্দে।
শ্রীকৃষ্ণ চৈতন্য বন্দো নবদ্বিপ চান্দে॥
তপ্ত হেম কত কচিয়ঙ্গে শ্রীখণ্ড।
নিন্দিত গজেন্দ্র শুণ্ড প্রচণ্ড ভুজ দণ্ড॥
কাষায়......কটী সুত্র কটী তটে।
ষোল সন্ধ্যা প্রকাস পুর্নিমাচান্দ ঘটে॥
কমল লোচন চারু ভাবুবিলোচন।
সিংহ গ্রিব কম্বুকণ্ঠ পুর্ণেন্দু বদন॥
......অঙ্গে পুলকশ্বেদ সংকির্ত্তন ধনি।
চম্পক কলিকা জিনি হস্ত পাদাঙ্গুলি॥

Fol. 11 rev.

সুতিকা মন্দিরে নর নারি নাচে ২।
বিষ্ণুর সদৃশ চতুর্ভুজময় দেখে॥
একে নবদ্বিপ তাহে চন্দ্রউপরাগে।
সচিগৃহে জন্ম আইলা বিষ্ণুভক্তি যোগে॥
উপরাগ সময় আনন্দময় পুরি।
কেবা কথা নাচে গায় লখিতে না পারি॥
দশ দুর্গ দুর্বলতা কিউ পরস্ক।
হইল পুলকা ব্রত মুনিকা প্রসঙ্গ॥
আচণ্ডাল আদি যত হইল নিস্তার।
সেই হৈতে পুড়িল ধরনি শুভকার॥

Fol. 41 obv.

সচিঠাকুরানি যত বৈল নিত্যানন্দে।
অশ্রু ২ করি নিত্যানন্দ সিরে বন্দে॥
গৌরচন্দ্র নিত্যানন্দ অদ্বৈত সহিতে।
মহান্তে তিলার্দ্ধ......হি নবদ্বিপ॥
গৌড় বঙ্গ কলিঙ্গ তেলঙ্গ উতকল।
নানা দেশের পারিসদ পুরিল সকল॥
চিন্তিয়া চৈতন্য গদাধর পদদ্বন্দ্ব।
..........দিয়া খণ্ড গায় জয়ানন্দ॥
নামের মহিমা শুন একমন চিত্তে।
জগাই মাধাই মুক্ত হৈলা হরিনাম হৈতে॥
নবদ্বিপে ব্রহ্ম......গাইয়া যাই।
বৃত্তা দিয়া নিস্তারিয়া চোর দস্যু দুই ভাই॥
ম[?]নস ম[?]দিরা বৃত্তি করে থাকে নব......।
....॥

---

547. চৈতন্যমঙ্গল—ধ্রুবচরিত্র।

CAITANYA-MAÑGALA—DHRUBACARITRA.

BY

LOCANA DĀSA.

Substance, country-made paper; 14″ × 3½″. Folia, only the last page. Lines, 6 on the page. Date, 1004 B.S. (1598 A.D.). Place of find, Bankura.

সঙ্গে মেলা কুলাহলী কবিলা দেখিবারে।
তবে হাতী দিয়া রাজা চলিলা অরণ্যে ॥
তথে হাতী করে রাজা পুত্র পৌত্র গনে।
কথো কালে পোঁয়াইল ধ্রুব আপনার মোনে ॥
এবেরা পুত্র উত্তমেন তার পুত্র পুষ্প।
সুখে বাস করে রাজা হইয়া শ্রীমন্ত ॥
খানধর্ম্ম কত হাতী দিল একে একে।
ছত্রিশ সহস্র বৎসর রাখী করিল নিষ্কণ্টে ॥
শেষ গন্ধর্ব্ব সুদ্ধ বন্ধ বিক্রম করি।
বাজা গজা ধ্রুব গেলা বিষ্ণুপুরি ॥
ধ্রুব লোকে এবেরে না সকল এবের যাত্রা।
ধ্রুব এবের যাত্রা বিন্তু কেহো নাহি তথা ॥
পাঁচ বৎসরের শি[শু] ধ্রুব যাহি সঙ্গে।
সাধে মক্ষিয়া ধ্রুব কৃষ্ণ গুন গায় রঙ্গে ॥
চিন্তিয়া চৈতন্য গদাধরের পদারবিন্দ।
আনন্দে বৈরাগ্য খণ্ড গায় জয়ানন্দ ॥

Colophon:

ইতি শ্রীধ্রুবচরিত্র সমাপ্ত ॥ শ্রীশ্রীরাধাকৃষ্ণপ্রসাদ ইতি সন ১০০৪ সাল তাং ১৩ ফাল্গুন পুস্তক ॥

---

548. চৈতন্যমঙ্গল—বৈরাগ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—VAIRĀGYA-KHAṆḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 13½″ × 5.″ Folia, 2-22. Lines, 11 on a page. Date, 1040 B. S. (1634 A. D.). Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

............তাই সকল মায়াজাল ॥
মায়াতে মোহিত জিব সত্ত ২ সন্তাপ।
এক ক্ষনে পুন্ন হয় সহস্রক্ষনে পাপ ॥
শিশুগন ক্রিড়া করে সতত ধুলায়।
খেলা ধুলা ভাঙ্গিয়া মন্দিরে চলি যায় ॥
এখন হয় কত জিবের মরন।
শতাশত হয় কত জিবের সাধন ॥
সাধিতে ২ কৃষ্ণ তারে কৃপা করে।
সে জন কুকর্ম্ম হয় কর্ম্ম দেহ ধরে ॥
সাধুজন হয় যে সভার ভাল করে।
ঔষধি থাকিতে ব্যাধি কি করিতে পারে ॥
কল্পতরু থাকিতে কাচকে অর্থ মাগে।
বিধাতা লিখিত দুখ কভু নাহি ভাগে ॥

Fol. 12 rev.

*   *   *   *।
নানাতির্থ বসিবেক মনুষ্যের প্রাপ্ত ॥
কলিযুগে প্রতিঘরে হবেক দেবালয়।
বিবিধ প্রকারে সেবা হবেক নিশ্চয় ॥
কার দেবালয় হবেক সকল কিতিবাদ।
কার দেবালয় কেহো না [দি]বেক প্রসাদ ॥
কার দেবালয় হবেক সতত কির্ত্তন।
মহান্ত গমন তোথা বৈষ্ণব ভোজন ॥



Fol. 22 obv.

মোর প্রতি অহে প্রভু বলহ উপায়।
তরুনি বএসে দুখ সহনে না জায় ॥
দারুন বিধাতায় লাগিল আমারে।
সদাদিন হৈয়া যে থাকিব কার ঘরে ॥
বিষ্ণুপ্রিয়া ঠাকুরানি কৈল নিবেদনে।
দৃকপাত না করেন প্রভু না শুনে শ্রবনে ॥
শ্রবন মুদিলে প্রভু দিয়া দুই হাথ।
জয়ানন্দ বলে প্রভু অনাথের নাথ ॥
প্রভুর সহিতে মহা বৈরাগ্য প্রকাশে।
বিষ্ণুপ্রিয়া সাম্বাধিয়া চলিলা সন্যাসে ॥

Colophon.

ইতি বৈরাগ্যখণ্ড সমাপ্ত। যথাদৃষ্টমিত্যাদি পুস্তক শ্রীজীপা রাম ব্রাহ্মন সাকিম পাত্রসাএর ॥ স্বহস্ত মিদং শ্রীগনেষা-সমন্ত সাকিম তথগ্রামে ॥ সন ১০৪০ সাল তিরিখ ২৮ রোজ সনিবারের বেড় প্রহরে বেলায় সমাপ্ত হইল।

---

549. চৈতন্যমঙ্গল—ধ্রুবচরিত্র।

CAITANYA-MAÑGALA—DHRUBACARITRA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 6" x 3". Folia, 8-25. Lines, 6 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 8. rev.

...............সর্ব্বজন লোকে।
বিনি কৃষ্ণ না ভজিলে নিস্তার কাহারে ॥
শ্রীনিবাস বলেন ঠাকুর জীব মরে শোকে।
কৃষ্ণ হৈঞা চৈতন্য করাহ সর্ব্ব লোকে ॥

তোমার বৈরাগ্য লোকে দেহ দিব্য জ্ঞান।
লোক নিস্তারিতে তোমা দেখি অধিষ্ঠান ॥
আপনি শ্রীমুখে তুমি কহিলে সভারে।
সংকীর্ত্তন বই ধর্ম্ম নাহিক সংসারে ॥
হেন সংকীর্ত্তন ছাড়ি করহ বৈরাগ্য।
আমারে জিজ্ঞাসা করহ আমার বড় ভাগ্য ॥
চন্দ্রশেখর বাড়িতে কির্ত্তনে নাচিতে।
লক্ষ্মী ভাব প্রকাশ করিল আচম্বিতে ॥

Fol. 19 obv.

বৈষ্ণব পুত্র কি অবৈষ্ণবীর গর্ভে হয়।
বৈষ্ণব বৈষ্ণবী হৈলে সর্ব্বগুণ লয়।
বিনি কৃষ্ণ না ভজিলে শুদ্ধোতপত্তি নহে।
বেদোদ্ধার কথা ইহা সর্ব্বশাস্ত্রে কহে ॥
নার[দ] কহিল ধ্রুব অনিশ্চিত নহে।
তুমি কৃপা কর দিঞা ভগবানে লহে ॥
পাঁচ বৎসর সবে ধ্রুবের বয়েস।
উৎকট তপস্যা করে গায়ে বড় ক্লেশ।
আমি অষ্টাক্ষর মন্ত্র দিঞাছি এবেরে।
এমত কঠোর তপ কেহো নাহি করে ॥

Fol. 25 obv.

.................দুখ দেহ ত্যাগ করি।
ম[া] লইয়া গেলা ধ্রুব সেই নিজ পুরি ॥
সবে ধ্রুব পাঁচ বৎসরের মাত্র সঙ্গে।
বাপে মিলিলা কৃষ্ণ গুন গায়ে নানা রঙ্গে ॥
শ্রীকৃষ্ণকে ভাবিঞা ধ্রুব সেই লোকে রহে।
এবে[র] উপর উর্দ্ধ আর কোন পুরী নহে ॥
চিন্তিয়া চৈতন্য পদারবিন্দ।
আনন্দে ধ্রুব চরিত্র গায়ে জয়ানন্দ।

Colophon:

ইতি ধ্রুবচরিত্র সমাপ্ত।



550. চৈতন্যমঙ্গল—ধ্রুবচরিত্র।

CAITANYA-MANGALA—DHRUBACARITRA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 10″ × 3½″. Folia, 1-19. Lines, 9 on a page. Date, 1215 B.S. (1890 A.D.). Complete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীরাম॥

ব্রহ্মার মানসপুত্র স্বয়ম্ভব মুনি [মহু]।
মহারাজ পরাক্রম যেন ব্রহ্মতনু॥
তার পুত্র হইল প্রিয় নাম উত্তানপ[া]দ।
দোহা মহারাজা হৈলা ব্রহ্মার প্রসাদে॥
উত্তান প[া]দ মহা রাজা দুই বিভা করি।
সুরুচি সুনিতি নামে দুইত সুন্দরি॥
উত্তমাদি সাত পুত্র সুরুচির হইল।
সুনিতির গর্ভে আসি ধ্রুব উপজিল॥
উত্তমের মাতা হৈলা স্বামিতে সুভাগ্যা।
ধ্রুবের জননি হৈলা স্বামিতে দোভাগ্যা॥
প[া]ট মহা দাই হৈলা সুরুচি সুন্দরি।
সকল সতিন সেবি তার সেবা করি॥
একদিন সুরুচি সহিত মহারাজে।
বিজনে বসিলা উচ্চ সিংহাসন মাঝে॥

Fol. 19. obv.

জনলোকে বসিলা রাজার নন্দন।
কৃষ্ণ গুন কৃষ্ণ কথা সদাই মনন॥
কৃষ্ণ গুন মন্ত্র সকল প্রয়োজন।
কৃষ্ণের গুনান বিনু অন্য নাহি মন॥
ধ্রুবের চরিত্র যেবা শুনে গুনে।
অভিমত পাই তারে হন ভগবা[ে]ন॥
চৌদিকে চৈতন্য সদাগর সদস্ত।
আনন্দে বৈরাগ্য খণ্ড রচে জয়ানন্দ॥

Colophon:

ইতি ধ্রুবচরিত্র সমাপ্তঃ। যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীরাধা চরন দাস বন ১২১৫ সাল ৩০ বৈসাখ॥

---

551. চৈতন্যমঙ্গল—ধ্রুবচরিত্র।

CAITANYA-MAÑGALA—DHRUBACARITRA

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 12¼″ × 4½″. Folia, 1-9. Lines, 9 on a page. Date 1241 B.S. (1835 A.D.). Complete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীরাধাকৃষ্ণ॥

অথ ধ্রুবের পাখ্যান পালা লির্খিতে॥
ব্রহ্মার পুত্র হইলা স্বায়ম্ভুব মনু।
মহা তেজ পরাক্রম যেন ব্রহ্মতনু॥
তাহার পুত্র প্রব্রত নাম উত্তানপাদ।
দুহেঁ মহারাজা হইল ব্রহ্মার প্রসাদ॥
উত্তানপাদ মহারাজা দুই বিভা করি।
সুরুচি সুনিতি নামে দুইত সুন্দরি॥
উত্তম আদি সপ্ত পুত্র সুরুচির হইল।
সুনিতির গর্ভে আসি ধ্রুব জনমিল॥
স্বামিতে সোভাগ্যা হইলা উত্তমের মাতা।
ধ্রুবের জননি হইলা স্বামিতে দুর্ভাগা॥
পাট মহা দেবি হইলা সুরুচি সুন্দরি।
সকল সতিন সেবি তার সেবা করি॥
একদিন সুরুচি সহিত মহারাজে।
হরিসে বসিলা উর্দ্ধ সিংহাসন মাঝে॥



Fol. 8 obv.

বাহবলে সর্ব্বরাধা নিল একে ২।
ছত্রিশ শহস্র বৎসর রাধা করিল কৌতুকে ॥
দৈবেতে গন্ধর্ব্বকুলে দেহত্যাগ করি ॥
মাতা লয়্যা গেলা এব সেই মধুপুরি।
এতলোক এবনহ শব এবের মাতা ॥
এব মাতা বিহু তার নাহি কোন কোথা ॥
পরে এব পাঁচ বৎসরের শিশু সঙ্গে।
হাথে মন্দিরা কৃষ্ণ গুন গায় নানা রঙ্গে ॥
শ্রীকৃষ্ণ ভজিয়া এব সেই লোকে রহে।
এবের উপরে উর্দ্ধ আর কেহো নহে ॥
চিন্তিয়া চৈতন্য গদাধর পদ দ্বন্দ।
আনন্দে বৈরাগ্য খণ্ড রচে জয়নন্দ ॥

Colophone :

ইতি এবচরিত্র সমাপ্ত ॥ যথাদৃষ্টমিত্যাদি। লিখিতং শ্রীমুকুন্দ দাশ মণ্ডল শাকিম মালিকোটা গ্রাম। পটনাথে শ্রী..........সন ১২৪১ বারশত [এক]চল্লিশ বিতেরিখ ৯ শ্রাবন রোজ বুধবার তিথি কৃষ্ণপক্ষে দ্বিতিয়া বেলা আন্দাজী দুইদণ্ড থাকিতে সাঙ্গ হইল।

---

552. চৈতন্যমঙ্গল—বৈরাগ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—VAIRĀGYA-KHANḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{4}''$. Folia, 1-4. Lines, 10-11 on a page. Date 1251 B.S. (1845 A.D.). Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীশ্রীকৃষ্ণ। আদো বৈরাগ্য খণ্ড ॥
একদিন গৌরচন্দ্র সঙ্কিৰ্ত্তনে নাচে।
এ নাৱ দুৰ্ল্লভ প্রেম সভাকারে যাচে ॥
ফিরে ২ সঙ্গ করে সিংহের গর্জ্জনে।
দাশ সাট মারিঞা বসিল বিরাসনে ॥
ভাইরে ২ বলি ডাকে ঘনে ঘন।
বিন্দাবন কালিন্দি কদম গোবর্দ্ধন ॥
কেশীঘাট বংসিবট যজ্ঞপত্নী স্থানে।
*   *   *   * ॥
বাপা ২ সঙ্গ করে ডাকে উচ্চস্বরে।
তুলিয়া আজানু বাহু বলে ফিরে ২ ॥
কৃষ্ণ বই ঠাকুর নাই নন্দ যশোদার।
শ্রীদাম সুদাম কোথা চন্দ্রাবলি রাধা ॥
সে মথুরাপুরী আর উদ্ধব অক্রুর।
কুবলয় চানুর মষ্টিক কংসাসুর ॥
ইহা বলি কান্দে গৌরচন্দ্র গুণনিধি।
ফিরে ২ বলি পুন হাসে নিরবধি ॥
ফেলেরে সংসারি লোক দেখ মোর নাট।
কর বিক্রয় কর মোর প্রাণের হাট ॥
কেবাকার মাতা পিতা কেবা সাথি স্ত্রী পুত্র সখা।
সভ যেন সংসার কার সংগে কার দেখা ॥
প্রভুরে নাচায় যেন কাষ্ঠের পুতলি।
যেমতি সংসার নাচে কৃষ্ণ করে কেলি ॥

End :

যেন সংকিৰ্ত্তন ছাড়ি করহ বৈরাগ্য।
আমারে জিজ্ঞাসহ আমার বড় ভাগ্য ॥
চন্দ্রশেখরের বাড়িতে কির্ত্তনে নাচিতে।
শক্তি তার প্রকাশ করিল আচম্বিতে ॥
গোপিভাবে রুক্মিনি দেখিল উৎসবে।
স্তন পান করাইল সকল বৈষ্ণবে ॥
সেল বৈরাগ্য তোমার দেখিয়া।
গঙ্গায় মরিব তারা সর্প দংশাইয়া ॥
পুত্র বাৎসল্য তার করিলে ঠাকুর।
তবে না হইব ঠাকুর এতেক নিঠুর ॥
প্রভু বলেন শুন ঠাকুর মহাশয়।
সংসার করিব আমি অশোভিত হয় ॥
বৈরাগ্য-উচিতে তোমা দেখিলে পাসরি।
তোমার সম্ভোগে সংসার আমি করি ॥



সংসারে কি কাজ আমার কি কাজ বৈরাগ্যে ।
নিলাচলে জগন্নাথ দেখিব বড় ভাগ্যে ॥
গঙ্গা বৈষ্ণব নরহরি হরিদাস ।
আচার্য্য রত্ন মুরারি আর শ্রীনিবাস ॥
ইহা সব ছাড়িয়া বৈরাগ্য কত সুখ ।
বৈকুণ্ঠ সমান বাসি দেখি সভার মুখ ॥
চিন্তিয়া চৈতন্য গদাধর পদদ্বন্দ্ব ।
আনন্দে বৈরাগ্য খণ্ড রচে জয়ানন্দ ॥

Colophon :

ইতি বৈরাগ্যখণ্ড সমাপ্ত ॥ সন ১২৫১ সাল । লিখিতং শ্রীনবিনচাঁদ দাসস.........সা.........পুর ॥

---

553. চৈতন্যমঙ্গল—প্রকাশ-খণ্ড ।

CAITANYA-MAÑGALA—PRAKAŚA-KHAṆḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper ; 12″ × 4½″. Folia, 1-17. Lines, 8-9 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Beg :

শ্রীচৈতন্যচন্দ্রায় নমঃ ॥
বন্দির গৌর......... * বিন্দ ।
যার অলিকুল পান কৈলা মকরন্দ ॥
রক্তোৎপল জিনি কিবা সাজে পদতল ।
কনক পাদুকা তাহে......দল ॥
চরণ অঙ্গুলি অগ্রে দশ চন্দ্র সাজে ।
কনক নপুর দুই পদেন্দু রাজে ॥
পীত বস্ত্র কাঁচলি কিঙ্কিনি তলে... ।
......শোভায় যেন নবঘন মাঝে ॥
সিংহরাজ জিনি কিবা সাজে মাঝখানি ।
নাভিপদ্ম উপরে সাজে কোটির...... ॥
.......................বাহুর বলনি ।
কনক বলয়া সাজে জিনিঞা দামিনি ॥
কর দুই পদ্ম আর দশ চন্দ্র সাজে ।
...............সাজে অঙ্গুলির মাঝে ॥
কত হয় বাঁধা বংসি করেতে বিজয় ।
গোরোচিত রত্নকলি কম্বু কণ্ঠে সাজে * ॥

Fol. 17 obv.

বারানসি মরনে অনেক পূণ্য হএ ।
পুরষোত্তমে একক্ষণে সেই গতি পাএ ॥
যোথা তোথা পাঞা অন্ন যেই নিন্দা করে ।
তাহাকে অধিক পাপি নাহিক সংসারে ॥
যে গতি যোগির হয় ব্রহ্ম আরাধনে ।
প্রানির যে গতি হয় কাশির মরনে ॥
সে গতি পুরুষোত্তমে হয় এক মাসে ।
* * * * * ॥
আহার অন্ন যে জত বলি নিন্দে ।
সে জায় নারকি বড় কহিল গোবিন্দে ॥
আমার অন্নেতে যে করে ভ্রম করে যেই জন ।
আমাদের সনে তার জন্ম অকারন ॥
যে গতি দ্বারকায় ছাপ বসিলে হয় ।
সে গতি বেতের প্রহারে পায় ॥
শুনিঞা ইন্দ্রদ্যুম্ন বড়ই উল্লাস ।
জন্মে জন্মে থাকিব প্রভু হঞা তোমার দাস ॥
পাষান মূর্ত্তি হইঞা থাকিব দেবের পাসে ।
এই মনের মাঙ্গন প্রভু কহিএ বিশেষে ॥
তোমার ভাগবত জন শ্রবনে নিরন্তর ।
সেই জন পড়িবেক আমার মস্তক উপর ॥
ইন্দ্রদ্যুম্ন এই * * * * ।



554. চৈতন্যমঙ্গল—প্রকাশখণ্ড ।

CAITANYA-MAÑGALA—PRAKĀŚA-KHAṆḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 13″ × 4.″ Folia, 1-12. Lines, 9 on a page. Appearance, about 100 years old. Incomplete. Place of find, Bankura.

Beg:

শ্রীশ্রীহরি ॥

আনন্দে প্রকাশখণ্ড শোন সাবধানে ।
ক্ষেত্রের মাহিত্ম গোসাঞি কহেন কথাক্রমে ॥
একদিন নিলাচলে চৈতন্য গোসাঞি ।
দেখিবারে গেলা তারে পিয় কানাঞি ॥
রায় রামানন্দ পুত্রে রাজা কহাইয়া ।
চৈতন্য দেবের স্থানে মিলিলেন গিয়া ॥
বহু পারিষদ সঙ্গে নিলাচলে বসি ।
রায় রামানন্দ জিজ্ঞাসিলা হাসি ॥
কিরূপে প্রকাশ হৈলা প্রভু জগন্নাথ ।
কিরূপে প্রকাশ হৈলা মহাপ্রসাদ ভাত ॥
তোমার মুখেতে শুনি ক্ষেত্রের মহিমা ।
তবে ভক্তি হবে গোসাঞি জানহ মহিমা ॥
বহু কথা জিজ্ঞাসিলে রায় রামানন্দ ।
একথা কহিতে বড় বাড়িল আনন্দ ॥
বসি নিলের হাথি বলিলা কথাক্রমে ।
ক্ষেত্রের মহিমা গোসাঞী কহেন ক্রমে ২ ॥

Fol. 12 obv.

....নিজ স্থানে ॥
যোধা ব্রাহ্মণ..........শুনিঞা সত্তরে ।
পুরস্কার করি পাঠাইলা উপুনগরে ॥
সত্তরে চলিলা ইন্দ্রদ্যুম্নের নগর ।
চতুর্ভুজ মূর্ত্তি কর..........কোলেবর ॥

১২৩

অন্তরীক্ষে বিশ্বকর্ম্মা করিল গমন ।
নিলাচলে গেলা যথা কমললোচন ॥
রাজারে প্রনোম করি অন্তরক্ষা হাথে ।
বসিলা দেউল মাঝে দারু নির্ম্মাইতে ॥
তিন ভাগ করি দারু এক কোলেবর ।
প্রথমে আকার করি এক অলোধর ॥
কোটি ২ শব্দ শুনি দেউল ভিতরে ।
যোলেতে প্রভিত নাঞি রাজা সবে তারে ॥
পুরো রাজা কথা ছিল বিবিধ বিধানে ।
কপাট ঘুচাঞা রাজা সকলে দিনে ॥
অবধি না হৈতে রাজা আন নাঞি রাসে ।
এক যুগ ভার সে এক দিবসে ॥
যেন কালে মাহুত করিলা নারায়ন ।
মুর্ত্তিমান হৈলা মোরে দেখিব কে জন ॥

---

555. চৈতন্যমঙ্গল—বৈরাগ্যখণ্ড ।

CAITANYA-MAÑGALA—VAIRĀGYA-KHAṆḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; 14″ × 3½″. Folia, 2-8. Lines, 7 on a page. Appearance, about 200 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

....ঠ সিংহাসনে ।
বাপের কোল আইতে বসে বিশ্বগনে ॥
সিংহাসনে উঠিতে বাপের কোল আইতে ।
ক্রমে সভাই ঠেলি গেলিল ভূমিতে ॥
ভূমিতে পড়িয়া ধ্রুব কান্দিতে লাগিল ।
দেখিয়া উত্তানপাদ কিছু না বলিল ॥
ক্রমে সভাই বলে ধ্রুব কান্দ অকারণে ।
রানির পুত্র হইয়া উঠ রত্ন-সিংহাসনে ॥



জন্ম জন্মান্তরে [তোর যা কৃষ্ণ নাহি ভজ]।
বড় সিংহাসনে এবে উঠ কোন লাজে ॥
জন্ম জন্মান্তরে আমী কৃষ্ণ আরাধিআ।
বড় সিংহাসনে বসি থাকির সৌভাগ্য হইআ ॥
চর্ব্বাধার পুত্র তোঁ তোর মাতা অবৈষ্ণবি।
বড় সিংহাসনে এব বসিতে কোথা পাবি ॥
অত্যদিনে কৃষ্ণ ভজিলা মোর পুত্র হবি।
তবে এই সিংহাসনে বসিতে পাইবি ॥

Fol. 8 obv.

সিন্দুরে মণ্ডিত পাট হস্তিগনে।
বাদিন বাজনা বাজে রাজ শুভক্ষনে ॥
ডাহিন পাসে বাম পাসে সতে ২ পাট।
বেকালে সিংহল দিয়া পাটে অভিশাট ॥
রথের চাকার শব্দে ঘোড়ার টেকমকি।
গগনে লাগিল ধুলা দুষ্টি হইলা লুকি ॥
দুন্দুভি বাদ্য ধ্বনি পড়ে ডুডুক বাজন।
গন্ধর্ব্বে গিত গায় নাচে বিদ্যাধরিগণ ॥
নাচে ঘাটে হাটে ঘাটে অত জনাজনি।
পুষ্প দেখি ঘারে কেহো অঞ্জলি অঞ্জলি ॥
আনন্দ হৃদে রাজা অন্তঃপুর জিনিআ জায়।
চির দিবসে রাজা পুত্রের দেখা পায় ॥
ধ্রুবেরে দেখিআ রাজা এবে কৈল কোলে।
শত ২ চুম্ব দিল বদন কমলে ॥
দেশেরে আনিআ পুত্রে কৈল রাজা।
হাথে ২ সমর্পিল পায় মিত্র প্রজা ॥
নারায়ণী সর্ব্বাণী সর্ব্বজয়া।
শুলোচনা চিত্ররেখা পদ্মাবতি ছায়া ॥
সুভেদ্রা কৌশল্যা ক্ষেমা স্তুমিত্রা জানকি।
চন্দ্রকলা উমাবতি অহল্যা চন্দ্রমুখি ॥
গঙ্গা বৈষ্ণবি বিষ্ণুপ্রিয়া ভাগ্যবতি।
রুক্মিনি জাহ্নবি গৌরি সত্যবতি ॥

---

556. চৈতন্যমঙ্গল—বৈরাগ্যখণ্ড।

CAITANYA-MAÑGALA—VAIRĀGYA-KHAṆḌA.

BY

JAYĀNANDA.

Substance, country-made paper; $13\frac{1}{4}'' \times 4\frac{1}{4}''$. Folia, 5-20. Lines, 10 on a page. Appearance, about 150 years old. Incomplete. Place of find, Bankura.

Fol. 2 rev.

......................হেন মোর মত ॥
বিসয় ভুজঙ্গ বিস সর্ব্বজন দেহে।
বিনে [কৃ]ষ্ণ না ভজিলে নিবারিন নহে ॥
শ্রীনিবাস বলেন ঠাকুর কিব মরে লোকে।
কৃষ্ণ বৈধ্যা চৈতন্য করাহ সর্ব্বলোকে ॥
তোমার বৈরাগ্য লোকে দেই দিব্যজ্ঞান।
লোক নিস্তারিতে তুমি বিভি অধিষ্ঠান ॥
আপনি শ্রীমুখ তুমি কহিলে সভারে।
সংকির্ত্তন বৈ ধর্ম্ম নাহিক সংসারে ॥
হেন সংকির্ত্তন ছাড়ি করহ বৈরাগ্য।
আমারে জিজ্ঞাস আমার বড় ভাগ্য ॥
চন্দ্রশেখরের বাড়ি কির্ত্তনেতে নাচে।
লক্ষিভাব প্রকাশ করিল আচম্বিতে ॥
গোপীভাব রুক্মিনি ভাব দেখিলে উচ্চসার।
স্তনপান করাইল সকল............... ॥

Fol. 20 obv.

হেতু গন্ধর্ব্বরাজ শাপে মুক্ত হঞা।
গন্ধর্ব্বলোকে গেলা রথে চড়িঞা ॥
এমত কৃষ্ণের কৃপা বৈষ্ণবের প্রতি।
পঙ্গুজনি পাইলে তবু তার বৈল মুক্তি ॥
ইহাতে গজেন্দ্র সাক্ষি দেখ বিদ্যমান।
ইহা জানি কৃষ্ণ ভজ করি অনুমান ॥
বৈষ্ণব প্রতি না করিহ জাতিভেদ।
বৈষ্ণব সভার শ্রেষ্ঠ কহে সর্ব্ববেদ ॥



অবধানে গৌরাঙ্গের কথা সর্ব্বলোকে।
পাপ সঙ্গ ত্যজন বহে বৈরাগ্য পাবকে॥
জিনিঞা চৈতন্য গদাধর পাদপদ্ম।
আনন্দে বৈরাগ্যখণ্ড রচে জয়ানন্দ॥

তত্ত কথা বিশা॥

একদিন গৌরচন্দ্র নবদ্বীপে বসি।
বৈরাগ্য হরিদাসে কিছু কহেন হাসি॥ ২॥
যেই নিদ্রা সিংহাসন পালঙ্ক সয়নে।
সেই নিদ্রা তৃন কাষ্ঠ কুটী সর্ব্বজনে॥
দেহমাত্রে করজিতে করে জলপান।
দুইজনে * তুলাখণ্ডে কাষ্ঠ সোমান॥
হস্তি ঘোড়া আরোহনে সুখে * *।
বৃক্ষশাখা আরোহনে সুখ্যাতি *॥
আহার * মৈথুন নিদ্রা সর্ব্বজিবে আছে।
এই তিন সুখ লোগ কারে নাহি বাছে॥
মনে থাক মনে জিয়ে * * *।
* * * * *॥



APPENDIX

N.B.—Besides the manuscripts noted in this volume we have the following works on Padâvalî, Caitanya Caritâmṛta, Caitanya Bhâgavata, and Caitanya Maṅgala in the University Library, which will be noticed in due course. A list is appended hereto.

PADÂVALÎ

MSS. No.		MSS. No.		MSS. No.		MSS. No.	
MSS. No.	1594.	MSS. No.	2517.	MSS. No.	2549.	MSS. No.	2858.
"	1658.	"	2518.	"	2550.	"	2859.
"	2109.	"	2519.	"	2551.	"	2860.
"	2135.	"	2520.	"	2552.	"	2861.
"	2376.	"	2521.	"	2553.	"	2862.
"	2377.	"	2522.	"	2554.	"	2863.
"	2378.	"	2523.	"	2555.	"	2864.
"	2379.	"	2524.	"	2556.	"	2865.
"	2380.	"	2526.	"	2557.	"	3030.
"	2381.	"	2527.	"	2558.	"	3091.
"	2382.	"	2528.	"	2559.	"	3189.
"	2383.	"	2529.	"	2560.	"	3228.
"	2384.	"	2530.	"	2563.	"	3234.
"	2385.	"	2531.	"	2571.	"	3266.
"	2386.	"	2532.	"	2572.	"	3268.
"	2387.	"	2533.	"	2754.	"	3284.
"	2388.	"	2534.	"	2765.	"	3288.
"	2389.	"	2535.	"	2773.	"	3300.
"	2390.	"	2536.	"	2825.	"	3345.
"	2391.	"	2537.	"	2826.	"	3347.
"	2392.	"	2538.	"	2846.	"	3348.
"	2393.	"	2539.	"	2847.	"	3363.
"	2394.	"	2540.	"	2848.	"	3408.
"	2395.	"	2541.	"	2849.	"	3426.
"	2396.	"	2542.	"	2850.	"	3436.
"	2491.	"	2543.	"	2851.	"	3437.
"	2492.	"	2544.	"	2852.	"	3495.
"	2511.	"	2545.	"	2853.	"	3499.
"	2512.	"	2546.	"	2854.	"	3503.
"	2514.	"	2547.	"	2855.	"	3517.
"	2515.	"	2548.	"	2856.	"	3525.
"	2516.			"	2857.	"	3529.



MSS. No.	3530.	MSS. No.	3674.	MSS. No.	3966.	MSS. No.	3971.
„	3531.	„	3747.	„	3967.	„	3972.
„	3554.	„	3798.	„	3968.	„	3973.
„	3665.	„	3812.	„	3969.	„	4011.
„	3666.	„	3868.	„	3970.	„	4030.
						„	4066.

CAITANYA CARITĀMṚTA

MSS. No.	1363.	MSS. No.	2288.	MSS. No.	3308.	MSS. No.	3660.
„	1543.	„	2289.	„	3309.	„	3682.
„	1709.	„	2290.	„	3310.	„	3713.
„	1710.	„	2815.	„	3311.	„	3715.
„	1713.	„	3062.	„	3312.	„	3777.
„	1714.	„	3072.	„	3319.	„	3781.
„	1715.	„	3082.	„	3328.	„	3837.
„	1795-1865.	„	3101.	„	3330.	„	3895.
„	1872.	„	3141.	„	3371.	„	3896.
„	2004.	„	3161.	„	3434.	„	3897.
„	2106.	„	3216.	„	3596.	„	3903.
„	2241.	„	3249.	„	3630.	„	3949.
„	2271.	„	3261.	„	3656.	„	3950.
		„	3281.	„	3657.		

CAITANYA BHĀGAVATA

MSS. No.	1822.	MSS. No.	2642.	MSS. No.	3115.	MSS. No.	3797.
„	1894.	„	2647.	„	3136.	„	3871.
„	1911.	„	2664.	„	3439.	„	3893.
„	2130.	„	2880.	„	3440.	„	3904.
„	2609.	„	2881.	„	3445.	„	3905.
„	2610.	„	2882.	„	3446.	„	3942.
„	2635.	„	2922.	„	3540.	„	3943.
„	2641.	„	2933.	„	3697.	„	3944.
						„	3945.

CAITANYA MAṄGALA

MSS. No.	1498.	MSS. No.	2268.	MSS. No.	2913.	MSS. No.	3727.
„	1509.	„	2269.	„	2969.	„	3728.
„	1570.	„	2270.	„	3066.	„	3729.
„	1697.	„	2445.	„	3259.	„	3799.
„	1801.	„	2493.	„	3264.	„	3800.
„	1826.	„	2643.	„	3280.	„	3834.
„	2016.	„	2733.	„	3386.	„	3947.
„	2162.	„	2872.	„	3654.	„	3948.
„	2205.			„	3726.		
